 আমি শাপ দিলে কেবা রাখিবারে পারে

আজি হৈতে ইন্দ্র তোর ছাড়ুক কমলা
 অক্ষয়সূত্র আর ছিড়ে জাপ্যমালা ।
 ক্ৰোধিত হইল মুনি আনল সমান
 প্রমাদ গণিল দেখি জত ঋষিগণ ।
 সুরপতি সুর সঙ্গে গন্ধৰ্ব কিম্বর
 চরণে ধৰিয়া স্তুতি কৰন্তি বিস্তর ।
 ইন্দ্রের স্তবন-স্তুতি মুনি নাহি শুনে
 লক্ষ্মী পানে দুৰ্বাঙ্গা চাহেন কোপমনে ।
 লক্ষ্মী কহে ইন্দ্র তোর হৈল সৰ্বনাশ
 চিন্তিয়া জগতগৌৰী বলে বিপ্রদাস ॥

১১

সুহাই

লক্ষ্মী বলে ইন্দ্ররাজ নষ্ট কৈলা সৰ্ব কাজ
 দুৰ্বাঙ্গা মুনিৰ শাপ লৈয়া
 পাইয়া পাৰিজাত-মালা কৈলা তাৰে অবহেলা
 ত্ৰিপথে আইলা পেলাইয়া ।
 তপ সঙ্কলিয়া ঋষি সেই পথে পৰবেশি
 পুষ্প দেখি কোপে হতাশন
 কোপে কাঁপে মুনিবৰে শাপ দিল তোমা তৰে
 জাই আমি তাহাৰ কাৰণ ।
 ইন্দ্রের বদন দেখি হৃদয়ে পৰম দুঃখী
 বলে দেবী স্বৰূপ বচন
 না কৰ অপেক্ষা তুমি বঞ্চিতো নাৰিব আমি
 দুৰ্বাঙ্গা বড়ই নিদারুণ ।
 আমি জলনিধি জাই অলক্ষণে রক্ষা নাই
 পূজা না পাইব দেবগণে
 কপিলা হৰিব ক্ষীর . মেঘেতে হৰিব নীৰ
 রাজচৰ্চা হৰিব রাজনে ।
 কুবের হৰিব ধন অধৰ্মে রহিব মন
 চন্দ্র সূৰ্য্য নহিব উদয়
 সিদ্ধায় হৰিব জ্ঞান ঋষি মুনি হতধ্যান
 দিবা রাত্ৰি নিহব নিশ্চয় ।

পৃথিবী হরিব শশু সলিলে হরিব মৎশু
 ধরণী হইব সকলিত
 নদীতে হরিব জল বৃক্ষেতে হরিব ফল
 শাস্ত্র-নীত হরিব পণ্ডিত ।
 পুণ্য ছাড়ি যত সতী অধর্মে পাতিব মতি
 ছুটুজনে হৈব অধিকার
 শূদ্র দ্বিজে সংহারিব লঘু গুরু না মানিব
 সকলি হইব একাকার ।
 শুনিয়া লক্ষ্মীর বোল মৃতবত আখণ্ডল
 কান্দে ইন্দ্র অঝর-নয়নে
 স্বর্গে জত দেবগণ অতি বিষাদিতমন
 বিধি পশুপতি নারায়ণে ।
 ছাড়ি লক্ষ্মী ইন্দ্রপুরে জান দেবী ধীরে ধীরে
 প্রবেশ করিলা বনবাস
 মনসা-চরণ গতি চিস্তিয়া জে একমতি
 বিরচিল দ্বিজ বিপ্রদাস ॥

৩২

পয়ার

তেজিয়া অমরাবতী লক্ষ্মী বনবাস
 এ তিন ছুবন লোকে লাগিল তরাস ।
 বৃক্ষরাজ প্রতি দেবী কৈল সস্থিধান
 বঞ্চিব তোমার লক্ষে দেহ মোরে স্থান ।
 মিনতি করিয়া বৃক্ষ কহে বিত্তমান
 নিবেদন শুন মাতা কর অবধান ।
 আমি বৃক্ষ তুমি ত্রিছুবনের ঈশ্বরী
 কি শক্তি আমার তোমা সম্বন্ধিতে পারি
 তথা হৈতে পদ্মালয়া করিলা গমন
 পর্বত নিকটে গিয়া দিলা দরশন ।
 দাঁড়াইয়া পর্বত কাছে বলিলা তথাই
 বঞ্চিব তোমার লক্ষে দেহ মোরে ঠাক্রি ।

হুমেরাদি গিরি বলে করিয়া মিনতি
 রাখিবারে নারি আমা সতার শক্তি ।
 তথা হৈতে জননী করিলা আগমন
 সমুদ্রের তীরে গিয়া হইলা উপসন্ন ।
 ক্ষীর-নদী প্রতি বলে নিকটে দাঁড়াইয়া
 ছুঁয়াসা গেলেন ইন্দ্রে পারিজাত দিয়া ।
 মদগর্বে ইন্দ্র পথে ফেলাইল মালা ।
 কোপে মুনি শাপ দিল ছাড় ক কমলা ।
 মুনি-শাপে সুরপুর ছাড়িলাম আমি
 বঞ্চিব তোমার লক্ষে স্থান দেহ তুমি ।
 ক্ষীর-নদী বলে মাতা তুমি সর্বমই
 বঞ্চিহ আমার লক্ষে আমি দিব ঠাই ।
 ধাত্ত আদি শশু চন্দ্রামৃত ঐরাবত
 উচ্চশ্রবা পারিজাত লক্ষ্মী অছুগত ।
 ক্ষীরোদ ভিতরে দেবী থাকিল লুকায়্যা
 প্রমাদ পড়িল এথা দেবপুর লৈয়া ।

দেবত্ব নাহিক পাপ পুণ্যের বিচার
 দিব্যরাত্রি নাহি সব হৈল একাকার ।
 ইন্দ্র আদি করিয়া সকল দেবগণ
 বিধি লৈয়া একত্র করেন অহুমান ।
 দেবলোক ছাড়ি লক্ষ্মী রহে সিন্ধু-দেশে
 কেমতে প্রতুল হয় কহ ত বিশেষে ।
 ভাবিয়া বলিলা তবে ব্রহ্মা হরি হর
 সতে মেলি ক্ষীর-নদী মথহ সত্বর ।
 ক্ষীর-নদী দধি ভাঙ হব বসুমতী
 ঘোটা-দড়ি হইব আপনি পশুপতি ।
 মান্দার মথন-দণ্ড বাসুকি টানাডড়ি
 হুমান বাসুকির ধরিব লেঙ্গুড়ি ।

সর্ব দৈত্য ধরিবেক বাসুকির মাথা ।
 লক্ষ্মীর উদ্ধার হৈব চল সতে তথা ।
 সর্বদেব মেলিয়া বিষ্ণুরে পুরস্কার
 ক্ষীর-নদী তীরে সতে কৈলা আগুসার ।
 তবে কূর্মরূপে হরি পৃথিবী ধরিয়া
 ক্ষীরোদের তীরে আইলা বাসুকি লইয়া ।
 হুমান গেল তবে মান্দারের ঠাঞি
 বিধি-অঙ্গীকারে আমি তোমা লৈয়া জাই ।
 মান্দার বেড়িয়া বীর দিল নখ-চির
 উপাড়িয়া পর্বত লইল মহাবীর ।
 ক্ষীরোদে পর্বত এড়ে বাসুকি-বেষ্টিত
 দৈত্যগণ আইল বিপ্রদাস বিরচিত ॥

১৩

পাহিড়া

দেব ঋষি মুনিগণ করিয়া ত অহুমান
 ব্রহ্মা হরি হরের সম্মতি
 ক্ষীরোদে মন্দার খোএ বাসুকি বেষ্টিত তাএ
 ঘোটা-দড়ি হৈল পশুপতি ।

সহস্রেক ঐরাবত মহাবল ধরে জত
 প্রবল দৈত্যের এক হাত
 হেন দৈত্য সহস্রতে সবে ধরি হাথে হাথে
 টান দেই মস্তকের ভিত ।

মাছনি মন্দার-গিরি বাসুকি করিয়া দড়ি
 ক্ষীরোদ মথেন দেবগণ
 বিপরীত হৈল রোল বসুমতী টলমল
 চমকিত হৈল ত্রিভুবন ।

একা বীর হুমানে প্রজাপতি-সম্বিধানে
 বাসুকি-লেঙ্গুড় ধরি টানে
 শব্দ হৈল বিপরীত ত্রিভুবন চমকিত
 ত্রাস পাইল দেবগণে ।

মনসাবিজয়

পাইয়া বিষম টান দধি ভাজে খান খান
 ফেনা বাঙ্কি উঠে অবিশাল
 মখন-আন্দোল রোল দশদিক গণ্ডগোল
 চমকিত হৈল রসাতল ।
 মখন-যজ্ঞা অতি উচ্চশ্রবা উঠে তথি
 সতে মেলি দিলেন ইন্দ্রেরে
 দ্বিতীয় মখন হৈতে শশধর উঠে তাথে
 তাহা লৈলা দেব মহেশ্বরে ।
 ধাতু আদি করি জত নানা শস্ত্র বিধিমত
 মনুষ্যেরে দিলা মর্তপুরে
 তৃতীয় মখন হৈতে ঐরাবত উঠে তাথে
 হরিষে লইলা পুরন্দরে ।
 উঠিল অপছরা-গণ অতি উল্লাসিত-মন
 রহে তারা ইন্দ্রের সভায়
 কেহ নাচে গায় গীত ত্রিভুবন আনন্দিত
 মখন মথয়ে দেব-রায় ।
 চতুর্থ মখন হৈতে লক্ষ্মী উঠিলা তাতে
 পারিজাত-পুষ্প সঙ্গে সাজে
 পুষ্প দিয়া পুরন্দরে থাকিলা বিষ্ণুর ঘরে
 শাপ বিমোচন ইন্দ্ররাজে ।
 দেখি সব দেবগণে পরম আনন্দ-মনে
 পুনরপি করিল মখন
 অমৃত কমণ্ডল ধরি উঠিলা জে ধনস্তরি
 দ্বিজ বিপ্রদাস সুরচন ॥

১৪

পটমঞ্জরী

অমৃত কমণ্ডল ধরি উঠিল যে ধনস্তরি
 দেখি সানন্দিত দেবগণে
 ব্রহ্মা বিষ্ণু ত্রিলোচন সতে মেলি খুইল নাম
 ধনস্তরি ঘূষে ত্রিভুবনে ।

জতনে অমৃত লৈয়া ব্রহ্মা তার তরে দিয়া
 সিদ্ধি-ঝুলি দিল জয়-নেত
 বিষ্ণু-অংশে অবতরি নাম হৈল ধনুস্তরি
 মথনে জন্মিল আশ্চর্যিত ।
 নিবেদয়ে ধনুস্তরি গুন হের দেবপুরী
 কেমতে আমার হএ পাত
 কেমন ঔষধে তরি কহ মোরে দেবপুরী
 গুনি সতে বড়ো হরষিত ।
 জয়-নেত সিদ্ধি-ঝুলি যদি হরে বিষহরি
 উদয়কাল খায় বক্ষ-স্থলে
 আপনি ত বিষহরি যদি মহাভার মারি
 তবে মৃত্যু হয়ে ধরাতলে ।
 আছে এক প্রতিকার গুনহ বিশেষ তার
 ঔষধের গুনহ কারণ
 শালি বিশালি গাছে গন্ধমাদনে আছে
 তাহা দিলে রহে ত জীবন ।
 ক্ষীরোদ-নদীর ফেনা ঘা-মুখে দিবেক আশ্রা
 তব সম ওঝা নাহি ক্ষিত্তি
 গুনি দ্রষ্ট ধনুস্তরি দেবগণে নমস্করি
 ব্রমে ওঝা হরষিত-মতি ।
 দিগবিজয় করি সদা বুলে ধনুস্তরি
 পরাজয় নহে কোন স্থানে
 পদ্মা-পদপঙ্কজে পুটচাটু করি ভুজে
 দ্বিজ বিপ্রদাস রস গানে ॥

১৫

পয়ার

ব্রহ্মা বলে দেবগণ কর অবধান
 এই ত অমৃত সতে করহ ভোজন ।
 দেখহ অমৃত এই জগতের সার
 জরা মৃত্যু জর্ম ঘুচে পরশে জাহার ।

দৈত্য-গণ বলে কেন সাগর মধিব
 জতেক জন্মিব তাহা দেবগণে লৈব ।
 অনুমান করি তারা কিছু না পাইয়া
 সকল অমৃত তারা লইল হরিয়া ।
 পলায়্যা অরণ্য-মাঝে সকল অশুরে
 ব্রহ্মা বলে প্রমাদ পড়িল দেবপুরে ।
 অশুরে অমৃত খাইয়া হইব অমর
 অমৃত ছলিয়া ঝাট আন গদাধর ।

মায়ায় স্ত্রীরূপ হৈলা ত্রৈলোক্য-সুন্দরী
 প্রচুর চাচর কেশ রচিল করবী ।
 কুটিল অলকাবলি তবকের ছটা
 সীমন্তে সিন্দুর ভালে চন্দনের ফোঁটা ।
 শ্রবণে কুণ্ডল শোভে নয়নে কজ্জল
 অনঙ্গ-কামান ভুরু অতি সে চঞ্চল ।
 বদন কমল জিনি সুরঙ্গ অধর
 গ্রীবায় শোভিত নানা রত্ন মনোহর ।
 কেজুর কঙ্কণ শঙ্খ শোভে ছই ভুজে
 কামের ভাণ্ডার পীন পয়োধর সাজে ।
 রশনা মঞ্জীর শোভে জঘন চরণে
 মুনিমন টলে শিখি-পেখন গমনে ।
 কামশাড়ী পরি কণ্ঠা মোহন আলাপে
 দৈত্যের সমীপে বসি কান্দেন বিলাপে
 দৈত্যগণ শুনিলেক কণ্ঠার রোদন
 সতে মিলি সেইখানে দিল দরশন ।
 কামবাণে হতচিত্ত কণ্ঠার আলাপে
 কহ না সুন্দরী কণ্ঠা কান্দ কোন তাপে ।
 মুখে আধো বস্ত্র দিয়া কহেন মায়ায়
 পলাইল প্রাণনাথ এড়িয়া এখায় ।
 দৈত্যরাজ বলে কণ্ঠা চল মোর ঘরে
 কণ্ঠা বলে সত্য কর আমা বরাবরে ।
 কোনো কর্ম না করিবা মোর অসম্মতি
 তবে জন্মে জন্মে তুমি হও মোর পতি ।

মায়া মোহে দৈত্য সত্য করিল বিধানে
 কণ্ঠা লৈয়া গেল দৈত্য স্থখে নিজ স্থানে ।
 অমৃত ভক্ষিতে সতে করে অমুমান
 কণ্ঠা বলে দৈত্যরাজ শুন সস্বিধান ।
 এই খানে অমৃত আমার ঠাঞি থুইয়া
 মান করি আসি সতে খাও ত বাঁটিয়া ।
 দৈত্য বলে কেনো বা কণ্ঠার ঠাঞি থোব
 এই ক্ষণে সতে মেলি অমৃত ভক্ষিব ।
 কণ্ঠা বলে সত্য যদি করিলা লজ্বন
 ভূজিবে নরক আমি করিছু গমন ।
 দৈত্যরাজ বলে শুন কণ্ঠা একেশ্বরী
 অমৃত উহার শক্তি হরিবারে পারি ।
 অমৃত এড়িয়া তবে গেল দৈত্যগণ
 হরিয়া অমৃত শীঘ্র লৈলা নারায়ণ ।
 সত্য বিচুমাণে দিল অমৃত আনিয়া
 বিধাতা বলেন সবে লহত বাঁটিয়া ।
 মহাদেব বলেন অমৃত সতে লহ
 আরবার মথন করিয়া মোরে দেহ ।
 ব্রহ্মা বৈলা প্রমাদ না কর মহেশ্বর
 আর কিছু নাহি এই ক্ষীরোদ ভিতর ।
 মহাদেব পিতামহ বুঝান আপনে
 প্রভাতে উঠিব বিষ দোণ্ড মথনে ।
 শুন রে ভকতলোক হৈয়া একমন
 মনসামঙ্গল দ্বিজ বিপ্রদাস গান ॥

তৃতীয় পাল্য

১

আহিরী রাগ

হাথে ধরি পিতামহ শঙ্করে বুঝায়
অবশ্য প্রমাদ হৈব খণ্ডন না জায় ।
এই ত অমৃত আছে সকলি তোমার
ক্ষীর নদী মথন না কর আরবার ।
ব্রহ্মা বলে শঙ্কর না কর বিসম্বাদ
পুনরপি মথনে হইব পরমাদ ।
অতি লোভে ভালো নহে দেখ ত্রিভুবনে
অতি সতী নারী সীতা হরিল রাবণে ।
অতি তপে বলি রাজা গেল রসাতলে
অতি তপে মীননাথ কদলিতে ভোলে ।
অতি দানে হরিশ্চন্দ্র অন্তরীক্ষ গতি
আমার বচন যদি লজ্ব পশুপতি ।
ভালো মন্দ জ্ঞত হয়ে সব তব দায়
প্রমাদ পড়িব দ্বিজ বিপ্রদাস গায় ॥

২

পয়ার

ব্রহ্মার বচন শুনি বলে ত্রিলোচন
ভালো মন্দ সব মোর করিব মথন ।
ওথায় অমৃতহৃত জ্ঞত দৈত্যগণ
প্রধান অশুরে সতে করয়ে গঞ্জন ।
রড়ারড়ি আসি দৈত্য ক্ষীরোদের তীরে
দেবগণ দেখি বড় চিন্তিত অন্তরে ।
মহেশ বলেন হের শুন দৈত্যগণ
জ্ঞতেক জর্মিল সব লৈল দেবগণ ।
আমা তোমা দুইজনে হইল বঞ্চিত
পুনরপি মথন করহ স্বরাশ্বিত ।
এখনে জ্ঞতেক পাব ক্ষীরোদ-মথনে
প্রচুর করিয়া তোমা করাব ভোজনে ।

৫

বাসুকি-মস্তক দৈত্য ধরে সাবধানে
লেগুড়ে ধরিল গিয়া বীর হুমানো ।
হরের আজ্ঞায় সতে ধন দেই টান
ত্রিভুবন মহাশব্দে হৈল কম্পমান ।
বাসুকির শ্বাস বহে জেন মহাবড়
মুখে ভাঙ্গে ফেনা নাল অঙ্গে গেল ছড় ।
শ্রমযুক্ত হুমান আর দৈত্যগণ
দেবগণ নিরবধি করএ বারণ ।
মহাকোপে হর-চক্ষু আনল উঠিল
সেই অগ্নি ক্ষীরোদে পড়িয়া বিষ হৈল ।
প্রলয় মথন তাহে গরল জন্মিল
দশদিগ অন্ধকার মহা ধূম হৈল ।
জেন অগ্নিবাণে পোড়ে সকল সংসার
বিনা মেঘে অন্ধকার বিজুলি ঝঙ্কার ।
প্রলয়ের কালে জেন বানঝনা পড়ে
চারিদিগে সর্বজন ধায় উভরড়ে ।
তবে দৈত্য পলাইল জ্ঞত দেবগণ
বাসুকি পলাইয়া গেল পাতাল ভুবন ।
হুমান মান্দার এড়িল নিজ স্থানে
ক্ষীরোদ নেহালে হর রয়্যা সেই স্থানে ।
বৃষ হুমান সতে আছে হর সনে
বিশেষ বুঝাএ শিবে পবন-নন্দনে ।
ইষ্ট মিত্র জ্ঞত দেখ সম্পদ-সময়
পড়িলে আপদকাল কেহ কারো নয় ।
বিষম বিষের জালা দেখি দেবগণ
তোমা এড়ি পলাইল দেখো ত্রিলোচন ।
কিসেরে বিসর মনে দেব জগদীশ
মায়া মোহ তেজিয়া ভক্ষণ করো বিষ ।
নিষেধ করিলা আগে দেব প্রজাপতি
তাহার বচন কিছু না করিলা মতি ।
আপন কুবুদ্ধি হেতু সৃজিলা গরল
লজিয়া ব্রহ্মার বাক্য মজালা সকল ।

পুরুবে করিলা সত্য দেবতা-সভায়
 জে জর্মে লইবা সব কারো নাহি দায় ।
 আপনি সংহারো বিষ দেব কৃতিবাস
 তুমি না ভঙ্কিলে বিষ সৃষ্টি হএ নাশ ।

বিষম বিষের জালে পোড়ে ভূমণ্ডল
 চক্রে সূর্য্য পলাইল গগনমণ্ডল ।
 জেই ভিতে জায় বিষ সেই ভিতে জলে
 দ্বিজ বিপ্রদাস রস ভাবে কুতূহলে ॥



পটমঞ্জরী

পবন-নন্দন শুনিয়া বচন
 মুখ তুলি হর চাহে
 বন্ধু সহোদরে পলায়ে সত্বরে
 আপদে কাহারো নহে ।
 ভাবি জগদীশ গণ্ডুখিল বিষ
 সব গেল অভ্যস্তর
 বিজোগে আসন হরিল চেতন
 অঙ্গ কাঁপে ধরধর ।
 ভারি ঈশ পতি যোগাসনে তথি
 তত্ত্বজ্ঞান ভাবে মনে
 করি যুগ-সঙ্কি মন-বায়ু বন্দি
 ঢলি পড়ে ত্রিলোচনে ।
 সব দেবলোক নেহালএ মুখ
 চেতন নাহিক হরে
 নারদ তৎপর চলিলা সত্বর
 গেলা চণ্ডী বরাবরে ।
 গুন গুন মামী মর্ম কহি আমি
 প্রমাদ তোমারে লৈয়া
 ক্ষীর-নদী তীরে ত্রিদশ-ঈশ্বরে
 চলিলা গরল খায়্যা ।
 গুনি হেন বাণী চিন্তিত ভবানী
 আকাশ ভাঙ্গিল মুণ্ডে
 ছুই পুত্রে ধরি আর্তনাদ করি
 প্রভু বলি ডাকে তুণ্ডে ।
 ভাবিয়া হতাশ মুক্ত কেশপাশ
 সিদ্ধ-কূলে দেবী ধায়
 দেখে দেব-রায় চৈতন্ত না পায়
 বিপ্রদাস রস গায় ॥

୫

କୌ ରାଗ

ଦେଖିଯା ହରେର ମୁଖ ଚଣ୍ଡୀର ବିଦରେ ବୁକ
 କାନ୍ଦେ ଦେବୀ ଅବାର-ନୟନେ
 ଲୋଟାୟା କ୍ଷୀରୋଦ-ତୀରେ କରାଘାତ ହାନି ଶିରେ
 ପ୍ରଭୁ ବିନେ କି ମୋର ଜୀବନେ ।

ଜତେକ ଦେବତା ଲହଁୟା ଆଇଲା ହରିଷ ହୈୟା
 କ୍ଷୀର-ନଦୀ କରିତେ ମଧନ
 ତେଜିୟା ଅମୃତ-ପାନ ବିଷେରେ ପାତିଲା ଜ୍ଞାନ
 ଆତ୍ମଦୋଷେ ମଜାଲ୍ୟା ଜୀବନ ।

ଶଙ୍କର କରିୟା କୋଳେ କାନ୍ଦିୟା ଚଞ୍ଚିକା ବଳେ
 ବାରେକ ସନ୍ତୋଧ ଚିଆଇୟା
 ମୋର କର୍ମେ ଦୈବ-ଫଳେ ଆସିୟା କ୍ଷୀରୋଦ-କୁଳେ
 ପ୍ରମାଦ ପଢ଼ିଲ ବିନ ଥାୟା ।

ଜଗତେର ନାଥ ହୈୟା ଆଦି-ଅସ୍ତ ନା ଖୁଣିୟା
 ନା କରିଲା ମନେ ବିମରିଷ
 ନିରଞ୍ଜନ-ହତ ତୋମା ହରିଲ ସକଳ କ୍ଳେମା
 ଭଙ୍ଗଣ କରିଲା କାଳ-ବିଧ ।

ନିଷେଧିଲ ବ୍ରହ୍ମା-ୟୁନି ନା ଖୁଣିୟା ତାର ବାଣୀ
 ପ୍ରାଣ-ହତ ଆପନ କୁମତି
 ମୋର ସବେ ତୁମି ମାର ତୋମା ବିନା ନାହି ଆର
 ଅନାଥ କାର୍ତ୍ତିକ ଗଣପତି ।

ପାପଲ ତୋମାର ମନ ତେଜି ରତ୍ନ-ଅଭରଣ
 ଅସ୍ଥି-ମାଳା ଧରହ ଦ୍ଵାଦଶ
 ଅର୍ଧଚନ୍ଦ୍ର ଧରୋ ମାଥେ କ୍ଷିଣ୍ଣୁଳ ଡମ୍ବୁର ହାଥେ
 ଲାଉୟା ଲାଟି ବୁଲି ଥାଲ ବଶ ।

ମଲୟଜ୍ଞ କଞ୍ଚୁରି ଯୁଗମଦ ପରିହରି
 ବିଭୂତି-ଭୂଷଣ ଘବ ଗାୟ
 ବିଚିତ୍ର ବସନ ଏଢ଼ି ପରିଧାନ ବାସ-ଛଢ଼ି
 ଭିଙ୍କା-ରମେ ବୁଲୋ ସର୍ବଥାୟ ।

মনসাবিজয়

কান্দিয়া বলেন বাণী শুন ব্রহ্মা চক্রপাণি
 ইন্দ্র আদি জত দেবগণ
 ষড়ানন গণপতি দুই পুত্র দৃঢ়মতি
 তোমা সভা কৈল সমর্পণ ।
 মায়ামোহ তেয়াগিব প্রভুর সংহতি জাব
 সাজাইয়া দেহ হতাশন
 চণ্ডীর বদন দেখি সর্বদেবগণ দুখী
 দ্বিজ বিপ্রদাস সুরচন ॥

৫

মহারাটী

প্রাণনাথ চিয়াইয়া সছোধো আমারে
 কার্তিক গণাই হের মুখ চাহি কান্দে তোর
 সম্মতি না দেও কেন তারে ।
 কেন বা উন্নত বেশ ধুলার ধূসর কেশ
 জটাভার ধুলার লোটায়
 লাউয়া লাটি ধলি ঝুলি বিধানে এড়িল ফেলি
 শিঙ্গা আদি গড়াগড়ি জায় ।
 ভাবিতে অকূল দুখ কি মোর জীবনে সুখ
 কি মোর সম্পদ অভরণ
 ছিঁড়িল গলার হার ফেলি নিজ অলঙ্কার
 দেখি মৃতবত দেবগণ ।
 শুন ইন্দ্র ব্রহ্মা হরি জথা হর তথা গৌরী
 সবে মিলি শুনহ তুরিত
 যদি মোর হিত চাহ চিতা সাজাইয়া দেহ
 দ্বিজ বিপ্রদাস বিরচিত ॥



Manasā on Sijuyā Hill as Rāgiṇī Yogyā. *Circa 1650 A.D.*
(Journal of the Indian Society of Oriental Art, Vol. III)

৬

পর্যায়

তবে সর্বদেবগণ চণ্ডিকার বোলে
করিল বিচিত্র চিতা ক্ষীরোদের কূলে ।
দিলেন চন্দন-কাষ্ঠ স্নাত বহুতরে
করাইয়া স্নান শোয়াইলা গঙ্গাধরে ।
পূর্বে রক্ত দিল পদ্মা গঙ্গার গোচরে
তাহা দেখি স্মরণ হইল হেন কালে ।
ব্রহ্মা আদি করিয়া শুনহ দেবগণ
মনসা দিলেন মোরে পঞ্চরত্ন ধন ।
জগন হরের হব আপদ-সময়
অবশ্য জানায়্য আমা জিয়াব নিশ্চয় ।

তবে সব দেবগণ করি অমুমান
নারদ পাঠাইয়া দিল মনসার স্থান ।
ওথায় জানিল ধ্যানে দেবী বিষহরি
মায়ায় সূচায় দিব্য রত্নময় পুরী ।
পত্রের ছাউনি গৃহ আঙ্গিনা জঞ্জাল
তথি বসি রহে পদ্মা পরি বাঘছাল ।
হেনকালে নারদ প্রবেশ কৈল তথা
মুনির চরণ বন্দে হৈয়া সলজ্জিতা ।
পাণ্ড অর্ঘ দিলা আনি বসিতে আসন
তবে ত কহিল মুনি সকল কারণ ।
বিব খাইয়া মৈলা হর ক্ষীরোদের তীরে
যদি জিয়াইবা হরে আইসহ সম্বরে ।
তুরাএ চলহ দেবী পিতা জিয়াইতে
দ্বিপদাস বলে পদ্মা লাগিলা কান্দিতে ।

৭

করুণা

হরি হরি শুনিয়া বাপের মৃত-বাণী
তথি জেন আশ্চর্যিতে কুলিশ পড়িল মাথে
রোদন্তি ললাটে কর হানি ।

নেতোর গলায় ধরি অতি সে করুণা করি
কোলাকুলি পাড়য়ে দুইজনে
হইয়া হতাশ-মুখী মরমে বড়ই দুখী
বিগলিত অরুণ নয়নে ।

শুন রে নারদ ভাই আমার নিস্তার নাই
দড় মৈল ত্রিভুবনেশ্বর
আমরা দ্বিতীয় স্নাতা থাকিলাম অবস্থিতা
আর না জাইব দেবপুরে ।

পিতা বর্তমানে সতা রহিতে না দিল তথা
কেমনে জাইব তার লক্ষে
কে পালিবে আমা সতা কেবা আর দিবে বিভা
কান্দে দেবী ভাবি মন-দুঃখে ।

দেবীর ক্রন্দন শুনি বলেন নারদ-মুনি
 আপনা বিসর কি কারণ
 জিয়াইতে জটাধর অবতার বাট কর
 দ্বিজ বিপ্রদাস বিয়চন ॥

৮

পাঁচালি

পদ্মা বলে এইরূপে বন্ধি বন দূরে
 বস্তুহীন কেমনে জাইব দেবপুরে ।
 একখানি বস্ত্র লৈয়া আইসেন সতাই
 তবে বাপু জিয়াইতে আমি তথা জাই ।
 চলিলা নারদ ঋষি পদ্মার বিধানে
 কহিল সকল কথা চণ্ডী বিজ্ঞমানে ।
 অনেক দুর্গতি তার বৈসে বন-মাঝে
 মোর সনে দেবপুরে না আইল লাজে ।
 একখানি বস্ত্র লৈয়া তুমি জাও তথা
 তবে হর জিয়াইতে আসিবেন এথা ।
 শুনি চণ্ডী শীঘ্র গেলা আপনার ঘরে
 ভালো বস্ত্র লৈতে সত্ত কিছু নাহি পুরে ।
 হাত পাঁচ কাচা-খানি কাঁকতলে থুয়া
 চলিল সত্বরে দেবী সখীগণ লৈয়া ।
 ওধায় মনসা সর্ব জানিয়া ধ্যেয়ানে
 পূর্বমত রত্নপুরী কৈলা ততক্ষণে ।
 রত্নসিংহাসন পরে বসি বিষহরি
 অঙ্গে নানা অলঙ্কার পটু-চীর পরি
 চারিদিকে দাসীগণ চামর ঢুলাএ
 হস্ত পরিহাস্ত কেহ তাষুল জোগাএ
 হেন কালে পদ্মা উপনীত হৈলা তথা
 জে দিগে চাহেন সর্ব রত্ন-বিভূষিতা ।
 বিশ্বয় হইল মনে দেবী মাহেশ্বরী
 কক্ষতলে বস্ত্রখানি রাখে যত্ন করি ।
 সূর্যের কিরণ যেন দীপ্ত সেই পুরী
 সোনার প্রাচীর তাহে মুক্তা সারি সারি ।

বিহনে বিহনে কাঁচ চালে জ্যোতির্ময়
 দেখিয়া বিস্মিতা অতি দেবী মহামায় ।
 উপনীত হৈল গিয়া পদ্মার গোচর
 দেখিয়া সন্ত্রমে পদ্মা উঠিলা সত্বর ।
 মিনতি প্রণতি করি কৈলা বহু স্তুতি
 মনসার স্তবে তুষ্ট হইলা পার্বতী ।
 দুর্গা বৈলা চল তব পিতা জিয়াইতে
 বিলম্বে নাহিক কার্য চলহে তুরিতে ।
 হৃদয়ে ভাবিয়া তবে দেবী বিষহরি
 চণ্ডী-স্থানে সেই বস্ত্র দইল যত্ন করি ।
 দুই-জনে সেথা হৈতে করিলা গমন
 রথ আরোহণ করি গেলা ততক্ষণ ।
 ক্ষীরোদের তীরে গিয়া দেখে ত্রিলোচন
 ব্রহ্মা আদি দেবগণ করিলা স্তবন ।
 করুণা করিয়া কহে অস্তিক-জননী
 শুন শুন সর্বজন অপূর্ব কাহিনী ।
 সতাই নিষ্ঠুর না থুইল দেবপুরে
 পর্বতে অরণ্যবাসী করাইল মোরে ।
 কহিল নারদ আসি জত বিবরণ
 সে সকল সমাচার জান সর্বজন ।
 দেখ দেখ অপরূপ সকল দেবতা
 যত্নে এই বস্ত্র মোরে দান কৈল সতা ।
 সতাইর গুণ কহিবারে নাহি ঠাঞি
 ব্রহ্মা বিষ্ণু ইন্দ্র আসি মনসা বুঝাই ।
 মন-দুঃখ ঘুচায়্যা জিয়াও তব পিতা
 সতে মিলি স্তুসন্মান করিব সর্বথা ।
 ক্রোধে চণ্ডী উঠিল তেজিয়া লাজ-ভয়
 মারিবারে মনসারে মুষ্টিক উঠায় ।

ক্রোধে বিষ-দৃষ্টে চাহে দেবী বিষহরি
ঢলিয়া পড়িলা তথা দেবী মাহেশ্বরী ।
ধরিয়া তুলিলা পদ্মা দেব মহেশ্বরে
সর্বদেব দেখে তথা হরিষ-অস্তুরে ।
চেতন করাইল হরে হরের নন্দিনী
দ্বিজ বিপ্রদাস বলে জুড়ি যুগ-পাণি ॥

৯

মন্ত্রজাত

মহাযোগী মহারুদ্র চিন্তা যোগাসনে
নিরঞ্জন আদি ব্রহ্মতত্ত্বে দেহ মনে ।
খড়্গ ভেদি উঠে ভার গগন-উপরে
কামরূপা চন্দ্র সূর্য্য স্নেহেরু-শিখরে ।
কেন ত্রিভুবননাথ আপনা বিসরো
মন-পবনেতে জীব-পরিচয় করো ।
চিন্তা সূক্ষ্ম ব্রহ্ম সেই অচিন্ত্য অমল
নহে ছোট বড় দৃঢ় নির্মল কেবল ।
অহর্নিশ খসে রস কিছু নাহি টুটে
কোমল নবনী হেন বজ্র নাহি ফুটে ।
দশমী ছুয়ারে বাপু খসাও কপাট
আছুক পবন হংস ভ্রমুক নিবাট ।
পুনরপি নিবর্তিয়া জাউক স্বস্থান
জথায় কমলে ভৃঙ্গ করে মধু-পান ।
ত্রিপুর-দাহনে হর অগ্নি উঠে মুখে
দানব পুড়িয়া অগ্নি পৃথিবীতে থাকে ।
পৃথু-রাজা পৃথিবী ছুহিলা জেই কালে
ছুহিয়া নাগেরে বিষ দিলেন পাতালে ।
সেই বিষ বাসুকি দিলেন মোর ঠাঞি
স্তন স্তন বিষ তোম মর্মকথা কই ।
হর ছাড়ি উঠ জদি নহিবা বিনাশ
মর্ম স্তনি ত্রাসে বিষ বলে বিপ্রদাস ॥

১০

পয়ার

পদ্মার আজ্ঞায় বিব উঠে হর-মুখে
সুবর্ণের খাল পদ্মা পাতিল সন্মুখে ।
কিছু বিষ শঙ্করের থাকিল গলায়
নীলকণ্ঠ হইলা গোসাঞি মৃত্যুঞ্জয় ।
জয়জয়-ধ্বনি কৈলা জত দেবগণ
চণ্ডীর দুর্গতি দেখি বলে ত্রিলোচন ;
হর বলে কেন মাগো জিয়াইলা আমা
কেমতে বঞ্চিব আমি যদি মৈল উমা ।
মনসা বলেন বাপু মনে দেহ ক্ষেমা
আর একশত বিভা করাইব তোমা ।
মহাদেব বলে আর বিভা কিবা কাজ
অর্ধঅঙ্গ গৌরী মোর দেবের সমাজ ।
অমৃতলোচনে তবে চাহে বিষহরি
উঠিয়া বসিলা মাতা দেবী মাহেশ্বরী ।
মনসা দেখিয়া কোপে অগ্নি হেন জলে
দেবগণ অমুরোধে কিছু নাহি বলে ।
সভে মেলি পুরস্কার কৈল মনসায়
পদ্মা বলে এই বিষ এড়িব কোথায় ।
হৃদয়ে ভাবিয়া বলে সর্ব দেবগণে
তোমা বহি আর কেহো নাহি সম্বরণে ।
তবে পদ্মা নাগগণ চিন্তিল ধেয়ানে
ঘোর অঙ্ককার করি আইসে নাগগণে ।
প্রথমে অনন্তরাজ বাসুকি তক্ষক
পদ্ম শঙ্খ কদম্ব কুলুক চঞ্চুক ।
কুলির কর্কট ধনঞ্জয় মহাবলী
হালাই কালাই আর গন্ধজয়কালী ।
বেত-আছাড় অজাগর আড়িয়াল বন্ধা
আইল আড়ইরাজ দেখি লাগে শঙ্কা ।
মোল চিতি ধোড়া আর ধামাই অষ্ট বোড়া
আইল সর্পের দল দশদিগ-জোড়া ।

দেখিয়া নাগের ঠাট দেবতা তরাসে -
 পদ্মা প্রণামিয়া নাগ কারণ জিজ্ঞাসে ।
 পদ্মা বলে মথনে জন্মিল কাল-বিষ
 ইহা খাইয়া অচেতন ছিলা জগদীশ ।
 চেতন করিছু হরে তুলিয়া গরল
 সভাকারে বাঁটি ইহা দিব ত সকল ।
 ছোট বড় জত নাগে গরল পুরিয়া
 জ্বর জেই স্থানে নড় হরষিত হৈয়া ।
 আপনি জুখিয়া বিষ দেই পদ্মা বালি
 বিষ পাইয়া তেজময় নাগ মহাবলী ।
 তোলা মাষা রতি পল জার যে বুঝিয়া
 সভাকারে বিষ পদ্মা দিলেন জুখিয়া ।
 তমু এক শত পল বিষ তথা থাকে
 অর্ধভাগ মনসা পুরিল এক চক্রে ।
 সর্বশেষ লৈল কালি কাঁপে থরথর
 তারে স্থান দিলা পদ্মা মলয়া-শিখর ।
 বোলা পিপীলিকা আর বিছা ভেঙ্গরুল
 পড়িয়া গরল-স্থানে বিষধর হৈল ।
 হেন কালে ধামাই দাঁড়ায় বিগ্ৰহমান
 অবশেষ নাহি পদ্মা বলিল বিধান ।
 বিষ-বণ্টকের স্থানে লোটাও লেঙ্গুড়ি
 দংশিয়া মারিহ তারে লেঙ্গুড়ের বাড়ি ।
 জয়ধ্বনি করিলা সকল দেবগণ
 সভা লৈয়া অমুমান করে ত্রিলোচন ।
 পদ্মার মহিমা জত সভার গোচর
 পদ্মা-বিভা হেতু চিন্তি অমুরূপ বর ।
 ধৈর্যানে জানিয়া হর হরিষ-অস্তর
 জ্বরংকার-মুনি আছে বর মনসার ।
 পদ্মা পাঠাইয়া হর চলিলা তুরিত
 তপস্থানে মূনির গোচরে উপনীত ।
 ঋষি বলে আজি মোর হৈল কাম্য ফল
 তপ জপ জ্ঞান আদি জীবন সাফল ।

পরম সন্তোষ মনে পায়্যা ত্রিলোচন
 পুনকে আকুল তছু সজল নয়ন ।
 হৃষ্ট হৈয়া মহাদেব বলিলা তখন
 ঋষিকে কহিলা চল আমার ভুবন ।
 ছুই কণ্ঠা বিভা দিব ছুই তপধনে
 বিলম্বে কি আর ফল চল মোর সনে ।
 তবে জ্বরংকার হরে বলে সবিনয়
 বিভারে না কর যত্ন নিবেদি তোমায় ।
 শুন শুন অরে তাই হৈয়া একমন
 মনসা-চরণে দ্বিজ বিপ্রদাস গান ॥

৯

পটমঞ্জরী রাগ

তপ-অন্ত নাহি হয় নাহি ধরে ফল
 আজি তপ ভঙ্গ নষ্ট ক্রতু-কর্ম ফল ।
 তপ জপ ধ্যান মোর পরম গেয়ান
 ইহা ত ছাড়িয়া মোর মনে নাহি আন ।
 না করহ যত্ন মোরে শুন দেবরাজ
 তপ জপ করি আমি বিভা নাই কাজ ।
 অখোনি সন্তুবা জর্মি বিধাতার বরে
 নিরবধি তপ করি বল্লুকার তীরে ।
 অমর হইতে তপ করি নিরন্তর
 তপ-ভঙ্গ হৈলে ব্রহ্মা নাহি দিবে বর ।
 উধ্ব পদ ভূমে শির অনিমিধ আঁখি
 জন্মিয়া রমণী-মুখ কভু নাহি দেখি ।
 রতিসুখ না ভুঞ্জি স্ত্রী নাহি ছুঞ্জি করে
 তপ ভঙ্গ করি বিভা করিব কিসেরে ।
 হর বলে ত্রিদশের আমি অধিকারী
 যে অতীষ্ট-সিদ্ধি বর আমি দিতে পারি ।
 বিভা কর তপ জপ করিহ বিধানে
 পদ্মার চরণে দ্বিজ বিপ্রদাস গানে ॥

১২

রাগ সিন্ধু

হরের বচনে মুনি হেট কৈলা মুখ
অস্তুরীক্ষে ডাকিয়া বলয়ে পিত্য-লোক ।
বিভা কর জরৎকার হউক সন্ততি
তোর বংশ বিনে গো সভার নাহি গতি
পিত্য-লোক বাক্যে মুনি কম্পিতহৃদয়
শিবেরে বলিল বিভা করিব নিশ্চয় ।
মুনি লৈয়া মহাদেব চলিলা তুরিত
চক্ষুর নিমিষে নিজ ঘরে উপনীত ।
বিবাহের উজ্জ্বলে লাগিলা দেবরাজে
বিষাণ ছন্দুভি আদি নানা বাণ্য বাজে ।

ব্রহ্মা বিষ্ণু ঋষি মুনি সিদ্ধি বিজ্ঞানর
ভৈরব বেতাল নন্দী গন্ধর্ব কিন্নর ।
শশী আদি স্বর্গের সুন্দরী বিজ্ঞানরী
সব সুরনারী গেলা শঙ্করের পুরী ।
বিচিত্র ছান্দলা গানো কনকের বারা
চারি ভিতে লাম্বে গজ-মুকুতার বারা ।
বিজলির ছটা যেন দিল আলিপনা
বিধানে মঙ্গলগীত গায় দিব্যাজনা ।
চারি মুখে বিধাতা আপনি পড়ে শ্রুতি
শুভ গ্রহ যুক্ত হৈল শুভ লগ্ন স্থিতি ।
হেনকালে মনসার কৈল অবিবাস
পদ্মা-পদাম্বুজে বলে দ্বিজ বিপ্রদাস ॥

১৩

নাট রাগ

আপনি ব্রহ্মা মুনি করেন বেদধ্বনি
অমরে হরনিত মনে
পরম উল্লাস পদ্মার অধিবাস
করিল জাত আইয়-গণে ।
হরিদ্রা তৈল লৈয়া পদ্মার অঙ্গে দিয়া
বাঁধিল সূত্র বাম করে
চলিল সুরনারী লইয়া হেম-বারি
জল সহে ঘরে ঘরে ।
বাজ্রাএ নানা বাদ্য ছন্দুভি বীণানাদ
গরুজ পড়া শঙ্খধ্বনি
আনন্দ মুনিপুরে মনসা বিভা করে
জরৎকার মহামুনি ।
প্রভাতে দেবরাজে মাতৃকাগণ পূজে
নৈবিদ্য বিবিধ বিধানে
বৈদিক নান্দীমুখ পূজিলা অতি সুখ
দিলেন বসুধারা দানে ।

বিবিধ বাণ্ড বাজে আনন্দে পুর মাঝে
গভীর অতি ঘোর ধ্বনি
ব্রাহ্মণ বিপ্রদাসে মনের অভিলাষে
রচিল পুষ্পের ছায়নি ॥

১৪

পয়ার

হরষিত সুরপুর জয়-জয় ধ্বনি
জরৎকার-মনসায় পুষ্পের ছাওনি ।
হৃন্দুভি মরুজ পড়া বীণা করতাল
বাবারি মুহুরি বাজে মৃদঙ্গ রসাল ।
ভেউর করনাল বাজে ডিগ্গিম কাহাল
হুমরি বাজয়ে ঘন অতি সে রসাল ।
কপিলাস ঘণ্টা আর বাজয়ে মন্দিরা
হুমরি মঙ্গলা আর বাজে সপ্তসরা ।
ছাওনি করয়ে হুহে সানন্দিত মন
ইন্দ্র আদি দেব করে পুষ্প-বরিষণ ।
ছাওনি করিয়া হুহে ওলে ধরাতলে
বসিলা ছান্দলা-তলে বিপ্রদাস বলে ॥

১৫

পয়ার

জরৎকার-মনসায় ছান্দলা বসাইল
বশিষ্ঠ-মুনিরে আনি নেতা বিভা দিল ।
হুই কণ্ঠা বিভা দিল বিবিধ বিধানে
নানা রত্ন যৌতুক দিলেন নানা ধনে ।
মন্দিরে প্রবেশ সমর্পিয়া কণ্ঠাদান
ভোজন করিল হুহে অমৃতসমান ।
পুষ্পশয্যা রচিল সঙ্কল সুরনারী
জরৎকার-মুনিরে বুঝায় মাহেশ্বরী ।
নাগ-রূপী কণ্ঠা এই নাগ-অবতার
মণিরত্ন এড়ি পরে নাগ-অলঙ্কার ।

আজি নিশি নাগভয় থাকিহ সত্বরে
ওথায় কুবুদ্ধি দিলা মনসার তরে ।
জত অভরণ এড়ি বেশ কর নাগে
তবে ঋষি তোমারে করিব অচুরাগে ।
না বুঝি চণ্ডীর মায়া মনসা কুবুদ্ধি
নাগ-অভরণ পদ্মা করি নানাবিধি ।
জাইতে মূনির পাশে রচেন সুবেশ
চিরনিয়া-নাগ লৈয়া কুরলিলা কেশ ।
শয়নমন্দিরে পদ্মা দিলা দরশন
হরিশে প্রভুর পাশে করিলা শয়ন ।
মনসা দেখিয়া ঋষি মনে ভয় বাসে
নিদ্রা নাহি জায় মুনি নাগের তরাসে ।
হেন কালে চণ্ডিকা চলিয়া ধীরে ধীরে
হুমারে থাকিয়া ভেক পেলি দিল ঘরে ।
ভেক দেখি সর্ব নাগ গর্জয়ে সঘন
উঠিয়া বসিলা ঋষি চমকিত মন ।
হাথে ঝারি সম্মুখে পলাইয়া জায় ডরে
ধামাই হুমারি পায়্যা রহাইল দ্বারে ।
ঋষি বলে নাগভয় নাহিক নিস্তার
আজি হৈতে পদ্মাবতী নিশ্চয় তোমার ।
ঋষিরে কাতর দেখি দিলেন এড়িয়া
সমুদ্রে শঙ্খের গর্ভে রহে লুকাইয়া ।
নিদ্রাভঙ্গ হৈল দেবী ঋষি নাহি পাশে
ধেয়ান করিয়া দেবী জানিল বিশেষে ।
নাগভয়ে মুনিবর গেল পালাইয়া
সমুদ্রে শঙ্খের গর্ভে আছে লুকাইয়া ।
নিশ্চয় জানিল পরা হুঃখ অপমান
অবিরত কান্দে দেবী বিপ্রদাস গান ॥

১৬

করণা

পুষ্প-শয্যায় বসিয়া বিরসে
কান্দিয়া নেতার প্রতি ভাষে ।
অঝর লোচনে জল ঝরে
উপহাস্য হৈল দেবপুরে ।
কান্দে দেবী নেতো হাতে ধরি
ঋষি গেল থুয়্যা একেশ্বরী ।
মোর কর্মে কি লিখিল বিধি
সতাই যে দিলেন কুবুদ্ধি ।

পরিচু নাগের অভরণ
ডরাইল ঋষির নন্দন ।
সতাই হইল ছরবার
দেবপুরে করিল খাঁখার ।
তাহে প্রবোধিব কি বলিয়া
কেন ঋষি না গেছু গোড়াইয়া
জন্মিয়া নহিল কিছু স্মৃথ
কতেক সহিব মনদুঃখ ।
মনসা কান্দয়ে উর্দ্ধ্বাসে
ধ্বিজ বিপ্রদাস রস ভাষে ॥

১৭

কৌ রাগ

রজনি পরভাতে মনসা-অগ্রেতে
প্রমথনাথ উপনীত
রোদন পদ্মা বাণী শুনিয়া শূলপাণি
জিজ্ঞাসে হইয়া মোহিত ।
বদন্তি পদ্মাবতী সতাই অহুমতি
পরিচু নাগ-অভরণ
উরগ-ভয়ে ঋষি ভরাসে অর্দ্ধনিশি
পলাইয়া করিল গমন ।
নিমিনে সব জানি সমুদ্রে আছে মুনি
শঙ্খের গর্ভে লুকাইয়া
চলিল সসঙ্ঘাপে কুরল-পক্ষ রূপে
ডাকিয়া অস্তরীক্ষ হৈয়া ।
শুনিয়া পক্ষ-ডাক ভাসিয়া উঠে শাঁখ
ছুইয়া তুলিলেন তীরে
তোমার অভ্যস্তরে তপস্বী জরৎকারে
উগারি বাট দেহ মোরে ।
হইয়া চমৎকার উগারে জরৎকার
অতি সে শঙ্খ ভয় বাসি
ঋষির ধরি হাতে বুঝাইয়া ভূতনাথে
মন্দিরে লইল দুঃখ নাশি ।

মনসা সহ বনে বঞ্চি কথো দিনে
বদন্তি পদ্মা সন্নিধান

শুনহ পদ্মাবতী দেহ গো অহুমতি
জাইব আমি নিজ স্থান ।

বলন্তি বিনহরি আমি যে একেশ্বরী
সংহতি নাহি পুত্র-সুতা

এই ত দেবপুরে কি বোল করে মোরে
ছাড়িয়া জাবে মোরে কোথা ।

শুনিয়া মুনিবর পদ্মা-গর্ভে কর
বুলায় স্মসন্তান-উৎপত্তি

অস্তিক নাম তার হইব স্কুমার
করিব ইন্দ্রের উদ্ধার ।

বশিষ্ঠ-মুনিবর নেতোরো দিল বর
তুই মুনি গেলা তপস্থানে

মনসা নেতৌবতি হইল গর্ভবতী
বিদিত লোক-পরমাণে ।

প্রসবে শুভক্ষণে পুত্রের দরশনে
মনসা নেতৌ অষ্টমতি

অমর ইন্দ্র আদি অনন্ত বিকৃ বিধি
পরম আনন্দিতমতি ।

ঋষির আজ্ঞা পাইয়া অস্তিক নান পুয়া
দিলেন বাসুকি-অগ্রেতে

বাসুকি হরমিতে পড়াইয়া শাস্ত্রনীতে
এড়িল সিঙ্কুয়া-পদতে ।

শুনিহ রজনিতে বড়ই অদভূতে
সর্প-সত্র যজ্ঞনাশে

তৃতীয় পালা সাঙ্গ দিবসে নানারঙ্গ
কহিল দ্বিচ্ছ বিপ্রদাসে ॥

চতুর্থ পাল্য

১

পয়ার

সর্পসত্র নামে যজ্ঞ কহিব বিধানে
 পরীক্ষিতে ব্রহ্মশাপ হইল জেমনে ।
 একদিন মৃগ হেতু চলিল কাননে
 সঙ্গমে হরিণ সঙ্গে হৈল দরণনে ।
 অবধ নৃপতি বাণ হানিলেক তায়
 হরিণা পড়িল তার হরিণী পলায় ।
 খেদাড়িয়া নৃপতি চলিল তার পাছে
 সমাধিস্থ মুনি তথা গেল তার কাছে ।
 ডাক দিয়া নৃপতি বলএ উচ্চস্বরে
 থাক থাক হরিণী বিক্রিব তীক্ষ্ম শরে ।
 মুনি দেখি গেল রাজা তাহার সমুখে
 কোপে কম্প ঘনঘন জিজ্ঞাসয়ে দুঃখে ।
 ধ্যান নাহি ভাঙ্গে মুনি মুখ নাহি তোলে
 তাহা দেখি পরীক্ষিত-রাজা কোপে জ্বলে
 দৈবযোগে তথাকারে সাপের উপায়
 ধনুকের ছলে দিল মুনির গলায় ।
 পাণ্ডুপুত্রে মহামুনি কোপে দিল শাপ
 সপ্ত-দিনান্তকে তোরে দংশিবেক সাপ ।
 মৃতবত হৈল রাজা ব্রহ্মশাপ পাইয়া
 সৈন্ত সহ নিজ স্থানে উত্তরিল গিয়া ।

কহিল সকল কথা পাত্রমিত্র লইয়া
 কহে পাত্রমিত্র নৃপে সমুখে দাঁড়াইয়া ।
 শুন শুন মহারাজ না করিহ ভয়
 এক ওঝা সঙ্ক-ধনুস্তরি মহাশয় ।
 তাহার প্রতাপ কহি তোমার অগ্রেতে
 মহাসঙ্ক নামে ছিল ধবল-পর্বতে ।
 ধনুস্তরি হট করি কৈল পরাজয়
 পাতালে চলিল ধনুস্তরির বিজয় ।
 সঙ্ক জিনি সঙ্ক-ধনুস্তরি হৈল নাম
 তাহারে আনিহ রাজা অতি অমুপাম ।
 নাগভয় কদাচিত নহিব তোমার
 এই নিবেদন রাজা আমা সভাকার ।
 এত শুনি মহারাজা অতিহৃষ্ট হৈয়া
 সঙ্ক-ধনুস্তরি ওঝা আনে ডাকাইয়া ।
 শাপভয় সঙ্করিয়া আছে নিজপুরে
 সপ্তম দিবসে নাগ কোপিত অন্তরে ।
 মুনিশাপ হৈল মোরে দংশিতে রাজনে
 শীঘ্রগতি চলে নাগ দংশিবার মনে ।
 লোকমুখে শুনিয়াছে ওঝা ধনুস্তরি
 মহাকোপে গর্জিয়া উঠিল দন্ত করি ।
 দ্বিজ বিপ্রদাস বলে মনসা-কিঙ্কর
 ধনুস্তরি-তঙ্ককে নিরোধ পাঠান্তর ॥

২

শ্রী রাগ

মুনির ইঙ্গিত পায়্যা হরিষ-অস্তর হৈয়া
 তঙ্কক করিল আগমন
 বিরোধ আরম্ভ রোষে হইয়া ব্রাহ্মণ-বেশে
 কালকূট পুরিয়া লোচন ।

দৃঢ় করি নিজ চিত হৈয়া বড় হরষিত
 শিষ্যরূপে করিলা গমন
 ললাটে চন্দন-ফোটা গলে শোভে নাগপাটা
 সর্ব-অঙ্গে নাগ-অভরণ ।
 প্রবেশে সঙ্কের পুরী বধিবারে ধনস্তুরি
 দাঁড়াইয়া চাহে ধনে ঘন
 অভ্যন্তরে জেই জায় ডাকিয়া বলএ তায়
 সঙ্কেরে করা ও দরশন ।
 বাদ-খাড়ু ছুই করে লোমাঞ্চিত কলেবরে
 জিজ্ঞাসা করয়ে সভাকারে
 কোন জন ধনস্তুরি নিবসয়ে কোন পুরী
 বিপক্ষ হইলু আসি তারে ।
 সেই সঙ্ক ওবা বড় কোন শিক্ষা জানে দড়
 বড়াই করএ অকারণ
 মহীতলে ছিল জত জিনিলাম শতে শত
 ধনস্তুরি দেখিব কেমন ।
 শুনি লোক গেল ধায়্যা ধনস্তুরি-আগে গিয়া
 কহিল সকল বিবরণ
 শুন ওবা ধনস্তুরি তোমারে হইয়া বৈরী
 আইল ব্রাহ্মণ একজন ।
 তাহা শুনি সঙ্ক-রায় কোপানলে কাঁপে কায়
 যমের সম্বাদ আইল কারে
 সাজে শিষ্য দশ-বিশ নাহি করে বিমরিষ
 চলিল বিবাদ করিবারে !
 কোপেতে অরুণ আখি বাঁপান বিষম ঢাকি
 কত ভাতি সাজিল প্রকারে ।
 জথায় তক্ষক আছে উপনীত তার কাছে
 সর্বলোক দেখি চমৎকার
 শত শিষ্য অমুগত নানা শিক্ষা অদভূত
 করয়ে বিষম অবতার ।

লোক ধায় শতে শত বাল বৃদ্ধ যুবা জত
 দেখিবারে আইল তার পাশে
 দুই ওঝা তরুতলে দাঁড়াইল কুতুহলে
 বিরচিল দ্বিজ বিপ্রদাসে ॥

৩

নাট রাগ

ধনুস্তুরি বলে ওঝা কি নাম তোমার
 কোন জাতি কোথা বৈস তনয় কাহার ।
 কিবা অভিলাষ করি আইলা এই দেশে
 গমন কি কার্য্য হেতু কহ ত বিশেষে ।
 কহেন তক্ষক অহে শুন সঙ্ক-রায়
 আইলু বিরোধ হেতু তোমায় আন্মায় ।
 জিনিলাম জত ওঝা ছিল মহীতলে
 অহঙ্কার করিয়া সঙ্কেরে পুন বলে ।
 জত শক্তি থাকে বাণ হানিহ আন্মায়
 সম্বরিয়া পুন বাণ হানিব তোমার ।
 দস্ত করি বলে নাগ সঙ্ক বরাবর
 শুভধর্ম-নদী তীরে মোর বাটী ঘর ।
 ওঝা-শিরোমণি নাম বটে তো আমার
 ব্রাহ্মণকুমার তোমা কহি সারোদ্ধার ।
 গৌড় আদি করিয়া ভ্রমিছু সব রাজ্যে
 না পাইল সম ওঝা বিবাদের কার্য্যে ।
 শুনিল তোমার দস্ত লোকের বদনে
 তোমার গোচরে আইলু বিবাদ কারণে ।
 আপনার দস্ত কর সব অকারণ
 কালপ্রাপ্তি হৈল আজি মোর সনে রণ ।
 যদি রক্ষা পাও আজি সফল জীবন
 জানিলাম তবে ওঝা ভাণ্ডিলা শমন ।
 শুনিয়া কঠোর বাক্য সঙ্ক চূড়ামণি
 হুঙ্কারিয়া কহে লোক স্তব্ধ হৈল শূনি ।
 পদ্মাপদাশুভে সদা হইয়া ভ্রমর
 দ্বিজ বিপ্রদাস কহে কিঙ্কর তাহার ॥

৪

পয়ার

সিংহনাদ করি বলে ওঝা ধনুস্তুরি
 মিছা দস্ত কর কেন মোর বরাবরি ।
 দ্বিজের তনয় হও তেঞি আজি সঙে
 অন্য জাতি হৈলে যম-দুয়ারে পাঠাঙে ।
 সভার গোচরে মোরে বল অহঙ্কারে
 ব্রহ্মবধ হেতু তেঞি সহিছু তোমারে ।
 দ্বিজ বলে সঙ্ক তুমি হৈলা পরাজয়
 নিনয়বচনে বুঝি ভাণ্ডিবে আন্মায় ।
 লোক ধর্ম সাক্ষী ব্রহ্মবধে নাহি ভয়
 এড়হ আপন অস্ত্র জত শক্তি হয় ।
 তক্ষকের বাক্যে সঙ্ক হৈল ক্রোধমুখি
 লোক ধর্ম চন্দ্র সূর্য্য সঙ্ক কৈল সাক্ষী ।
 তিন লোক সাক্ষী করি স্বঙরে গোসাঞি
 আপনি মরয়ে দ্বিজ মোর দোন নাঞি ।
 তরুতলে আসনে বসিলা দুই জন
 গালাগালি দুই ওঝা কোপে হতাশন ।
 বিষদৃষ্টি তক্ষক তরুর দিগে চাহে
 ভয়ময় হৈল বৃক্ষ কিছু নাহি রহে ।
 কিছু ভয় রাখে সঙ্ক বামহস্ত দিয়া
 পুনর্বার জিয়াইল পরম চিন্তিয়া ।
 সমরণ দুই জন সভায় বিদিত
 মহীভ্রতা কৈল দোহে অতি হরষিত ।
 নিভূতে আনিয়া সঙ্ক কহিল কারণ
 ছাড়হ রাজার আশ দিব মহাধন ।
 অনুমতি দিল সঙ্ক ধনলোভ পাইয়া
 পরিতোষ কৈল সঙ্ক নানাধন দিয়া ।

ছাড়িল রাজার পাশ ওঝা ধনস্তুরি
করে করি লৈল রাজা অকাল-বদরি ।
দ্বিজবেশে তক্ষক রাজার অগ্রে গেল
করজোড় করি রাজা দ্বিজেরে বন্দিল ।
আশীর্বাদ করি দ্বিজ সম্মুখে দাঁড়ায়
অকাল-বদরি নূপে দিল হৃষ্ট হৈয়া ।
তথি মধ্যে রহে নাগ স্তূতার সঞ্চারে
তুষ্ট হৈয়া লৈল রাজা না বুঝি বিচারে ।
অব্যর্থ মূনির শাপ খণ্ডন না জায়
আঘ্রাণ লইতে নূপে নাসাপথে খায় ।
নির্ঘাত ভারিয়া নাগ করিল গমন
বিষজালে নূপবর তেজিল জীবন ।
রাজার মরণ দেখি পাত্রমিত্রগণ
সৈন্ত সেনাপতি প্রজা কান্দে সর্বজন ।
অস্তঃপুরে ক্রন্দনে উঠিল মহারোল
ক্ষিতি লুটি কান্দে সতে হইয়া বিভোল ।
করণা করিয়া কান্দে রাজরাণীগণে
কি উপায় হবে রাজা তোমার বিহনে ।
হেন রাজ্য ছাড়ি রাজা নির্ভূর হইল
কিবা দোষে আমা সভা অনাথ করিলা
হের জন্মেজয় পুত্র কান্দিয়া ব্যাকুল
শীঘ্রগতি সম্বোধন কর সমতুল ।
কান্দিতে কান্দিতে সতে হইয়া মুর্ছিত
পড়িল ধরণীতলে নাহিক সশ্বিত ।
চতুর্বে মিত্রপাত্র সঙ্কলি ক্রন্দন
রাজপুত্র ধরি তোলে করিয়া জতন ।
চৈতন্য করাইল তার মুখে জল দিয়া
অশেষ প্রকারে সতে বুঝায় ধরিয়া ।
স্বর্গেরে তোমার পিতা করিলা গমন
পুত্র-কার্য্য কর তুমি কান্দ কি কারণ ।
স্থির হৈল জন্মেজয় সম্বরে ক্রন্দন
অগ্নিকার্য্য কৈল পিতা শোকাকুলি মন ।

শ্রীকৈবর্ত উজ্জাগ কৈল একাদশ দিনে
লক্ষ লক্ষ ভাগুর পুরিল রত্নধনে ।
করিল জতেক জব্য না জায় লিখন
দেশে দেশে নিমজ্জিয়া আনে রাজাগণ ।
বিধিমতে শ্রীকৈবর্ত দানযজ্ঞ আদি
ক্ষিতি পরিতোষ কৈল দিয়া রত্ননিধি ।
সুবর্ণের ভাগুর পুরিয়া লক্ষ লক্ষ
হেন মতে দ্বিজ দান করিল অসংখ্য ।
অবুর্দ অবুর্দ ধেনু উৎসর্গ করিয়া
দুঃখিত ব্রাহ্মণে দিল পৃথিবী জুড়িয়া ।
অবশেষে জন্মেজয় পুরোহিতগণে
দক্ষিণাস্তু করিল বড়ই হৃষ্টমনে ।
সকল সম্পূর্ণ হৈল নাহি অবশেষ
ইষ্টমিত্রবন্ধুগণ গেল নিজ দেশ ।
নিজপুরে জন্মেজয় পাত্রমিত্র লৈয়া
যুক্তি করে সতে মেলি নিভতে বসিয়া ।
মহাবুদ্ধি মন্ত্রিগণ করিল বিচার
ছত্রদণ্ড লহ রাজা বিলম্ব কি আর ।
শুভ লগ্নতিথিযোগ বিচার করিল
মঙ্গল-বিধানে জন্মেজয়ে রাজা কৈল ।
শ্রীমনসা-চরণে করিয়া পরিহার
দ্বিজ বিপ্রদাস কহে কিঙ্কর তাহার ॥

৫

রাগ বাগেশ্বরী

পাত্রমিত্র সতে মেলি একযুক্তি হৈয়া
রাজ্যের বিচার করে রাজারে লইয়া ।
বাপের সমান রাজা বিচারে পণ্ডিত
প্রতাপে সূর্যের সম ধর্মে অখণ্ডিত ।

বলবীৰ্য্য অতিশয় যুদ্ধেতে শমন
 কি আর বলিব যুধিষ্ঠিরের লক্ষণ ।
 রত্নসিংহাসনে বৈসে রাজা জন্মেজয়
 ছত্রদণ্ড শিরে ধরে দীপ্ত অতিশয় ।
 চৌদিকে বেষ্টিত আছে পাত্ৰমিত্ৰগণ
 সৈন্য সেনাপতি ঠাট অসংখ্য গণন ।
 পিতা-শোকে জন্মেজয় হৃদয়পীড়িত ।
 ভাবিতে চিন্তিতে হৈলা বড়ই মোহিত
 অন্তরে বিস্মিত হৈয়া রাজা জন্মেজয়
 মৃগয়া করিতে রাজা মনে অনুময় ।
 সিংহাসন হৈতে রাজা উঠিল সত্বর
 সৈন্য সেনাপতি ঠাট চলিল বিস্তর ।
 পাত্ৰমিত্ৰ কথো রাখি রাজ্যের বিচারে
 মৃগয়া করিতে গেল অরণ্য ভিতরে ।
 হেন কালে আশ্চর্য্যিতে দৈবের ঘটন
 বড়ই অপূৰ্ব কথো শুনে সৰ্বজন ।
 জয় নামে এক দ্বিজ বড়ই হুঃখিত
 পুত্র জায়া সর্পাঘাতে মৈল আশ্চর্য্যিত ।
 শোকেতে পাগল হৈয়া সেই দ্বিজবর
 সর্প মারি ফিরে দ্বিজ অরণ্য ভিতর ।
 জন্মেজয় রাজা জথা করিছে গমন
 সেইখানে গেল দ্বিজ দৈবের ঘটন ।
 দ্বিজের চরিত্র রাজা দেখিল নয়নে
 সর্প মারি বলে দ্বিজ গহন কাননে ।
 ডাকিয়া দ্বিজেরে কহে রাজা জন্মেজয়
 অদ্ভুত তোমার কর্ম দেখি লাগে ভয় ।
 সর্প মারি অরণ্যে বুলহ কি কারণ
 ইহার বৃত্তান্ত কহ দ্বিজের নন্দন ।
 শুনিয়া রাজার বাক্য জয় দ্বিজবর
 কহিতে লাগিল অতি হুঃখিত-অন্তর ।

দ্বিজ বলে অবধান কর মহাশয়
 লোচনের জলে দ্বিজ তিতে সৰ্ব-গায় ।
 কান্দিতে কান্দিতে কহে গদগদ-ভাষ
 ক্ষেণে রহিয়া দ্বিজ ছাড়িল নিশ্বাস ।
 কি আর কহিব রাজা হৃদয় বিদরে
 পুত্রজায়া সর্পাঘাতে মৈল মোর ঘরে ।
 শোকানলে দহে প্রাণ নিবারিতে নারি
 তে কারণে কাননে বেড়াই সর্প মারি ।
 শুনিয়া এতক বাক্য রাজা জন্মেজয়
 পিতার দারুণ শোক কাড়িল হৃদয় ।
 লোচনের জলে রাজা তিতে কলেবর
 বাপের মরণ কহে দ্বিজের গোচর ।
 শুন শুন দ্বিজবর কহিয়ে তোমারে
 সদাই জ্বলিছে প্রাণ অন্তরে বাহিরে ।
 দারুণ মুনির শাপ জনকের হৈল
 সপ্তম দিবস অস্তে তক্ষকে দংশিল ।
 সর্পাঘাতে পিতা মোর হৈলা পরলোক
 ধরিতে না পারি প্রাণ বাড়ে অতি শোক ।
 হেন শোক নিবারিব কেমন প্রকারে
 ইহার উপায় দ্বিজ ঝাট কহ মোরে ।
 এতক শুনিয়া দ্বিজ ভাবিল অন্তরে
 নৃপতির বিদগ্ধমানে বলয়ে সত্বরে ।
 ইহার উপায় কহি শুনহ নৃপতি
 সর্পসত্ত্ব যজ্ঞ কর আমার জুগতি
 রাজচক্রবর্তী তুমি হৈলে মোর মিত্র
 করহ সর্পের ক্ষয় আমি পুরোহিত ।
 ত্রিভুবনে জ্ঞাত নাগ মারিব পোড়ায়্যা
 কহিল উপায় এই কর শীঘ্র হৈয়া ।
 বড়ই অদ্ভুত যজ্ঞ সর্পের বিনাশ
 অবশেষে হবে ভাল বলে বিপ্রদাস ॥

৬

ঝারিখণ্ডি

শুনিয়া দ্বিজের বাণী সর্পের নিধন জানি
অতি হৃষ্ট হইল রাজন
কহে রাজা দ্বিজবরে কি কব তোমার তরে
তুমি মিতা হৈলে শুভক্ষণ ।

তোমা আমা দুইজন দৈবযোগে সন্মিলন
হেন ঘোর গহন কাননে
চল শীঘ্র দুইজনে পাত্ৰমিত্র সন্নিধানে
বাট কর যজ্ঞের সন্ধান ।

নিশানে পড়িল কাটা রণ-শিঙ্গা পরিপাটী
ঘন বাজে দগড় দড়মসা
কুঞ্জরে মাহুত হাঁকে অতিবেগে ঘন ডাকে
সংসারে জীমূত ছেন ঘোষা ।

চলে সৈন্ত সেনাপতি হস্তী অশ্ব মহারথী
পয়দল না জায় লিখন
যেন রজনীর পতি জন্মেজয় মধ্যে তথি
বেষ্টিত-পরমবন্ধুজন ।

তথা হৈতে নরপতি অতিবেগে শীঘ্রগতি
নিজ ঘরে দিল দরশন
আসিয়া আপন পুরে দ্বিজ লৈয়া বুকু করে
ইষ্টমিত্র বন্ধুবর্গ জন ।

পিতা-শোক বাড়ে অতি জন্মেজয় নরপতি
কোপে যজ্ঞ করে সর্পসত্র
আদেশিল বন্ধুজনে ডাকে পুরোহিতগণে
কহিল দ্বিজের সব তত্ত্ব ।

অবিলম্বে সতে গিয়া রাজ্য সহ সঙ্গে লৈয়া
করহ যজ্ঞের নানা বিধি
শীঘ্রগতি সর্বস্থানে পাঠাইল নিমন্ত্রণে
মহা মহামুনি ব্যাস আদি ।

রাজ্যে রাজ্যে রাজাগণ জ্ঞাতি আদি বহুজন
 নিমঞ্জিল যজ্ঞের আরম্ভে
 জন্মেজয় নরপতি অস্তরে কুপিত অতি
 স্বরা অতি ডাকে মহাদম্ভে ।
 জয় দ্বিজ পুরোহিত করিব যজ্ঞের নীত
 ত্রিভুবনে নাগের বিনাশ
 মনসা-চরণ গতি হৃদয়ে দ্রবিত অতি
 বিরচিল দ্বিজ বিপ্রদাস ॥

৭

পয়ার

দ্বিজ পুরোহিত সতে পবন-গমনে
 পুরের বাহিরে গিয়া দিল দরশনে ।
 ঠাট সৈন্ত প্রজা আদি চারিদিকে বেড়ে
 জারে যে আদেশ করে ততক্ষণে নড়ে ।
 কিকরগণেরে আজ্ঞা দিল দ্বিজগণ
 কাটিল যজ্ঞের কুণ্ড অতি স্নগঠন
 সারি সারি মণ্ডব বাঞ্চিল তার কাছে
 দ্বিজগণ শীঘ্র শীঘ্র ঘন ডাকে পাছে ।
 আওয়ারি আওয়ারি ঘর বাঞ্চিল বিস্তর
 গণনে না জায় অতি দেখিতে সুন্দর ।
 বস্তু-আচ্ছাদনে তার বেড়ে চারিধার
 ক্রোশেক জুড়িয়া রবি ঢাকিল উপর
 রম্য সভাস্থান কৈল তাহার ভিতর ।
 প্রস্তুত করিল নানা দ্রব্য আদি করি
 অবশেষে নাহি কিছু ধায় স্বরাঙ্গরি ।

করিল রাজারে গিয়া সর্ব বিবরণ
 শুনি জন্মেজয় রাজা আনন্দিত মন ।
 স্নান কৈল নরপতি স্বরিতগমনে
 দ্বিজ-পুরোহিত সনে গেল যজ্ঞস্থানে ।
 আইল জতেক মুনি লিখিতে না পারি
 ব্যাস আদি মণ্ডবে বসিলা সারি সারি ।
 ইষ্টমিত্র বহুবর্গ নৃপ আদি করি
 পৃথিবী জুড়িয়া সতে আইল রাজপুরী ।
 হইল অপূর্ব সভা শোভা অমুণাম
 জন্মেজয়ে সর্বজনে করিল আহ্বান ।
 সকল সম্পূর্ণ হৈল রাজার প্রতাপে
 দশ দিকে বেড়ি লোক রহে একচাপে ।
 পিতা-শোকে জন্মেজয় দহে শোকানলে
 মহাকোপে সর্পসত্র করে মহাবলে ।
 বিপ্রদাস বলে পদ্মা-চরণকমলে
 অস্ত্রে জেন পাই সুখে তব পদ-স্থলে ॥

নাট রাগ

অন্বেজয় কুতুহলে বসন অঙ্গুরি মাণ্ড্যে
পুরোহিত করিল বরণ
হোম যজ্ঞ নানাবিধি সর্ব মুনি ব্যাস আদি
বরণ করিল সর্বজন ।

নৃপতি জনক-শোকে হৃদয়সন্তাপ কোপে
সর্পসত্র করে মহাশয়
জয়-দ্বিজ পুরোহিত কোপে অতি সকম্পিত
পূর্ন শোক বাড়ে অতিশয় ।

প্রথমে অর্চনা করি পঞ্চদেব পূজা করি
যজ্ঞকুণ্ডে জ্বলে হতাশন
চন্দনের কাষ্ঠ লৈয়া স্বত-কূপে জাবড়ায়্যা
তথি পরে দিল ততক্ষণ ।

স্বত ঢালে ঘনে ঘন মন্ত্র পড়ে দ্বিজগণ
পূজে রাজা বিবিধ বিধানে
সুগন্ধি কুসুম গন্ধ উপহার সুপ্রবন্ধ
নানারত্ন বসন ভূষণে ।

বহি উঠে পঞ্চমুখে হৃদয় পরম সুখে
সঘন গর্জিয়া ঘোরতর
ঢালিছে প্রচুর স্বত শুক কাষ্ঠ অবিরত
সঘনে জোগায় নৃপবর ।

মহাতেজে দীপ্ত কৈল জেন মেঘে গরজিল
পঞ্চ সূর্য্য জেমন গগনে
অন্বেজয় নরপতি হৃদয়ে কুপিত অতি
ঘন ঘন করয়ে গর্জনে ।

টলমল ভূমণ্ডল স্বর্গ মর্ত রসাতল
বিধি হরি শিব পুরন্দর
দেব ঋষি কম্পমান সতে আসি অধিষ্ঠান
বাহনে রহিল শূন্য পর ।

জতেক নাগের কুল অনন্ত তাহার মূল
বাসুকি তক্ষক আদি জত
প্রাণে সকাতর হৈয়া চারিদিকে সতে ধাইয়া
সত্বরে পলায় অবিরত ।

দিগে দিগে ধায় বেগে কেহ গিয়া স্বর্গে লাগে
কেহ জায় জলধি ভিতরে
ক্ষীরোদ-শয়ানে জথা প্রভু নারায়ণ তথা
অনন্ত রহিল গিয়া করে ।

বাসুকি জীবনভয়ে ভূতনাথ-বক্ষে রয়ে
যোগ-পাটা হৃদয়ে শোভিল
জতেক নাগের বংশ ত্রিভুবনে নানা-অংশ
চারিদিকে গিয়া পলাইল ।

দেখিয়া বিষম কার্য শোকাকুলি মহাআর্য্য
ধায় কালি-নাগ অতিভয়
মনসা-গোচরে গিয়া কহে গড়াগড়ি দিয়া
নাগকুল সব করে ক্ষয় ।

জন্মেজয় নরপতি মহারাজা বৈসে ক্ষিতি
তক্ষকে দংশিল তার পিতা
সেই শোকে নরবর যজ্ঞ অতি ঘোরতর
সর্পসত্র নামে অবস্থিতা ।

না রহিল তব দর্প যদি মৈল সর্ব সর্প
ঝাট গিয়া কর যজ্ঞনাশ
শুনিয়া এত বিবরণ মনসা চিস্তিত-মন
বিরচিল দ্বিজ বিপ্রদাস ॥

৯

শ্রী রাগ

[সংসার বিষম ঘোর নাহিক নিস্তার
রাধাকানু-পদরেণু সবে মাত্র সার ।
চক্ষেতে দেখিয়া নর শমনপ্রহার
অমৃত ছাড়িয়া কর গরল বেভার ।

রাম রাম মহামন্ত্র জপ একমনে
ভরিবে সংসারে জবে লইবে শমনে ।]
নাগকুল নিমূল শুনিয়া বিষহরি
শীঘ্রগতি ডাকে সতী নেতো সহচরী ।
নেতো-পাণি ধরি বাণী জিজ্ঞাসে মনসা
নাগবংশ হৈল ধ্বংস পড়িল বিদশা ।

জন্মেজয় করে ক্ষয় যত ফণিগণ
 কহ দেখি শশিমুখী স্তসার বচন ।
 সর্পসত্র যজ্ঞে জ্ঞাত ভূজঙ্গ বিনাশ
 দুঃখমতি পদ্মাবতী ভাবেন হতাশ ।
 নেতো কহে যজ্ঞ রহে বাঁচে নাগগণ
 রক্ষিবারে সবে পারে তোমার নন্দন ।
 দুইকুল-রক্ষামূল অস্তিক-কুমার
 পুত্রে কার্যে পাঠাইয়া করহ উদ্ধার ।
 তেজময় অতিশয় জেন পিতামহ
 আপনি অস্তিকে আনি বুঝাইয়া কহ ।
 এত শুনি ব্রহ্মাণী পুত্রেরে ডাকি কয়
 নাগবংশ করে ধ্বংস রাজা জন্মেজয় ।
 জাহ পুত্র করি যোত্র যজ্ঞ মাগি লহ
 রক্ষহ মাতুলকুল বন্ধুগণ সহ ।
 তোমা বহি আর নাহি করিতে উপায়
 দ্রুত চল যজ্ঞস্থল নৃপতি জথায় ।
 চলে মুনি এত শুনি মায়ের বচন
 বাল্যবেশ বিশেষ সুন্দর সুশোভন ।
 মহাবীর্য্য জেন সূর্য্য তপে তেজময়
 বৃহস্পতি-তুল্য অতি বিদ্যায় বিজয় ।
 দেব-ধ্যান বেদ-গান করিতে করিতে
 যজ্ঞ জথা আসি তথা মিলিলা তুরিতে ।
 বেদধ্বনি সতে শুনি শিশুর বদনে
 ধনু ধনু করি মাগু কৈল দ্বিজগণে ।
 নৃপতি আনন্দ অতি দ্বিজশিশু দেখি
 পাণ্ডু আদি যথাবিধি পূজিল সম্মুখি ।
 দেশ ধাম কিবা নাম গমন-কারণ
 জিজ্ঞাসিল সকল হইয়া দৃষ্টমন ।
 আশীর্বাদ সম্বাদ জানাইয়া মুনিবর
 ভিক্ষা-আশে তব বাসে আইলু নৃপবর ।
 জন্মেজয় রাজা কয় জাহা চাহ তুমি
 প্রাণ হয় নিশ্চয় তথা চ দিব আমি ।

মুনিবরে সত্বরে আশ্বাসি নরবর
 ডাকিয়া কহিছে মুনি দ্বিজ বরাবর ।
 রাজা বলে তক্ষকে খাইল মোর পিতা
 দেখ দেখ সর্পাধম পলাইল কোথা ।
 বিশেষ জানিয়া সতে ধ্যানে মুনিগণ
 পুরন্দর-শয্যা পর কহে সর্বজন ।
 জন্মেজয় বলে শুন দ্বিজ-পুরোহিত
 দৈবদোষে সৃষ্টিনাশে হব আশ্চরিত ।
 আহুতি করহ অতি শীঘ্রতর গতি
 দ্বিজবর সত্বর হইয়া দৃঢ়মতি ।
 তক্ষক ইন্দ্রের সহ ছনিত্তে আহুতি
 করে করি লৈল ধরি রাজা শীঘ্রগতি ।
 হেনকালে তথা বলে অস্তিক-কুমার
 তব পিতা-পুণ্যে শীঘ্র এক দান কর ।
 অশ্বমেধ গোমেধ সকল যজ্ঞ জানি
 রাজসুই কৈল দুই ধর্ম-নৃপমণি ।
 বিশ্বকর্মে দিল ধর্মে চরু সাজাইয়া
 সুরনাথ পারিজাত দিল পাঠাইয়া ।
 বহুমূর্ত্তি আসি তথি হৈলা উপনীত
 মন্ত্র পড়ি যত ব্রহ্মা ঢালয়ে বিদিত ।
 হেন যজ্ঞ আমি সাজ দেখিল বিদ্যমান
 সেহ সব নহে তব যজ্ঞের সমান ।
 অমৃতসমান বাক্য শুনি সুললিত
 রাজা আদি জ্ঞাত বিধি হইল মোহিত ।
 তবে রাজা মহাতেজা বলে সবিনয়
 রাজ্য ধন কোন দান দিব মহাশয় ।
 অস্তিক বলয়ে ধিক সত্য কর তুমি
 তবে সে অক্লেশে দান লৈতে পারি আমি ।
 রাজা বলে বিশ্বয় না কর দ্বিজবর
 সত্য কৈলু না লজ্জিব তোমার উত্তর ।
 শুনিয়া হরিষ হৈয়া বলে সম্বিধান
 হস্তের আহুতি এই মোরে দেহ দান ।

নৃপবর শিরোপর জেন বজ্রাঘাত
 অস্তিকের উত্তর গুনিয়া অকস্মাত ।
 ভাবিয়া চিন্তিয়া রাজা বলে সবিনয়
 ইহা বিনা চাহ অণু দিব মহাশয় ।
 রাজ্য ধন প্রাণপণ সকলি তোমার
 গুন গুন মহাজন বচন আমার ।
 মুনি বলে আধগুণে গুন নৃপমণি
 সত্যলজ্বনের তত্ত্ব জানহ আপনি ।
 অগেয়ানে অপ্রমাণে করে হেন কাজ
 অবুধ বিবুধ লৈয়া তোমার সমাজ ।
 অদ্য যদি শচীপতি হয়ে নিপতন
 বিকট সঙ্কট তোরে হইব রাজন ।
 পাত্র মিত্র বলে তবে রাজা বিদ্যমান
 নহিল রহিল যজ্ঞ দ্বিজে দেহ দান ।
 বুঝিল সকল ছল রাজা জশ্বেজয়
 তুমি কোন মহাজন দেহ পরিচয় ।
 এত গুনি হাসি মুনি কুতূহলী হৈয়া
 মধুর উত্তর কহে রাজ্যারে চাহিয়া ।
 জরৎকার পিতা মোর মনসা জননী
 মোর নাম অমুপাম অস্তিক বলনি ।
 হরি বিধি শিব আদি সবার সম্মতি
 ইন্দ্র-ফণি-ক্ষয় জানি আইছু শীঘ্রগতি ।
 ইহা গুনি নৃপমণি দুঃখিত হৃদয়
 বিফল হইল যজ্ঞ বলহ উপায় ।
 মুনি বলে কুতূহলে দিব মোক্ষ-বর
 চিরকাল রাজ্য পালো এ মহী ভিতর ।
 অন্তকালে মহীপালে জাবে স্বর্গভূমি
 মোর বরে ক্ষিতি পরে স্মৃথে থাক তুমি
 মুনিবর সত্বর করিল আগমন
 অস্তিকেরে লৈয়া শিরে নাচে নাগগণ ।
 পদ্মাবতী নেতো সতী অতিদৃষ্ট হৈয়া
 বদন চুম্বন কৈলা পুত্র কোলে লৈয়া ।

হেনরূপে রসকূপে রহে নিজ পুরী
 রোগ শোক ক্ষোভ নাহি পদ্মার নগরী ।
 গুন গুন সর্বজন অপূর্ব কথন
 চাঁদো রাজা মহাতেজা পাত্রমিত্রগণ ।
 কহিব তাহার সব বিধান প্রকার
 বিপ্রদাস ভাবে পদ্মা-পদমাত্র সার ॥

১০

জমক ছন্দ

চম্পকনগর ঘর চাঁদো অধিকারী
 গন্ধবণিকের কূলে জনম তাহারি ।
 রাজচক্রবর্তী রাজা রাজ্য বহুদূর
 কূলে শীলে ধনে জনে বলে মহীশূর ।
 কুবের সমান ধন রত্নমণিময়
 অসংখ্য অমূল্য নিধি দীপ্ত অতিশয় ।
 সেনাপতি মহারথী সৈন্য অগণন
 কুঞ্জর প্রচুর অশ্ব করয়ে গর্জন ।
 তস্ত্রি-মস্ত্রি-পাত্রগণ আমাত্য বান্ধব
 পুরবাসী দাসদাসী কত আছে সব ।
 পুত্রগণ মদন জিনিয়া রূপবান
 নাহিক তুলনা ধিক তাহার সমান ।
 রাজ্যের ভিতরে স্মৃথে বৈসে প্রজালোক
 দুঃখিত দরিদ্র নাহি কোন দুঃখ শোক ।
 হেনমতে অচিরাতে স্মৃথে রাজ্য করে
 গভীর স্মৃতির অতি চাঁদো নরবরে ।
 মনোনীত বাঞ্ছিত স্মৃ-বর অভিলাষে
 শিবভূগা অপবর্গা সেবে অনায়াসে ।
 চিরকাল ভূপাল ভক্ষিয়া ফলমূল
 অপরূপ বহু তপ করে সমতুল ।
 রথের উপর হর গৌরী লইয়া স্মৃথে
 মর্তপুরে মহেশ্বর ভ্রমেন কোতুকে ।

চাঁদো দেখি পিণাকী সদয় হৈলা অতি
 বর দিতে ভূতনাথে আইলা শীঘ্রগতি ।
 চাহিয়া হাসিয়া আজ্ঞা কৈলা মহেশ্বর
 কি তোর অভীষ্ট বর মাগ নৃপবর ।
 সত্বরে কাতর হৈয়া চাঁদো দণ্ডধর
 প্রেমমদে গদগদে বিভোল-অস্তর ।
 গড়াগড়ি ভূমে পড়ি ঘন প্রণিপাত
 জোড়-করে মহেশ্বরে বলে নরনাথ ।
 যদি বর দিবে মোরে কহি সস্বিধান
 কুড়ুহলী সিদ্ধি-ঝুলি দেহ মহাজ্ঞান ।
 জরা মৃত্যু জন্ম কভু নহিএ সংসারে
 অচির করিব ঘর চম্পকনগরে ।
 কৃপাশ্রিত ভূতনাথ নিজ ভক্তজনে
 নরপতি মনোনীত দিলা ততক্ষণে ।

জয়-নেত শিরে হস্ত দিলেন শঙ্কর
 সিদ্ধি-জটা অতি ছটা হইল সত্বর ।
 মহাতেজা চাঁদোরাজা হৈল শিববরে
 সংসারে অবধ্য সিদ্ধি চাঁদো নরেখরে ।
 তবে চণ্ডী কুবুদ্ধি দিলেন তার তরে
 গুন গুন কারণ বচন নরবরে ।
 পদ্মাবতী দুষ্টমতি বড় ছুরাচারী
 সিঙ্জুরা-শিখরে ঘর সদা মন্দকারী ।
 দেবপুর মাঝে তার বড় অপমান
 না পূজিহ তারে কভু গুন সস্বিধান ।
 বুঝাইয়া হরপ্রিয়া গেলা নিকেতনে
 সেই তো কুবুদ্ধি অতি রহে চাঁদো-মনে
 ওধায় পদ্মায় লৈয়া গুনহ কারণ
 বিপ্রদাসে ভাষে রসে মনসা-চরণ ॥

১১

শ্রী রাগ

একদিন বিষহরি বসিয়া সিঙ্জুরা-গিরি
 নেতোরে আনিয়া বিষ্ণুমান
 বলন্তি মধুর ভাষা গুন হে প্রাণের স্বসা
 কহি হেদে কর অবধান ।

জতেক অমরগণ দিকপাল মুনিজন
 পৃথিবী সভার অধিকার
 আমি দেবী বিষহরি এ তিন ছুবন ভরি
 সবে পূজা নাহিক আমার ।

চিন্তাকুলি মনসাকুমারী
 গুন ভগ্ন নেতোবতী যুক্তি বল শীঘ্রগতি
 প্রচার হইব মর্তপুরী ।

নাহি তব অগোচর ক্ষিতি বৈসে জন্ত নর
 গুহমতি আছে কোন জন
 খড়ি পাতি ঝাট বল কোন জন আছে ভাল
 আগে পূজা লব কার স্থান ।

গুনিয়া পদ্মার বাণী করে লৈল খড়িখানি
 গণে নেতা এ তিন সংসার
 প্রথমে গণিল মরু স্থাবর জঙ্গম তরু
 মনোনীত গণিছে সুসার ।
 সিংহ আদি যুগ জত গণিল বিহঙ্গম ত
 গণে রামা সকল ভুবন
 পার্বতী-হরের বরে আছে এক নরবরে
 চাঁদো নাম ধরয়ে রাজন ।
 চাঁদো অধিকারী পায়্যা বলে হরষিত হৈয়া
 গুন দেবী অস্তিক-জননী
 হরগৌরী তুষ্ট তারে আছে এক গুড়াচারে
 নাম তার চাঁদো নৃপমুনি ।
 চম্পকনগর নাম অতি রম্য অল্পপাম
 তথাই নিবসে কুতুহলে
 মহাজ্ঞান জানে সার কারো ডর নাহি তার
 সিদ্ধা-বিদ্যা জানে মহাবলে ।
 পূজে সর্ব দেবতায় তোমা নিন্দা করে রায়
 হরগৌরী-দন্তের কারণ
 বুঝাইয়া সেই রাজা মর্তপুরে লহ পূজা
 দ্বিজ বিপ্রদাস সুরচন ॥

১২

পয়ার

একদিন নেতা পদ্মা রথ আরোহণে
 পৃথিবী ভ্রমিতে আইল হরষিত-মনে ।
 হেন কালে গোধন রাখয়ে শিশুগণ
 প্রাস্তর মধ্যেতে পদ্মা কৈল নিরক্ষণ ।
 মনসা বলেন নেতো অপরূপ দেখ
 কানন ভিতরে ধেনু চরে লাখে লাখ ।
 লেঙ্গুড়ে ধরিয়া হাঁকে শিশু বহুতর
 ইহার কারণ মোরে কহত সত্তর ।
 নেতো বলে বিষহরি কর অবধান
 এই যে গোধন দেখ জগতের প্রাণ ।

অল্পক্ষণ রাখি বলে সব শিশুগণ
 মন দিয়া গুন পদ্মা ইহার কারণ ।
 দন্তবোড় মুনি কুশমূল পান করে
 সকল রাখাল তাহা দেখিল সত্তরে ।
 বলিছে রাখাল সব মুনিরে ডাকিয়া
 হরষিতে খাও কিবা ঘটিতে পুরিয়া ।
 রাখালের বাক্যে মুনি কহে তত্তক্ষণ
 না জান রাখাল মগ্ন করিয়ে তক্ষণ ।
 সকল রাখাল মেলি ভাবে চমৎকার
 সেই হেতু মুনিবরে হৈল অনাচার ।
 অত্র দিন অস্তরীক্ষে রাখিত বসন
 না রহিল সেই দিন সেই সে কারণ ।

বিস্মিত হইয়া মুনি ভাবিছে অস্তরে
 চিরদিন তপ করি ক্ষীরোদের তীরে ।
 আজি কেন বসন না রহে অস্তরীক্ষে
 মারিব পবন আজি কোন দেবে রক্ষে ।
 আমার সহিত বাদ করয়ে পবন
 অবহেলা করি মোর ফেলায় বসন ।
 ধ্যান করি মুনি সর্ব জানিল অস্তরে ।
 অবুধ রাখাল নিন্দা কৈল মোর তরে ।
 হাসিয়া সকল ক্রোধ সঙ্ঘরিল মুনি
 সব শিশু মাঝে মায়া পাতিল তখনি ।
 উঠিতে না পারে মুনি হইল আকুল
 মায়া-মোহে ডাকে মুনি রাখাল সকল ।
 তুষায় পীড়িত আমি চলিতে না-পারি
 প্রাণ রাখ কুশমূল দেহ শীঘ্র করি ।
 বিলম্ব না কর ঝাট আন সর্বজন
 ক্ষেনার্থ হইলে গোণ হারাব জীবন ।
 শুনিয়া মুনির বাক্য সব শিশুগণ
 হৃদয়ে দ্রবিত হৈয়া ধায় সর্বজন ।

ঘটী পুরি কুশমূল আনিল সঙ্ঘরে
 হরষিতে ঝাট লৈয়া দিল মুনিবরে ।
 হৃদয়ে পরমানন্দ মুনির নন্দন
 সেইখানে বসি স্নুখে করিল ভক্ষণ ।
 মুনির অগ্রেতে সতে জোড় করি কর
 জিজ্ঞাসা করএ সতে সত্য অস্তর ।
 শুন শুন মহাশয় কহিবে কারণ
 ঘটী পুরি কিবা এই করিলা ভক্ষণ ।
 হাসিয়া রহশ্বে মুনি সকলি কহিল
 ভক্ষণ করিল মণ্ড সারোদ্ধার বৈল ।
 মুনি হৈয়া হেন কর্ম কেহ নাহি করে
 সবে মাত্র ভক্ষি আমি মুনির ভিতরে ।
 আজি সে রাখিলা প্রাণ সকল রাখাল
 এই পুণ্যে স্নুখে গোড়াইবে চিরকাল ।
 এত বলি মুনিবর গেলা নিজস্থান
 চিন্তিয়া জগতগৌরী বিপ্রদাস গান ॥

১৩

পূরবী রাগ

নেতো কহে দৃষ্ট-মনে জানি সর্ব বিবরণে
 মণ্ড নহে কুশমূল খায়
 হরষিতে মুনিবর তপ করে নিরস্তর
 বায়ু-স্তরে বসন শুথায় ।
 অবগতি কর হরস্তুতা
 প্রথমে ধরণী-মাঝ করহ পূজার কাজ
 রাখালেরে হও বরদাতা ।
 ঝাট উর ক্ষিতিতলে রাখালের মধ্যস্থলে
 শিশু দেখি না করিহ হেলা
 ক্ষেনে হৈয়া তপস্বিনী ক্ষেনে নাগবাহিনী
 রাখাল মোহিতে পাত কলা ।

নেতোর বচন শুনি হাশে হরনন্দিনী
 হরষিত হৈলা পদ্মাবতী
 দ্বিজ বিপ্রদাস কবি জনমে জনমে সেবি
 পদ্মা-পদে পরম ভকতি ॥

১৪

জমক ছন্দ

প্রথমে মনসা দৃষ্টি দিলা ক্রিত্তিতলে
 রাখালের মেলা ক্রিত্তি দেখি কুতূহলে ।
 ছলিতে রাখালে মায়া পাতেন বিশেষ
 অপরূপ হৈলা দেবী ব্রাহ্মণীর বেশ ।
 অতিবৃদ্ধরূপা মুখে দশন গলিত
 বচন না আইসে তাহে লোচন ঘূর্ণিত ।
 শাল-গাছ হেন দীর্ঘ মূর্ত্তি ভয়ঙ্কর
 চাহিতে মাথার পাগ পড়য়ে সঙ্কর ।
 প্রচুর ধবল কেশ নারে সঙ্করিতে
 খোম ধুতি পরিধান সদাই কল্পিতে ।
 মহাপদ্ম-উরগে করেতে ধরি নড়ি
 বিচিত্র লইল কাঁখে রজন-চুপড়ি ।
 হেন বেশে প্রবেশিলা রাখাল ভিতর
 দেখিয়া রাখালগণ হাসিয়া বিকল ।
 অন্তরে সভয় সভে করে কানাকানি
 কোথা হৈতে আইল বুড়ি রাক্ষসী ডাইনি ।
 শিশুগণ বলে বুড়ি তুমি কেন এথা
 কোথা হইতে আইলে এবে জাবে তুমি কোথা ।
 মায়ামোহে বলে দেবী অস্তিক-জননী
 অনেক কালের আমি বৃদ্ধা স্ত্রীব্রাহ্মণী ।
 কল্যা আমি উপবাস কৈল একাদশী
 না হয়ে পারণ-সিদ্ধ হই-উপবাসী ।
 তুমি সব ধর্মজ্ঞানী আছ মনে করি
 তে কারণে আইলু এথা বৃদ্ধা একেশ্বরী ।
 যদি কিছু ছুৎক দেহ করিব পারণ
 তোমা সভা কল্যাণ করিব অনুরূপ ।

শুনিয়া সকল শিশু করে অনুরূপ
 মায়া পাতি ডাইনি করিল রক্তপান ।
 কুবুদ্ধি রাখাল সভে বেড়ি মনসায়
 কেহ হাতে ধরি টানে ধুলা দেয় গায় ।
 মায়ায় কাতর বাণী কহে মনসায়
 একেশ্বরী পাইয়া কেন মারহ আমার ।
 হরের ছহিতা আমি মনসাকুমারী
 শুন রে অবুধ তোরা পরিচয় করি ।
 ভক্তি করি এক-মনে যদি পূজ গোরে
 জেই বর মাজ তাহা দিব ত সঙ্করে ।
 কহে পুরন্দর ঘোষ রাখাল প্রধান
 যদি পদ্মা হও নাগ আন বিঘ্নমান ।
 হাসিয়া মনসা তথা বসিয়া ধেমানে
 হাঁকারিয়া সাক্ষাতে আনিলা নাগগণে ।
 ত্রাসে সভে বলে বুড়ি নাগ-বাচা জানে
 মস্ত পড়ি জত নাগ ডাক দিয়া আনে ।
 সভেরে খাইবে আজি নাগ শিখাইয়া
 সবে মিলি ধার্যা গেল হাতে বাড়ি লৈয়া ।
 রাখালের কুবুদ্ধি দেখিয়া মনসায়
 নাগ রাখি অন্তরীক্ষ হৈলা মহামায় ।
 দেবী না দেখিয়া বলে শিশু সর্বজনে
 ভাল হৈল ডাইনি পলাইল ভয়-মনে ।
 গগনে হইল বেলি তৃতীয় প্রহর
 জল পিতে গরু লৈয়া চলিল সঙ্কর ।
 পদ্মার মায়ায় তথা নাবাল হইল
 জল পিতে সর্ব গরু নাবালে পড়িল ।
 নড়িতে চড়িতে নারে দেখিল প্রমাদ
 সকল রাখাল কান্দেভাবিয়া বিষাদ ।

পূর্বে জেনমতে সবার সাক্ষাতে
 পদ্মা বৈলা উপদেশ
 সতে সেইমত করিয়া বিদিত
 পূজা করে সবিশেষ ।
 প্রণতি ভকতি কর-জোড়ে স্তুতি
 সতে করে একমতি
 অস্তিক-জননী রূপায় আপনি
 সানন্দে চলিলা তথি ।
 রাখালে মোহিত দেখিয়া ব্যথিত
 ভকত-বৎসল দেবী
 কহে বিপ্রদাসে ভকতি-প্রয়াসে
 যুগলচরণ সেবি ॥

১৬

পর্যায়

প্রসন্ন হইলা দেবী ঘটে অধিষ্ঠান
 সকল রাখালে ডাকি বলে বিগ্ৰহান ।
 সদয় হইলু তোরে আমি পদ্মাবতী
 অচিরাতে লও বর জেই লয় মতি ।
 হৃদয়-দ্রবিত হৈল রাখাল সকল
 আনন্দের সীমা নাহি মহা কোলাহল ।
 অভিমত স্মৃথে বর লৈল সর্বজন
 সম্পূর্ণ করিলা মাতা হরষিত-মন ।
 শুন রে রাখাল সব আমার বচন
 শোক দুঃখ রোগ পীড়া নহিব কখন ।
 জরা মৃত্যু আদি করি নাহি দুঃখ-লেশ
 স্মৃথের নাহিক ওর আনন্দ বিশেষ ।
 পুত্র-পৌত্রে ধনে জনে বাড়িবে আপার
 নাহিক সর্পের ভয় তোমা সভাকার ।
 বর দিয়া বিষহরি বসাইলা গ্রাম
 ধুইল রাখালগাছি নাম অল্পপাম ।
 আশ্চরিতে তথা হৈতে হৈলা অস্তর্ধান
 রথ-ভরে শীঘ্র গেলা আপনার স্থান ।

আর এক অপরূপ শুন মন দিয়া
 কহিব কারণ কিছু তুড়ুক লইয়া ।
 হাসন হুসেন তার প্রধান দুইজন
 চিরকাল আছে স্মৃথে আপন ভুবন ।
 শতেক কৃষাণ সদা আছে নিয়োজিত
 চষিতে গমন কৈল বড় হরষিত ।
 জোয়ালি জুড়িয়া গরু লৈল খেদাইয়া
 হরিষে চলিল হাথে পাচনি লইয়া ।
 বৃহিতা বাকুড়ি গিয়া দিল দরশন
 লাজল জুড়িয়া চাষ চষে সর্বজন ।
 গোরা মিনা নামে তার প্রধান কৃষাণ
 তাহার গোলাম গেল করিবারে স্নান ।
 জেখানে রাখালগণ পূজে মনসায়
 দৈবযোগে সে গোলাম তথাকারে জায়
 ক্রোধযুক্ত হৈল সবে তুড়ুক দেখিয়া
 ধর ধর ডাক ছাড়ি গেল খেদাড়িয়া ।
 একেলা গোলাম সবে রাখাল বিস্তর
 পলাইয়া গেল গোরা মিনার গোচর ।
 সভয় কম্পিত অতি সব কথা কয়
 বিনি দোষে রাখাল মারিতে মোরে ধায় ।

করিছে ভূতের থানা দরজের তলে
 বড় হরষিত হৈয়া রাখাল সকলে ।
 রাখিয়া সিজের ডাল ঘটের উপর
 ঘন ঘন তছলিম করএ বহুতর ।
 জল আনিবারে আমি জাহ্নি সেই পথে
 খেদাড়িয়া ধায় সভে আমারে মারিতে ।
 ইহা শুনি গোরা মিনা কোপেতে জ্বলিল
 মারিতে রাখালগণে সভারে ভেজিল ।
 ধর ধর তুড়ুক ডাকয়ে অবিশাল
 এড়িয়া দেবীর ঘট পলাএ রাখাল ।
 দাঙাইলা গোরা মিনা ঘট জথা রএ
 কোপেতে মনসাদেবী ভাবিলা হৃদয় ।
 হাথে ছিল বিঘতিয়া কাঁচ-পোকা করি
 অস্তরীক্ষে আসিয়া রাখিলা ঘটে ভরি ।

গোলামের কুবুদ্ধি পাইল হেন কালে
 ডাল ঘুচাইয়া ঘট সঘনে নেহালে ।
 অপরূপ কাচ-পোকা পাইয়া তুড়ুক
 হের ভূত-ঘটে বিচে দেখহ কোতুক ।
 খোসাল হইল গোরা মিনা অতিশয়
 হাথে করি কাচ-পোকা লইল তথায় ।
 ইহা লৈয়া দেখাইব রাজার গোচর
 লুকাইয়া রাখে যত্নে ইজার ভিতর ।
 উৎকট চাপন নাগ সহিতে না পারে
 কামড় খাইল পেটে ইজার ভিতরে ।
 আশ্চরিতে পেটে জেন পড়ে বজ্রাঘাত
 ইজার চিরিয়া মিনা পেটে দেই হাথ ।
 মনসা বলেন ডাকি শুন বিঘতিয়া
 বধহ তুড়ুক সব জনেক রাখিয়া ।
 আজ্ঞা পাইয়া বিঘতিয়া হরষিত-মন
 দ্বিজ বিপ্রদাস বলে মনসা-টরণ ॥

ত্রিপদী

বিষম বিষের জালে উত্তর-শিয়রে চলে
 প্রথমে পড়িল গোরা মিনা
 মনসার আজ্ঞা পাইয়া হরষিত বিঘতিয়া
 একে একে বধে সর্বজন্য ।
 সাহাতন বাহাতন পয়তন গয়তন
 আবহুল্লা হালিম মিঠাই
 উত্তর-শিয়রে পড়ি সভে জায় গড়াগড়ি
 খোদা খোদা ফুকরে সদাই ।
 সেবদিন মুজদিন খরদিন তকদিন
 সবদন রোজাই কোচাই
 হাছিম মাছিম ছলা গলিম করিম-উল্লা
 রমুল-উল্লা ইছাই বাছাই ।

শুকুরুল্লা গরিবুল্লা হারুন সেফলি-উল্লা
 ফতে গাজি মুস্তার শূঁদর
 হায়াত নবাত ছুটী গড়াগড়ি ভূমে বুটী
 তোবা তোবা সোঙরে সত্বর ।
 সাদারি মাদারি হুদি মইন্দি জইন্দি হুদি
 কবির উজ্জাল আদি জত
 ফতে-সাহা ফুল-সাহা দৌলত মামুদ-সাহা
 দফর-সাহা হইল মুচ্ছিত ।
 নসিরদ্দি খরদিন পিরজ্ঞ আনরদিন
 উমর-সাহা পড়িল তরাসে
 আরিপ সরিপ জালু শুলতান মুলতান মালু
 দেখি পদ্মা অস্তরীক্ষে হাসে ।
 তাজু রাজু মজু হারু নছির তাছির এক
 কাদির খিদির খেঁচে তোবা
 জালাল আলাল হরি বাহাছুর গনিম গুরি
 বারাই ছমাই ভোলা এবা ।
 হাজি গাজি আমাছুল্লা আবদার শূনু মোল্লা
 ফরিদ মুরিদ খবরদার
 এমাম জাফর সাদি মুকুল মাদারি কাদি
 জলিলদ্দি মাজন দিদার ।
 আক্কেল মাকেল কিনু ফকির মামুদ দিছু
 আলাবক্স পড়িল হাজাম
 দ্বিজ বিপ্রদাস বলে মনসার পদতলে
 নিজ চিত্ত রাখি অবিরাম ।

১৮

রাগ বাগেশ্বরী

উন শত কৃষ্ণাণ খাইল বিঘতিয়া
 একজন রাখিল দেবীর আজ্ঞা পাইয়া ।
 ভাঁড়ু নামে তুড়ুক শতেক জন মাঝে
 ঝাটিল রাজ্যক বার্তা কহিবার কাজে ।

বিপরীত দেখি ভাঁড়ু রড়ারড়ি ধায়্যা
 হাসেন হুসেন আছে জথা মজলিসে বসিয়া ।
 সেইখানে গেল ভাঁড়ু কান্দিয়া বিকল
 তছলিম করিয়া কহে খবর সকল ।
 কুড়ুমা করিল সনে রাখাল সকল
 করয়ে ভূতের খানা দরক্তের তল ।
 সেইখানে পানি পিতে দেখিল গোলাম
 খেদাড়ি আইল তারে রাখাল তামাম ।

বড়ই বাড়িল গোসুমা মোরা শত জনে
 সতে গেছু রাখালেরে মারিবার মনে ।
 ভাগিল রাখাল সব পাইয়া দহশত
 সিঙ্গ-ডাল ঘটে দিয়া হিন্দু পূজে ভূত ।
 তার বিচে কাচ-পোকা জমিল পাইল
 সেই পোকা সাপ হৈয়া সভারে খাইল ।
 বিষের জ্বালায় সতে পড়িল চলিয়া
 আমি সে আইছু সবে পরাণে বাঁচিয়া ।
 শুনিয়া তাহার বাত কুপিল হাসন
 এখায় মনসা লৈয়া শুনহ কারণ ।
 হাসনেরা যেই ঘাটে জল লৈয়া যায়
 সে ঘাটে বসিয়া মায়া পাতে মনসায় ।
 আপনার ঘটে আরোপিয়া পথ মাঝে
 পুষ্পজল দিয়া দেবী নিজ ঘট পূজে ।
 হেনকালে সাত বান্দি কাঁখে কুন্তু লৈয়া
 জল আনিবারে জায় সেই পথ দিয়া ।
 জিরা বিবি হারি আর জায় কালাফুলি
 বুলবুলি ছলছলি নাজিবি টগরি ।
 দেখিয়া পদ্মার মায়া বলে রুষ্ঠ বাণী
 রোজা মাসে ভূত কেন পুজিস ডাইনি ।
 জানাইব এখনি হাসন বিঘমান
 নাক চুল কাটিয়া করিব অপমান ।

কোথা হৈতে আইলি বুড়ি ডাইনি হিন্দুয়ানি
 পথ ছাড়ি দেহ বুড়ি লৈয়া জাই পানি ।
 কুপিয়া বলেন তবে দেবী মনসায়
 আর পথে জা রে চেড়ী তোর কিবা দায় ।
 ক্রুদ্ধ হৈয়া জায় সতে মনসা ধরিতে
 বিঘতিয়া ঘটে খুইয়া ভর কৈলা রথে ।
 ধীরে ধীরে গেল বান্দি ঘটের নিকটে
 ঘুচায়া সিঞ্জের ডাল হাত ভরে ঘটে ।
 কাচ-পোকা তার মাঝে পাইল সুন্দর
 দেখিয়া সকল বাঁদি খোসাল অন্তর ।
 এখনি বিবিরে এই কাচ-পোকা দিব
 বাকুড়ি একেক কুড়ি এনাম পাইব ।
 হাথে করি কাচ-পোকা লইল চাপিয়া
 উৎকট চাপনে হাথে খায় বিঘতিয়া ।
 উই মা বলিয়া বান্দি নাগেরে ফেলায়
 বিঘতিয়া পড়ে গিয়া আর বাঁদি-গায় ।
 মাঝ বুকুে কামড় লইল বিঘতিয়া
 ছই হাথে বুক চাপি পড়িল চলিয়া ।
 একে একে ছয় বান্দি খায় হেন মতে
 রাখিল টগরি বাঁদি বারতা কহিতে ।
 ধাইয়া গেল টগরি হাসন বরাবরি
 বিপ্রদাস কহে তথা জায় বিষহরি ॥

১৯

পাহিড়া রাগ

হাসনের বাঁদি ধায় রথ-ভরে মনসায়
 প্রবেশিল হাসন-নগরে
 স্ববর্ণ-রচিত পুরী ঘর শোভে সারি সারি
 নৃত্য গীত আনন্দ বিস্তরে ।
 বৈসে জত প্রজাগণ সতে অতি বিচক্ষণ
 নানারত্নে শোভে কলেবর
 রূপে গুণে মনোহর দীপ্ত জেন দিবাকর
 প্রজায় বেষ্টিত নিরন্তর ।

পদ্মা প্রবেশিয়া হাসনের পুরী
 নাহি কিছু হুঃখ শোক সদা আনন্দিত লোক
 দেখিয়া কৌতুকী বিষহরি ।
 শতেক বিবির সঙ্গে হাসন আনন্দরজে
 রভসে নিবসে সর্বক্ষণ
 কপূরতাম্বুল খায় কস্তুরি-চন্দন গায়
 গোলামে জোগায় ঘনে ঘন ।
 কেহ মলে অঙ্গ পদ কেহ করে খোসামদ
 কেহ খেতচামর ঢুলায়
 কেহ বা প্রাণের ভয় কর জোড় করি রয়
 কেহ বলে রসুল খোদায় ।
 কেহ আনন্দিত হৈয়া সুবর্ণের ছকা লৈয়া
 তমাকু ভরিয়া দেয় আগে
 কেহ করে পরিপাটী তাহে কিছু নাহি ঘাটী
 নিরবধি সেবে ভাগে ভাগে ।
 কাজি মজলিস করি কেতাব কোরান ধরি
 খাতাগুলো তজ্জবিজ করে
 সোয়ার পেয়াদা কত মজুদাত শত শত
 সদা পাঁচ হাতিয়ার ধরে ।
 কেহ বা জুলুম করে কেহ গুনা শিরে ধরে
 রুজু করি করয়ে নছাব
 জতেক ছৈয়দ মোল্লা জপয়ে ত বিসমল্লা
 সদা মুখে কলিমা কেতাব ।
 হিন্দুত কলিমা দিল মুছলমানি শিখাইল
 তথা বৈসে জত মুছলমান
 শিখাএ নামাজ অজু সদাই মক্তবে রুজু
 নিরন্তর খলিপা জোগান ।
 নিকা-বিভা ঘনে ঘন তথা করে সর্বজন
 সদা খোসালিত অতিশয়
 মোকাদিমে লৈয়া জায় কালিমা কোরান তায়
 ফএতা পড়িয়া সাজ হয় ।
 কোথা মোল্লা ডাকি লয় পীরের হাজত দেয়
 সিরনি ফয়েতা কুতুহলে

মোকামে তছলিম করি সবে জায় ঘরাঘরি
 নানা স্থখে বঞ্চয়ে সকলে ।
 হেনকালে সাদিয়া বাদি শিরে কর দিয়া
 হাসন গোচরে গিয়া কয়
 লেঙুড়ি কৃষাণ মৈল শুনি রাজা জুদু হৈল
 বিপ্রদাস কহে সবিনয় ॥

২০

ত্রিপদী

চর মুখে আকস্মাত শুনিয়া এতেক বাত
 কোপে জেন হৈল কালানল
 সঘনে মুচড়ে দাড়ি বিষম নিশ্বাস ছাড়ি
 সঘন কম্পিত কলেবর ।
 সাদিয়া গোলামে ডাকি কহে পাকাইয়া আখি
 বোলাইতে তামাম নস্বর
 শোন রে সাদিয়া বাত নস্বর করিয়া সাত
 জত কিছু আছয়ে আমার ।
 হাসন-হুকুম পায় সাদিয়া গোলাম ধায়
 জথায় মজলিস করে কাজি ।
 তথা রুজু সর্বজনে নস্বর পয়দল সনে
 সতে পহলওনি মর্দ গাজি ।
 সাদিয়া তথায় গেল কাজি আগে দাঁড়াইল
 সেলাম করিল বহুতর
 কৃষাণ লেঙুড়ি ফৌত হাসন কহিল জত
 হকিকত কহিল সত্বর ।
 কাজি মোল্লা খোজাগণ মজলিসে সর্বজন
 শুনিয়া এতেক হকিমত
 সবে গেল শীঘ্রগতি জথা আছে নরপতি
 অক্ষহিনী নস্বর মজুত ।
 হাসন হসেন কোপে ঘন তোলা দেই গোঁপে
 দুই ভাই নেকলে বাহির
 সাজ সাজ ডাকে ঘন বেগে ধায় সর্বজন
 সতে হয়ে হুজুরে হাজির ।

লক্ষ লক্ষ মাতা হাধি সাজিল অশেষ ভাতি

মাহতে ফিরায় অনিবার

সাজে পাথরিয়া ঘোড়া দশদিগ হৈল জোড়া

কুটী কুটী হাজারে হাজার ।

কামানে পুরিয়া গোলা গাড়ির উপর তোলা

সাজে তাহা জত গোলদার

ধর উট কত কত

লক্ষ লক্ষ শত শত

নানা অস্ত্র সাজিল আপার ।

সাজে জত চোঙ্গদার বিক্রমে আপার সার

চোঙ্গে চোঙ্গে তুলি ধরে বানা

বন্দুকি ধাঙ্গুকি জত নানা অস্ত্রে বিভূষিত

হাসন হুসেন বেড়ি খানা ।

সঘনে প্রতাপে দাপে দশনে অধর চাপে

হাসন হুসেন খরসান

রাঙ্গসী ধামনি তার দেখে কত দূর জায়

ধরিয়া ছজুরে তারে আন ।

দগড়ে পড়িল কাটি নানাবাঘ পরিপাটি

দামা দড়মসা মহারোল

ঢাক ঢোল সানি পড়া টমক বরগো কাড়া

ভেউর করনাল গণ্ডগোল ।

ধুসরি মহরি কাঁসি কপিলাস বীণা বাঁশী

মৃদঙ্গ পাখজ স্তমধুর

রণশিক্কা শত শত ঘোরতর শব্দে কত

নানাবাঘ বাজয়ে প্রচুর ।

সাজিল মুৎছন্ধি-গণ বড় হরষিত মন

কেহ চড়ে বিচিত্র পালিগি

কেহ চাপে হস্তী পর কেহ ঘোড়া আসোয়ার

কেহ আরোহণে তেনালিগি ।

কোরান লইয়া কাজি নানা অভরণে সাজি

বিচিত্র দোলায় আরোহিল

খোজা মোল্লা সৈয়দাদি সতে নানা অস্ত্র বাঁধি

রণমুখে সত্বরে সাজিল ।

মাথায় তইকা দিয়া মির মালত গেল ধায়্যা
 জায় হাসনের কাছে কাছে
 রাজারে কুবুদ্দি পায় মনসা ধরিতে জায়
 বিপ্রদাস এই রঙ্গ রচে ॥

২১

কুবুদ্দিয়া হাসান দেবীরে হৈল বাদী
 সমুখে জোগায় পান হরষিতে সাদি ।
 ষোল শত কাজি নড়ে সম্মুখে কোরান
 শত শত ছৈয়দ নড়িল আগুয়ান ।
 পেসাবে চেরাগ জলে বুজরগি আপার
 কত শত মোল্লা চলে মুরিদ মকার ।
 মির মজলিস চলে তইকা মাথায়
 কুটী কুটী পাইক পায়দল আগু ধায় ।
 লক্ষ লক্ষ হাতী দোড়া মহিষ বিস্তর
 অসংখ্য আপার অশ্ব বহু উঠ-খর ।
 ধাছুকি তুরকি রায়বাশিয়া জুব্বার
 কুটী কুটী লক্ষ লক্ষ হাজারে হাজার ।
 এক অক্ষহিনী সেনা সাজিল হাসন
 টলমল পৃথিবী করয়ে ঘনে ঘন ।
 মনসা ধরিতে রাজা করিল পয়ান
 হেনকালে চাঁপা বিবি বলে আগুয়ান ।
 সাপের দেবতা বটে সেই ত মনসা
 হিন্দুর গোসাঞিঃ যবনের হাওয়ামা ।
 তার সঙ্গে রাজা তুমি না করিছ বাদ
 নাগেতে বেড়িব রাজ্য হইব প্রমাদ ।
 আপদ সঞ্চার হৈল নৃপতি হাসনে
 বিবির জবাব কিছু না শুনিলা কানে ।
 এত ঠাট লৈয়া আমি সাজি জাই তাঁরে
 একেলা বামনি বুড়ি কি করিতে পারে ।

না শুনি বিবির বাক্য উধ্বমুখে ধায়
 বেড়িল সকল ঠাট জথা মনসায় ।
 মনসা চাহিয়া রাজা বেড়ায় তথায়
 দেখা দিয়া পুছ দেবী তথায় লুকায় ।
 কোপে ধর ধর ডাকে নৃপতি হাসন
 এইখানে বামনিরে দেখিছ এখন ।
 জগতজননী কোথা পাইব তুড়ুক
 শূন্তে থাকি নিজমনে করেন কোতুক ।
 কুবুদ্দি দিলেন মাতা হাসনের তরে
 বড়ই আশ্চর্য্য এবে জেই কর্ম করে ।
 না পাইয়া বামনি সধন কাঁপে গায়
 পথে ঘট দেখি রাজা কোপানলে ধায় ।
 ভাজিল দেবীর ঘট করি মহারোষে
 তুলসী পাইয়া স্মুখে ঘাড়ে লৈয়া ঘষে ।
 পদ্মার মাথায় তাহা হইল বিছুটি
 জালায় কাতর হৈয়া করে ছটফটি ।
 শীতল চন্দন পাইয়া দুই গালে লেপে
 অনল হইয়া তার লাগে দাড়ি গোঁপে ।
 সর্বাঙ্গে হাসন রাজা ঘসে চাঁপা কলা
 দেবীর মায়ায় সর্ব অঙ্গ হৈল ফুলা ।
 দাড়ি গোঁপ পুড়িয়া ফুলিল সর্বঅঙ্গ
 ভূমে পড়ি গড়াগড়ি ডাকএ তরঙ্গ ।
 কাঁফর হইয়া রাজা সত্তরে খোদায়
 আগুনির জ্বালে দুই গালেতে চড়ায় ।
 সত্তরে দাড়িতে বাক্কে পাইয়া চাঁপা ফুল
 সঘনে কামড় খায় হইয়া ভেঙ্গফুল ।

ঘুরি ঘুরি ফিরি বুলি সোয়াস্তি না পায়
তোবা তোবা বলি সদা সঙরে খোদায় ।
সহিতে না পারি জালা বলে সভা প্রতি
বিষম বামনি বুড়ী ধর শীঘ্রগতি
হেড়া খাওয়াইয়া দিব দেহ পাখড়িয়া
দরবেশে নিকা দিব কলিমা পড়াইয়া ।

২২

পয়ার

বেড়িল নাগের দল অতি ভয়ঙ্কর
এক এক ভুজঙ্গ জিনিয়া গিরিবর ।
মহাপরাক্রম জেন যমের দোসর
ধরিয়া গিলিতে পারে পর্বতশিখর ।
প্রচণ্ড ফণায় ঢাকে অবনিমণ্ডল
বিক্রম করিয়া বলে ভুজঙ্গের দল ।
শুন শুন অবধান কর গো জননি
কোন কার্যে আমা সভা ডাকিলা আপনি
কহিতে লাগিলা পদ্মা সভার গোচর
দেখিয়া নাগের দর্প হরিষ অন্তর ।
রাখালের পূজা আদি সর্ব সমাচার
শতেক কুবাণ বধ ছন্ন বান্দি আর ।
কহিলা সকল তত্ত্ব ভুজঙ্গ-সকলে
সাজিল হাসন এক অক্ষহিনী দলে ।
ধরিতে আইল মোরে বলে কুবচন
ধিক ধিক কিবা মোর বৃথায় জীবন ।
অবিলম্বে নাগদল বেড়ি চারিধার
বধহ তুড়ুক সব নাহিক বিচার ।
নাগদল শুনিয়া এতেক সমাচার
দ্বিগুণ বাড়িল ক্রোধ গর্জে অনিবার ।
পবনগমনে ধায় মহাদম্ভ করি
সত্বরে বেড়িল গিয়া হাসন-নগরী ।
দশদিগে বেড়িল ভুজঙ্গ ভয়ঙ্কর
ফণায় ঢাকিল ক্ষিতি সকল অধর ।

ফকিরের মুসলমাত করাইব তায়
শুনিয়া কুপিল অতি দেবী মনসায় ।
নাগ-বাচা শিক্ষা দেবী জপিয়া ধেরানে
ত্রিভুবনে জত নাগ হাঁকারিয়া আনে ।
অবিলম্বে সম্মুখে আইল নাগগণ
দ্বিজ বিপ্রদাস কহে মনসা-চরণ ॥

ভাগে ভাগে বেড়িল নাগের পাটোয়ার
মজিল হাসনহাটি নাহি প্রতিকার ।
বাসুকি ভুজঙ্গ রঙ্গে সহস্রবদনে
দুই লক্ষ নাগ লৈয়া বেড়িল দক্ষিণে ।
অনন্ত-প্রতাপে কোপে দশ লক্ষ নাগে
সঘনে বেড়িল সবে রহি পূর্বভাগে ।
মহাপন্ন নাগের পশ্চিমদিগে থানা
জোগান বিংশতি লক্ষ সারি বহে ফণা ।
উত্তরে বেড়িল সঙ্ক গর্জে বিপরীত ।
ভুজঙ্গ বাইশ লক্ষ তাহার সহিত ।
প্রলয়পবন জেন বহে ভয়ঙ্কর
নিখাসে অনলবৃষ্টি পোড়ে তরুবর ।
বায়ু-কোণে তক্ষক সারিয়া রহে ফণা
জোগান ছত্রিশ লক্ষ দিল গিয়া হানা ।
ঈশানে বেড়িয়া কালি রহিল আরম্ভে
লক্ষ লক্ষ নাগ লৈয়া রহে মহাদম্ভে ।
কুহক অক্ষক রহে বেড়িয়া নৈরতে
ধামাই বেড়িল অগ্নিকোণে সত্বরেতে ।
আটদিগে নাগদল বেড়ে হেনমতে
দেখিয়া হাসন রাজা ভয় পায় চিতে ।
প্রলয়ের মেঘ জেন গর্জে অনিবার
হেনমতে নাগদল গজয়ে আপার ।
দেবাসুর কম্পমান দেখি নাগারম্ভ
ঘন ঘন নাগগণ করে মহাদম্ভ ।
হাসনের রাজ্য আদি নাগেতে বেষ্টিত
মনসাবিজই বিপ্রদাস বিরচিত ॥

২৩

॥ রাগ মল্লার ॥

প্রবল নাগের দল দেখিয়া হাসন
 থর থর সত্বর কাঁপয়ে ঘনে ঘন ।
 মুখে দস্ত আরস্ত অন্তরে মহাভয়
 ভাবিয়া চিন্তিয়া দেখে মরণ নিশ্চয় ।
 নিজ দলে রাজা বলে করি মহাদস্ত
 কুপিয়া রুধিয়া অতি করিয়া আরস্ত ।
 মার মার সত্বর বেড়িয়ে সব সাপ
 হাসন সঘন বলে প্রবল প্রতাপ ।
 অধিক তক্ষক নাগ গুনিয়া কুপিল
 প্রবাণ বদন মেলি গিলিবারে গেল ।
 অসীম বিক্রম নাম হাজরা কোঠাঞি
 প্রবল সাবল হাথে আছিল তথাই ।
 রুধিয়া লুফিয়া হানে তক্ষকের গায়
 পিছলিয়া ভাঙ্গিয়া সাবল গুঁড়া হয় ।
 অবিচারে নাগ তারে অস্ত্র সহ গিলে
 নাম তার জুঝার ধামুকি হেনকালে ।
 কুপিয়া ধাইয়া আইল নাগের ভিতর
 ধনু লৈয়া গুণ দিয়া টঙ্কারে সত্বর ।
 আকর্ণ পুরিয়া তুর্ন জত এড়ে শর
 ঠেকি মাত্র নাগ-গায় ভাজে নিরন্তর ।
 পরিপাটি জাঠা জাঠি ছিল জার হাথে
 সবে মিলি নাগে তুলি মারে চারি ভিতে
 জুঝার তাহার নাম বিক্রমে বিশাল
 তক্ষকের উপর হানিলে করবাল ।
 অসীমবিক্রম নাগ কোপে মুখ মেলে
 অস্ত্র সহ হুসহ জুঝার বীরে গিলে ।
 চারিভিতে হেনমতে বধয়ে তুড়ুক
 শূন্য পরে রথ ভরে মনসা কোঁতুক ।
 শীঘ্রগতি পদ্মাবতী ভাবিয়া অন্তরে ।
 বিঘতিয়া ডাকিয়া বলিল তার তরে ।

শীঘ্রগতি মোর যুক্তি গুন বিঘতিয়া
 কোঁতুকে তুড়ুক বধ হাসনে রাখিয়া ।
 মনসার অঙ্গীকার বিঘতিয়া পায়
 অবিলম্বে মহাদস্তে সৈন্ত মাঝে ধায় ।
 প্রথমে সাঁভায় গিয়া ইজার ভিতর
 হুসেনে হরিষ মনে খাইল সত্বর ।
 আশ্চর্যিতে নাভি ভিতে পড়ে জেন বাজ
 সত্বরে ইজার চিরি পড়ে ক্ষিতি মাঝ ।
 অগ্নিবত অবিরত বিষ জ্বলে গায়
 সত্বরে ফাঁফর হৈয়া সত্তরে খোদায় ।
 পরিত্রাই ডাকে ভাই হাসন বলিয়া
 উত্তরশিয়রে তথা পড়িল চলিয়া ।
 প্রধান সিফাই দেখি হাথির উপরে
 ক্রুদ্ধ হৈয়া বিঘতিয়া ধাইল সত্বরে ।
 নিজ সূখে তার বুকে খাইল কামড়
 অমনি ধরনী পড়ি করে ধড়ফড় ।
 কুরিবক খোজাধিক সোয়ার ঘোড়ায়
 কোপানলে বক্ষ-স্থলে তার গিয়া খায় ।
 ঘোড়া হইতে ধরনীতে পড়িল অমনি
 বিষ-জ্বালে খোদা বলে চলিল তখনি ।
 দোলার উপরে কাজি নানারত্নময়
 বিঘতিয়া দেখিয়া কুপিল অতিশয় ।
 পাগের ভিতর তার তখনি পশিল
 মধ্য শিরে ক্রোধভরে কামড় খাইল ।
 শিরোপরে সত্বরে পড়িল যেন বাজ
 দোলা হইতে আশ্চর্যিতে পড়ে ক্ষিতি মাঝ
 ভূমে পড়ি গড়াগড়ি তোবা তোবা বলে
 ছটফট আতিঘাতি বিঘের আনলে ।
 অরুণনয়নে ঘন কম্পিত শরীর
 চলিয়া পড়িল তথা হইয়া অস্থির ।
 তা দেখিয়া ত্রস্ত হৈয়া অতি ভয়-মনে
 প্রাণভয়ে পলায় সৈয়দ সর্বজনে ।

বিঘতিয়া তাকাইয়া দেখিবারে পায়
 অতি কোপে ঘন কাঁপে পাছে পাছে ধায় ।
 জনে জনে সঘনে দংশিল একে একে
 কারো মাথে কারো হাথে কারো মধ্য-বুকে ।
 গড়াগড়ি ক্ষিতি পড়ি জায় সর্বজন
 তোবা তোবা খোদা খোদা সোঙরে সঘন ।
 সকল সৈয়দ-কুল পড়িল ঢলিয়া
 তথা হৈতে অলক্ষিতে ধায় বিঘতিয়া ।
 জথায় আছরে সব খোজা-মোল্লাগণ
 দৃষ্টমতি নাগ অতি দেখি সর্বজন ।
 ধাইয়া পড়িল গিয়া সভার মাঝেতে
 কাহারো বুকেতে কারো খায় মস্তকেতে ।
 কারো পিটে কারো পেটে কাহারো গলায়
 ভূমে পড়ি ডাক ছাড়ি গড়াগড়ি জায় ।
 কেহ কেহ হুঃসহ দেখিয়া ধায় রড়ে
 জুন্ধ হৈয়া নাগ গিয়া খায় মধ্য-ঘাড়ে ।
 অমনি ধরণী পড়ি ডাকে বিপরীত
 আউলিয়া বলিয়া হিয়া হারায় সম্বিত ।
 মোল্লাগণ ঘনঘন উচ্চরে কলিমা
 পএগছর নিরস্তর বলে আল্লা হুমা ।
 তোস্তোবা হাজার তোবা সোঙরে খোদায়
 কেহ বলে কোথা গেলে পাইব উপায় ।
 এমন দারুণ সাপ কোথা হৈতে আইল
 কেহ বলে মোর গলে লহ নিকলিল ।
 উছ উছ বলে কেহ ঘাড়ে দেই হাত
 কেহ বলে দেহ জলে না নিকলে বাত ।
 আকুলি জমিনে ফেলি কোমরের ছুরি
 খোদায় বলিয়া ঠাএ পড়ি ঘুরি ঘুরি ।
 খোজা মোল্লা জত ছিল মৈল সর্বজন
 দ্বিজ বিপ্রদাস আশ মনসা-চরণ ॥

২৪

রাগ প্রভাতী

অপরূপ কৌতুক শুনহ সর্বজন
 জেমতে তুড়ুক-কুল করয়ে নিধন ।
 পলাএ সকল লোক নাহি দেখে পথ
 চৌদিগে বেষ্টিত নাগে জেন সিদ্ধুবত ।
 জথা জায় সর্পময় দেখে বিপরীত
 সর্ব সৈন্ত ফাঁফর হইল চারিভিত ।
 হরষিতে বিঘতিয়া অতি বেগে ধায়
 সম্মুখে জাহারে পায় অবিলম্বে ধায় ।
 কোন কোন তুড়ুক পলায়া ওলে জলে
 তাহারে জলের বোড়া খায় কুতুহলে ।
 ধড়ফড় করি মরে বিষের জালায়
 খোলা ছেই হেন জলে ভাসিয়া বেড়ায় ।
 কেহ কেহ তরাসে পলায়া উঠে গাছে
 অন্তরীক্ষে তথাএ দেবীর নাগ আছে ।
 কুপিয়া কামড় খায় তুড়ুকের ঘাড়ে
 পাকা তাল হেন শীঘ্র গাছে হৈতে পড়ে ।
 প্রাণভয়ে কেহ যদি উঠে গিয়া চালে
 তাহারে চালের চিতি খায় হেন কালে ।
 বিষ-জালে ধড়ফড় নাগের কামড়ে
 জেন পাড়ু কুশ্মণ্ডিকা চালে হৈতে পড়ে ।
 পলাইতে পথ নাহি সর্প-দগে বেড়া
 জে ভিতে পলাইয়া জায় সেই দিগ জোড়া ।
 জীবন-নৈরাশ হৈয়া কান্দে সর্বলোক
 বাপ ভাই বন্ধু মরে বাড়ে বড় শোক ।
 হস্তী ঘোড়া উট খর গো মহিষ জত
 লাফে লাফে বিঘতিয়া খায় অবিরত ।
 বিপরীত ডাকে অতি বিষের জালায়
 ঠাই ঠাই লক্ষ লক্ষ গড়াগড়ি জায় ।
 দাবানলে দহে জেন অতি গুফ বন
 খেদাড়িয়া সব সৈন্ত করয়ে নিধন ।

অর্ধ অর্ধ সৈন্ত পড়ে অনিবার
গাহল বহুল পড়ে লেখা নাহি তার।
এক অক্ষহিনী ঠাট সকলি মরিল
কেবল হাসন রাজা একেলা রছিল।

বিপরীত দেখি রাজা ভাবিল নৈরাশ
আজি রছিল গীত বলে বিপ্রদাস ॥

॥ চতুর্থ পালা সাজ ॥

পঞ্চম পাল্লা

১

সধন কম্পিত তনু ধূলা উড়ে মুখে
হায় হায় বলে রাজা হস্ত দিয়া নাকে ।
খোদায় খোদায় বলে করি আতনাদ
কান্দিয়া বলয়ে রাজা করিয়া বিষাদ ।
একেলা বামুনি বুড়ি ছিল এই পথে
এতেক সাপের ঠাট আইল কোথা হৈতে ।
কি কাজ করিছু মুঞি বামনি ধরিতে
মানা কৈলা বিবি মোরে তখনি আসিতে ।
তাহার জবাব কিছু না শুনিছু কানে
বুকের কলিজা ভাই হারানু হসেনে ।
সৈয়দ মোল্লা কাজি মরিল সকল
মির মজলিস খোজা জত পয়দল ।

নকর সেফাই ঘোড়া হাথি উট খর
তবকি ধামুকি রায়বাঁশিয়া জুয়ার ।
গাহল বহুল আর লক্ষ লক্ষ বানা
চোঙ্গদার হাজারা জতেক মোর সেনা ।
পহলান জত ছিল বলে মহাবল
বামনি বুড়ির বাদে মজিল সকল ।
দশদিক বেড়িলেক বামনির নাগে
পলাইতে পথ নাহি জাবে কোন ভাগে ।
জীবারে কি আর সাধ হৈল সর্বনাশ
কান্দিতে কান্দিতে রাজা হইল নৈরাশ ।
ধারা শ্রাবণের জল ঝরে ছুই আখি
মুছিত হইয়া পড়ে উপায় না দেখি ।
গড়াগড়ি দিয়ে রাজা কানে উচ্চ-রাস
সকলি ভুজঙ্গময় জেই দিগে চায় ।
কাঁফর হইয়া রাজা হারায় সম্বিত
মনসা-চরণে বিপ্রদাস বিরচিত ॥

২

ভৈরবী রাগ

হেনকালে বিষহরি নাগ-অভরণ পরি
হস্তে কাল বিকাল উরগে
বেষ্টিত নাগের ফণা তর্জিত গর্জিত হানা
নাগ-পাটা শোভে ছুই দিগে ।
নাগের আসনে বসি মুখে মন্দ মন্দ হাসি
শিরোপরে কালি ধরে দণ্ড
চামর চুলার নাগে নৃত্য করে চারি দিগে
গেলা দেবী হইয়া প্রচণ্ড ।

হেন মায়াক্রম ধরি হাসনের বরাবরি
 আসি দেখা দিল আশ্চরিত
 তেজোময় দীপ্ত অতি দেখিয়া হাসন তখি
 ত্রাসে রাজা হইল কল্পিত ।

সক্রোধ মনসা দেখি হাসন মুদিয়া আখি
 পলাইয়া করিল পয়ান
 জথা জায় নরপতি সর্পময় দেখি তখি
 লুকাইতে নাহি পার স্থান ।

মনে অতি ভয় পাইয়া পোয়ালের গাদি গিয়া
 লুকাইল তাহার ভিতরে ।
 হেনই সময় তথা কঁকলাস নাড়ে মাথা
 দেখি ভয়ে কাঁপে থরহরে ।

হাসন হৃদয়ে জ্বলে কঁকলাস প্রতি বলে
 এই দৃষ্ট বামনির ভিতে
 আমার রাখিয়া আড়ে ঘন ঘন মাথা নাড়ে
 বলে ঐ আমারে ধরিতে ।

দস্তে দস্তে চাপে ওঠে পোয়াল ফেলিয়া উঠে
 কঁকলাস মারিবারে জায়
 ত্রাস ভয় পরিহরি হাতে বজ্রমুষ্টি ধরি
 দেখিয়া হাসেন মনসায় ।

হাসন বেড়িল নাগে বিবি ছলিবার যোগে
 চলিলা দৈবজ্ঞ-রূপ হৈয়া
 করে খড়ি পাঞ্জি লৈয়া বিবির অগ্রেতে গিয়া
 বলে পদ্মা মায়ায় ভাঁড়ায়্যা ।

জত সৈন্ত সাজি গেল ভূতের বিবাদে মৈল
 আসিয়াছি বলিতে তোমায়
 এই বাড়ি জানা পথে এখনি আসিব ভূতে
 অগ্নি জ্বালি দিহ তার গায় ।

রঙ্গে ছলি চাঁপা বিবি চলিল মনসাদেবী
 উপনীত জথায় হাসন
 চারি ভিতে নাগে বেড়া বাড়-জানা পথ ছাড়া
 খেদাড়িল সব নাগগণ ।

হাসন তরাসে ধায় বাড়-জানা পথ পায়
শক পাইয়া চাঁপা বিবি আইল
দৈবজ্ঞ বলিয়া গেল হের সত্য ভূত আইল
অগ্নি জ্বালি তার গায়ে দিল ।

হাসন আগুন-জ্বালে খোদা খোদা ঘন বলে
বিবি তার জবাব বুঝিল
দৈবজ্ঞ বলিয়া গেল তেঁই হেন গুনা কৈল
শোক-দুঃখে কান্দিয়া বিকল ।

কাকুতি মিনতি করি হাসনের হাথে ধরি
নিজপুরে করিল গমন
রাজ্যের বিনাশ দেখি হাসন হৃদয়ে দুঃখী
দ্বিজ বিপ্রদাস সুরচন ॥



করুণা

চাঁপা বিবি করয়ে করুণা
প্রাণের অধিক মোর সাত বাঁদি ছিল ধর
বিপাকে মরিল সর্বজনা ।

কালফুলি বাঁদি মৈল হেড়া ধুইবারে ছিল
ছালন চাকিবে আর কে
বুলবুলি ছোট বাঁদি তা লাগি বিকল কাঁদি
জবাব কহিত ভাল সে ।
কান্দে বিবি বুকে মারি ঘা
সকলি নাশিল মনসা ।

হুলহুলি বাঁদি কই বেশ বানাইত সেই
সদাই থাকিত মোর সনে
জাফরি মরিয়া গেল পান জোগাইত ভাল
নিবারিতে নারি আর মনে ।

ছোট বড় মোল্লাগণ ফৌত হৈল সর্বজন
 তাহারা বেদনা ভাল জানে
 বুড়া মিনা দয়া ছিল সেও ত ফৌত হৈল
 এয়াদি করিব কোনজনে ।

সৈয়দ জতেক ছিল সকলি মরিয়া গেল
 সাদিয়া গোলাম আর জত
 হাধি ঘোড়া সেনাগণ নাহি বাঁচে একজন
 হেন শোক নিবারিব কত ।

জীবনে কি আর সুখ চাহিব কাহার মুখ
 যদি মৈল প্রাণের হসেন
 নিবারিতে নারি চিত জলি উঠে অবিরত
 শিরে কর হানে ঘনে ঘন ।

কান্দিতে কান্দিতে আতি মূর্চ্ছিত হইয়া তখি
 আছাড় খাইয়া পড়ে ক্ষিতি
 দ্বিজ বিপ্রদাস কবি জনমে জনমে সেবি
 পদ্মা-পদে ভকতি-প্রগতি ॥

৪

পয়ার

বিপরীত রোল হৈল হাসন-নগরে
 তুড়ুকের পাড়া কান্দে প্রতি ঘরে ঘরে ।
 শোকেতে আকুল প্রাণ ধরিবারে নারে
 ফুকরি ফুকরি ঘন কান্দে উচ্চস্বরে
 কেহ বলে পুত্র মৈল তাঁদের সমান
 আর না দেখিব মুখ হারাব পরাণ ।
 কেহ বলে শোকানলে হইয়া কাতর
 মরিল গুণের ভাই প্রাণের দোসর ।
 কেহ কর শিরে হানি কান্দে উভ-রায়
 বাপ বাপ বলি ক্ষিতি গড়াগড়ি জায় ।
 কেহ বলে খুড়া মৈল গুণের সাগর ।
 ভাগিনার শোকে কেহ কান্দিয়া ফাঁফর

করণা করিয়া কেহ কান্দে পতি-শোকে
 ঘরে ঘরে ক্রন্দন করয়ে সর্বলোকে ।
 অবিরত গালি পাড়ে সকল তুড়ুকে
 ধরিয়া বামুনি বুড়ি হেড়া ঘষ মুখে ।
 একেলা রাক্ষসী বুড়ি দেখিছে তখন
 কোথা হৈতে এত সাপ বেড়িল সঘন ।
 সুখের হাসন-হাটি সোনার নগর
 কতেক পুরুষে রাজা হাসন তৎপর
 এতদিনে হেন রাজ্য মজিল সকল
 নিষ্ঠুর বামুনি বুড়ি অতি বড় খল ।
 অন্তরীক্ষে বিষহরি রথের উপর
 শুনি তুড়ুকের গালি কুপিতা সঘর ।
 আজ্ঞা কৈল বিঘতিয়া বধহ সকল
 ঘরের রক্ষণে রাখ জনেক কেবল ।
 হরষিতে বিঘতিয়া করিল পয়ান
 মনসা-চরণে দ্বিজ বিপ্রদাস গান ॥

৫

বিনায়্যা করুণা ছাঁদে শোকেতে তুড়ুক কাঁদে
 বিঘতিয়া আইল হেনকালে
 মনসার আজ্ঞা পাইয়া হরষিত বিঘতিয়া
 বেগে অতি ধায় কুতূহলে ।

দয়া নায়্যা নাহি তার জ্বারে পায় তারে ধায়
 চলি চলি পড়য়ে সত্তরে
 লানে লানে বায়ু-গতি অনিমেষে ধায় তথি
 দংশিয়া চলিল ঘরে ঘরে ।

বড় মিঞা ভাগে ভাগে তাহারে দংশিল রাগে
 বিষ-জ্বালে সোঙরে গোদায়
 মিঞা যদি ফৌত হৈল গোলামেরে খোষ পাইল
 বিবি লৈয়া পলাইতে চায় ।

বিঘতিয়া জায় রড়ে বুড়া মিঞার খায় ঘাড়ে
 বাপ বাপ করি ঘন ডাকে
 পড়ি জায় গড়াগড়ি ভূমে লোটাইয়া দাড়ি
 কেহ কেহ বেড়ি তারে দেখে ।

খেলিতে ছাওয়াল জায় তথা বিঘতিয়া খায়
 কান্দিতে কান্দিতে সেহ চলে
 দুই হাতে বুক কুড়ি বিবি জায় রড়ারড়ি
 কান্দিয়ে ছাওয়াল করি কোলে ।

মুরগ দেখিয়া পথে অবিচারে খায় মাথে
 বিষ-জ্বালে মরে কত শত
 মুরগি করিয়া কোলে মাকুড়ি কান্দিয়া বলে
 আজি কালি বএদা পাড়িত ।

নিষ্ঠুর হিন্দুর ভূত খায় বক্ষে দেখে জত
 হাসন-হাটি পড়িল প্রমাদ
 ভাবিয়া মনসাদেবী বিপ্রদাস রচে কনি
 কান্দে তুড়ুক ভাবিয়া নিমাদ ॥

দেখিয়া জ্বোলার পাড়া খায় বিঘতিয়া নোড়া
 আছে জ্বোলা আপনার কাজে
 মাথায় তইকা ভাঙ্গা তাহে কানি কালো রাজা
 কামড় খাইল তার মাঝে ।

মাথায় খাইল সাপ জ্বোলা করে বাপ বাপ
 খোদায় সোঙরে ঘনে ঘন
 তোবা তোবা ঘন বলি ফেলিল হাতের নলি
 ঢলিয়া পড়িল ততক্ষণ ।

বুড়ো জ্বোলা এক মনে তাঁত বোনে ঘনে ঘনে
 ঘাড় নাড়া দিয়া অতিশয়
 দেখি হাসে বিঘতিয়া অবিলম্বে তথা গিয়া
 তাহার ঘাড়ের মাঝে খায় ।

ঘাড়ে হাত বুলাইতে লহ নিকলিল তাতে
 খোদায় খোদায় বলি ঢলে
 হাসন-নগরে জত জ্বোলা বৈসে শত শত
 বধে বিঘতিয়া কালানলে ।

অতিরম্য পরিপাটি মজিল হাসন-হাটি
 এবে রাজা জেই কর্ম করে
 ভাবিয়া মনসা দেবী দ্বিজ বিপ্রদাস কবি
 বিরচিল হরিন-অস্তরে ॥

সকলি মজিল রাজ্য হাসন-নগর
 অবিরত সর্পময় প্রতি ঘরে ঘরে ।
 ছেনকালে হাসন বিবির ঠাঞি বলে
 দানা পাকাইয়া দেহ ভোকে দেহ জ্বলে ।
 গুনিয়া রাজার বাত হইল কাতর
 গোছল করিতে বিবি গেল শীঘ্রতর ।

নাকুড়ি আনিয়া চুলা জালিবারে আর
 হাত দিতে হাঁড়ি ভিতে ভুজ্জ ফোঁফার
 উই মা করিয়া কর হানে শির পর
 বিষম হিন্দুর ভূত হাঁড়ির ভিতর ।
 হার হার বলি বিবি কান্দিয়া বিকল
 রাজ্য ধন প্রাণ আজি মজিল সকল ।
 কান্দিয়া বিবির আগে বলএ হাসন
 উপায় নাহিক আর নিশ্চয় মরণ ।

সাপময় সকলি রহিতে নাহি ঠাঞি
 ছসেন ভাইর শোক অলিছে সদাই ।
 আমি কেন বাঁচিল ছসেন কেন মৈল
 কলিজা ভিতর মোর শেল মারি গেল ।
 ছসেন ছসেন বলি হইল মুচ্ছিত
 ধরি চাঁপা বিবি তারে করয়ে সঙ্ঘিত ।
 হেনকালে নেতো পদ্মা রথে আরোহিয়া
 দয়া অতি উপজিল হাসনে দেখিয়া ।
 ডাকিয়া বলেন শুন অবুধ হাসন
 আমি পদ্মাবতী তোরে কহি জে কখন ।
 পূজহ মনসা-পদ একান্ত ভাবিয়া
 জেই বর চাহ স্মৃথে পাবে হৃষ্ট হৈয়া ।
 শুনিয়া হাসন রাজা উঠিয়া সঙ্কর
 চাহিয়া আকাশ পানে কান্দে বহুতর ।
 কান্দিয়া হাসন বলে কিছু নাহি জানি
 কেমনে পূজিব কোথা পাব ফুল-পানি ।
 চাঁপা বিবি বলে আমি মজুত করিব
 করা ভরি জল বাবুএর ফুল দিব ।
 সেতাব গোছল করি আইল হাসনে
 ফুল-পানি লৈয়া অতি ভক্তি করি মনে ।
 ডাকি বলে বামনি লহ গো ফুল-পানি
 জিয়াইয়া দেহ গো ছসেন ভাইখানি ।
 হাসিয়া বলেন পদ্মা শুন রে হাসন
 আমি জেইমতে বলি করহ পূজন ।
 স্বর্ণবারি বিচিত্র নৈবিদ্য দশ ফল
 ভক্তিভাবে তুলসী কমল শতদল ।
 মনসাকুমারী নামে পূজ একমনে
 এখনি জিয়াইয়া দিব জত পুরীজনে ।
 শুনিয়া হাসন রাজা আনন্দহৃদয়
 পুলকে আকুল ভক্তি বাড়ে অতিশয় ।
 প্রাণপণে আনিল নির্মল তীর্থজল
 স্বর্ণবারি বিচিত্র কমল শতদল ।

নানা দ্রব্য রচনা নৈবিদ্য আদি জত
 অতি রম্য দশ ফল করিল মজুত ।
 কদলী কর্কট ফুগী নারিকেল জাম
 খাজুর পনস তাল পূগপূর্ণ আম ।
 গভীর শব্দে বাণ্ড বাজয়ে রসাল
 ঘটের উপরে তুলি [দিল] সিঙ্গ-ডাল ।
 ঘটে আরোপিয়া পূজে মনসা-চরণ
 মনসার বরে জিয়া উঠিল ছসেন ।
 একে একে সর্বরাজ্য উঠি ধনে যন
 সেই জীয়ে সেই পূজে মনসা-চরণ ।
 মনসার ভক্তি বহি মনে নাহি আর
 একান্ত হাসন রাজা মনে কৈল সার ।
 সদয় মনসাদেবী হইলা হাসনে
 সর্বরাজ্য জীয়াইয়া দিলা ততক্ষণে ।
 হৃষ্ট হৈয়া পুনবার বলেন জগতি
 হের বলি মন দিয়া শুন নরপতি ।
 মোর বরে অচিরাতে ঘুচিল বিপদ
 সকলি সম্পূর্ণ হৈল নাহিক আপদ ।
 যাহা ইচ্ছা থাকে বর মাগ নরপতি
 ছত্রিশ আশ্রম লৈয়া করহ বসতি ।
 শুনিয়া হাসন রাজা দ্রবিদ-হৃদয়
 ক্ষিতি লুটি অষ্টাজ প্রণাম করি কর ।
 অপরাধ ক্ষেম মোরে জগত-জননী
 পাপ মুখে কতেক বলিল মন্দ বাণী ।
 জগত-ঈশ্বরী তুমি আদি নিরাজন
 তুমি ব্রহ্মা তুমি বিষ্ণু তুমি নারায়ণ ।
 স্বর্ণ মর্ত রসাতল এ তিন ভুবন
 চন্দ্র সূর্য্য ইন্দ্র আদি তুমি সে কারণ ।
 বরুণ আনল বায়ু সিন্ধু সাধ্য জত
 স্থাবর জঙ্গম তরু তোমাতে মিশ্রিত ।
 কি বলিতে জানি আমি অতি ছয়াচার
 কহিতে না পারে বিধি মহিমা তোমার ।

পুলকে আকুল হৈয়া বলএ হাসন
 বৃথা কেন ধরি আমি এ ছার জীবন ।
 অধম দুর্মতি ছুট আমি হীনজাতি
 তব নিন্দা দোষে মোর হব অধগতি ।
 নিজগুণে কৃপা যদি কর একবার
 পাপিষ্ঠ হাসন-মাথে চরণ-প্রহার ।
 হরিষে মনসাদেবী তুট হৈয়া অতি
 অধিক বাড়িল দয়া হাসনের প্রতি ।
 কহিতে লাগিলা মাতা হাসনের তরে
 ধনু ধনু ক্ষিতি মাঝে তুমি নৃপবরে ।

অচিরাতে রাজ্য কর নিজ মন-মুখে
 মোর বরে জরামৃত্যু নাহি শোক-দুখে
 ছত্রিশ আশ্রম লৈয়া স্থখে ভুঞ্জ রাজ্য
 প্রচার করিহ ক্ষিতি মোর পূজাকার্য্য ।
 বর দিলা হাসনেরে ভকতবৎসলা
 পদাঘাত কৈলা শিরে হাসিলা কগলা ।
 আচম্বিতে অস্তর্ধান হৈলা তথা হৈতে
 এথায় হাসন রাজ্যা রয়ে হরষিতে ।
 মনসা-চরণ সদা চিন্তে মনে মন
 মনসা-চরণে বিপ্রদাস বিরচন ॥

৮

ঝারিখণ্ডি

মনসার পূজা-নীতি প্রচার করিতে খিতি
 হাসন আনন্দ অতিশয়
 গুণবস্ত শিল্পকারে শত শত আনিবারে
 আজ্ঞা দিল আনন্দহৃদয় ।
 দূতে অজীকার পাইয়া চারি দিগে গেল ধাইয়া
 শিল্পকার আনিল সত্বর
 আজ্ঞা দিলা নরপতি মন্দির বিচিত্র অতি
 নিরমান করহ তৎপর ।
 আজ্ঞা-মাত্রে শিল্পকার সূত্র ধরে চারিধার
 পাষাণে গাঁথয়ে মনোহর
 করিয়া বিচিত্র চিত্র মন্দির গঠএ তত্র
 দেখিয়া হরিষ নৃপবর ।
 বিচিত্র দেয়াল গাঁথে নানা চিত্র করে তাথে
 নানাবর্ণে মুরতি আপার
 জেন দেখি মূর্তিমস্ত অতিশয় বলবস্ত
 ঠাঞি ঠাঞি বিকৃতি-আকার ।
 দেবাসুর আদি জত অপছর কিল্পর কত
 স্থানে স্থানে গঠে অনিবার
 রাক্ষস-গন্ধর্বগণ কৈল রম্য নিরমান
 চারি ভিতে করিলা স্তম্ভসার ।

অতিরম্য চারি ভিতে গঠে নিজ মনোনীতে

ফটকের শুভ সারি সারি

নানাবর্ণে পশুপক্ষ মিথে তাহে লক্ষ লক্ষ

মীন আদি লিখিতে না পারি ।

দেয়াল নিবাড় করি শিল্পকার তরাতরি

করে দিব্য চালের পত্তন

সুবর্ণের রুয়া পাতি সাঁড়ক বয়েয়া জাতি

তাহে কৈল রূপার বন্ধন ।

সোনার ছিটনি মাঝে নানা রত্নময় সাজে

প্রবাল মানিক ধরে ধরে

বসাএ কতেক ভাতি নিরন্তর দিবারাতি

হীরা চুনি গনি দীপ্তকরে ।

রূপসি বুঝকি ভায় ঝলমল করে বায়

কতেক অমূল্য রত্ননিধি

গজ-মুকুতার ঝারা চারি ভিতে লাগে সারা

ঝলমল করে নিরবধি ।

নিবাড় করিয়া চাল শিল্পকার গঠে ভাল

স্বর্ণ-পাড়ি স্তম্ভের উপর

নকস কৈল কত ভাতি সুসার বাঁধিল জাতি

আড়কাটা তথির উপর ।

তিলাটে বসায়্য তীর বাওলা তাহার শির

উপরে ভাণ্ডার পাড়ি দিল

নিবাড় বন্ধন করি সবে ধায় তরাতরি

চারি চাল উপরে তুলিল ।

গঠিল বিচিত্র ঘর নানা রত্ন মনোহর

জেন রবি করিছে উদয়

বিচিত্র ময়ূর-পাখে ছাওনি করিল সুখে

দেখি লোক বুঝে অতিশয় ।

বেড়িয়া অনেক দূর আয়তন কৈল পুর

জেন দেখি কৈলাস-ভুবন

সোনার গঠিল তথি প্রাচীর বিচিত্র অতি

মহা আনন্দিত সর্বজন ।

পুরী দেখি নরবর পুলকিত কলেবর
 অপার আনন্দ বাড়ে মনে ।
 শিল্পকার জনে জনে তুঘিলা আনন্দ মনে
 নানা অলঙ্কার-রত্ন-ধনে ।
 ছত্রিশ আশ্রম তথি বসাইল নরপতি
 আওয়ারি আওয়ারি মনোহর
 প্রধান তাহার মধ্যে বৃহস্পতি-তুল বুদ্ধে
 পঞ্চ দ্বিজ পণ্ডিত সুন্দর ।
 তবেত হাসন রাজা ডাকি পাত্র মিত্র প্রজা
 পঞ্চ দ্বিজ সভার প্রধান
 সভা করি নরপতি আনন্দে বসিয়া তথি
 নিবেদিল দ্বিজ-সম্বিধান ।
 প্রচারিব রাজ্য রাজ্য মনসার পূজা-কার্য্য
 বিধান করহ মহাশয়
 শুনিয়া রাজার বাণী কহিল ব্যবস্থা জানি
 দ্বিজ বিশ্বেদাস রস গায় ॥

৯

হরিষে হাসন রাজা করিয়া আদেশ ।
 অবিলম্বে দূত পাঠাইল নানা দেশ ।
 মহা মহা তীর্থ অতি নির্মল সলিল
 চারি দিগে থাকিয়া তুরিত আনি দিল ।
 সুবর্ণে রচিত বারি মনের মানসে
 আনিল মঙ্গল-বাণ্ড করিয়া হরিষে ।
 নানা দ্রব্য উপহার কত লব নাম
 মিষ্ট-অন্ন মনহরা অতি অল্পপাম ।
 হৃৎ দধি ভারে ভারে অসংখ্যপ্রমাণ
 ক্ষীর সর স্নাত আদি কৈলা বিগ্ৰমান ।
 অধিক শর্করা মধু আনিল বিশেষ
 রচিয়া সুবর্ণ পাত্র নৈবিদ্য অশেষ ।
 নানা পুষ্প আনিল সুগন্ধি মনোহর
 শতদল পদ্ম জবা আদি বহুতর ।
 ধূপ দীপ জালিয়া জোগায় নিরবধি
 ধূনার পাজলা জলে নাহিক অবধি ।

বাজয়ে বিশাল বাণ্ড গভীর নিনাদ
 ঢাক ঢোল মানি মেনি বাজএ সুছাঁদ ।
 দড়মসা দগড় বাজএ বিপরীত
 মেঘেতে গগনে ছেন গর্জে আচম্বিত ।
 ভেউর কনাল সপ্তস্বর নিরবধি
 কত শত শত বান্ধে নাহিক অবধি ।
 রসাল মৃদঙ্গ বীণা সুললিত ধনি ।
 যন্ত্র কপিলাস অতি সুমধুর শুনি ।
 গভীর শব্দে বাণ্ড বাজএ বিশাল
 কাড়া পড়া উচ্চধ্বনি ফুকরে কাহাল ।
 ঘোরতর গভীর শব্দে অনিবার
 জতেক বাজনা বাজে সংখ্যা নাহি তার
 মহাবীর্য্য পঞ্চ দ্বিজ বড়ই পণ্ডিত
 মনসার পূজা-কার্য্য কৈল নিয়োজিত
 স্নান করি দ্বিজগণ কৃতাহিক হইয়া
 মনিরে প্রবেশ কৈলা জয়ধ্বনি দিয়া ।

স্তম্ভকণ্ঠে বিজয়গণ মঙ্গল বিধানে
 স্বস্তি স্বস্তি উচ্চারণে কৈল বেদ-গানে ।
 গৃহ-মাঝে বসাইল রত্ন-সিংহাসন
 তথি মধ্যে স্বর্ণ বারি কৈল আরোহণ ।
 সিজের পল্লব শোভে ঘণ্টের উপর
 তড়িত বিজুলি জিনি জ্যোতি মনোহর
 প্রকাশিত রবি জেন দীপ্তকরে অতি
 মনসার স্বর্ণ বারি প্রকাশিলা তথি ।
 চারি বেদ উচ্চারণে সঙ্কল্প করিল
 সূর্য্য-অর্ঘ্য প্রথমে গণেশ পূজা-কৈল ।
 হুঙ্ক দধি ঘৃত চিনি নারিকেল-জলে
 স্নান করাইল ঘট মন-কুতুহলে ।
 বিধিমতে বিধানে আরম্ভ কৈল পূজা
 পুস্তক ধরিল করে বিজয় মহাতেজা ।
 বিবিধ বিধানে কৈল শাস্ত্রের বিহিত
 একমনে পূজে ঘট হৃদয় জ্বলিত ।
 নানা দ্রব্য উপহার কহিব কতেক
 বর্ণনে না জায় তাহা নহে পরতেক ।
 প্রচুর শর্করা মধু কলসি ভরিয়া
 ঘৃত হুঙ্ক দধি ক্ষীর ভারে ভারে দিয়া ।
 আর যত উপহার মিষ্টান্ন বিস্তর
 নৈবিষ্ট্য রচনা অতি দেখিতে সুন্দর ।
 অতি রম্য অমৃতসমান দশ ফল
 আর জাত উপাধিক আনিল সকল ।
 কদলী ককটী ফুটী নারিকেল জাম্ব
 খাজুর পনস আর পূগপূর্ণ আম্র ।
 আনন্দে বিভোল হৈয়া পূজে একমনে
 রাজ্য সহ নরপতি বেড়িয়া সঘনে ।
 গভীর শব্দে বাস্ত বাজএ বিশাল
 মেঘের গর্জন জিনি ফুকরে কাহাল ।
 হেনমতে ভক্তিভাবে পূজে নরপতি
 হরষিতে সর্বলোক ভক্তি-প্রণতি ।

ধন ঘন প্রণিপাত অষ্টাঙ্গ লুটয়া
 কত স্তবস্ততি করে ধরনী পড়িয়া ।
 অধিষ্ঠান হৈলা দেবী ঘণ্টের উপর
 দেখি হাসনের ভক্তি হরিষ অন্তর ।
 ডাকিয়া বলেন পুত্র স্তন রে হাসন
 অতিমত বর মাগ জেই লয় মন ।
 শুনিয়া হাসন রাজা পুলকে আকুল
 প্রেমানন্দ হৈয়া স্ততি করয়ে বহুল ।
 তুমি নিরঞ্জন আত্ম ব্রহ্ম নিরূপণ
 তুমি ব্রহ্মা তুমি বিষ্ণু তুমি ত্রিলোচন ।
 তুমি ইন্দ্র যম তুমি কুবের বরুণ
 তুমি চন্দ্র বায়ু ভূত অনল বরুণ ।
 গন্ধর্ব দানব আদি সিন্ধ বিষ্ণাধর
 সিন্ধ সাধ্য ঋষি মুনি অপচর কিরর ।
 স্বর্ণ মর্ত রসাতল সচর-আচর
 স্থাবর জঙ্গম তরু পর্বত-শিখর ।
 অবতার কৈলা সৃষ্টি আপন হরিনে
 সৃজন পালন ক্ষয় কর অনায়াসে ।
 অগিল আধার তুমি কে জানে মহিমা
 ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর দিতে নাহে সীমা ।
 মুঢ় অতি অল্পমতি আগি দুর্ভাচার
 নর হৈয়া কি জানিব মহিমা তোমার ।
 না জানি ভক্তি-স্ততি ভজনপূজন
 অবিরত পাপেতে জড়িত পাপমন ।
 কেমনে তরিব ঘোর হস্তর সংসার
 রূপা করি অধমেরে বল প্রতিকার ।
 হাসন এতেক যদি করিল স্তবন
 মনসা ব্যথিত অতি হইলা তখন ।
 অধিক বাড়িল দয়া আপন কিঙ্করে
 ডাকিয়া বলেন মাতা মধুর সুস্বরে ।
 স্তন স্তন ওরে পুত্র নরপতি হাসন
 একান্ত জানিহু মনে তুমি ভক্তজন ।

শুদ্ধমতি অতিশয় ধর্মেতে তৎপর
 অতি দান্ত পুণ্যবন্ত শাস্ত কলেবর ।
 মহাতুষ্টি হৈলু তোরে সদয় হৃদয়
 অনায়াসে বর মাগ জেই মনে লয় ।
 এতেক শুনিয়া রাজা কর-জোড় করি
 গদগদ ভাষে বলে পদ্মা বরাবরি ।
 রত্ন ধন রাজ্য আদি তোমার প্রসাদে
 নানা সুখ চিরকাল ভুঞ্জি অবিবাদে ।
 আপন কৃপায় যদি মোরে দিবে বর
 তব পদে ভক্তি অতি রহে নিরন্তর ।
 হাসিয়া মনসা অতি হইয়া সদয়
 অধিক যাচএ বর আপন কৃপায় ।
 দিনে দিনে বংশবৃদ্ধি হব চিরজীবী
 বাড়িব অমূল্য রত্ন রাজ্য ধন আদি ।
 আয়ু যশ বৃদ্ধি হব ধর্মে শুদ্ধমতি
 হেনমতে বর দিলা হাসনের প্রতি ।
 মহা-আনন্দিত মনে মনসাকুমারী
 তথা হৈতে আশ্চর্যিতে অন্তর্ধান করি ।
 রথ ভরে উপনীত সিজুয়া শিখরে
 বঞ্জন পরম সুখে তথা নিরন্তরে ।
 হাসনের পূজা ক্রিতি হইল প্রচার
 দ্বিজ বিপ্রদাস বলে হরিষ আপার ॥

১০

রাগ ইমন

আর একদিন পদ্মা আরোহিয়া রথে
 ভ্রমিতে পরম রঙ্গে আইলা মরতে ।
 চাঁদো রাজা গুরু-কৃত্য করএ হরিষে
 মৎস্ত আনিবারে শীঘ্র করিলা আদেশে ।
 জানু মালু দুহাকারে দিল পাঠাইয়া
 শীঘ্রগতি জাহ ছুহে কান্ধে জাল লৈয়া ।
 হরষিতে আসি জাল এড়িলেক জলে
 হেনকালে পদ্মাবতী মায়া পাতি বলে ।

শুন শুন জানু মালু তোরা ছুই ভাই
 এ বৃদ্ধ ব্রাহ্মণী আমি একাকিনী ভাই ।
 হইবেক মহাপুণ্য মোরে পার কর
 ভিক্ষা হেতু জাই আমি চম্পক-নগর ।
 জানু মালু বলে শুন বৃদ্ধ একেশ্বরী
 চাঁদোর পিতার কৃত্যে ছুহে মৎস্ত ধরি ।
 বিলম্ব হইলে রাজা বধিব পরানে
 সেই ভয় বড় মৎস্ত না পাই জতনে ।
 নারিব করিতে পার জাহ অগ্র পথে
 কাতর হইয়া দেবী পুন পুন কথে ।
 আশীর্বাদ লও মোর হইবে কল্যাণ
 তব পিতৃ-পুণ্যে পার কর এই দান ।
 তিন উপবাসী আমি পারণ না করি
 ভিক্ষা-হেতু জাই আমি চাঁদো রাজার পুরী ।
 তোমা ছুহে দিব কিছু আসিবার কালে
 শুনি জানু মালু অতি ক্রুদ্ধ হৈয়া বলে ।
 বিপরীত দেখি বুড়ি হিড়িমা ডাইনি
 মায়া পাতি রক্ত পিতে চাহসি বামনি ।
 মনসা গঞ্জিয়া জাল জলেতে এড়িল
 দেখিয়া মনসা অতি ক্রোধ উপজিল ।
 প্রহরেক জাল এড়ে মৎস্ত নাহি পায়
 চিন্তাকুলি ছুই ভাই ভাবে সবিস্ময় ।
 নিজ মনে অসুমান করে ছুই ভাই
 ব্রাহ্মণীকে করি হেলা মৎস্ত নাহি পাই ।
 কর-জোড় করি বলে পদ্মার চরণে
 মৎস্ত নাহি পড়ে জালে তোমার কারণে ।
 আইস পার করি নায় উঠহ সত্বর
 তবে জালে মৎস্ত পাব তোমা বরাবর ।
 মায়া পাতি বলে তবে অস্তিক-জননী
 কি হইবে মোরে পার করিলে এখনি ।
 ভক্তি হৈয়া ছুই ভাই না করিল হেলা
 কেরোয়াল দড়া লৈয়া জাল কৈল দোলা ।

কাঙ্ক্ষে করি ছুই ভাই লৈল মনসায়
 গৌরব করিয়া স্মখে বসাইল নায় ।
 চরণে প্রণতি করি জাল ফেলে জলে
 তুলিতে না পারে এত মৎস্ত পড়ে জালে
 নৌকা ভরি মৎস্ত জালু হরিষ আপার
 মনসা বলেন জাল ফেল আরবার ।
 পদ্মার আজায় পুন জাল ফেলে জলে
 মনসার স্বর্ণ বারি উঠে হেন কালে ।
 সর্বাঙ্গ লোটাঁইয়া ধরে মনসা-চরণ
 দেহ পরিচয় কহ ঘটের কারণ ।
 হাসিয়া বলেন আমি মনসাকুমারী
 অধিষ্ঠান হৈছু তোরে স্তবর্ণের বারি ।
 বর মাগ ছুই ভাই আমার গোচর
 ঘরে লৈয়া বারি পূজা করহ সত্বর ।
 জালু মালু বর মাগে মনসার পায়
 হউক স্তবর্ণময় মোর এই নায় ।
 হাসিয়া হরিষে বর দিলা বিষহরি
 স্বর্ণবৃষ্টি নামে আর হৈল তার পুরী ।
 হরিষে জালুর মাতা আইল পুত্র ঠাঞি
 নামে গিয়া স্বর্ণ বৃষ্টি দেখিল তথাই ।
 আনন্দে ঘরের কথা কহিল পুত্রেরে
 হাতে মাথে মনসার বারি লৈল ঘরে ।
 রত্নময় সিংহাসনে মনসা বসায়
 ছুই বধু লইয়া মঙ্গলগীত গায় ।
 বিশাল বাজনা করি নানা দ্রব্য লৈয়া
 মনসা-চরণ পূজে হরষিত হৈয়া ।
 এখায় সনকা পুত্রবধু লৈয়া ঘরে
 মুনি অমাবস্তা ব্রত হরষিতে করে ।
 গুজড়ি করিতে গ্নান জায় কুতুহলে
 ছয় বধু সংহতি প্রচুর সখী চলে ।
 হেনকালে আশ্চর্যিতে গুনিল সত্বরে
 বিশাল বাজনা বাজে জালু মালু ঘরে ।

ঝাউয়া দাসী ডাকিয়া করিলা অঙ্গীকার
 ইহার কারণ জানি আইসহ সত্বর ।
 গুনিয়া তুরিতে ঝাউয়া করিল গমন
 জালুর পুরীতে গিয়া দিল দরশন ।
 দেখিল বিচিত্র বারি জালুর মন্দিরে
 হরিষে মনসা পূজে নানা উপহারে ।
 স্বর্ণময় দেখিল জালুর সর্বপুরী
 সত্বরে কহিল সনকার বরাবরি ।
 গুনিয়া সনকা আইল জালুর ভবনে
 গৌরব করিয়া দিল বসিতে আসনে ।
 হরিষে নিছনি তার চরণ বন্দিল
 মনসা-চরণে বিপ্রদাস বিরচিল ।

১১

রাগ গৌরী

সনকা বলেন গুন জালুর জননী
 কেমন দেবতা পূজা করিস আপনি ।
 অশ্রু অশ্রুত তুমি ছিলা এই স্থান
 এতেক বিভব হৈল কহ ত কারণ ।
 পুন পুন সনকা নিছনি প্রতি ভাষে
 আরাধ কেমন দেব কহ সবিশেষে ।
 জালুর জননী বলে গুনহ বচন
 ভকতি-প্রণতি পূজি মনসা-চরণ ।
 সমুদ্র-সলিলে জালে উঠে দিব্য বারি
 তাহার প্রসাদে মোর স্বর্ণময় পুরী ।
 গুনিয়া সনকা মনে বাড়িল ভকতি
 পুনবার জিজ্ঞাসয়ে নিছনির প্রতি ।
 কি বিধি-বিধানে পূজ কহ লো সত্বর
 কেমনে ভাবনা পাহ অভিমত বর ।
 আবাহন পূজন কেমন ভক্তি স্তুতি
 আমি আরাধিব পদ্মা তোমার সংহতি ।
 গুনিয়া নিছনি বলে হরষিত হৈয়া
 মনসা পূজার কথা সনকা চাহিয়া ।

এক চিন্তে রাজরানী কর অবধান
পদ্মার পূজার কথা কহিব বিধান।
সুবর্ণের ঘটে দিবা সিজের পল্লব
রত্নসিংহাসনে রাখি মনের উৎসব।
দশমী দশহরা তিথি জ্যৈষ্ঠ বাসরে
নানা দ্রব্য উপহার করিয়া বিস্তরে।

মিষ্ট-অন্ন রচনা নৈবেদ্য দশ ফল
ছই বধু লৈয়া গাই পদ্মার মঙ্গল।
নিত্য নিত্য এইরূপে করিয়ে পূজন
আশোপাস্ত এইমত কহিল বচন।
দেখিয়া শুনিয়া রানী আনন্দ প্রকাশে
মনসাবিজই দ্বিজ বিপ্রদাস ভাষে ॥

১২

ভৈরবী রাগ

সনকা বলেন বাণী শুন লো নিছনি ধনি
মনসার ঘট দেহ মোরে -
যাবত না আনি বারি তদবধি পূজা করি
এই নিবেদন করি তোরে।
দেব নহে আপ্ত-পর ভক্তি-বশে নিরন্তর
বিশেষ আপনি করে দয়া
ভূমি তাঁর প্রেমদাসী জলেতে উঠিলা ভাসি
দারিদ্রতা নাশে ধন দিয়া।
নিছনি শুনিয়া বাণী মহাত্ম মনে গণি
রাজরানী কি করিতে পারি
ঝাট পদ্মা রথ ভরে ডাকি বলে নিছনিরে
হরষিতে দেহ ছই বারি।
সনকা করুণ-আখি পদ্মার প্রতাপ দেখি
বুঝাইয়া জালুর জননী
যত্নে লইল স্নানরী হাথে কাখে ছই বারি
নিজপুরে গেল রাজরানী।
জ্ঞান করি কুতূহলে নানা দ্রব্য দশ ফলে
নৈবিদ্য রচনা ধূপ দীপে
ছয় বধু সঙ্গে লৈয়া জয়ধ্বনি ঘন দিয়া
পূজা করে আনন্দ-স্বরূপে।
গায় স্তম্ভল গীত মনে অতি উল্লাসিত
হেনকালে খাইল সঙ্ঘর
নেড়া ঝাউয়া ঝাঁট গিয়া চাঁদোরে কহিল খাইয়া
বিশ্বয় হইল দণ্ডধর।

অবিলম্বে শীঘ্রগতি উঠিলেক নরপতি
 সত্বরে ধাইল চাঁদোরায়
 কোপে কাঁপে কলেবর দেখি যেন ভয়ঙ্কর
 উপনীত হইলা তথায় ।
 দেখিয়া পদ্মার পূজা ক্রোধে জলে চাঁদোরাজা
 হেতালের দণ্ড করে ধরি
 আপদ সঞ্চারে নুপে আপনা পাসরে কোপে
 ভাঙ্গিলেক মনসার বারি ।
 সনকা কাতর হইয়া মনে অতি দুঃখ পাইয়া
 গালি পাড়ে চাঁদো বরাবর
 লজিয়া দেবীর বারি এ সুখ সম্পদ গারি
 মজিল অবুধ নরবর ।
 নিছনি সত্বরে গিয়া দুই বারি লৈল ধাইয়া
 মনসা চলিলা নিজ স্থান
 চাঁদো দস্তময় দেখি মনসা চিস্তিতমুখি
 নেতো লৈয়া করে অনুমান ।
 - নেতো বলে হরসুতা পূর্বে যে কহিহু কথা
 হরগৌরী দিলা মহাজ্ঞান
 সেই হৈতে দস্তময় চাঁদোর নাহিক ভয়
 নিবেদন করি সন্নিধান ।
 চাঁদোর প্রয়াস অতি সুরম্য নাথরা প্রতি
 নিরবধি দেখে প্রাণসম
 আপনি তথায় গিয়া সঙ্গে নাগদল লৈয়া
 কাট শীঘ্র নাথরা উত্তম ।
 রথে ভর বিবহরি প্রবেশে চাঁদোর পুরী
 দাঁড়াইল নাথরা নিকটে
 আঞ্জা দিল নাগদলে সবে ধায় কুতূহলে
 অঞ্জ ধরি রম্য বন কাটে ।
 বিচিত্র নাথরা বন সারি সারি তরুগণ
 দেখি জেন ইন্ড্রের নগরী
 জিনিয়া অমরাবতী নানা বৃক্ষ রম্য অতি
 নাগগণে কাটে তরাতরি ।

চুত নারিকেল তাল রসাল পনস ভাল
 গুবাক খাজুর আমলখি
 চেওরি তেঁতুলি তখি কদলী বিচিত্র অতি
 ইক্ষুবন অতি রম্য দেখি ।

বিচিত্র নেবুর বন সাত জাতি বিরচন
 কলঙ্গ ছোলঙ্গ আপার
 বাতাবি নারাজি পাতি গোঁড়া কাল আছে তখি
 খণ্ড খণ্ড কৈল অনিবার ।

বহুত আমড়া নিম্ব বকুল কলঙ্গ গন্ধ
 সুবাসিত কুসুমকানন
 শেফালিকা জুতি কুন্দ চম্পক মল্লিকা গন্ধ
 নাগেশ্বর আউচ রঙ্গন ।

সারুলি পারুলি ঝাটি জাতি জবা পরিপাটি
 বিচিত্র মাধবীলতা অতি
 করবী অপরাজিতা দোপাটি দোমুখি তথা
 গন্ধরাজ কাঞ্চন মালতী ।

টগর ধবলমুখি কাটে নাগগণ সুখী
 বক শ্বেত লোহিত বরণ ।

সুগন্ধি কেতকী কোড়া কৃষ্ণকৈলি লতা বেড়া
 সূর্য্যমণি অশোক বাসক
 কাটিল কুসুমবন হরষিতে নাগগণ
 মনে অতি বাড়িছে কোতুক ।

কপিথ পাকড়ি ভেলা হরতকি বহেড়া গিলা
 জলপাই কামরাজা আদি
 রক্তচন্দনের বৃক্ষ কাটি পাড়ে লক্ষ লক্ষ
 ছেদিলেক এতেক অবধি ।

নাথরা-রক্ষক ছিল অবিলম্বে ধাইয়া গেল
 জানাইল চাঁদো বরাবর
 রক্ষকের বাক্য শুনি মহাছুঃখী নৃপমণি
 কোপে তনু করে ধরধর ।

হরগৌরী ভাবি মনে ধাইলা নাথরা বনে
 সঙ্করে হইল অধিষ্ঠান
 দেখিয়া নাথরা বন বিস্ময় হইল মন
 অস্তুরে ভাবিয়া ততক্ষণ ।
 মহাজ্ঞান জপে মনে জয়নেত আচ্ছাদনে
 নিমিষে নাথরা জিয়াইল
 দস্তময় অহঙ্কারে গালি পাড়ে মনসারে
 দেখি পদ্মা ত্রাসযুক্ত হৈল ।
 নেতো বলে পদ্মা বালি হইয়া চাঁদোর শালি
 ছলিয়া আনহ মহাজ্ঞান
 করুণা করয়ে অতি চিন্তাকুলি পদ্মাবতী
 ভাবি বলে নেতো বিগ্ৰমান ।
 আমি শঙ্করের নি বৃথা আর কেন জী
 সংসার ভরিয়া অপমান
 নর হৈয়া দস্ত করে কুবচন বলে মোরে
 দিক দিক আমার পরান ।
 নেতো বলে বিষহরি গোকুল-নগরে হরি
 গোপ সঙ্গে শয়ন ভোজন
 কংস-রাজা বধিবারে কৈলা হেন ব্যবহারে
 বিবেক করহ অকারণ ।
 আর দেখ অপরূপ রানচন্দ্র ব্রহ্মরূপ
 মৈত্রতা বানর সংহতি
 ভগবান মহারাজে সীতার উদ্ধার কাছে
 হেন ব্যবহার কৈল তথি ।
 দেখহ পাণ্ডবকূলে দময়ন্তী রাজা নলে
 বঞ্চে অশ্বপতি-নিকেতনে
 চিন্তাদি শ্রীবৎস সনে রাজারানী দুইজনে
 নানা ক্লেশ পাইলা কাননে ।
 নেতোর বচন শুনি মনসা হৃদয়ে শুনি
 স্নবেশ হইলা ততক্ষণ
 মনসা-চরণ ধন শিরে করি অভরণ
 দ্বিজ বিপ্রদাস সুরচন ॥

১৩

নট রাগ

চাঁচর প্রচুর কেশ কবরী-প্রবন্ধে
 মালতীর মালে ভূঙ্গ ধায় মধুগন্ধে ।
 সীমন্তে সিন্দুর ভালে চন্দনের কোঁটা
 অভিনব জেন দীপ্ত শত ইন্দু-ছটা ।
 অলক-তিলক স্তম্ভ চন্দনের রেখ
 কতক প্রকারে তাহা শোভে পরতক ।
 কামের কামান ভুরু নয়নে অঞ্জন
 দেখিলে মুনির মন টলে ততক্ষণ ।
 বিচিত্র পাটের শাড়ি পরিধান করি
 রত্নময় অলঙ্কার অঙ্গে অঙ্গে পরি ।
 নিবিড় নিতম্ব কটি কিকিনীর ধনি
 চরণে নুপুর-রব রুচুযুচু শুনি ।
 নানা মায়াৰূপ পদ্মা করিয়া সত্বরে
 হরিষে পয়ান কৈলা চম্পক-নগরে ।
 ভুরুষুগ শোভে জিনি কামের ধমুক
 নয়ন-কটাক্ষে বিস্মে মনুষ্কার বুক ।
 মকরকুণ্ডল গণ্ডে করে বালমল
 নানারত্নে শোভে হার কঠায় উজ্জল ।
 রামরত্না উরুযুগ চরণ কমল
 ময়ূর-পেখম জৈছে গমন সচ্ছল ।
 ঈষত হাসিলে জেন বিজলি প্রকাশে
 সুরাসুর-মুনিমন মোহে অনায়াসে ।
 রামেশ্বর ঘাটে আইলা চাঁদোর অন্তপুরি
 কহে বিপ্রদাস মায়া পাতে বিষহরি ॥

১৪

সিঙ্কড়া

মায়ামোহে কান্দিতে লাগিলা উচ্চস্বরে
 কোথা গেলা প্রভু মোরে রাখি একেশ্বরে
 হেনকালে সনকা আইল সেইখানে
 মায়ায় মোহিত রানী পুছে ঘনে ঘনে ।

কহ লো স্কন্ধরি কেন কান্দ মন-দুখে
 আখি মুছি বলে পদ্মা সনকা-সমুখে ।
 জাতি গন্ধবণিক মহেশ-দত্ত পিতা
 মেনকা আমার নাম মহেশ্বরী মাতা ।
 সনকা চাঁদোর রানী আমার ভগিনী
 পলাইল প্রভু মোরে রাখি একাকিনী ।
 কি কর্ম করিব এবে জাইব কোথায়ে
 সনকা বহিনী বাড়ী কোন রূপে পায়ে ।
 বঞ্চিব তাহার গৃহে মান উপেক্ষিয়া
 সনকা পদ্মার হাতে ধরিল হাসিয়া ।
 সনকা আমার নাম শুনহ ভগিনী
 মনসা লইয়া ঘরে গেল রাজরানী ।
 কথোপকথন হুহে কহে কুতুহলে
 চাঁদোরাজা সেইখানে আইল হেনকালে
 পদ্মার মায়ায় চাঁদো মোহে কামবাণে
 সনকারে জিজ্ঞাসে এ কত্বা কোন জনে ।
 সনকা বলেন এই আমার ভগিনী
 স্বামী এড়ি পলাইল আইল একাকিনী ।
 মুনিমন-মোহন মনসা অঙ্গভঙ্গ
 কাতর নৃপতি অতি বাড়িল তরঙ্গ ।
 নিবারিতে নারে মন হইল অস্থির
 পাগল হইল রাজা আইল বাহির ।
 শুপ্তে সনকায় ডাকি বুঝাইয়া বলে
 তব ভগ্নি দেখি অঙ্গ দহে কামানলে ।
 তারে বুঝাইয়া প্রাণ রাখহ আমার
 কর্ণে হস্ত দিয়া রানী করে হাহাকার ।
 শোক দুঃখে মোর ঘরে আইল ভগিনী
 কেমনে বলিব হেন অসম্ভব বাণী ।
 নৃপতি অধিক বলে হইয়া কাতর
 বিবাদে চলিল রানী মনসা গোচর ।
 সবিস্ময় কহিল পদ্মার বিত্তমানে
 ছরস্ত নৃপতি তোমা দেখিল কেমনে ।
 মদনে কাতর হইয়া চাহে আলিঙ্গন
 কেমনে বলিব হেন ছার কুবচন ।

পদ্মা বলে আমি লাগি দুঃখ পাও মনে
 তুষ্টি নৃপতি তব পিরিতি-কারণে ।
 সনকা কহিল গিয়া নৃপতির স্থানে
 শয়ন-মন্দিরে রাজা করিল শয়নে ।
 জ্ঞান ছলিবারে পদ্মা সেই ঘরে জায়
 বাহুবুধ শব্দে নৃপুর বাজে পায় ।
 ঈশত কটাক্ষে পদ্মা মোহে চাঁদোরায়
 অস্থির সুরতি আশে পরশিতে জায় ।
 না ছোঙো নৃপতি কিছু বুঝাই কারণ
 নৃপতি পাপেরে মন আপদ-লক্ষণ ।
 মহাজ্ঞান কেমন আছে তব স্থানে
 তাহার বিশেষ কহ মোর সন্নিধানে ।
 তাহাতে কার্পণ্য যদি হও মহাশয়
 না চাহ সুরতি মোরে দেহ ত বিদায় ।
 চাঁদো বলে মর্মকথা কহিব কেমনে
 তোম রূপে স্থির নহি দেহ আলিঙ্গনে ।
 কাতর হইয়া জ্ঞত বলে চাঁদোরাজ
 মায়ায়ে মোহিত পদ্মা সাধে নিজ কাজ ।
 যদি আমি প্রতি রাজা করহ কপট
 না দিব সুরতি-দান নহিব নিকট ।

মনসা নিষ্ঠুর দেখি নৃপতি বিকল
 হরিল গেয়ান মর্ম কহিছে সকল ।
 মহাদেব সেবিয়া পাইল মোক্ষবর
 শিরে দিলা [দিব্য] জটা মস্তক উপর ।
 আর জয়-আঁচল দিলেন দেবরায়
 তাহার প্রসাদে মোর ত্রিভুবনে জয় ।
 তবে পদ্মা হাসিয়া সাধেন নিজ কাজ
 কেমন আঁচল দেখি দেহ মহারাজ ।
 কুবুদ্ধিয়া নৃপতি আঁচল দিল হাথে
 শীঘ্র জটা ছিঁড়ি পদ্মা তর কৈলা রথে ।
 হতজ্ঞান রাজা মনে ভাবয়ে বিবাদ
 মৃত্যাবত হৈয়া কান্দে ডাকে আর্তনাদ ।
 ত্রাসে আসি সনকা জিজ্ঞাসে সন্নিধান
 চাঁদো কহে কানি আসি হরিলেক জ্ঞান ।
 তখনি জানিছু তোমা সঞ্চরে আপদ
 আপন কুবুদ্ধি হেতু মজিল সম্পদ ।
 হরষিত পদ্মাবতী চাঁদোরে ছলিয়া
 নিজস্থানে গেলা পুন নাথরা কাটিয়া ।
 মানন্দে শ্রীমন্ত-রাএ পদ্মা দেহ বর
 দ্বিজ বিপ্রদাস কহে তাহার কিঙ্কর ।

পঞ্চম পালা সান্ত ॥

১

পুনরপি পদ্মাবতী নাগ-বেশ হৈয়া
 চাঁদোরে কহেন স্বপ্ন নাগগণ লৈয়া ।
 সর্বাঙ্গে বেষ্টিত নাগ সংহারিতে জায়
 কি কর্ম করিলি রাজা লজ্জিয়া আমায় ।
 আজি কালি মজ্জাইব চম্পক-নগর
 স্বপ্ন কহি গেলা দেবী রাজা ভয়ঙ্কর ।
 পাত্র-মিত্র সভে ডাকি কহিল সপন
 নাগরূপা কণ্ঠা এক নাগ-অভরণ ।
 মহাজ্ঞান ছলি মোরে সংহারিতে চায়
 কেমনে রাখিব রাজ্য বলহ উপায় ।
 পাত্র-মিত্র সভে মেলি বলে যুক্তি করি
 যত্ন করি আন রাজা সঙ্ক ধনস্তুরি ।
 তাহার প্রতাপ কহি তোমার অগ্রেতে
 মহাসঙ্ক নামে ওঝা ধবল-পর্বতে ।
 তার দস্ত লোক-মুখে শুনি ধনস্তুরি
 ঝাট ধায় বিবাদ করিতে তার পুরী ।
 হিমা-নদী আছে এক সেই গিরিবরে
 শিষ্যগণ সঙ্গে করি বসি তার তীরে ।
 চর পাঠাইল ওঝা সকলি কহিয়া
 সর্ব কথা কহে চর সঙ্ক আগে গিয়া ।
 অবধান কর হের মহাসঙ্ক-রাজ
 হেন বুঝি আজি নষ্ট হয় সর্ব কাজ ।
 এক ওঝা অহঙ্কার করে নদী-তীরে
 কহে আজি পরাজয় করিব তোমায়ে ।
 এতেক শুনিয়া সঙ্ক কুপিল অন্তরে
 যমের সংবাদ আজি হইল তাহারে ।
 শিষ্যগণে ডাকিয়া আনিল ততক্ষণ
 হিমা-নদী তীরে গিয়া দিল দরশন ।
 শীতল বকুল চারু হিমা-নদী কূলে
 শিষ্য সঙ্গে করি ওঝা বৈসে তার তলে ।

ধনস্তুরি দেখি সঙ্ক জিজ্ঞাসে বারতা
 কোন জাতি কি নাম নিবাস তব কোথা ।
 তবে পরিচয় দিল সঙ্ক বরাবরি
 সমুদ্রে আমার জন্ম নাম ধনস্তুরি ।
 গোড় আদি করিয়া জিনিহু সব রাজ্য
 তোমার সহিত আছে জিনিবার কার্য্য ।
 শুনিয়া তোমার দস্ত লোকের বদনে
 বিবাদ করিতে আইহু হরবিত মনে ।
 জত দস্ত কর সঙ্ক সব অকারণ
 আজি রক্ষা পাও তবে ভাগিলে শমন ।
 ধনস্তুরি-বাক্য শুনি মহাসঙ্ক রোষে
 হেন বাক্য তোর মুখে আইল দৈবদোষে ।
 মহাসঙ্ক নাম মোর ত্রিভুবন জিনি
 মোর বাণে যনঘরে জাইবি এখনি ।
 ইহা শুনি ধনস্তুরি বলে অহঙ্কারে
 হেন বুঝি দস্ত করি ভাগিবা আমারে ।
 কেমন জানহ শিক্ষা ক্ষেপহ আমায়
 ইহা শুনি পুন বলে সঙ্ক মহাশয় ।
 নরবধ মহাপাপ ঘুনিব সংসারে
 তেই এতক্ষণ রক্ষা পাও বারে বারে ।
 শুনহ সম্মম-চিত্তে আমার উত্তর
 এই হিমা-নদী আছে ধবল-শিখর ।
 এই জল শুখাও শুনহ ধনস্তুরি
 পুনরপি পুরিব সলিলপূর্ণ করি ।
 প্রতিজ্ঞা করিল হুহে করিতে বিবাদ
 জেই হারে রসাতলে জাব অবিবাদ ।
 ধনস্তুরি প্রতি সঙ্ক কহে বিচ্যমান
 যদি হারো শিষ্য সঙ্গে পাতালে পয়ান ।
 আমি যদি হারি দৃঢ় কহি সন্নিধান
 মোর কণ্ঠা কমলা তোমায়ে দিব দান ।



Dhanvantari meeting Sankha. Circa 100 A.D.
(Archaeological Survey of India Annual Report 1921-22)

পাতালে জাইব আর পুত্র-নারী লৈয়া
 প্রতিজ্ঞা করিলা দুহে হরষিত হৈয়া ।
 সত্য কৈলা দুইজনে সাক্ষী সর্বজন
 জেই হারে সেই জাব পাতাল ভুবন ।
 দেখিতে আইল লোক হরিষ আপার
 দুই ওবা বৈসে ছেন অগ্নি অবতার ।
 লোক ধর্ম চন্দ্র সূর্য্য দুহে সাক্ষি করি ।
 সঙ্ক বলে সলিল শুখাও ধনুস্তুরি ।
 ইহা শুনি ধনুস্তুরি এড়ে শুকবাণ
 শুখাইল নদী ত্রাস পাএ সর্বজন ।
 জলজন্তু জত ছিল সকলি মরিল
 নদী দেখি মহসঙ্ক সবিস্ময় হৈল ।
 জীবসঞ্চারণ-বাণ এড়ে সঙ্ক-রায়
 মহাজ্ঞানে ধনুস্তুরি কাটিয়া ফেলায় ।
 নাহি জীল জলজন্তু সঙ্ক চমকিত
 জল পুরাইতে বিছা ক্লেপিল তুরিত ।
 অগ্নি-বাণ ধনুস্তুরি এড়ে নিরন্তর
 কাটিল সঙ্কের বিছা না পুরিল জল ।
 ধনুস্তুরি বলে সতে কর অবধান
 পরাজয় মহাসঙ্ক দেখ বিচুমান ।
 নিজ কণ্ঠা দান মোরে কর কুতুহলে
 স্ত্রীপুত্র লইয়া তুমি জাও রসাতলে ।
 সঙ্ক বলে ধনুস্তুরি হিমা-নদী পুর
 তবে কণ্ঠাদান দিয়া জাইব সঙ্কর ।
 শুনি ধনুস্তুরি মনে জপে মহাজ্ঞান
 সলিলে পুরিল মহী দেখে সর্বজন ।
 পরাজয় পাইল সঙ্ক জিনে ধনুস্তুরি
 কণ্ঠা বিভা দিয়া সঙ্ক গেল নাগপুরী ।
 সঙ্ক জিনি সঙ্ক নাম ধরে ধনুস্তুরি
 পরাভব করি সঙ্কে আছে সেই পুরী ।
 সেই সঙ্ক-ধনুস্তুরি আন নৃপবর
 নিমিষে নাথরা বন জিয়াইবে সঙ্কর ।
 এতেক শুনিয়া রাজা হৈল হরষিত
 গোকুড়ি আনিতে দূত পাঠায় স্বরিত ।

সঙ্কর গমনে দূত ধায় ছুরাতুরি
 উপনীত হৈল যথা সঙ্ক-ধনুস্তুরি ।
 হিমা-নদী তীরে সঙ্ক শিষ্যগণ লৈয়া
 নানা রস-কুতুহলে আছে ছষ্ট হৈয়া ।
 হেনকালে দূত গিয়া কহে সমাচার
 অবধান কর ওবা শুন সারোদ্ধার ।
 চম্পক-নগরে বৈসে চাঁদো নরপতি
 তাঁহার আদেশে তুমি চল শীঘ্রগতি ।
 দূতমুখে ধনুস্তুরি শুনি বিবরণ
 অবিলম্বে শিষ্য সঙ্গে করিল গমন ।
 উপনীত হৈল সবে চম্পক-নগর
 রাজসভা করি বৈসে চাঁদো দণ্ডধর ।
 সম্মুখে উঠিয়া রাজা পাত্রমিত্রগণ
 ধনুস্তুরি আহ্বান করিল ততক্ষণ ।
 কহিতে লাগিল রাজা ওবার গোচরে
 তব সম ওবা নাহি ছুবন ভিতরে ।
 মোর ভাগ্যে তুমি আসি হৈলা অধিষ্ঠান
 মনসার জত কথা কহে বিচুমান ।
 বিচিত্র নাথরা বন প্রাণের সমান
 তাহা বিনাশিয়া হরি লৈল মহাজ্ঞান ।
 জ্ঞানহত শোকাকুলি আছিহু শয়নে
 দেখিহু কুচ্ছিত স্বপ্ন মহাভয় মনে ।
 নাগরূপা কণ্ঠা এক বসিয়া শিয়রে
 প্রচুর ভুজঙ্গ সঙ্গে অতি ভয়ঙ্করে ।
 অধিক বাড়িল ত্রাস হইহু মুর্ছিত
 ইহার উপায় ওবা করহ তুরিত ।
 প্রাণতুল্য নাথরা জিয়ায়্যা দেহ মোরে
 তবে সে হইব স্বাস্থি মোর কলেবরে ।
 এতেক শুনিয়া সঙ্ক করএ গরিমা
 জিয়াইব নাথরা বন ভয় নাহি তোমা ।
 কোথাএ সুরম্য বন দেখাও আমারে
 মহাদণ্ডরস্ত্র ওবা করে অহঙ্কারে ।
 সঙ্ক লৈয়া গেল চাঁদো নাথরা কাননে
 দেখি সঙ্ক মহাজ্ঞান জপে মনে মনে ।

আচ্ছাদিল জয়নেত কানন উপরে
 নিমিষে নাথরা বন জিয়াইল সত্বরে
 নাথরা দেখিয়া টাঁদো মহা আনন্দিত
 বহুত সম্মান সঙ্কে করিলা ভূষিত ।
 একশত শিষ্য সদা সঙ্কের জোগান
 বাঙ্কিয়া ছত্রিশ বানা নাগের ঝাপান ।

তথির উপর চড়ে নাগ-অভরণ
 বিষম শব্দ আর ঢাকের বাঙ্কন ।
 সঙ্কের প্রতাপ জত দেখি মনসায়
 মনে চমকিত হৈলা বিপ্রদাস গায়


২

শ্রীরাগ

এথাকারে বিষহরি বসিয়া সিজুয়া গিরি
 নেতোরে আনিয়া বরাবরি
 সঙ্কের প্রতাপ দেখি অতি সে চিন্তিতমুখি
 নেতোরে কহেন যত্ন করি ।
 হের দেখ ধনস্তুরি অহঙ্কারে দণ্ড করি
 জিয়াইল নাথরা কানন
 নাগ-অভরণ পরি নাগের ঝাপান করি
 মোরে মন্দ বলে কুবচন ।
 বিষম ঢাকের ধ্বনি অতি বিপরীত শুনি
 স্থির নহে মোর কলেবর
 অশেষ প্রকার করি মহাজ্ঞান নিলু হরি
 তমু হরষিত নৃপবর ।
 কোপে জলে বিষহরি দেখি সঙ্কে ধনস্তুরি
 সর্বাঙ্গ কম্পিত থরহরে
 গোর সঙ্গে করে বাদ জীবনের এড়ে সাধ
 যমের সম্বাদ হৈল তারে ।
 কোপে ভর করি রথে চলিলা পবন-পথে
 উপনীত চম্পক-নগরে
 হেনকালে ধনস্তুরি শিষ্যগণ সঙ্গে করি
 ভ্রমে ওঝা হরিষ-অস্তুরে ।
 কি কব প্রতাপ জত নাগ দেখে তৃণাবত
 গণ্ডুষ করিয়া পিএ বিষ
 ছয় মাসের মৃত পায় নিমিষে জিয়াইয়া দেয়
 তিলেক না করে বিমরিষ ।



'Jhāmpān' Ceremony at Burdwan (1951)
Photo: Mr. Gauriprasad Aich



'Jhāmpān' Ceremony at Burdwan (1951)
Photo: Mr. Gauriprasid Aich

নাগের ঝাপানে চড়ে শিরে জয়নেত উড়ে
 বাদখাড়ু করেছে ভূষণ
 মহাবুদ্ধি বিচক্ষণ নিরবধি হৃষ্টমন
 শত শিষ্য সহিত সাজন ।
 স্বর্ণজ্যোতি কলেবর রূপে গুণে বিভাধর
 মানারত্নে সর্বত্র উজ্জ্বল
 নিশিদিসি কুতূহলে নগর ভ্রমিয়া বুলে
 চৌদিকে বেষ্টিত শিষ্যদল ।
 তাহা দেখি বিবহরি হৃদয়ে বিস্ময় করি
 সিজুরা শিখরে উপনীত
 নেতো আনি বামপাশে নিগদে করুণ ভাষে
 দ্বিজ বিপ্রদাস বিরচিত ॥

৩

রাগ ইমন

নেতো প্রতি বিষাদে নিগদে বিবহরি
 কোথা হৈতে আইল ওঝা নাম ধ্বস্তুরি ।
 নাথরা জিয়ায়্যা কত ধরে অহঙ্কার
 তার বলে চাঁদো মন্দ বলে অনিবার ।
 বিষম ঝাপান ঢাকি শিষ্য একশত
 নর হৈয়া মন্দ বলে প্রাণে সহে কত ।
 আশ্চর্যিতে ধ্বস্তুরি মরিবারে সাদ
 আছুক চাঁদোর কার্য্য সঙ্ক সনে বাদ ।

কেমনে বধিব সঙ্ক বলহ উপায়
 নেতো বলে অবধান কর মনসায় ।
 মায়া পাতি স্তবেশা মালিনী রূপ হৈয়া
 বিবিধ স্তগন্ধি পুষ্প পসার সাজিয়া ।
 কালকুট গরল দারুণ হলাহল
 ভেদাভেদ মহাবিষ আনহ সকল ।
 পুষ্পেতে ভরিয়া বিষ জাও তার পুরী
 সেই বিনজালে জেন মরে ধ্বস্তুরি ।
 নেতোর বচন শুনি অস্তিক-জননী
 দ্বিজ বিপ্রদাস বলে হবেন মালিনী ॥

৪

ধানসী রাগ

চাঁচর প্রচুর কেশ চামর জিনিয়া বেশ
 বিচিত্র কবরী বাঞ্ছে তথি
 পুষ্পমালা শোভে শিরে জেন নীল গিরিবরে
 অভিনব বহে ভাগীরথী ।

কুসুম সকলে অলি কুটিল অলকাবলী
 তেনমতে উপরে উদয়

সীমন্তে উজ্জল ফোটা সুচারু সিন্দূর ছটা
 জেন রবি বালক-সময় ।

যাত্রা কৈলা বিনহরি তেজিয়া সিজুয়া গিরি
 শিরে লৈয়া পুষ্পের পসার

ধরিয়া মালিনী-বেশ মর্তপুরে পরবেশ
 বধিতে গারুড়ি ছুরাচার ।

পারিজাত জিনি আভা অধর সুরঙ্গ-শোভা
 মুক্কা জিনি দশন উজ্জল

অরুণ-অমুজ জুতি নাসিকা বিলোল অতি
 শ্রুতিমূলে মকরকুণ্ডল ।

ভরলা চঞ্চলা ঠানে কটাক্ষে মদন হানে
 কঙ্কলে উজ্জল অতিশয়

কণ্ঠে নানা রত্নমাল সর্বাঙ্গে চন্দন ভাল
 বিচিত্র করুণ শঙ্খ বায় ।

অতি খিনি মাঝাখানি পরিয়া বিচিত্র খনি
 চলিতে হেলিয়া পড়ে বায়

নিতম্ব আরম্ভ দস্ত ... উরু গুরু রম্ভাস্তম্ব
 কিঙ্কণীর ধ্বনি অতিশয় ।

পসার করিয়া মাথে জায় পদ্মা রাজপথে
 দেখি লোক হইল মুর্ছিত

মায়ায় সুবেশ ধরি চলি জায় বিষহরি
 দ্বিজ বিপ্রদাস বিরচিত ॥

৫

সুঙ্গ

কালকূট গরল সকল পুষ্পে দিয়া
 ভেদ-অভেদ বিষ পসার রচিয়া ।
 প্রবেশি সঙ্কর পুরী সানন্দিত মনে
 প্রকারে সঙ্কর জত বধে পুরীজনে ।

কুসুমের সঙ্গীরণ জত দূরে জায়
 তরুলতা ভস্ম হৈয়া উড়িয়া পলায় ।
 মনসার মায়া-কার্য্য বিবাদ-কারণ
 সংসার এড়িয়া বধে ধনস্তুরিগণ ।
 ভ্রমিলা সকল রাজ্য চম্পক-নগরী
 সঙ্কর উদ্दिশে জায় রাজ-অস্তঃপুরী ।

হেনকালে শিষ্যগণ ভ্রমে কুতূহলে
 দেখিয়া প্রবীণ তরু বৈসে তার তলে ।
 সেইখানে পদ্মাবতী হৈলা উপনীত
 পসার ওলাএ তথা বৈসে হরষিত ।
 দেবীর স্ববেশ দেখি মোহে সর্বজন
 জিজ্ঞাসা করএ সভে কারণ-বচন ।
 কোন জাতি কোথা ঘর কিসের পসার
 একাকিনী এইরূপে কোথা আগুসার ।
 হাসিয়া মনসা বলে মায়ার বচন
 চিরকাল করি ঘর নগর কাঞ্চন ।
 হই তো মাল্যানি এই পুষ্পের পসার
 বিচিবারে কুসুম আমার অনুসার ।
 তবে সর্বজন বলে শুনহ মাল্যানি
 মূল্য বল কেমন তোমার পুষ্প কিনি ।

শুনিয়া মনসা বলে তাবিয়া অন্তরে
 সঙ্কর বিবাদে পাছে এই সব মরে ।
 কপট প্রবন্ধে বলে ওলায়্যা চূপড়ি
 পণেকের ফুল বলে চারি পণ কড়ি ।
 শুনিয়া বলয়ে সবে কপট মাল্যানি
 এমত পুষ্পের মূল্য কতু নাহি শুনি ।
 হরিষে মনসা তবে পসার তুলিয়া
 চলিলা সঙ্কর পুরী আনন্দিত হৈয়া ।
 কথো দূরে দেখি গিয়া দিব্য সরোবর
 পসার ওলায়্যা তথা বসিলা সত্বর ।
 দ্বিজ বিপ্রদাস কবি পদ্মা-গুণ গায়
 ভকতজনেরে দেবী হইবে সদয় ॥

৬

কামদ রাগ

বিচিত্র সরোবর অতি সে মনোহর
 সুরম্য তরুবর-তলে
 মনসা মাথা হৈতে পসার ওলাইতে
 শতক শিষ্য হেনকালে ।
 চাঁদোর বিসম্বাদে তথাএ অনুরোধে
 বসিলা স্তখে বিবহরি
 কুসুমে বিষ দিয়া পসার বিরচিয়া
 বধিতে সঙ্ক ধনস্তুরি ।
 শতক শিষ্যগণ মদন রূপে জেন
 বদন পূর্ণ শশধর
 কেজুর হার সাজে নূপুর পদে বাজে
 সর্বাঙ্গে নানা অলকার ।
 জিনিয়া স্বর্ণজ্যোতি শরীর দিব্যভাতি
 প্রবেশ সরোবর-তীরে
 মনসা-রূপ দেখি সকলে কৌতুকী
 নেহালে প্রমোদশরীরে ।

মনসা বিজয়

মনসা মনে গুণি এই যে সঙ্ক মুনি
 জানিহু সত্য আন নহে
 বধিয়া ধন্বন্তরি জাইব নিজ পুরী
 পুজিব চাঁদো মহাশএ ।

সঙ্কর শিষ্য জত কুমুম মূলায়ত
 গুন গো মালিনী ধনি
 কিনিব পুষ্প তব কতেক কড়ি দিব
 স্বরূপ বল স্বেদনী ।

লজ্জিত মনসায় কাণ্ডার মূল্য কয়
 গুনিয়া কোপে স্কুমার
 সকলে যুক্তি করি মালিনী একেশ্বরী
 লুটিব পুষ্পের পসার ।

কুবুদ্ধি শিষ্য পায় লুটিয়া পুষ্প লয়
 হাসেন শ্রী মনসায়
 ভাবিয়া বিষহরি চরণ হৃদে করি
 বিপ্রদাস সবিনয় ॥

৭

শ্রীরাগ

শতেক কুমার চলে মনসা পসার তোলে
 অন্তরীক্ষে রহিলা সঙ্কর
 হেনকালে ধন্বন্তরি ধনা মনা সঙ্গে করি
 আইসে ওঝা ভ্রমিতে নগর ।

তাহা দেখি বিষহরি হৃদয়ে বিশ্বয় করি
 মায়া পাতি রহিলা ত্রিপথে
 নানা মায়ারূপ ধরি কপট ক্রন্দন করি
 নিবেদিল সঙ্কর অগ্রেতে ।

নিগদন্তি মায়ার প্রকার
 কি আর কহিব কথা কোনো ধর্ম নাহি এথা
 দেখিহু বড়ই হুরাচার ।

লোক মুখে শুনি বাণী চম্পক-নগর ধনি
আইলু তেঞি নানা দুঃখ পাইয়া
সরোবর-তীর দেখি মনেতে হইলু স্থখী
পসার এড়িলু বিরচিয়া ।

আসিয়া শতেক জন বলে মোরে কুবচন
লুটিলেক পুষ্পের পসার
তারা একশত মেলি আমি ত একলা নারী
ভাগ্যে জাতি রহিল আমার ।

দেবীর কপট গায়া ধনস্তুরি না বুঝিয়া
আশ্বাসিয়া বলএ গারুড়ি
জবে এত দোষ হয় আমি ফল দিব তায়
প্রবোধ করিয়া দিব কড়ি ।

সাত্বনা করিয়া জায় অস্তরীক্ষ দেবী হয়
প্রবেশিল সরোবর-তীরে
শতেক কুমার মৃত দেখি অতি সবিস্মিত
ক্রোধ হৈল ওয়ার শরীরে ।

বলে ওয়া গুণগণি ছলিয়া পলাইল কানি
বদিয়া শতেক শিষ্যগণ
বিবাদ করিতে আইল পলাইয়া কেন গেল
শিষ্যগণ বধে কি কারণ ।

শিরে জয়নেত ছিল তুরিতে বাড়ায়া দিল
ধনা মনা ধরে দুই পাশ
শতেক কুমার জীল মনসা তরাস পাইল
সুকবি রচিল বিপ্রদাস ॥

৮

পয়ার

শিষ্যগণ দেখিয়া জিজ্ঞাসে ধনস্তুরি
কর-জোড়ে বলে তারা গুরু বরাবরি ।
আইল মালিনী পুষ্প রচিয়া পসার
কিনিবার হেতু পুষ্প মুলাইলু তার ।

কাণ্ডার অসংখ্য মূল্য বলিল আপার
অনুমান করি সতে লুটিলু পসার ।
সেই পুষ্প পরিয়া ঢলিল সর্বজন
নিশ্চয় জানিল ওয়া বিষের কারণ ।
চাঁদোরাজা স্থানে গিয়া দিলা দরশন
কহিলা পদ্মার কথা জতেক কারণ ।

বিষ দিয়া বধিলেক জতেক কুমারে
 ঢলিয়া পড়িয়া ছিল সরোবর-তীরে ।
 জিয়াইলু নিমিখে নেতের পরশনে
 পলাইয়া গেল কানি ভয় পায়্যা মনে ।
 শুনি কোপে ধর ধর ডাকে নুপমণি
 কোথা জায় তুরিতে ধরিয়া দেহ কানি
 চারি ভিতে ঠাট পাচে মাঝে ভূমণ্ডল
 পাত্র মিত্র বলে রাজা নহিয় চঞ্চল ।
 রথে ভর করি গেলা মনসাকুমারী
 কেমতে তাহার লাগ পাবে অধিকারী ।
 এথায় মনসা গেলা আপনার স্থানে
 কহিলা সকল কথা নেতো বিগ্ৰহানে ।
 বধিলু শতেক শিশু পুষ্পে বিষ দিয়া
 নিমিষেতে ধনস্তুরি জিয়ায় আসিয়া ।

দুষ্ট নষ্ট কটু ভাষা বৈল অবিচারে
 ধনস্তুরি বধিব কেমন পরকারে ।
 নেতো বলে পদ্মাবতী স্তনহ বচন
 না করহ হুঃখ চিন্তা স্থির কর মন ।
 গোয়ালিনী রূপ ধর নামেতে কমলা
 সঙ্কর রমণী সঙ্গে পাতহ সহেলা ।
 খুড়ি রূপ হৈয়া আমি লইব পসারে
 মহাজ্ঞান হরি সঙ্কে বধহ প্রকারে ।
 পদ্মাবতী হরষিত জানি বিবরণ
 গোয়ালিনী রূপ ধরে জগৎ-মোহন ।
 ত্রৈলোক্য-মোহন রূপ ধরে মনসাএ
 দ্বিজ বিপ্রদাস বলে মনসার পাএ ॥

৯

সিন্ধুড়া রাগ

মস্থল কমল চরণ শীতল
 কোমল সুন্দর অতি
 স্তবর্ণ পাসুলি শোভয়ে অঙ্গুলি
 কি দিব তুলনা তথি ।
 মুখর মঞ্জীর নিনাদ গভীর
 রুহুঝু ঘন বাজে
 জিনি রস্তাতরু উরুযুগ চারু
 নিবিড় নিতম্ব সাজে ।
 করি-ঐরি জিনি অতি মাঝা ধিনি
 মন্দ বাতে পড়ে হেলি
 বর্তুল আকার স্থল পরোধর
 কনক কমল-কলি ।
 মৃগাল অখণ্ড জিনি ভুজদণ্ড
 অঙ্গুলি সুন্দর ভাতি
 তাহে পরিপাটী করণ বাহটী
 গুজরা পইছা পাতি ।

মকরকুণ্ডল কর্ণে ঝলমল
জলন্ত আগুনি সম
দেবী বিবহরি মায়াৰূপ ধরি
নেতো সঙ্গে অশুপাম ।
নেতোঁর মস্তকে পসার কৌতুকে
আগে চলে পদ্মাবতী
পড়ি ভবদহে বিপ্রদাস কহে
অস্তে পদ্মা-পদ গতি ॥

১০

রাগ বেহাগ

তেজিয়া সিঁজুয়া গিরি নেতো পদ্মাবতী
মর্তপূরে দরশন দিলা শীঘ্রগতি ।
পাছে নেতো আগে চলে মনসাকুমারী
ভ্রমিতে ভ্রমিতে রঙ্গে নগর আওয়ারি ।
চম্পক-নগর দুহে হৈলা উপনীত
সকল নগর ভ্রমে অতি হরমিত ।
জথায় সঙ্কের পুরী কমলা স্তন্দরী
দধি দুগ্ধ কে লইবে ডাকে উচ্চ করি ।
বচন অমৃতকণা কোকিলের ধ্বনি
শুনিয়া সজ্জমে ধাএ কমলা রমণী ।
দেখিয়া পদ্মার রূপ মুর্ছিত হইয়া
নিরঙ্কিয়া একমনে দেখে দাঁড়াইয়া ।
দ্রুবিদ কমলা ধনি হরিল গেয়ান
হাসিয়া মনসা কিছু কহে সন্নিধান ।
দধি মূল্য না কর দাঁড়াইলা কি কারণ
নিবা বা না নিবা এক বলহ বচন ।
কমলা বলেন তের শুন গোয়ালিনী
উচিত দধির মূল্য বল কত শুনি ।
মায়া পাতি বলে দেবী অস্তিক-জননী
পঞ্চাশ কাহন কড়ি মোর দধিখানি ।

ঈবত হাসিয়া বলে সঙ্কের রমণী
এমত দধির মূল্য কভু নাহি শুনি ।
না নিব তোমার দধি ভ্রম মায়াবেশে
দধি-ছলে ভ্রম কিবা রতির হাব্যাসে ।
বুঝিছু চরিত্র তব চল লো রূপসী
দধি-ছলে মায়াবেশে নগর ভ্রমসি ।
হইয়া আহিরি তোর কুলটা বেভার
অত্র স্থানে হৈলে তোর লোটএ পসার ।
অসম্ভব হেন বাক্য কহসি রমণী
নারিব কিনিতে দধি চল স্তবদনী ।
শুনি মায়া পাতি দেবী বলে অহঙ্কারে
আপনা চিনিয়া মন্দ না বলহ মোরে ।
যদবধি ধনস্তরি আছেয়ে নগরে
কে মোর পসার এথা লুড়িবারে পারে ।
শুনিয়া কমলা ধনি হাসিয়া বিকল
আনার প্রভুর গর্ব করসি সকল ।
তবে কেন গোয়ালিনী কর অহঙ্কার
মায়া পাতি পদ্মাবতী বলে পুনর্বার ।
আমি ত না জানি তুমি সঙ্কের রমণী
অহঙ্কার কৈলু দোষ ক্ষেম স্তবদনী ।
দধি লহ স্তখে তুমি প্রসন্নবদনে
দেহ বা না দেহ কড়ি জেবা লয় মনে ।

হাসিয়া কমলা তারে জিজ্ঞাসে বারতা
 কি নাম কাহার স্মৃতা নিবসহ কোথা ।
 মনসা বলেন হাসি মায়ার প্রকার
 মহেশ্বর ঘোষ নাম জনক আমার ।
 কমলা আমার নাম গৌরী জননী
 এই ত আমার খুড়ি বৃদ্ধ গোয়ালিনী ।
 নিজ নাম কমলা শুনিয়া কুতূহলে
 সহি সহি বলিয়া মনসা কৈল কোলে ।

সহেলা করিব ছুহে সানন্দ বদনে
 নানা দ্রব্য আনিয়া আনিল আইয়গণে ।
 নানা দ্রব্য গন্ধপুষ্প আনিল কমলা
 পরম সানন্দে ছুহে করিল সহেলা ।
 আপদ সঞ্চার কৈল কমলা রমণী
 নিশ্চয় জানিহ মৈল ওঝা গুণমণি ।
 কাল সম বৈসে দেবী সঙ্কর মন্দিরে
 দ্বিজ বিপ্রদাস বলে মনসার বরে ॥

১১

ধানসী রাগ

দিয়া নানা দ্রব্য ভূষি আইয় সর্ব
 ছুই সহি ছুট বৈসে
 হেনকালে ওঝা পাঠাইয়া রাজা
 নিজ পুরী পরবেশে ।
 কটাক্ষ নয়নে কামবাণ হানে
 ভেদিলেক ধনসুরি
 কাতর হইয়া পুছে নিজ জায়া
 মন্দিরে কাহার নারী ।
 কহে গুণমণি গুন প্রাণধনি
 বাক্য সম্বোধহ মোএ
 ঘরে কার নারী অতি সে স্নানরী
 কি জাতি বৈসে কোথায় ।
 চাচর চিকুর জিনিয়া চামর
 প্রবন্ধন নানা ছান্দে
 বকুল মালতী নানা পুষ্প তণি
 ধারে মধুকর গন্ধে ।
 কামধনু জেন ভুরু-যুগ তেন
 কটাক্ষে বিক্ষিপ শর
 আমার স্বদর হানে অতিশয়
 কলেবর অরজর ।

সকল জন্ত দেখে	বস্ত্র দিয়া মুখে
হাসি বলে পদ্মাবতী	
নেতো বামপাশে	লুকাইয়া ভাষে
হই আভিরী যুবতী ।	
বৈসি কাঞ্চীগ্রাম	কমলা জে নাম
দধি বিকি আইলু এথা	
পায়্যা তব নারী	রাখি যত্ন করি
সহেলা করিল তথা ।	
অধিক অনঙ্গ	বাড়িল তরঙ্গ
বেয়াকুল ধহস্তরি	
বিপ্রদাস ভণে	পদ্মার চরণে
অবিরত শিরে ধরি ॥	

১২

পদ্মার

শুনিয়া যুবতী-বাক্য সানন্দিত মন
 রক্তন ভোজন হেতু দিল আয়োজন ।
 আজি এথা বঞ্চিতা সানন্দে জাইয় কালি
 শুনিয়া প্রবন্ধ করি বলে পদ্মা বালি ।
 অতি খরতর মোর স্বামী ছুরাচার
 আজি যদি বঞ্চি শাস্তি করিব আমার ।
 সকল বলে কোন কার্যে এত ভয় তব
 দাস-মত তব স্বামী করাইয়া দিব ।
 হেনকালে মনসা করিলা মায়াদৃষ্টি
 আশ্চর্যিতে তথাএ হইল ঝড়বিষ্টি ।
 মন্দিরে জাইতে পদ্মা করে অজুমান
 আসিয়া কমলা তাঁরে কহে সন্ধিধান ।
 সহোয়ার হাব্যাস যদি বাড়ে তব মনে
 রঙ্গে নিশি বঞ্চিহ আমার স্বামী সনে ।
 মায়া পাতি কৈল দেবী রক্তন ভোজন
 দিবা গত রক্তনী হইল পস্তাসন ।

কমলা সুন্দরী ঘরে করিল রক্তন
 আনন্দে সকল পুরী করিল ভোজন ।
 গমন করিল ওঝা শয়নমন্দিরে
 শয়ন করিল দিব্য শয্যার উপরে ।
 সহির জতেক রূপ ভাবিতে হৃদয়ে
 মদনে পীড়িত হৈল কামে প্রাণ দহে ।
 ওথাএ কমলা পদ্মা বসি হুইজন
 হরসিতে পূগপূর্ণ করএ ভক্ষণ ।
 পদ্মা বলে শুন সহি করি পরিহার
 তব স্বামী হেন ওঝা নাহিক সংসার ।
 শুন শুন আগো সহি করহ প্রসাদ
 শিথিব তোমার বিজ্ঞা মনে বড় সাদ ।
 প্রাণের সমান তুমি সএয়ার বনিতা
 তজ্জে যজ্জে সর্বশুণে তুমি সাবহিতা ।
 তার কিছু কিছু বিজ্ঞা শিখাও আমারে
 দাসীরূপ হৈয়া সেবা করিব তোমারে ।
 কমলা বলেন আমি কিছুই না জানি
 পদ্মা বলে আলো সহি আমা তাও কেনি ।

বিনয়ে কমলা সত্য করে পদ্য ঠাঞি
 আপন সবদি যদি তোমারে ভাঁড়াই ।
 নাসিকা পরশি পদ্মা বিবাদ বদনে
 তোমা হেন অবুধিনী নাহি ত্রিভুবনে ।
 আমি ত বুঝাই তোমা না করিহ হেলা
 মনসা পাতেন মায়া মোহিত কমলা ।
 গুন গুন আরে সহি বুঝাই তোমাকে
 শিখিহ সন্ন্যাস বিষ্ঠা জতন-পূর্বকে ।
 কাল সর্প লইয়া সগা ভ্রমে সর্বকণ
 অবশ্ত সখার আছে আপদ-লক্ষণ ।
 শিষ্যবর্গ দেখে জত সম্পদ-সময়
 আপদ পড়িলে সহি কেহ কারো নয় ।
 আপনি জানিলে হএ প্রথমে নিস্তার
 জতন-পূর্বকে তোমা বুঝাই প্রকার ।
 কোন সর্পে খাইলে হএ সন্ন্যাস মরণ
 কোন স্থানে খাইলে কোন ঔষধ তারণ ।
 জতন করিয়া সহি শিখিহ সকল
 এত সব মর্মকথা তোমারে কুশল ।
 কমলা রমণী তবে হরবিত হৈল
 প্রভুর মন্দিরে জাইতে নানা বেশ কৈল ।
 বিচিত্র বসন রামা কৈল পরিধান
 নানারত্ন অলঙ্কার অঙ্গে দীপ্তমান ।
 কপূর ভাঙ্গুল আদি পুরিয়া বদনে
 চলিল প্রভুর পাশে হরবিত মনে ।
 খট্টায় বসিল রামা ঈষত হাসিয়া
 সেই ঘরে গেলা পদ্মা অন্তরীক হৈয়া ।
 দম্পত্য আনন্দ দেখি ভাবিল বিধান
 মনসা হানিল সঙ্কে মদনের বাণ ।
 কামে হতজ্ঞান সঙ্কে কমলারে বলে
 আইস প্রিয়ে রতিমুখ তুঞ্জি কুহুহলে ।

মনসা কুবুদ্ধি লৈয়া দিলা হেনকালে
 বিধির নির্বন্ধ আসি ঘটে সেই কালে ।
 বুঝাইল পদ্মা জত কমলার প্রতি
 প্রভু চাহি কহে রামা গদগদ স্তুতি ।
 স্থির হও মহাশয় গুনহ উত্তর
 এক নিবেদন করি তোমার গোচর ।
 তুমি ওঝা গুণবন্ত বিদিত সংসারে
 বহু গুণ আছে প্রভু তোমার শরীরে ।
 তার কিছু কিছু বিষ্ঠা শিখাও আমাকে
 গুন প্রভু গুণমণি বুঝাই তোমাকে ।
 আর এক কথা প্রভু জানিহ নিশ্চয়
 আপদে বনিতা বিনা নাহিক সহায় ।
 কোন সর্পে খাইলে হয়ে তোমার মরণ
 কোন স্থানে খাইলে কিবা ঔষধ তারণ ।
 শিষ্যগণ দেখে জত সম্পদ-সময়
 আপদ পড়িলে প্রভু কেহ কারো নয় ।
 ধর্মস্তুরি বলে তব কুবুদ্ধি সঞ্চার
 এত সব মর্মকথা কি দায় তোমার ।
 রাজস্থানে পুরাণে গুনিল জথা তথা
 কদাচিত না কহিব স্ত্রীরে মর্মকথা ।
 গুনি সঙ্কে গঞ্জিয়া কমলা বলে বাণী
 একই শরীরে ভেদ কোথাও না জানি ।
 যদি বা দম্পত্য-ভেদ পিরিত্তি তোমার
 তবে কিবা রতিমুখ পিরিত্তি আমার ।
 গুনি অধমুখ সঙ্কে ভাবি মনে মনে
 সঙ্কেরে কুবুদ্ধি পদ্মা দিলা ততক্ষণে ।
 কামবাণে বুদ্ধিহত সঙ্কের হৃদয়
 আপনার মর্মকথা কমলারে কর ।
 দৈব লাগিল সঙ্কে আপদ-লক্ষণ
 পদ্মা-পদে বিজ্ঞ বিপ্রদাস বিয়চন ॥

মর্ম কহে সঙ্ক-রায় কুবুদ্ধি সঞ্চারে তার
 শুন প্রিয়া আমার বচন
 প্রাণের অধিক তুমি সেই তত্ত্ব কহি আমি
 মন দিয়া শুনহ কারণ ।
 জয়নেত সিদ্ধিঝুলি যদি হরে পদ্মা বালি
 উদয়কাল খায় বক্ষস্থলে
 আপনি মনসা যদি তার হানে নিরবধি
 তবে ওঝা ধনস্তরি ঢলে ।
 হরি হরি কুবুদ্ধি পাইল ধনস্তরি
 মনের মরম-বাণী নারীরে কহিল জানি
 শুনিয়া হাসেন বিষহরি ।
 আছে তার প্রতিকার শুন মো বিশেষ তার
 ঔষধের শুন মো অবধি
 ধনা মনা জায় খায়্যা গঙ্কমাদনে গিয়া
 সালিবিসালি আনে যদি ।
 সমুদ্রের ফেনা আর ঘা-মুখে দিবেক মোর
 তবে রক্ষা করিব গোসাঞি
 না পাএ ঔষধসিদ্ধি ব্রহ্মা বিষ্ণু আইসে যদি
 তবু মোর প্রাণরক্ষা নাই ।
 না শুনিহ যত্ন করি শুনে পাছে বিষহরি
 তবে আমি হারাব জীবন
 শুনিয়া সঙ্কের কথা হাসেন হরের স্তুতা
 দ্বিজ বিপ্রদাস সুরচন ॥

ছলিয়া পিরিতি রতি দম্পত্য-রমণ
 জেন রতি কামদেব মিলিল সঘন ।
 ওঝার মনসা নেতো ভাবিয়া বিশেষে
 চিন্তিয়া উদয়কাল আনিলা নিমিষে ।

কোলে নাগ লৈয়া দেবী বুঝান প্রকার
 সঙ্কের প্রতাপে চাঁদো করে অহঙ্কার ।
 সদাই নিন্দিত গালি পাড়এ আমারে
 কতক সহিব প্রাণে শুন নাগবরে ।
 সঙ্কের ললাটে আছে এমন লিখন
 বক্ষস্থলে তুমি খাইলে হরে ত মরণ ।

সক মৈলে চাঁদো-রাজার পূজা লৈতে পারি
 তুরিত দংশিরা মোরে দেহ ধ্বস্তরি ।
 নাগ বলে আমি খাইলে হয়ে ত মরণ
 কোন কর্ম এই সঙ্কে বধিব এখন ।
 কালনিজ্ঞা জায় সঙ্ক নিশ্চিন্দ শরীরে
 পূর্ণিমার চন্দ্র জেন উদয়শিখরে ।
 সঙ্কের মন্দিরে নাগ গেল হেন কালে
 শিয়রে বসিয়া নাগ বদন নেহালে ।
 দেখিয়া ব্যথিত নাগ ছুঃখ ভাবে মনে
 হেন রূপগুণ ওঝা বধিব কেমনে ।
 আজি হৈতে সঙ্কের হইল শূণ্ড পুরী
 কেমনে জীবক প্রিয়ে কমলা সুন্দরী ।
 ভাবিতে চিন্তিতে ছুঃখ মুখে নাহি রা
 কেমন প্রকারে দিব দশনের ঘা ।

নাগেরে বাড়িল কোপ অস্তীক-জননী
 আশ্চরিতে হৈল তথা অন্তরীক-বাণী ।
 মোর নিন্দা করে সক অই পাপমতি
 ঝাট বধ কর কেন করহ মমতি ।
 শুনিয়া সভয় নাগ হৈল ক্রোধমুখি
 লোক ধর্ম চন্দ্র সূর্য্য সতে হইয় সাক্ষি ।
 অহঙ্কারে আমার ঈশ্বরী নিন্দা করে
 মোর দোষ নাহি ওঝা আত্মদণ্ডে মরে ।
 নির্ঘাত কামড় নাগ লইল বক্রস্থলে
 মহাভয় পাইয়া সক সত্বরে গা তোলে ।
 জয়নেত সিদ্ধিঝুলি উদয়কাল লৈয়া
 চলিল মনসা সঙ্কে দারুণ ভারিয়া ।
 জয়নেত সিদ্ধিঝুলি চাহিয়া না পায়
 মৃত্যু উপসন্ন সঙ্ক জানিল নিশ্চয় ।
 দারুণ হতাশে সঙ্ক ছাড়িল নিশ্বাস
 মনসামঙ্গল গীত বলে বিপ্রদাস ॥

১৫

কৌ রাগ

দংশি ওঝা ধ্বস্তরি পবনেতে ভর করি
 ঝাটো নাগ করিল গমনে
 হৃদয়ে বেদনা পায়্যা অতিশয় ত্রাস হৈয়া
 বৈসে ওঝা গরুড়-আসনে ।
 প্রাণেতে নৈরাশ হৈয়া চিয়াএ প্রাণের জায়া
 নিজ্ঞাভঙ্গ করাএ চেতন
 চিয় চিয় সুবদনী প্রমাদ-লক্ষণ জানি
 দৈবযোগে হারাহু জীবন ।
 চিয় চিয় কমলা রমণী
 মোর কর্মে দৈবফলে দংশিল উদয়কালে
 আজি সে মরণ হৈল জানি ।
 মোরে বিড়ম্বিল বিধি হরিল সকল বুদ্ধি
 মহাজ্ঞান কহিল তোমারে
 গোয়ালিনী রূপ ধরি যারা পাতি বিবহরি
 মোরে বধ করিল প্রকারে ।

অমনেত সিদ্ধিখুলি তাহা লৈয়া গেল ছলি
 দংশিলেক নাগ উদয়কালে
 ভারিলেক মনসা এ এই বিষ জলে গার
 সহিতে না পারি বিষজালে ।

তখনি জানিহু চিতে নিবেধিহু বিধিমতে
 না শুনিলে আমার বচন
 কুবুদ্ধি লাগিল তোরে মনসা আনিয়া ঘরে
 মজাইলা আমার জীবন ।

ডাক ধনা মনা শিষ্য সর্বাঙ্গে ভ্রময়ে বিষ
 বলে সঙ্ক হইয়া কাতর
 গন্ধমাননে গিয়া ঔষধ আনুক ধায়্যা
 তবে রক্ষা পায় প্রাণেশ্বর ।

অনুগত জন ধায়্যা ধনা মনা আন গিয়া
 আইল সকল শিষ্যগণ
 কান্দে ওঝা ধম্মস্তুরি প্রমাদ পড়িল পুরী
 দ্বিজ বিপ্রদাস সুরচন ॥

১৬

পয়ার

কমলা বলএ প্রভু শুন গুণধাম
 নিজ মনে মহাজ্ঞান চিন্ত অবিরাম ।
 খড়্গ ভেদিয়া বিষ গগনশিখরে
 ইজলা পিজলা চিন্ত সমুদ্র ভিতরে ।
 কেনি প্রাণনাথ হেরো আপনা পাসর
 মনপবনেতে জীব পরিচয় কর ।
 চিন্ত সেই স্কন্ধ মুক আ চিন্ত অমল
 নহে ছোট বড় দূত নহে ত কোমল ।
 অহর্নিশ খসে রস কিছুই না টুটে
 কোমল নবনি হেন বজ্র নাহি ফুটে ।
 দশমী ছুরারে প্রভু খসাও কপাট
 আনুক পবন হংস ভ্রমুক স্ববাট ।

নিজ বাটে পুনরপি জাউক স্বস্থান
 জথায়ে কমলে ভূজ করে মধুপান ।
 উজানে উপাস্তে বায়ু বুলো অকুঞ্জে
 চন্দ্রসূর্য্য সমরস হউক এধনে ।
 ভুরু-মধ্যে দৃষ্টিরস হউক নিশ্চয়
 মনসা-চরণে দ্বিজ বিপ্রদাস গায় ॥

১৭

কেদার

সঙ্ক বলে আরে পুত শুন ধনা মনা
 আজি সে মজিল আমি বিধির ঘটনা ।
 মায়্যা পাতি পদ্মাবতী গোয়ালিনী হৈয়া
 কমলা সহেলা কৈল মায়্যার মোহিয়া ।
 মর্মকথা কহিলাম প্রিয়্যার গোচর
 তখনি কহিল গিন্না দেবী বরাবর ।

শুন পুত্র ধনা মনা প্রাণের সোসর
 হেন বিপত্তের কালে প্রাণ রক্ষা কর ।
 গন্ধমাদনে জাও ঔষধ কারণে
 শীঘ্রগতি নড় হুহে পবনগমনে ।
 এইমত আছে মোর ললাটে লিখন
 বক্ষস্থলে উদয়কালে করিব দংশন ।
 আপনি মনসা যদি মহাভার মারি
 জয়নেত সিদ্ধিঝুলি হরে বিষহরি ।
 সেইমত হৈল মোর নাহিক নিস্তার
 ইতিমধ্যে সবে এক আছে প্রতিকার ।
 সাগিবিমালি গাছ ঝাটো আন গিয়া
 প্রাণ রাখ ঘা মুখে দেহ ত বাটিয়া ।
 ধনা মনা বলে গুরু শুন এক বাণী
 কেমন গাছের ফল আমি নাহি জানি ।
 সঙ্ক বলে ঝাটো লও মারিয়া মার্জার
 গাছের পরশে মরা জীবক সত্তর ।
 রজনী থাকিতে পুত্র আসিহ সত্তর
 তবে ঔষধের কার্য করিবক মোর ।
 আর এক কথা পুত্র কর অবগতি
 সত্তরে আনিহ পাছে ছলে পদ্মাবতী
 গুরুকে প্রণাম করি চলে হুই ভাই
 লইলেক মার্জার এক ববিয়া তথাই ।
 গুরুকার্য সাধিবারে শঙ্কা নাই মনে
 উপনীত হৈল হুহে গন্ধমাদনে ।
 ঔষধ চাহিয়া ধনা পাইল বিশেষে
 জীল মৃত মার্জার তাহার পরশে ।
 ঔষধ পাইয়া ধনা বাক্সিল মস্তকে
 রথে ভর করিয়া মনসা তাহা দেখে ।
 নেতোর সহিত পদ্মা কৈলা অহুমান
 ঔষধ হরিতে গেলা ধনা বিগুমান ।
 বৃদ্ধ ব্রাহ্মীর বেশে অস্তিচর্মসার
 বসিয়া কান্দেন মাতা মায়ার প্রকার ।

হেনকালে ঔষধ লইয়া ধনা জায়
 মায়ার মোহিয়া জিজ্ঞাসেন মনসায় ।
 ধনা মনা বলে শুন এ বৃদ্ধ ব্রাহ্মণী
 এত রাতে বসিয়া প্রান্তরে কান্দ কেনি ।
 মনসা বলেন পুত্র শুন দুঃখবাণী
 নিত্য রোজ দিত মোরে ওঝা গুণমণি
 মনসা-বিবাদে তার হইল মরণ
 আজি হইতে পোষণ করিব কোন জন ।
 ধনা মনা বলে শুন এ বৃদ্ধ ব্রাহ্মণী
 কোথায় শুনিলে মৈল ওঝা গুণমণি ।
 মনসা বলেন পুত্র কহি তব ঠাঞি
 সত্তর মরণকালে আছিল তথাই ।
 করিল অগ্নির কার্য দেখিল নদানে
 সেই হেতু কান্দি আমি শুন দুটজনে ।
 ধনা-মনায় কুবুদ্ধি দিলেন মনসায়
 ঔষধ ফেলিয়া তারা কান্দি কান্দি জায় ।
 ঔষধ লইয়া পদ্মা ভর কৈলা রথে
 ধনা মনা উপনীত গুরুর অগ্রেতে ।
 দেখে ধমস্তরি আছে গরুড়-আসনে
 ধনা মনা দেখি সঙ্ক বলে হুটমনে ।
 ঔষধ বাটিয়া দেহ রাখহ জীবন
 তাহা শুনি ধনা মনা করএ ক্রন্দন ।
 কান্দিতে কান্দিতে তারা কহে সব বাণী
 মায়ী পাতি ঔষধ ছলিয়া লৈল কানি ।
 ইহা শুনি ধমস্তরি পরাণে নৈরাশ
 মস্তকে হানিয়া কর কান্দিয়া হতাশ ।
 তবে সঙ্ক বলে শুন অরে ধনা মনা
 সমুদ্রে ঔষধ আছে সমুদ্রের ফেনা ।
 হরিতে ধাইয়া গেল সমুদ্রের তীরে
 ঔষধ পাইয়া তুলি বাক্সিলেক শিরে ।
 পুনরপি মনসা ব্রাহ্মণ রূপ হইয়া
 ধনা-মনা আগে বলে মায়ার মোহিয়া ।

হইলে মোর নিপাতন নাহি দিবা হতাশন
কাটিয়া করিহ অষ্ট ভাগ
অষ্ট দিগে স্থানে স্থানে পুতিহ জে সাবধানে
সঙ্করিতে নারিবেক নাগ ।

নিশি গেলা অস্তাচলে সঙ্কর আসন টলে
বহিছে বদনে ঘন খাস
কম্পিত শরীর অতি হস্ত পসারিয়া ক্ষিতি
জীবনেরে হইল নৈরাশ ।

ব্রহ্মাণ্ড ভেদিল বিষ লোমে লোমে পরবেশ
হস্তপদ অবশ সকল

বিগলিত নাল মুখে ভাসিল সকল বুকে
দুই আখি রাজা উতপল ।

বিষজ্বালে নিরস্তুর কালো হইল কলেবর
ডাকিলে প্রবোধ নাহি সরে

জতেক গুরুর ফল বিশেষ মনসা খল
ঢলে ওঝা উত্তর-শিয়রে ।

কমলা কমলমুখী প্রভুর মরণ দেখি
কান্দে রামা হইয়া হতাশ

পদ্মা-পদপঙ্কজে পুট চাটু করি ভুজে
বিরচিল দ্বিজ বিপ্রদাস ॥

॥ ষষ্ঠম পালা সাজ ॥

সপ্তম পাল্য

১

করণা

প্রসারিয়া বাহু মৃত প্রভু করি কোলে
 পড়িল আকুল শোকসমুদ্রের জলে ।
 দারুণ সস্তাপ মুখ দিয়া পতি-মুখে
 অনিবার অশ্রুপাত আর্তনাদ ডাকে ।
 হরি হরি কমলা হইল নৈরাশ
 কে মোর সংসারস্থখ করিল বিনাশ ।
 বেগ্ন হইয়া চুপ্ দেই বদনমণ্ডল
 মধুযুত কুলে জেন ভ্রমে অলিকুল ।
 কান্দিতে কান্দিতে রামা হইল মোহিত
 মুহূর্তেক রহি পুন পাইল সন্নিহিত ।
 পতিমুখ নিরঙ্কিয়া কান্দে উচ্চস্বরে
 পাপিনী রাখিয়া প্রভু জাও কোথাকারে ।
 তুমি ঐশ্বর্য গুণবস্ত বিদিত সংসার
 তব গুণে সর্বলোক কোতুক আপার ।
 সোনার শরীর তব লোটার ধরণী
 বারেক ছুঃখিনী ডাকে স্তন গুণমণি ।
 হের তব হস্তপদ বিধানে লোটার
 সূর্যের আভূপে জেন মৃগাল শুখায় ।
 তোমার পঞ্চদ্ব হৈল মোর দৈবদোষে
 না জানি বিধাতা কেন মোরে কৈল রোষে
 কি মোর জীবনস্থখ পৃথিবী রহিয়া
 কেমনে ধরিব বুক বন্ধিব কি লইয়া ।
 আনলে প্রবেশি কিবা গরল ভঙ্কিব
 নহে বা সজিলে গিয়া ডুবিয়া মরিব ।
 কান্দিতে কান্দিতে রামা হইল নৈরাশ
 মনসাবিজয়ই বলে দ্বিজ বিপ্রদাস ॥

২

বরাড়ি রাগ

মৃতবস্ত কমলা কান্দিছে অনিবার
 ধনা মনা কান্দে আর শতেক কুমার

ওথা টানো নৃপবর গুনি লোকমুখে
 অন্তরে চিন্তিত রাজা ভাবিত শোকহুঃখে ।
 অনুমান করে রাজা জ্ঞাতি-বন্ধু লইয়া
 সঙ্কের সংকার হেতু আইল ধাইয়া ।
 হেনকালে ধনা মনা বলে দুইজন
 সত্য করাইল গুরু সভা বিগ্ৰমান ।
 পরলোক হইলে শরীর অস্থিমাংস
 অষ্ট দিগে পুথিহ করিয়া অষ্ট অংশ ।
 তবে মনসার নাগ নারিব আসিতে
 ইহা গুনি সর্বজন লাগিল কহিতে ।
 স্তন স্তন ধনা মনা দৃঢ় করি মতি
 জেমত কহিলা সঙ্ক তোমা ছুহা প্রতি ।
 গুরু-আজ্ঞা লভন না কর দুইজন
 কহিল তোমারে এই বিশেষ কারণ ।
 হেন কালে মনসা জানিলা কার্য্যকথা
 ধরিয়া ব্রাহ্মণরূপ উপনীত তথা ।
 দ্বিজ দেখি প্রণাম করিল সর্বজন
 হস্ত তুলি আশীর্বাদ কৈল ততক্ষণ ।
 কহিতে লাগল দ্বিজ সভার অগ্রেতে
 মোর বাক্য স্তন সতে সাবধান চিন্তে ।
 শূদ্রকূলে উৎপত্তি তোমরা সর্বজন
 যবন-আচার কর কিসের কারণ ।
 লোক-ধর্ম নষ্ট কর কিছু না বুঝিয়া
 আমি জেই বৃত্তি বলি স্তন মন দিয়া ।
 হেন কালে ধনা মনা দুই সহোদর
 জোড়-করে কহে দুহে দ্বিজ বরাবর ।
 স্তন স্তন মহাশয় করি নিবেদনে
 সত্য করাইল গুরু লভিব কেমনে ।
 আম ছুহা ডাকি গুরু কৈলা অঙ্গীকার
 অষ্ট ভাগ করি দেহ কাটবা আমার ।
 অষ্ট দিগে পুথিয়া রাখিহ যত্ন করি
 মনসার সর্প তবে না আসিব পুরী ।

ব্রাহ্মণ বলেন হের গুন রে ধনাই
নিশ্চয় গুরুর সত্য লক্ষ্যবारे নাই ।
এক শত শিষ্য তোরা একু ঠাই মেলি
সঙ্কের কাটিয়া লহ কনিষ্ট অঙ্গুলি ।
উত্তর দিগেতে লৈয়া এড়হ পুতিয়া
আর এক যুক্তি মোর গুন মন দিয়া ।
না করিহ দাহন গারুড়ি গুণমণি
কলার মাজসে করি ভাসাও এখনি ।
ভাগ্যে যদি গুণবস্ত পায় ধ্বস্তুরি
জিয়াইব ধ্বস্তুরি অতি যত্ন করি ।
এতেক কহিয়া দ্বিজ করিল গমন
দ্বিজ বিপ্রদাস বলে মনসা-চরণ ॥

৩

ভাটীয়ারি

ব্রাহ্মণের বাক্য সত্য করিল পালন
কনেষ্ট অঙ্গুলি পোতে উত্তরে তখন ।

মালাকার তুরিতে আনিল ডাক দিয়া
আজ্ঞা দিল তার প্র'ত সঙ্কের হইয়া ।
শীঘ্র হৈয়া মালাকার না করিল হেলা
প্রচুর করিয়া কাটি আনে রামকলা ।
বিচিত্র মাজস তবে করিল গঠন
পাটনেত দিয়া তাহা কৈল আচ্ছাদন ।
মাজস লইয়া ওলাইল জল মাঝে
মুকুতা প্রবাল ঝারা চারি ভিতে সাজে ।
গঙ্গাজল দিয়া সঙ্কে করাইল স্নান
দিব্য বস্ত্র পরাইল রত্ন-অভরণ ।
কঙ্কুরি চন্দন সঙ্কের দিল কলেবরে
শয়ন করাইল লৈয়া মাজস ভিতরে ।
ভাসাইল মাজস নক্ষত্র জেন ছুটে
দাওয়াইয়া বিষাদ লোক কাশ' দুই তটে
কমলা কান্দেন শোকে পড়িয়া ধরণী
তেজিব জীবন আজি আনহ আগুনি ।
কমলারে প্রবোধ করএ নিজগণে
দ্বিজ বিপ্রদাস বলে মনসা-চরণে ॥

৪

ত্রিপদী

ঐমত উদয়কালে মাজসে ভাসিয়া চলে
তথাএ আছেন বিবহরি
সঙ্কেরে তথায় গিয়া কহে দণ্ডবস্ত হইয়া
বধিলাম ওঝা ধ্বস্তুরি ।
শুনি দেবী পদ্মাবতী হৃদয় সন্তোষ অতি
সাজিল সকল নাগগণ
সঙ্কেরে তথায় গিয়া বসিয়া কৌতুকী হইয়া
সুস্থির করিয়া নিজ মন ।
ধ্বস্তুরি নিরখিয়া পদ্মহস্ত বুলাইয়া
জিয়াইতে কৈলা অঙ্গুসার

সঙ্করে তুলিয়া ধরি মন্ত্র পড়ে বিষহরি
নানামতে করে অবতার ।
জিয়াইয়া ধ্বস্তরি গাড়র-মুরতি করি
জতনে রাখিলা রসাতলে
উদয়কালের স্থানে লইলেন যত্নমানে
সিদ্ধি জয়নেতের আচলে ।
নেতো আর বিষহরি আসিয়া সিজুয়া গিরি
বসিলা বড়ই কুতূহলে
সক-ধ্বস্তরি বধ পদ্মার বিজই পদ
কহি দিল মনসামজলে ।
জে জন তোমার ভক্ত কর্ণে শুনে অবিরত
পুরহ তাহার অভিলাষ
জনমে জনমে সেবি চিন্তিয়া মনসাদেবী
বিরচিল দ্বিজ বিপ্রদাস ॥

৫

জমক ছন্দ

হরষিতে নেতো পদ্মা রথে করি ভর
কৌতুকে ভ্রমিতে আইলা চম্পকনগর ।
ধ্বস্তরি বধিয়া আইলু নিজপুরী
এখন কি বলে রাজা চাঁদো অধিকারী ।
কেমতে জানিব নেতো বলহ কারণ
নেতো বলে পদ্মাবতী শুন নিবেদন ।
চন্দনের বৃক্ষ আছে রাজ-অস্তপুরে
তার তলে পুজে রাজা দেব মহেশ্বরে ।
দেবতুল্য চাঁদো রাজা দেখে সর্বকণে
তাহা ভয় কর তুমি গরল-লোচনে ।
যদি গুণবস্ত থাকে জিয়াইতে পারে
টুটাবে চাঁদোর গর্ব বধিয়া তাহারে ।
শীঘ্র পদ্মা সেই বৃক্ষ কৈলা ভয়ময়
দেখি চাঁদো ভয় অতি বেধিত হৃদয় ।
পাত্র মিত্র লইয়া রাজা করে অহুমান
কেমনে জিবেক বৃক্ষ কহ সন্নিধান ।

সভার সম্মতি এক করিএ মন্ত্রণা
সুবর্ণ চেঙ্গড়া রাজ্যে ফিরাই ঘোষণা ।
বৃক্ষ জিয়াইব জেই রাজ-সন্নিধান
নানা ধন দিয়া তারে করিব সম্মান ।
তাহা শুনি ধনা মনা করে অহুমান
বৃক্ষ জিয়াইলে পাবো রাজার সম্মান ।
অধিক হইল ক্রুদ্ধ মালির কুমার
আপদ সঞ্চার হেতু করে অহুকার ।
পদ্মার মায়ায় স্থির নহিল তথাই
মরণের অহুমান করে ছুই ভাই ।
ধনা মনা কহে ছুছে সভার গোচর
জিয়াইব চন্দন বৃক্ষ কানিরে কী ডর ।
গুরুর জতেক জ্ঞান আগমের বাণী
উভার সম্ভার নিসম্ভার শুধু জানি ।
সিদ্ধি বাণ তন্ত্র কাঁচ ধাতু সবিশেষ
নাগ-বাচা শিক্কা জানি গুরু-উপদেশ ।
নিপুঙ্কন স্তম্ভন মোহন গুণ ধরি
হুঙ্কারেতে মৃত জীব জিয়াইতে পারি ।

জিয়াইব চন্দন বৃক্ষ আখির নিমিষে
নুপত্তি গৌরব অতি করিব বিশেষে।
ধনা বলে মনা ভাই কর অবধান
নারিলে জিয়াইতে বৃক্ষ পাব অপমান।

বিভা পরীক্ষিয়া জাব রাজ-বিজ্ঞমান
মনসামজল দ্বিজ বিপ্রদাস গান ॥

৬

ভাটায়ারী

বিভা পরীক্ষার কাজে হরষিত হইয়া সাজে
ধনা মনা ছই সহোদর
সমুখে দেখিল তরু অতি সে বিপুল চারু
দৃষ্টি হইল তাহার উপর।
নিরবধি মন্ত্র জপে হুকারে করিয়া দাপে
সঘন কাঁপয়ে কলেবর।
বসিয়া গরুড়াসনে মহামন্ত্র চিন্তিয়া মনে
ভার হানে বৃক্ষের উপর।
বিষম ভারের ঘায়ে ফুলপত্র নাহি রয়ে
ডালে মূলে মৈল সেই তরু
জীব-সঞ্চারিণী শিক্ষা পুনরপি কেপে দীক্ষা
শীঘ্র জিল মৃত বৃক্ষ চারু।
তই ভাই ছষ্ট হইয়া মৃত বৃক্ষ জিয়াইয়া
মহাদত্ত সানন্দবদন
বাকিয়া বক্রিশ বানা সর্বাঙ্গে নাগের ফণা
বাদখাড়ু দ্বিজুজে ভূষণ।
বিভা পরীক্ষা পায়্যা পরম সানন্দ হয়্যা
আনিল সকল শিষ্যগণ
বিভার বিবাদ কাজে নাগের ঝাপানে সাজে
তথি কুতুহলে আরোহণ।
ধনার প্রতাপ জত নাগ দেখে তৃণাবত
গণ্ডু ব করিয়া পিএ বিষ
ছন্ন মাসের মৃত পায় নিমিষে জিয়ায় তায়
তিলেক না করে বিমরিষ।

বাজার বিষম ঢাক গজিয়া ফুকরে হাক
 সর্বলোক আনন্দ প্রবল
 এক শত শিশু সঙ্গে নগর ভ্রমএ রঙ্গে
 সদাই মনসা অন্বেষণ ।
 ধ্বস্তুরি সম সর্ব ধনা মনা করে গর্ব
 নিকটে মরণ নাহি দেখে
 এ সব প্রমত্ত বানী কাজলা মালিনী গুনি
 নিবদন্তি পুত্রের সমুখে ।
 মনসা-সহিত বাদ কেন হেন পরবাদ
 না কর এমত অহঙ্কার
 ভাবিয়া মনসাদেবী ছিঁজ বিপ্রদাস কবি
 পদ্মাপদে করি পরিহার ॥

শ্রীরাগ

পরম সন্তাপে রামা আখি অশ্রু বারে
 সকাতরে বুঝায় পুত্রের ধরি করে ।
 গুরু ধ্বস্তুরি তোর পৃথিবী-বিজয়
 সে হেন গুণিন ওঝা বধে মনসায় ।
 কে দিল কুমতি হেন তোমা হুহাকায়ে
 জানিয়া গুনিয়া পুত্র ইচ্ছ মরিবারে ।
 তোমা হুহা বিনে মোর আর কেহ নাই
 পুঙ্গ বেচি খাব পুত্র না কর বড়াই ।
 দেবতা না জিএ পুত্র মনসার বাদে
 মানব হইয়া তুমি জিনিবা কী সাদে ।
 তবে ধনা মনা বলে মাএর গোচর
 না করিহ চিন্তা মা তা নাহি কোন ডর ।
 না জানিয়া দৈব গুরু মৈল ধ্বস্তুরি
 সত্তরে থাকিব কী করিব বিষহরি ।
 রাজস্থানে গৌরব পাইব বহুধন
 মাএরে প্রবোধ করি করিল গমন ।

উপনীত হইল গিয়া রাজার অগ্রেতে
 দেখি চাঁদো জিজ্ঞাসা করিল হরষিতে ।
 কিবা জাতি কিবা নাম কাহার নন্দন
 কোথা হইতে আইস কহ স্বরূপ বচন ।
 নিবেদয়ে চুই ভাই রাজার গোচর
 ধনা মনা নাম ধরি মানির কুণ্ডর !
 পৃথিবী-বিজয় গুরু নাম ধ্বস্তুরি
 তাহার চৌবট্ট বিজ্ঞা সত্তে আমি ধরি ।
 কেমন চন্দন বৃক্ষ হত দুঃখী তুমি
 আস্ত্রা কর এখনি জিয়াইয়া দিব আমি ।
 গুনি হরষিত রাজা হুহা সন্নিধানে
 অবিলম্বে লইয়া গেলা সেই বৃক্ষস্থানে ।
 মহাজ্ঞান চিন্তি ধনা বসিল আসনে
 জীবসঞ্চারিণী বিজ্ঞা ভাবিলেক মনে ।
 অমৃতকরণ ভাবি দিলেক হুহা
 জেমত আছিল বৃক্ষ হৈল পুনর্বীর ।
 ধনার প্রতাপে চাঁদো করে অহঙ্কার
 নানারত্ন স্বর্ণময় করে পুরস্কার ।
 পদ্মা নিন্দা করে রাজা ভেজিয়া বিবাদ
 আনন্দে নিবসে ঘরে ধনার প্রসাদ ।

ওধায় মনসা নেতো করে অক্ষুমান
 রথ আরোহণে আসি চাঁদো সস্বধান ।
 ধনার প্রতাপে রাজার বাড়ে অহঙ্কার
 দেখিয়া বাড়িল ক্রোধ চিত্তিল প্রকার ।
 তবে নেতো পদ্মা হুহে অক্ষুমান করি
 ধনা মনা বগিয়া চাঁদোর নর্প হরি ।
 গোয়ালিনী রূপ ধরি ত্রৈলোক্য-ঈশ্বরী
 সহেলা করিতে জান কাজলার পুরী ।
 ধনা মনা দৈবযোগে আপন গণয়
 বিশেষে মনসা খল প্রমাদ নিশ্চয় ।
 গোয়ালিনী রূপ ধরি ক্ষিতি-অহুপামা
 ধনা মনা বধিবারে বাড়িল অক্ষমা ।
 নানাবিধি প্রকারে করেন সুবেশ
 বিজ বিপ্রদাস বলে মনসা-আদেশ ॥

পয়ার

চাঁচর প্রচুর কেশ বাধিয়া কবরী
 নানা অলঙ্কার অঙ্গে মণিরত্ন সুরি ।
 চন্দন তিলক শোভে ললাটে সিন্দুর
 নয়ানে কজ্জল তাহে অলক প্রচুর ।
 দশন মুকুতা-পাতি জিনিয়া ভ্রমর
 অমিয়া বরিখে বিষ্ণু জিনিয়া অধর ।
 তপত কাঞ্চন জিনি দেহের বরণ
 পট্টবস্ত্র পরিধান সূর্য্যের কিরণ ।
 চরণে নুপুর ধ্বনি বাজে রত্নঝুঝু
 নানারত্নমণিময় দীপ্তকরে তরু ।

ঘুত বোল হুঙ্ক নধি রচিয়া পসার
 চগিলা শঙ্কর-সুতা মায়ী অবতার ।
 চম্পকনগর আসি হৈলা উপনাত
 পদ্মারূপ দেখি লোক হইল মোহিত ।
 নগর ভ্রমিয়া গেলা মালিনীর বাসে
 পসরা ওলাএ দেবী কাজলার পাশে ।
 অবিচারে তাহার পুষ্পের লয় ভ্রাণ
 কুপিয়া কাজলা তারে বলে সস্বধান ।
 কেন তুই ছুঁকিলি মোর পুষ্পের পসার
 কোথা হৈতে গোয়ালিনী আইল ছুঁটাচার ।
 মায়ার মনসা বলে শুন ল মালিনী
 পুষ্পমূল্য দিব তোরে মন্দ বল কেনি ।
 হাসিয়া বসিয়া পদ্মা মালিনীর পাশে
 মায়ার মোহিত হইয়া কাজলা জিজ্ঞাসে ।
 কোথা হইতে আইস তুমি ঘর কোন গ্রামে
 কে তোমার মাতা পিতা কিবা তোর নাম ।
 কাজলার প্রতি পদ্মা কহে দৃঢ় কথা
 গৌরী জননী মহেশ্বর ঘোষ পিতা ।
 মোর নাম কাজলা স্নগন্ধ গ্রামে ঘর
 শুনিয়া কাজলা রামা হরিষ অন্তর ।
 নিজ নাম শুনিয়া কাজলা কুতুহলে
 সহী সহী বলিয়া মনসা লৈল কোলে ।
 সহেলা করিব হুহে আনন্দবদনে
 নানা দ্রব্য আনিয়া আনিল আইরোগণে ।
 নানা বাস্ত গন্ধ পুষ্প আনিল কাজলা
 পরম সানন্দে হুহে করিল সহেলা ।
 মনসার মায়ী জে বুধিব কোন জন
 বিজ বিপ্রদাস বলে মনসা-চরণ ॥

সিন্ধুড়া রাগ

ছুই সহী কোলাকুলী অতিশয় কুতূহলী
 মনসা লইয়া গেল ঘর
 সহির রক্ষন সজ্জ করিল উত্তম কার্য
 নান হেতু আইল সরোবরে ।
 বলে পদ্মা মায়া করি রত্ন[ময়] দিব্য পুরী
 কেমনে বঞ্চসি একেশ্বরী
 কাজলা বলরে সহী মোরে কী বলসি তুই
 পুত্র আছে রূপের মুরারি ।
 সঙ্ক-ধনস্তুরি ছিল পদ্মার বিবাদে মৈল
 তাহার জ্ঞান মোর পুত্র জানে
 রাজারে বিদায় করি এখনি আসিব পুরী
 দেখিয়া আইয় নিজ স্থানে ।
 বন্ধনের সজ্জ হইল . স্নানেতে মনসা গেল
 প্রবেশিল সরোবরকূলে
 রাজারে বিদায় করি ধনা মনা আইসে পুরী
 দেখিয়া মনসা কুতূহলী ।
 মনসা জানিল মনে ধনা মনা ছুই জনে
 এইক্ষণে বধিব হেলায়
 বিঘতিরী ছিল হাথে বুঝাইয়া নানামতে
 লুকাইয়া এড়িল ধুলায় ।
 বিঘতিরী কোধমুখি লোক ধর্ম কৈল সাক্ষী
 প্রথমে ধনার পদে খায়
 কড়িয়া আঙ্গুলে ধাএ সাপ সাপ ডাকে ভাএ
 নির্ধাত ভারিল মনসাএ ।
 বিশ্বয় হইয়া আসে মনা দেখিবারে আইসে
 কৈ সাপ লুকাইল কোথায়
 মনা ধুলা ঠেলে পায় তার পদ-অঙ্গুলি খায়
 কোলাকুলি কাঁদেন তথায় ।

পদ্মা ভারে নিরস্তর বিষ জলে কলেবর
 ছই ভাই ছইল কাতর
 নিশ্চয় মরণ জানি কান্দেন প্রমাদ গণি
 দেখিতে হারাইলু প্রাণেশ্বর ।
 গুরু ধমস্তরি ছিল মনসার বাদে মৈল
 তবে আমা বিড়ম্বিল বিধি
 দ্বিজ বিপ্রদাস ভণে ধনা মনা ছই জনে
 জানি গুনি পাইল কুবুদ্ধি ॥

১০

কম্পিত শরীর তার নয়নেতে পানী
 ধনা বলে মনা ভাই না দেখি জননী ।
 জানিয়া এমত বুদ্ধিহত ছইল মোরে
 কোথায় সম্ভবে বাদ দেব আর নরে ।
 নিশ্চয় মরণ আজি আমা ছহাকার
 মনসা সহিত হট রক্ষা নাহি আর ।
 খড়্গ ভেদিয়া বিষ লোমে লোমে চড়ে
 অবশ ছইল অঙ্গ মুখে নাগ পড়ে ।
 চৌদিকে কুহড়ি চাপে অরুণ লোচন
 ডাকিলে প্রবোধ নাহি না স্কুরে বচন ।
 ঢলিয়া পড়িল ছুহে উত্তর-শিয়রে
 ছুহা বধি গেলা দেবী কাজলা গোচরে ।
 এক অপক্লব সহী কহি গো তোমায়ে
 প্রমাদ দেখিয়া আইলু সরোবরতীরে ।
 ছইটি কুমার শোভে নানা অভরণে
 কোলাকুলি ঢলিয়া পড়্যাছে সেইখানে ।
 কত কত লোক তাহা নেহালিয়া জায়
 কেহ বলে ধনা মনা মালিনী-তনয় ।
 ইহা গুনি কাজলা হৃদয়ে হানে হাত
 আশ্চরিতে মুণ্ডে জেন পড়ে বজ্রাঘাত ।

পুত্র পুত্র বলিয়া আর্তনাদ ডাক ছাড়ি
 মোর ছই পুত্র সহি কিছু নাহি নড়ি ।
 মনসা সহিত পুত্র সদাই বিবাদ
 আন নহে বিষহরি করিল প্রমাদ ।
 বিগলিত কেশপাশ ধাইল হতাশে
 সরোবরতীরে গেল পাগলের বেশে ।
 নাড়িয়া পুত্রেরে দেখে চৈতন্য না পাইয়া
 নির্ঘাত পড়িল ক্ষিতি তহু আপসায়্যা ।
 প্রসারিয়া ছই বাহু পুত্র লৈল কোলে
 ঝাপিলেক রাহু জেন চক্রে মণ্ডলে ।
 বিমর্ষ ছইল কান্দিবারে নাহি বল
 নিরখিয়া পুত্রমুখ পরাণে বিকল ।
 হেনকালে পদ্মা তারে বলেন প্রবোধ
 না কর বিবাদ সহি গুনহ সম্বোধ ।
 বাপ মোর মহাগুণী বিদিত সংসারে
 তার কিছু কিছু বিছা শিখাইল মোরে ।
 বিষ্ণুর পরীক্ষা আমি কিছু নাহি জানি
 জিয়ে বা না জিয়ে তাহা দেখিব এখনি ।
 সত্য কাজলা পুত্র কোলে হৈতে থুয়া
 সহির চরণ ধরে সর্বাঙ্গ লোটাইয়া ।
 পদ্মা বলে আলো সহি সত্য কর তুমি
 তোম দায় নাহি পুত্র লইয়া জাইব আমি ।

শোকেতে পাগল রামা সত্য কৈল তাঁএ
জিয়াইয়া লহ পুত্র মোর নাহি দাএ ।
তবে পদ্মা পদ্মাসনে বসিল তুরিতে
ধনা মনা চাহে দেবী নিরক্ষর তব্ধে ।
দ্বিজ বিপ্রদাস কহে পদ্মা-পদ ভাবি
জনমে জনমে মাতা তব পদ সেবি ॥

১১

মন্ত্রজাত

ত্রিপুর-দহনে হর অগ্নি উঠে চক্রে
দানব পুড়িয়া অগ্নি পৃথিবীতে থাকে ।
পৃথু রাজা পৃথিবী ছুইলা জেই কালে
ছুইয়া নাগেরে বিষ দিলেক পাতালে
সেই বিষ বাসুকি দিলেন মোর ঠাঞি
শুন শুন বিষ তোমা জর্ম-কথা কই ।
হর হর বিষ ধনা-মনা অজে হর
বিষহরির আজ্ঞায় ঘায়-মুখে মর ।
সমুদ্রে জর্মিল বিষ কপিলার ক্ষীরে
দেবগণ মেলি তাহা দিল বাসুকিরে ।
রক্তের পরশে বাউ জীবজন্তু কায়
তন্মুখে মজে মর বিষ ধর্মের আজ্ঞায় ।

সমুদ্র-মথনে জন্মে কালকুট বিষ
গণুষ করিয়া তাহা পিয়ে জগদীশ ।
বাপে ঝিয়ে কহি তোর আশ্চর কাহিনী
হরের আজ্ঞায় বিষ কাটো হও পানি ।
বিনতা জিনিল কক্র বিষের কারণ
জন্মিয়া গরুড় কৈলা নাগের গজন ।
সাগরের মধ্যে হয় কুরলের স্থান
কুরলের নামে বিষ হএ কম্পবান ।
আশ্বনাথ রূপে প্রভু কহিল গোসাঞি
কুরলের নামে বিষ ঘা-মুখে নাই ।
উধা করি ফিরে কক্ক আকাশ উপর
তাহার পরশে বিষ কাঁপে ধরধর ।
তাহার পরশে ভয় হএ ত গরল
কক্কের আজ্ঞায় বিষ জাও রসাতল ।
নাগ-বাচা শিক্ষা ঝাট জপে পদ্মাবতী
বিঘতিয়া আনি বিষ লৈল শীঘ্রগতি ।
কলেবরে প্রাণ দিয়া দিলেন হকার
উঠিয়া বসিল ছুহে মালির কুণ্ডর ।
মনসা বলেন সহি শুন মোর বাণী
পুত্র লৈয়া জাই ঘরে দেহ ত মেলানি ।
দ্বিজ বিপ্রদাস বলে ভাবিয়া জগতি
অস্তকালে হয় জেন পদ্মা-পদে গতি ॥

১২

রাগ পাহিড়া

মনসা বলেন সহি বিশেষ তোমায়ে কহি
বিদায় মেলানি দেহ মোরে
বেলা হইল অবশেষ বহু দূর মোর দেশ
পুত্র লৈয়া জাই নিজ ঘরে ।

দেখিতে পুত্রের মুখ কাজলা হৃদয়হুঃখ
 শুন সহি নিবেদি তোমারে
 তুমি মোর প্রাণ-সই নিবেদি তোমার ঠাঞী
 একখানি পুত্র দেহ মোরে ।
 সইর চরণ ধরি কাজলা বিলাপ করি
 সকাতিরি গোচরি তোমারে
 মোর পুণ্য ভাগ্য ফলে তোমা হেন সহি মিলে
 পার কর এ হুঃখসাগরে ।
 মনসা বলেন সহি বিশেষ তোমারে কহি
 তেজ মায়া কর অবধান
 সত্য লজ্জ্য জেই জন শুন তার বিবরণ
 কুস্তীপাকে হয়ে তার স্থান ।
 সত্য করি লজ্জ্য পুন কেন কহ অকারণ
 এ তোমার নহে ব্যবহার
 কেন বল সবিনয় লোক-ধর্ম নাহি ভয়
 তেজ মায়া চল নিজপুর ।
 কাজলা বলএ শুন সত্য না লজ্জিব পুন
 হুই পুত্র বটে ত তোমার
 হও মোরে কুপামই মাগিছু তোমার ঠাই
 দয়া করি হুঃখে কর পার ।
 না দেখি পুত্রের মুখ ভাবিয়া পরম হুঃখ
 মরিব পুত্রের হুঃখ শোকে
 আমার জীবধ-ভাগে তোমার উপর লাগে
 ভালাই না চাহ ধর্ম-লোকে ।
 জ্ঞত কাল ক্ষিতিবাসী হইব তোমার দাসী
 ভক্তিস্বতি করিব বিধানে
 তুমি মোর হইলা ধাতা হও মোরে কুপাদাতা
 ছোট পুত্র মোরে দেহ দানে ।
 ওথা ঠাঁদো নৃপবরে শুনি আইসে দেখিবারে
 ইহা শুনি মনসা চিস্তিত
 ধনা মনা ধরি করে চলিলেন রথ-ভরে
 দ্বিজ বিপ্রদাস বিরচিত ॥

১৩

পয়ার

মনসার মায়ী জানি কাজলা মাল্যানি
 বিষাদ ভাবিয়া কান্দে পড়িয়া ধরনী ।
 হরিল দুর্লভ পুত্র না দেখিব আর
 সহি-রূপে আসি পুত্র হরিল আমার ।
 কার মন্দ কৈলু মুঞি কেবা দিল শাপ
 তথির কারণে মোর হইল এত তাপ ।
 দেখিতে দেখিতে পুত্র হারাইলু নিধি
 ললাট চিরিয়া দেখ কী লিখিল বিধি ।
 ধরনী লোটাইয়া রামা করয়ে ক্রন্দন
 হেন কালে চাঁদো রাজা জিজ্ঞাসে কারণ
 কহিল সকল কথা চাঁদোর গোচরে
 শুনিয়া বেথিত রাজা কহে কাজলারে ।
 তোর বধু হইল কানী বিদিত সংসারে
 বিভারাত্রে পতি এড়ি পলাইল তারে ।

তোমার কুমার ছই স্তম্ভর দেখিয়া
 স্বামী করিবারে কানী লইল কাড়িয়া ।
 মাল্যানি বলএ শুনি চাঁদোর বচন
 মোর ছই পুত্র মৈল তোমার কারণ ।
 দেবতার নিন্দা কর অজ্ঞান নুপতি
 এহো লোকে দুঃখ-শোক মৈলে অধোগতি ।
 নুপতি ভর্ছিয়া রামা সকলে ক্রন্দন
 পুত্রের মমতা ছাড়ি গৃহে আগমন ।
 সিজুয়া শিখরে পদ্মা ধনা মনা লইয়া
 ছই ভাই রাখিলেন সেবক করিয়া ।
 বিক্রম টুটিল চাঁদো নাহি অহকার
 ধনা মনা বধ হইল মালির কুমার ।
 নেতো পদ্মা ছহে বসি পরম হরিষে
 করেন জুগতি চাঁদোর পুত্র বধ আশে ।
 জেই শুনে ভণে গাএ পদ্মার মঙ্গল
 ধন পুত্র বৃদ্ধি হএ সর্বত্র কুশল ।
 জনমে জনমে সেবি পদ্মার চরণ
 এখনে রহিল গীত বিপ্রদাস গান ॥

সাত পালা সমাপ্ত

অষ্টম পালা

১

পর্যায়

জ্ঞাত মন্দ বলে চাঁদো মনসার প্রতি
নেতোর সাক্ষাতে গিয়া কহে পদ্মাবতী ।
শুন হেরো বলি নেতো প্রাণের ভগিনী
নরে মন্দ বলে কত সহিব পরানি ।
জ্ঞাত অহঙ্কার কৈল সব কৈল দূর
তমু চাঁদো মোরে মন্দ বলএ প্রচুর ।
না করিল মোর পূজা চাঁদো নৃপবর
কি করিব যুক্তি মোরে বলহ সত্বর ।
এতেক শুনিয়া নেতো ভাবিল অস্তরে
নিগদে মধুর ভাসে মনসা গোচরে ।
শুন শুন বিষহরি স্থির করি মন
কেন তুমি এত দুঃখ ভাব কী কারণ ।
অবিরত দর্প করে চাঁদো নরপতি
এক যুক্তি বলি তাহা কর অবগতি ।
চন্দ্র সম ছয় পুত্র আছেয়ে রাজার
তাহা বধি টুটাও চাঁদোর অহঙ্কার ।
শুনিয়া নেতোর বাক্য দেবী বিষহরি
সাধু সাধু প্রশংসিলা নেতো-কর ধরি ।
হৃদয় ভাবিয়া পদ্মা স্থির করি মন
হাঁকারিয়া আনে দেবী জ্ঞাত নাগগণ
প্রবীণ অনন্ত নাগ বাসুকি তক্ষক
শঙ্খ পদ্ম কদম্বাদি কুমুদ অঙ্কক ।
ধনঞ্জয় কর্কট কুলীর মহাবলী
হালাহাঁ কালাহাঁ আইল গন্ধজয়কালি ।
বেতাছাড় আইল আর আড়িয়াল বঙ্কা
আইল আড়াইরাজ দেখি লাগে শঙ্কা ।
ষোল চিতি ধামাই আইল অষ্ট বোড়া
গোধুরা উদয়কাল ভেজবন্ত ধোড়া ।

দশ দিগ জুড়িল বিষম সর্প দল
মেঘ সম ঘোর নাদে গর্জএ প্রবল ।
সিংহনাদ করে নাগ বিষম আরম্ভ
দেবাসুর কম্পমান দেখি নাগদম্ভ ।
মনসা বলেন নাগ শুনহ কারণ
পুত্রদণ্ডে নিন্দে চাঁদো মোরে সর্বক্ষণ ।
কোন নাগ পাঠাইব চম্পকনগর
দংশিয়া কে দিবে মোরে চাঁদোর কুমার ।
জেই মাত্র মনসা কহিলা দৃঢ় কথা
ভয়যুক্ত হইয়া নাগ হেট করে মাথা ।
সভয় হইয়া নাগ বলে করপুটে
আপনি ত স্থির নহো চাঁদোর নিকটে ।
চাঁদো রাজা নাগ পাইলে বধিব জীবন
কেমনে বধিব গিয়া চাঁদোর নন্দন ।
নাগের বচনে কোপে মনসাকুমারী
বধিব সকল নাগ বিষ লব হরি ।
হেনকালে ধোড়া বলে পদ্মারগোচরে
দংশিয়া চাঁদোর পুত্র দিব গো তোমারে ।
ধামাইর রথখান দেহ তো আমার
তবে অতি শীঘ্রগতি জাইব তথায় ।
হরিষে মনসা তারে কৈলা পুরস্কার
যাত্রা করি ধোড়া নাগ কৈল আশুসার ।
ধামাইর রথখান করি আরোহণ
চম্পকনগরে আসি দিল দরশন ।
প্রথম আষাঢ় মাস বরিষা প্রবেশ
জলে স্থলে প্রচুর বরিষে সর্বদেশ ।
মৎস্য অনুসারে জায় লোক রড়ারড়ি
আলি বান্ধি ঘাই কাটা পাতয়ে দোহাড়ি ।
ভেক-ডাক শুনি ধোড়া প্রাণে স্থির নহে
রথে বসি ধোড়া নাগ নেহালিয়া চায় ।

কুবুড়ি পাইল খোড়া হইল বিফলে
 রথেরে বিদায় দিয়া ঝাপ দিল জলে ।
 ডুবে ডুবে ভ্রমি বলে হরিষ অস্তরে
 খেদাড়িয়া ভেক মৎস্ত ভরয়ে উদরে ।
 মৎস্ত-সুখে খোড়া নাগ আপনা পাসরে
 ধর সোঁতে সাভাইল দোহাড়ি ভিতরে ।
 মৎস্ত খাইয়া নিদ্রা জায় হরিষ অস্তরে
 গগনে হইল বেলি দ্বিতীয় প্রহরে ।
 হাল মেলি কুবাণ সত্বরে খাইয়া আইল
 হরষিত মনে গিয়া দোহাড়ি তুলিল ।
 নিদ্রাভঙ্গ হইল নাগ উঠে ফোফাইয়া
 হাথে হইতে দোহাড়ি ফেলিল ভয় পায়্যা
 সাপ সাপ করিয়া ভয়ে ডাকিল তখন
 কি কি বলিয়া সব খাইল কুবাণ ।
 উপনীত হইল দোহাড়ি বিত্তমান
 সাপ মারিবারে সতে করিল অহুমান ।
 সকল কুবাণ বলে হাথে ঠেঙ্গা লইয়া
 দোহাড়ি সহিত সাপ মার ঠেঙ্গাইয়া ।
 জাহার দোহাড়ি সে ভাবে মনে মনে
 নতুন দোহাড়ি মোর ভাজিব কেমনে ।
 দোহাড়ি পিছাড়ি বন্ধ খসায়্যা কুবাণ
 হাথে ঠেঙ্গা লইয়া দাঙাইল বিত্তমান ।
 জখন দোহাড়ি হইতে জায় পলাইয়া
 সেইখানে সাপেরে মারিব ঠেঙ্গাইয়া ।
 গুনিয়া সঙ্ঘম নাগ করএ ক্রন্দন
 দ্বিজ বিপ্রদাস বলে মনসা-চরণ ॥

২

মালসী রাগ

আত্মি কেন পাপ বিধি মোরে অহুসার
 প্রবীণ শতেক পাপ করম আমার ।

দৈবনির্বন্ধ মোর না জায় খণ্ডন
 অজুগতি লোভ হেতু হারাইলু জীবন ।
 কান্দিতে কান্দিতে খোড়া বিষাদ ভাবিয়া
 কোন কর্ম কৈলু মুঞী দোহাড়ি সাঁভায়্যা ।
 বড় বড় নাগ আছে বিক্রমে প্রবল
 জাহার ফণার ঢাকে গগনমণ্ডল ।
 হেন সব নাগগণ গেল পলাইয়া
 আপনা খাইলু আমি আরতি মাথায়্যা ।
 নিশ্চয় মরণ মোর নিখিল গোসাঞী
 বিষম ঠেঙ্গার ঘায় প্রাণরক্ষা নাই ।
 মোর কর্ম দৈবদোষে হেন শাস্তি ফলে
 নিজ কার্য্য হেলা দিয়া ঝাপ দিলু জলে ।
 রক্ষ মহেশ্বরসুতা কর প্রতিকার
 এ ঘোর সঙ্কটে প্রাণ রক্ষহ আমার ।
 কেমন মোচন হয়ে দৈব-নির্বন্ধন
 দ্বিজ বিপ্রদাস বলে মনসা-চরণ ॥

৩

কল্যাণ

অরুণ পূর্ণিত বেলি তৃতীয় প্রহর
 কুখায় তুষায় সব হইল ফাফর ।
 উর্দ্ধমুখ হইয়া সব বেলি পানে চায়
 দোহাড়ি হইতে খোড়া বাহিরে পলায় ।
 এক ডুবে ছাড়াইল বিধা দশ বিশ
 কত দূর গিয়া নাগ মনে বিমরিষ ।
 ভাবিয়া চিন্তিয়া নাগ না পাএ পিরিতি
 না জানি কি করে আত্মি দেবী পদ্মাবতী ।
 ভয়যুক্ত খোড়া নাগ ধায় তরাতরি
 উপনীত হইল মনসার বরাবরি ।
 কাতর হইয়া নাগ কাঁপে ধরধর
 সকল বারতা কহে পদ্মার গোচর

শুন গো ঈশ্বরশ্রুতা নিবেদন করি
 জাইতে নারিহু মুক্তি চাঁদোর নগরী ।
 রাজার মন্ত্রণা কিছু বুঝন না জায়
 পথে ফাঁদ পাতি বন্দী করিল আমায় ।
 মারিবার অহুবন্ধ করিল আমারে
 পলাইয়া আইহু অনেক পরকারে ।
 এতেক গুনিয়া রুষ্ট হইল পদ্মাবতী
 ছই চক্ষু রক্তবর্ণ উঠে শীঘ্রগতি ।
 কোপে পদ্মা মারে তারে নাথি দশ বিশ
 কাড়িয়া লইল তার জত ছিল বিষ ।
 শাপ দিল মর্ভে গেল নির্বিষ হইয়া
 বসিল মনসা অতি বিষাদ ভাবিয়া ।
 কালি-নাগিনী কহে পরিহার করি
 কিসেরে বিষাদ ভাব ত্রৈলোক্য-ঈশ্বরী ।
 ক্ষিতিতলে কোন কর্ম অসাধ্য আমার
 না কর বিষাদ আমি বধিব কুমার ।
 উল্লাসিত মনসা নাগিনী কৈলা কোলে
 নানা বিধি প্রকারে তুষিয়া প্রিয় বোলে

তোমা হৈতে মোর কার্য হইবে সুসিদ্ধি
 তোমার অসাধ্য নাহি তুমি মহাবুদ্ধি ।
 বিলম্বে কী ফল আর নড় শীঘ্রগতি
 দেবীর মধুর বাক্য নাগ হৃষ্টগতি ।
 শুভক্ৰমে যাত্রা করে কালি-নাগিনী
 স্বস্তিক মঙ্গল পড়ে জয়জয় ধ্বনি ।
 সুবুদ্ধি কুবুদ্ধি লইল নিদালি যুমালি
 মর্তপুরে প্রবেশ করিল জয়কালি ।
 দিনমণি অস্ত গেলা প্রদোষ সময়
 হেনকালে নাগিনী চাঁদোর পুরী জায় ।
 প্রবেশে চাঁদোর পুরে প্রধান মন্দিরে
 চালের বাতায় গিয়া রহে ধীরে ধীরে ।
 ভোজন করিল তবে জত পরিজন
 জার জে শয়নস্থানে করিল শয়ন ।
 আনন্দে শয়ন কৈল ছয় সুকুমার
 দংশিবারে নাগিনী করিল অহুসার ।
 নানারঙ্গে বঞ্চয়ে চাঁদোর পুত্রগণ
 দেখিয়া বলয়ে নাগ বিপ্রদাস গান ॥

৪

পাহিড়া রাগ

সর্বানন্দ নাম	সর্বগুণধাম
রাজার জ্যেষ্ঠ নন্দন	
রমণী-পুরুষে	নিদ্রিত হরিষে
দেখি কৈল আগমন ।	
সর্বাঙ্গসুন্দর	নাম পুরন্দর
পাশা খেলে ভার্য্যা সনে	
দেখি তার মুখ	কালী মহাহুখ
চলিল বিষাদ-মনে ।	
দেখিয়া সুন্দর	ব্যথিত অন্তর
চাঁদোরে বলে কুবণী	

পদ্মা সঙ্গে বাদ কৈল পরমাদ
 হেন পুত্র মরে কেনি ।
 অপর মন্দির তনয় স্তন্যর
 রমণী-রজরসে
 তাহা দেখি কালী দয়ায় আকুলি
 জায় আর গৃহবাসে ।
 সর্বাঙ্গসুন্দর রত্ন অলঙ্কার
 রমণী পুরুষে বঞ্চে
 নাম বিজ্ঞানন্দ সদাই আনন্দ
 শৃঙ্গার-কৌতুকে আছে ।
 আর ঘরে জায় নারায়ণ ভায়
 পূর্ণপূর্ণ পুরি মুখে
 কনেষ্ট নন্দন নাম জনার্দন
 আর ঘরে রহে সুখে ।
 রমণী পুরুষে বঞ্চে হরিষে
 নাগিনী স্রবিদ মনে
 একপে দংশিতে নাহি লএ চীতে
 দ্বিজ বিপ্রদাস হুখে ভণে ॥

৫

পয়ার

দয়ায় আকুলা কালি পাড়ে গালাগালি
 মনসা নিন্দিয়া টাঁদো কোন কর্ম কৈলি ।
 হেলায় শ্রদ্ধায় যদি পূজ বিষহরি
 তবে কেন মরে মোর রূপের মুরারি ।
 নিদালি ঘুমালি তবে দিল পুরিজনে
 শিয়রে বসিল কালি দংশিবার মনে ।
 দেখি কুমারের রূপ বেথিত অস্তুরে
 না দিব দস্তুর ঘাত বধিব প্রকারে ।
 রসহীশালাএ নাগ গেল শীঘ্রগতি
 ঘুচায় অল্পের শরা বিবাদিত মতি ।

বহু বিমরিষ করি অল্পে এড়ে বিষ
 গুপ্তবেশে নাগিনী রহিল বিমরিষ ।
 প্রভাত সময় উঠে ছয় যুবরাজ
 পড়িবারে জায় সুখে গুরুর সমাজ ।
 ভয়ে কালি-নাগিনী ভাবয়ে মনে মন
 বিষ অল্প খায়্যা পাছে মরে পরিজন ।
 কার্যসিদ্ধি নহিল হইল লজ্জা মোরে
 কুবুদ্ধি লইয়া নাগ চলিল সত্বরে ।
 জথায় পড়িতে জায় ছয় যুবরাজ
 কুবুদ্ধি লইয়া নাগ দিল তার মাঝ ।
 ছয় ভাই জুগতি করিয়া সেইখানে
 উপনীত হইল মায়ের বিষ্ণুমাণে ।
 মায়ের অগ্রেতে সতে কহে পরিহারে
 অল্প খায়্যা জাব মোরা পড়িবার তরে ।

শুনিয়া সনকা রামা বধু প্রতি বলে
 স্নান করি আসি অন্ন দেহ কুতূহলে ।
 সনকার বাক্যে বধু চলিল তুরিতে
 সরোবরে গেলা সতে হাসিতে খেলিতে ।
 অপসরী কিম্বরী জিনি রূপের তুলনা
 তপ ছাড়ি ব্যাকুল হইল মুনিজনা ।
 নিজস্বথে করে সতে অঙ্গের মার্জন
 দেখিয়া সকল লোক মোহিত মগন ।
 তপত কাঞ্চন জিনি বরণ উজ্জল
 শশী জিনি পূর্ণ আভা বদনমণ্ডল ।
 তিল ফুল জিনি নাগা খঞ্জননয়নী
 ভুরুষুগ শোভা করে কামধনু জানি ।
 দশন মুকুতা-পাঁতি অধর সুরঙ্গ
 যুগল জিনিয়া ভুজ মদন-তরঙ্গ ।
 কনক কমল-কলি পীন পরোধর
 ক্ষীণ মধ্য নিতম্ব নিবিড় মনোহর ।
 রম্ভা তরু জিনি উরু চরণে নুপুর
 রুম্বুম্বু বাজে অতি শুনিতে মধুর ।
 সতে এক মেলি হৈয়া জলক্রীড়া করে
 ফুটিল কমল জেন সরোবরনীরে ।
 নানারঙ্গ-মণিময় রত্ন অভরণ
 হীরা মণি চুনি দীপ্ত করিছে সঘন ।
 জলক্রীড়া করি সতে উঠিল ডাঙ্গায়
 আশ্বে ব্যস্তে সহচরী বসন জোগায় ।
 ছয় বধু স্নান করি চলিল তুরিত
 রসইশালায় গিয়া হইল উপনীত ।
 স্নগন্ধি সুপক তৈল মর্দন করিয়া
 ছয় ভাই স্নানে গেল হরষিত হইয়া ।
 জলক্রীড়া করিয়া সানন্দে কৈল স্নান
 জার জেই যোগ্য বস্ত্র দাসেতে জোগান ।
 স্নগন্ধি চন্দন পুষ্পমাল্য অঙ্গে সাজে
 সরোবর হইতে আইল পুরী মাঝে ।
 ভোজনের স্থান হইল বিচিত্র আসন
 সানন্দে বসিলা সতে করিতে ভোজন ।

পঞ্চম আগল উপসন্ন হইল কাল
 কিছুই না জানে কেহ এতেক জঞ্জাল ।
 সুর্বর্ণের খালে অন্ন ব্যঞ্জন পুরিয়া
 প্রত্যক্ষে সভারে বধু দিলেক আনিয়া ।
 কাল অন্ন দেখিয়া করএ অমুমান
 ছয় ভাই বসিয়া ভাবয়ে মনে মনে ।
 ডাকিয়া জিজ্ঞাসে সতে জননীর প্রতি
 কাল কেন দেখি অন্ন কহ শীঘ্রগতি ।
 কুবুদ্ধি সনকা রামা বুঝায় পুত্রের
 হস্ত পাখালিল বধু খালের উপরে ।
 সেই জল অন্ন দিল হইয়া বিসরণ
 না কর বিস্ময় পুত্র করহ ভোজন ।
 এক ভাই বলে সতে শুনহ বচন
 পরীক্ষিয়া এই অন্ন করিব ভোজন ।
 সতে বলে জননীর আশ্রা লজ্বি নাই
 অন্ন খাইব তবে জে করে গোসাঞী ।
 জ্যেষ্ঠ ভাই সর্বানন্দ কহে সতা প্রতি
 তদ্রাতদ্র হউক সভার একগতি ।
 একে কালে সতে অন্ন করিব ভোজন
 সতে মেলি সত্য করি দৃঢ় করি মন ।
 গণ্ডুষ করিলা পঞ্চ ভাই ছয় জন
 জিব্ভায় ভেদিল বিষ চমকিত মন ।
 কিছু অন্ন খায় মাত্র ছয় সহোদর
 জিব্ভা আড়াইল অন্ন না জায় উদর ।
 অন্ন তেজি ছয় ভাই ভাবয়ে বিধাদ
 দেখিতে দেখিতে ভাই পড়িল প্রমাদ ।
 বচন না আইসে মুখে ঘোর হুই আশি
 গরল ভক্ষিছু ভাই হেন প্রায় দেখি ।
 কুবুদ্ধি পাইল পথে পড়িবারে জাইতে
 নেউটিয়া ছয় ভাই আইনু মরিতে ।
 কোলাকুলি ছয় ভাই করেন ক্রন্দন
 নিশ্চয় জানিল রক্ষা নাহিক জীবন ।

পরলোকে আই ভাই চিন্তা নারায়ণ
 এহো লোকে এই বিনে নাই দরশন ।
 পুত্রের ক্রন্দন তবে গুনিয়া সনকা
 প্রমাদ গণিল রানী মুখে নাই রা ।

পুত্র পুত্র বলি রানী ডাকে ঘনে ঘন
 জননী চাহিয়া সতে করেন ক্রন্দন ।
 প্রমাদ পড়িল তব ছয় পুত্র লৈয়া
 বিপ্রদাস বলে পদ্মা-চরণ ধারাইয়া ।

৬

পটমঞ্জরী

ভক্ষণ করিয়া অন্ন কাল হইল উপসন্ন
 লোমে লোমে ভেদিল গরল
 বিষম বিষের জ্বালে হৃদয় জঠর জ্বলে
 শরীরে নাহিক আর বল ।
 কেহ বৈসে কেহ উঠে কেহ শোএ ধরা-পিটে
 কেহ কেহ করে বিমরিষ
 কেহ কেহ বলে ভাই ঘন কেন উঠে হাই
 নিশ্চয় ভক্ষণ কৈলু বিষ ।
 জননী করিয়া কোলে বিষাদ ভাবিয়া বলে
 এ দুঃখে কেমনে আজি ভরি
 থরহরি কাঁপে প্রাণী বদনে নাহিক বাণী
 ছুই আখি মেলিতে না পারি ।
 ছয় ভাই তেজে ভাত বসনে মুছিল হাত
 খিতি-তলে শুইল সকল
 উন্মত্ত পাগল বেশ কেহ নাহি বাধে কেশ
 ছয় বধু হাসিয়া বিকল ।
 বিষ ভ্রমে কলেবরে কেহ কাঁপে থরহরে
 কেহ দূরে ফেলায় বসন
 কেহ মা বলিয়া ডাকে কার রা নাহিক মুখে
 কেহ কেহ করয়ে ক্রন্দন ।
 কেহ সকাত্তর হৈয়া হৃদয় বেদনা পায়্যা
 জননী চাপিয়া ধরে কোলে
 কেন গো জননী হেন কহ মোরে সম্বিধান
 সর্বান্ধে অনল হেন জ্বলে ।

ধরহরি কাঁপে গা প্রাণদান দেহ মা
 হের দেখি সংসার অসার
 জাই হের পরলোক দেখিতো তোমার মুখ
 দরশন নাহি আরবার ।
 বদন্তি সনকা জায়া না বুঝি পুত্রের মায়া
 কিবা খায়্যা পাতিয়াছে কাপ
 চিন্তিয়া সনকা ভয় তেতুলি গুলিয়া দেয়
 আনল জালিয়া দেয় তাপ ।
 তেতুলি-অগ্নি স্পর্শে সর্বাঙ্গ জলিল বিম্বে
 ছয় ভাই হরিল চেতন
 ভাবিয়া মনসাদেবী দ্বিজ বিপ্রদাস কবি
 ঢলিয়া পড়িল ছয় জন ॥

৭

করুণা

পুত্রের বদন রামা নেহালিয়া চার
 নাড়িয়া চাড়িয়া দেখে চেতন না পায় ।
 নাসিকা-বদনে কিছু নাহি পায় খাস
 পড়িল ধরণীতলে হইয়া হতাশ ।
 কান্দে কান্দে সনকা হইয়া ব্যাকুলী
 কে হরিয়া লৈল পুত্র সোনার পুথলি ।
 একে কালে কোন পাপে হৈল যমদণ্ড
 স্বর্ণগিরি ভাঙ্গি জেন হৈল খণ্ডখণ্ড ।
 না জানি পুত্রের শোক জন্মিয়া সংসারে
 কে মোরে ফেলিল বাঙ্কি এ শোকসাগরে ।
 নিষ্ঠুর পদ্মার নাগে পুত্র মোর দংশে
 তর্পণ করিতে ক্ষিত্তি না খুইল বংশে ।
 অনাথিনী করি পুত্র এড়ি জাহ মোরে
 কেন বা পাপিষ্ঠ প্রাণ আছয়ে শরীরে ।
 বারেক পৃথিবী মোরে দেহ তো বিদার
 তথি প্রবেশিয়া হব শোকসিদ্ধ পার ।
 সনকা-ক্রন্দনে কান্দে জতো পুরীজন
 দ্বিজ বিপ্রদাস বলে মনসা-চরণ ॥

৮

যথারাগ

ছয় কুমারের মৃত্যু ছয়বধু দেখিয়া
 উচ্চস্বরে কান্দে মৃত পতি কোলে লৈয়া ।
 রোদন্তি যুবতি অতি পতি করি কোলে
 রূপগুণ ভাবিতে বুড়িল শোকজলে ।
 উর্দ্ধমুখে ঝাউয়া দাসী ধাইল সত্বর
 নৃপতিরে কহিল গিয়া জতেক আবাস্তর ।
 পুত্রের মরণ শুনি রাজা চমৎকার
 শোকেতে কাতর হইয়া করে হাহাকার ।
 এখনি দেখিছু পুত্র রূপের মদন
 কেনি বা পুত্রে হেন বল কুবচন ।
 ঝাউয়া দাসী বলে রাজা মিথ্যা নহে বাণী
 হয় নয় নৃপবর দেখহ আপনি ।
 তবে চাঁদো রাজা গিয়া তনয় নেহালে
 শোকহুঃখে হাহাকার পুত্র লৈয়া কোলে ।
 রূপে গুণে পুত্র মোর অভিন্ন মদন
 হেন পুত্র মৈল মোর তেজিব জীবন ।
 এখনি দেখিছু পুত্র মরিগ এখনি
 আন নহে মোর পুত্র লৈয়া গেল কানি ।

মনসার নিন্দা শুনি রানী বলে রোষে
 সর্বনাশ হৈল রাজা তোর দস্তদোষে ।
 হরিল ব্রহ্মজ্ঞান কুবুদ্ধি তোমার
 ধনহস্তি ধনা মনা মৈল ধুম্মার ।
 যদি রাজা পুত্র তুমি মনসাকুমারী
 কেন পুত্র মরিবেক রূপের মুরারি ।
 জুহু হৈয়া বলে রাজা চাঁদ অধিকারী
 দৈব-দোষে পুত্র মৈল কি করিতে পারি ।
 তোমা আমা কুশলে থাকিলে দুইজন
 দুই সম বৎসরে হবে কএক নন্দন ।
 তপস্তা করিয়া আমি মাগি লব বর
 ষাটশ বৎসরে হব ছয় কুলধর ।
 গণ্ডবেদনাতে জেন মুদগরের ঘা
 পুত্র পুত্র বলিয়া অধিক বাড়ে রা ।
 মাজস গড়াও বাটো বলে চাঁদো রাজ
 ভাগাব কানির মড়া রাখিয়া কি কাজ ।
 পাত্র মিত্র পুরোহিত বলে সন্নিধান
 অগ্নিকার্য্য শ্রদ্ধ কর শাস্ত্রের বিধান ।
 তবে চাঁদো রাজা বলে হইয়া ক্রোধিত
 দক্ষিণার লোভে সতে কহ অনুচিত ।
 কানির উচ্ছিষ্ট ধুঁয়া ভ্রমিব নগরে
 অপমান কানি তবে বলিব আমারে ।
 মালাকার ডাকি আনে সেবক সত্বর
 মাজস গড়িয়া দেহ বলে নৃপবর ।
 আজ্ঞা পাইয়া মালাকার নাহি করে হেলা
 মাজস করিল সজ্জ আনি রামকলা ।
 রত্নময় অলঙ্কার ভূষিত কুমার
 স্নান করি শোয়াইল মাজস ভিতর ।
 অমুগত জন কত মাজস ধরিয়া
 গুজড়ি গজের জলে দিল ভাসাইয়া ।
 মহাগুগোল হইল ক্রন্দনের রোল
 হুকুলের প্রজালোক কাঁদিয়া বিকল ।

মাজসে চড়িয়া কালি হরিষ অন্তর
 অবিলম্বে লই আনে মনসা গোচর ।
 দেখিয়া মনসা মনে হরিষ আপার
 যত্নে সধরিয়া থুইলা চাঁদোর কুমার ।
 ভাবিয়া মনসা নেতো করে অনুমান
 এখন কেমনে পূজে বল সন্নিধান ।
 তবে নেতো হৃদয় ভাবিয়া নিরবধি
 বিশেষ জানিয়া মনে বলে কার্য্যসিদ্ধি ।
 অনিরুদ্ধ উষা হরি আন ইন্দ্রপুরে
 নখাই জর্মাও তবে সনকা-উদরে ।
 উজানি নগরে বৈসে সাহে সদাগর
 বেহলা জর্মাও তার রমণী-উদর ।
 চাঁদোরে বিদায় করে অমুপাম-পাটনে
 বহু হুঃখ দিয়া পথে আনিবা রাজনে ।
 বিবা-রাত্রে নখাই দংশিব লোহঘরে
 মৃত পতি কোলে লৈয়া মাজস ভিতরে ।
 আসিবে বেহলা ভাসি অমরনগরে
 জিয়াইয়া পুনর্বার পাঠাব দেশেরে ।
 মৃত পুত্র পায়্যা রাজা পূজিব তোমায়
 গুনিয়া হরিষ হৈল অস্তিকের মায় ।
 স্বপ্ন কহিবারে জান চাঁদোর নগরী
 দ্বিজ বিপ্রদাস বলে কর জোড় করি ॥

৯

সুহাই

চাঁদো নৃপবর হেতু মায়ার মুরতি
 অভিনব পত্নপতি হৈলা পদ্মাবতী ।
 শিরে বিপরীত জটা বিভূতিভূষণ
 করেতে ডুবুর শিক্কা বসোয়া-বাহন ।

চলিলা শঙ্করহুতা চম্পকনগরে
 হর-বেশ ধরি বৈসে চাঁদোর শিয়রে ।
 চন্দ্র সূর্য্য জিনি তেজময় ত্রিলোচন
 নির্মল ললাটে চন্দ্র উজ্জল সবন ।
 বিচিত্র রুদ্রাক্ষ গলে অস্থিমালা সাজে
 গজা তরঙ্গিণী বহে শিরোরুহ মাঝে ।
 বিভূতি ভূষণ অতি সকল শরীরে
 বসিলা ত ভগবতী চাঁদোর শিয়রে ।
 মায়ায় মোহিয়া তারে কহিল স্বপন
 দ্বিজ বিপ্রদাস বলে মনসা-চরণ ॥

১০

পয়ার

কপট করুণা ভাবে চাঁদোরে বুঝায়
 আমি মহাদেব তোরে করি পরিচয় ।
 মনসাকুমারী জত দুঃখ দিল তোরে
 সে সব দেখিয়া দয়া লাগিল আমারে ।
 তোম হেতু জাব আমি অমুপাম-পাটনে
 তথায় আইস নৌকা করিয়া সাজনে ।
 পুনরপি তথা তোরে শিখাইব জ্ঞান
 পাইবে সকল জ্ঞান আমা বিদ্যমান ।
 ধনস্তুরি ধনা মনা ছয় পুত্র লৈয়া
 আসিহ দেশে পুন হরষিত হইয়া ।
 স্বপ্ন কহি মনসা হইলা অন্তর্ধান
 নিদ্রাভঙ্গ চাঁদো রাজা হইলা চেতন ।

প্রাতঃক্রীড়া নিয়মিত করিল রাজন
 তুলসীর পত্র শিরে ললাটে চন্দন ।
 কনকের ছত্র শিরে বসি দণ্ড-পাটে
 পাত্র মিত্র আমাত্য বসিল রাজ-ঠাটে ।
 পুরোহিত পণ্ডিত আনিল সঙ্ঘিধান
 স্বপ্ন কহে নরপতি সভা বিদ্যমান ।
 আজ নিশি অবশেষ দেখি উপদেশ
 ঋগ্বিলা এতেক দিনে মোর দুঃখক্লেশ ।
 বাপু মহাদেব মোর শিয়রে বসিয়া
 পরিচয় দিলা মোরে করুণা ভাষিয়া ।
 সদয়হৃদয় বাক্য বলিলা আমায়
 শুচিবে সকল দুঃখ আমার সভায় ।
 প্রভু বৈলা জাব আমি অমুপাম-পাটন
 তথাকারে আইস পুত্র তুরিত-গমন ।
 তথাকারে গেলে দিবেন মহাজ্ঞান
 পুত্র সতে পাব আর ওঝা পরিজন ।
 তুরিতে করহ মোরে বৃহিত্র-সাজন
 অবিলম্বে জাব আমি অমুপাম-পাটন ।
 পাত্র মিত্র বলে সতে শুন নৃপমণি
 নৃপতি পাটনে যাত্রা কভু নাহি শুনি ।
 সনকা রমণী তবে প্রভুরে বুঝায়
 এথায় ইন্দ্রের পুরী গেল মনসায় ।
 পদ্মার চরণ-পদ্ম-মধুগন্ধ লোভে
 দ্বিজ বিপ্রদাস তথি ভূঙ্গরূপে শোভে ॥

১১

শ্রী রাগ

বিচিত্র নির্মাণ পুরী মহিমা বলিতে নারি
 বিশ্বকর্মা নির্মাইল যত্নে
 কহিব কতক লীলা মরকত মণি পলা
 প্রবাল মুকুতা নানারত্নে ।

ধন্ত ধনু সুরপতি শচী সঙ্গে লৈয়া তথি
 বসিয়াছে রসক্রীড়া-সুখে
 গন্ধর্ব কিন্নরে স্তুতি সদাই আনন্দমতি
 কপূর তাষুল পুগ মুখে ।
 ব্রহ্মা বিষ্ণু ত্রিলোচন মুনি ঋষি দেবগণ
 পবন শমন দিবাকর
 বরুণ অনিল নীল অরুণ কুবের আইল
 গণপতি অগ্নি শশধর ।
 লক্ষ্মী আর সরস্বতী ছায়া সঙ্গে বসুমতী
 বসিলা সকল দেবগণ
 যক্ষ রক্ষ বিত্বাধর অপছর কিন্নর আর
 বড় হরষিত দেবগণ ।
 হেনকালে বিষহরি উপনীত সেই পুরী
 দেবসভা দেখি আনন্দিত
 জনমে জনমে সেবি ভাবিয়া মনসাদেবী
 দ্বিজ বিপ্রদাস বিরচিত ॥

১২

মনসা দেখিয়া অতি সম্মমে সকলে
 বিচিত্র আসনে বসাইলা কুতূহলে ।
 জিজ্ঞাসিলা সাদরে গমন কি কারণ
 হরিষে মনসাদেবী কহেন কারণ ।
 মর্তপুরে নিন্দা করে মোরে চাঁদো রাজা
 তুমি অশুভল হৈলে লই তার পূজা ।
 অনিরুদ্ধ উষা দেহ সুর-অধিকারী
 তবে সে চাঁদোর পূজা আমি নিতে পারি
 ইন্দ্র বলে অনিরুদ্ধ আমাত্য আমার
 ইহা এড়ি জননী লইয়া জাহ আর ।
 শুনিয়া মনসাদেবী কহেন তখন
 অস্ত্র হইতে মোর কার্য্য নহিবে সাধন ।

নৃত্য করিবার আজ্ঞা দেহ বিত্বাধরে
 তালভঙ্গ হইলে শাপ তুমি দেহ তারে ।
 তবে ইন্দ্র রাজা উষা অনিরুদ্ধ প্রতি
 নৃত্য করিবারে আজ্ঞা দিলা শীঘ্রগতি ।
 আজ্ঞা পায়্যা নানা রঙ্গে সঙ্গে নটবেশ
 নটবর-ছাঁদে নাট-স্থানে পরবেশ ।
 মৃদঙ্গ রবার আর বীণা সপ্তশ্বরা
 রুদ্র কর্ণিনাস যন্ত্র বাজে মনোহরা ।
 তাল ধরি নৃত্য করে গায় সুগলিত
 দৈবযোগে তালভঙ্গ হইল আশ্চরিত ।
 কোপানলে সুরপতি একদিষ্টে চায়
 তালভঙ্গ দোষ ইন্দ্র শাপ দিল তার ।
 মনসারে আজ্ঞা দিলা সুর-অধিকারী
 লৈয়া জাগ পাপিষ্ঠ জর্মাও মর্তপুরী ।

কান্দে অনিরুদ্ধ শাপ পাইয়া দারুণ
মৃত্যুবৃত্ত বিছাধর সরস করুণ ।
পদ্মার চরণে উষা করে পরিহার
দ্বিজ বিপ্রদাস বলে মনসা-কিঙ্কর ॥

১৩

গাঙ্কার

মনসা ধরিল শীঘ্র অনিরুদ্ধ-করে
তাহা দেখি উষা বালি কান্দিয়া নিশ্বরে ।
কোন কোন দেবের নয়ানে ধারা গলে
করুণা করয়ে সতে বাড়ে উত্তরোলে ।

কান্দে উষা বালি মনসার ধরি পায়
এড়হ প্রভুর হাত ভজিছে তোমায় ।
প্রহুয়ম খণ্ডর মোর কৃষ্ণের নন্দন
নৃত্যগীতরঙ্গে বঞ্চিত ইন্দ্রের সদন ।
কোন কালে তব পদে দোষ নাহি করি
কেন প্রাণনাথ মোর লৈয়া জাহ হরি ।
স্বামী মোর মহাশয় সর্বত্র মহিমা
আপনি ভবানী ভূমি নিয়োজিয়া আমা ।
কেনেক বিলম্ব কর কহি সর্ব বাণী
দ্বিজ বিপ্রদাস বলে জুড়ি যুগপাণি ॥

১৪

পটমঞ্জরী

শুন গো মনসাদেবী বিশেষে হৃদয় ভাবি
বর দিলা হৈয়া স্তবেখিত
কৃষ্ণা চতুর্দশী রাত্রি জে তোমার ভঞ্জে পতি
সেই পতি তোমা নিয়োজিত ।
দৈব-স্বপনে রতি অনিরুদ্ধ সংহতি
চিত্রলেখা জানিল বিশেষে
অনেক জতন করি আনিল আমার পুরী
বিবাহ করিল গুপ্ত বেশে ।
বেকত গুপ্ত কাজ বাপ মোর বাণ রাজ
পাঠাইল বহু সেনাপতি
প্রভু যুদ্ধ কৈল জত সর্ব সৈন্য হৈল হত
শুনিয়া সাজিল নরপতি ।
মহাসংগ্রামের রোধে প্রভু বন্দি নাগপাশে
শুনি কামদেব নারায়ণ
সাজিয়া আইলা পুরি প্রবেশে বাণের পুরী
আগুনের গড় নিবারণ ।

রক্ষিতে বাপুর পুরী মহাদেব যুদ্ধ করি
 নন্দি আদি করিয়া ভৈরব
 হরি হর দুই জন অস্ত্রে অস্ত্রে করি রণ
 বাণ রাজা কৈলা পরাভব ।
 চণ্ডিকা সদয় করি আসি সেই রণস্থলী
 রক্ষিবারে বাণ মহারাজে
 বশু এড়ি দিগম্বরী যুদ্ধ নিবারণ করি
 হেট মুণ্ডে সতে হৈলা লাজে ।
 রক্ষিলেন বাণ রাজ্য তাহার সহস্র ভূজ
 প্রভুর বন্ধন বিমোচন
 বাণ রাজা আসি তবে মোর বিভা দিল জবে
 রত্ন আদি দিল নানা ধন ।
 বহু স্তুতি করি বাণ পাঠাইল নারায়ণ
 হরিবে আইলা দ্বারিকায়
 আমারে পীড়িত বিধি তেজিয়া সে সব নিধি
 রক্ষে বধি ইন্দ্রের সভায় ।
 শাপ দিল সুরপতি তুমি বাম মোর পতি
 তুমি পায় লইল শরণ
 তোমার চরণ গতি অস্ত্র নাছি লয় মতি
 দ্বিজ বিপ্রদাস বিরচন ॥

১৫

পয়ার

দেবী বলে পূর্বকথা কর অবধান
 অনেক বৎসর মোরে করিলা সেবন ।
 তবে বর দিলা আমি বেথিত-হৃদয়
 তিন জন্মে মোক্ষ বর পাইবা নিশ্চয় ।
 তোমার প্রথম জন্ম উজনি নগরে
 পূর্ব জাতি বিসরণ নহো মোর বরে ।
 তুমি রত্ন তব পিতা পুস্পরাজ রাজা
 বিবিধ প্রকারে আমা করিলে [ত] পূজা ।

তবে আর জন্ম এই বাণ রাজা ঘরে
 অনিরুদ্ধ জন্ম এথা রতি[র] উদরে ।
 রাজ-ভোগে বিসরিলা আমার সেবন
 এই জন্ম মোক্ষ বর পাব দুইজন ।
 এখনে জন্মিবা সাহে সুমিত্রা-উদরে
 বেহলা তোমার নাম উজনি-নগরে ।
 লখিন্দর নাম জন্ম চম্পকনগরে
 চাঁদোর হইব পুত্র সনকা-উদরে ।
 চাঁদোরে সিংগাইয়া দিবা লোহার কলাই
 লোহার মন্দিরে সাপে খাইবে লখাই ।

মাজসে ভাসিয়া জাবে আমা বিগ্ৰহানে
নৃত্য করি লখাই জিয়াইবে দেবস্থানে ।
চাঁদোর ছয় পুত্র আর দিব জিয়াইয়া
দেশে জাইতে নৌকা ধন দিব ত তুলিয়া ।
চাঁদোরে বুঝাইয়া পূজা করহ প্রচার
মোক্ষবর পাইয়া আসিবা পুনর্বার ।

না কর বিলাপ সতি কর আগমন
ওখা কামদেব শুনি পুত্রের মরণ ।
অবিলম্বে আসি কাম ইন্দ্রের ভুবন
দেখিয়া পুত্রের মুখ বিষাদবদন ।
পদ্মার চরণপদ্ম-মধুগন্ধ-লোভে
দ্বিজ বিপ্রদাস তথি ভৃঙ্গরূপে শোভে ॥

১৬

কৌ রাগ

পুত্রের বদন দেখি কামদেব [ম]হাহুখি
মনসারে বলে রুষ্টবাণী
দেব হইয়া বাদ কর মানবে জিনিতে নার
পুত্র মোর লইয়া জাও কেনি ।
এড়হ আমার পুত্র রূপ-মুরারি
কেনো পুত্র লইয়া জাও হরি ।
জর্মিয়া দেবের পুরে কারো মন্দ নাহি করে
কারো ধন নাহি করে চুরি
রতির নন্দন হএ তব সঙ্গে কিবা দায়
কেনো পুত্র লই জাও ধরি ।
বিষ্ণাধরগণ সঙ্গে নৃত্য গীত নানা রঙ্গে
নিবসে ইন্দ্রের বিগ্ৰহানে
ভুবনে দুর্লভসার পুত্র বিনে নাহি আর
না দেখিয়া বঞ্চিব কেমনে ।
জননী পুত্রের দেখি হৃদয় পরমহুঃখী
কান্দে রামা অঝর নয়নে
জত বিষ্ণাধরগণ দেখিয়া বেথিত মন
দ্বিজ বিপ্রদাস বিরচনে ॥

১৭

পয়ার

মনসা বলেন কাম বুঝাই তোমারে
অকারণে তুমি ক্রোধ করিলা আমারে ।

নৃত্য করে অনিরুদ্ধ ইন্দ্রের সভায়
তাল-ভঙ্গ হৈল সাঁপ দিল দেব-রায় ।
বিশেষ আমার কার্য আছে মর্তপুরী
এই হেতু তোমারে ইন্দ্র অধিকারী

অকারণে অহঙ্কার করিস আমারে
 ইচ্ছস্থানে সাধি লও আপন কুমারে ।
 তোর ঠাঞি মাগি জবে করি নিবেদন
 আসাধ্য আমার কার্য না করিহ মন ।
 মনসার স্থানে পাইল নিষ্ঠুর বচন
 বিষাদ ভাবিয়া কাম করিল গমন ।
 অনিরুদ্ধ উষা প্রতি বলে বিষহরি
 বিলম্বে কি আর ফল চল মর্তপুরী ।
 পদ্মা প্রতি উষা বালি করে নিবেদন
 ধানিক বিলম্ব করো দেখি ইষ্টগণ ।
 সর্ব বিষ্ণাধরগণে মাগিল মেলানি
 ছাড়িল অমরপুরী মায়ামোহ জানি ।
 চিরদিন সুখ বঞ্চি সভার সংহতি
 সভাই থাকিলা সুখে আমি অধ-গতি ।
 শুনি বিষ্ণাধরগণ সতে দুঃখমন
 হুঁহার বিচ্ছেদ হেতু করেন ক্রন্দন ।
 মনসার ভয় ভাবি করিলা গমন
 দাড়ায়্যা ইচ্ছের কাছে করএ ক্রন্দন ।
 সেবিহু অনেক কাল অকারণে তোমা
 তিল-এক দোষে হেন শাস্তি করো আমা ।
 ক্ষেমা না করিলা অতি দারুণহৃদয়
 মর্তপুর জাই আমি মাগিহু বিদায় ।
 কিছু না বলিল ইচ্ছ চক্ষে নাহি চাহে
 হাথে ধরি পদ্মাবতী লইলেন দুঁহে ।
 মনসা সহিত দুঁহে চলিলা তুরিত
 মান্দার পর্বতে গিয়া হইল উপনীত ।

নিশ্চয় মরণ জানি কান্দে কোলাকুলি
 ধরিয়া পদ্মার পায় করে পুটাঞ্জলি ।
 সত্য করো মোর সঙ্গে শুন বিষহরি
 জাতিস্বর হব আমি গিয়া মর্তপুরী ।
 জখন চিন্তিব আমি আসিবা তখনি
 পদ্মা বলে এই সত্য দৃঢ় কৈল আমি ।
 মান্দার পর্বতে দুঁহে শরীর ছাড়িল
 দুঁহাকার প্রাণ লইয়া মনসা চলিল ।
 রথে ভরে গেলা দেবী চম্পকনগরে
 উপনীত হইল গিয়া চাঁদোর বাসরে ।
 রিতু-জ্ঞান করিয়াছে সনকা-সুন্দরী
 পতি সঙ্গে সঙ্গে কেলি বঞ্চে যত্ন করি ।
 লখাই জর্মান দেবী সনকা-উদরে
 গর্ভবতী হইলা রামা মনসার বরে ।
 দুঁহ তিন চারি মাস হইলে গণনে
 গর্ভবতী সনকা জানিল সর্বজনে ।
 পঞ্চম মাসের গর্ভ হইল উপসন্ন
 চাঁদো রাজা যুক্তি করে জাইতে পাটন ।
 পাত্র মিত্র পুরোহিত আনিল সত্বর
 বলিতে লাগিল রাজা সভার গোচর ।
 স্বপ্নে মহাদেব মোরে হইলা সদয়
 জ্ঞান পুত্র পাটনে পাইব সুনিশ্চয় ।
 জতনে পালিহ রাজ্য জতো পুরীজন
 সনকা রমণী মোর করিহ পালন ।
 সনকা বলেন প্রভু শুনহ বচন
 দ্বিজ বিপ্রদাস বলে মনসা-চরণ ॥

১৮

কামদ রাগ

সনকা বলেন রায় নিবেদি তোমার পায়
 না জাইয় অমুপাম-পাটন
 নৃপতি পাটন জায় এমন উচিত নয়
 বিধি-বাম হইল ঘটন ।

তুমি প্রভু নৃপবর অশ্ব-দন্তি-নরেশ্বর
 গেয়ান-চৈতন্য নাহি তোমা
 তেজি এই রাজ্য ধন দণ্ডপাট সিংহাসন
 অনাথিনী করি জাবে আমা ।
 যুগল করিয়া পানি নিখরে সনকা বাণী
 শুন প্রভু নিবেদি তোমায়
 মনসা সহিত বাদ হইবেক পরমাদ
 তেজ দস্ত নিবসো এথায় ।
 দেবী ত্রিভুবনেশ্বরী মহিমা ভুবন ভরি
 তাঁর সঙ্গে তোমার বিবাদ
 এই রাজ্য নিজ পুর আপনা রাখিতে নার
 তথা গেলে হবে পরমাদ ।
 শুন প্রভু গুণধাম জানিতা জে মহাজ্ঞান
 মৃত জীব জিয়াইতে হেলে
 তাহা হরে বিষহরি বধিলেন ধনুস্তরি
 ধনা মনা বধে শিষ্য-মেলে ।
 ছয় পুত্র ছিল তোর রূপে গুণে বিগ্ধাধর
 বধিলেক অন্নে বিব দিয়া
 সকলি মনসা লএ তমু তোর নাহি ভএ
 আসিবা সকল মজাইয়া ।
 যদি জাবে সেই পুরী চিন্তিহ জে বিষহরি
 তবে হবে সর্বত্র কুশল
 ভাবিয়া মনসা দেবী দ্বিজ বিপ্রদাস কবি
 বিরচিল মনসামঙ্গল ॥

১৯

পয়ার

সনকার বাক্য শুনি বলে নরপতি
 কি করিতে পারে কানি তাহার শক্তি ।
 তথাএ রক্ষিবা আমা বাপু মহেশ্বর
 নিশ্চিন্দে থাকিহ ঘরে নাহি কোন ডর ।
 সাজ সাজ সত্বরে ডাকিল নৃপবর
 আনিল কাণ্ডারগণে নৌকার চাকর ।

দুর্লভ কাণ্ডারি প্রতি বলে হেন কালে
 পুরাতন ডিঙ্গা আছে গুজড়ির জলে ।
 ডুবাকু আনিয়া ডিঙ্গা তুলিলেক কূলে
 গাব ধুনা দিয়া তরী ভাসাইল জলে ।
 দড়াদড়ি টাঙ্গাইল মহা কোলাহলে
 আনিতে ডিঙ্গার দ্রব্য নৃপবর বলে ।
 তুলিল মালুম-কাট ডিঙ্গার উপর
 নানা দ্রব্য কিনি ডিঙ্গা ভরে নৃপবর ।

প্রচুর করিয়া লএ বুনা নারিকেল
 খোম-ধুতি খাসা আদি বসন সকল ।
 নিষপত্র স্ত্রীপাত আর কাপ্যা জীরা
 মেধি পাড়ু কুমুড়া জোয়ানি কৈল ভরা ।
 তৈল ঘৃত মাষ মুগ কলাই সকল
 জতনে প্রচুর করি লইল তগুল ।
 গণক আনিয়া লগ্ন কৈল শুভক্ষণে
 বিজ বিপ্রদাসে বলে মনসা-চরণে ॥

২০

মল্লার

হেনো কালে সনকা বলএ বিজ্ঞমানে
 পঞ্চ মাস গর্ভ মোর কেহ নাহি জানে ।
 লোকধর্মাচারে পাছে হয় অপমান
 তবে পত্র দেহ রাজা সভা বিজ্ঞমান ।

পঞ্চ মাস গর্ভ জবে সনকা রমণী
 হেন কালে পাটনে চলিলা নৃপমুনি ।
 পুত্র হয় খোবে নাম লক্ষ্মিন্দর বালা
 দুহিতা হইলে নাম থুইয় জয়মালা ।
 পত্র দিলা চাঁদো রাজা লোকধর্ম-ভয়
 যাত্রা করি পাটনে চলেন মহাশয় ।
 সমুখেতে পূর্ণ ঘট করি আরোপণ
 পুরোহিতগণ বেদ করে উচ্চারণ ।
 নানা বাণ্ড হলাহলি করে শঙ্খধ্বনি
 যাত্রা করিয়া চলে চাঁদো নৃপমুনি ।
 হাঁচি ৫৫টা পড়ে জবে যাত্রা করে রায়
 সনকা রমণী কর হানয়ে মাথায় ।
 গুজড়ির কূলে গেলো চাঁদো অধিকারী
 প্রভাতে বরিব ডিঙ্গা সনকা সুন্দরী ।
 এই সভাসতেরে মনসা পুরো আশ
 আঞ্জী রহিল গীত বলে বিপ্রদাস ॥

॥ অষ্টম পালা সাক্ষ ॥

নবম পাল্লা

১

বসন্ত রাগ

রাজহংস-গতি জিনি মন্দমন্দ-গামিনী
 সনকা রমণী অহুসারে
 স্তবর্ণে সাবুড়া পুরি ছুঁবা ধাত্ত কস্তুরি
 ঝারি পুরি বারি করি করে ।
 রামেশ্বর-ঘাটে আসি চারি দিগে বেড়ি দাসী
 সনকার বিষাদ অন্তরে
 ছুঁবা ধাত্ত লৈয়া করে শুভক্ষণে ডিঙ্গা বরে
 গন্ধপুষ্পে অর্চে মধুকর ।
 যুগল-করে সনকারমণী
 প্রাণধন নৃপবর চলিলা জে দেশান্তর
 শোকহুঃখে তেজিব পরানি ।
 গুন প্রভু গুণমণি পালিহ আমার বাণী
 মনেতে চিন্তিহ পদ্মাবতী
 তবে তব নাহি ভয় রক্ষিবেন মনসায়
 কুশলে আসিবে অধিপতি ।
 যদ্যপি কুবুদ্ধি পায় নিন্দা কর মনসায়
 তবে রক্ষে নাহিক জীবন
 বৃহিত্র জীবন ধন সব হৈব বিষটন
 পুনর্বীর নাহি দরশন ।
 ডিঙ্গার চাকর জত সবে ভক্ত অহুগত
 সনকা বুঝায় সভাকারে
 সতে মিলি যুক্তি করি পূজিবে জে বিষহরি
 যত্ন করি বুঝাবে রাজারে ।
 অতি সক্রোধ-মুখি অশ্রু ঝরে দুই আখি
 কান্দে রামা করিয়া হতাশ
 মনসা-চরণ গতি চিন্তিয়া যে একমতি
 বিরচিল ষিঞ্জ বিশ্রদাস ॥

২

পর্যায়

গন্ধেশ্বরী প্রথমে বরিল সাবধানে
 অনেক ছাগল করিয়া বলিদানে ।
 সনকারে প্রবোধ করিয়া নৃপবর
 শুভক্ৰমে বৃহিৎ মেলিল নরেশ্বর ।
 দ্বিতীয় মেলিল ডিঙ্গা নামে সর্বজয়া
 হু-লক্ষ তঙ্কার দ্রব্য তাহাতে ভরিয়া ।
 তৃতীয় মেলিল ডিঙ্গা নামে জগদল
 বারো বরিষের ধরে তগুল সঞ্চল ।
 চতুর্থ মেলিল ডিঙ্গা নামে স্তম্ভজ
 জার রূপে ছই কুলে হইল উজ্জল ।
 পঞ্চমে মেলিল ডিঙ্গা নামে নবরত্ন
 জার রূপ দেখিতে দেবের হয় যত্ন ।
 সষ্টমে মেলিল ডিঙ্গা নামে চিত্ররেখা
 জার ধনে আদি অস্ত নাই লেখা জোখা ।

সপ্তমে মেলিল ডিঙ্গা নামে শশিমুখী
 বহু দূর হৈতে জার ছইঘর দেখি ।
 রাজঘাট রামেশ্বর বাহিয়া এড়ায়
 ধর্মখান বাহিয়া অজয়-নদী পায় ।
 উজবনি বাহিয়া হইল উপনীত
 শিবা-নদী সাড়াই বাহিল স্বরাষিত ।
 উজনি কাটোয়া বাহি রহে ইন্দ্র-ঘাটে
 ইন্দ্র-চরণ পূজে সেই নদী-তটে ।
 ইন্দ্রানি বাহিয়া নদিয়ার উপনীত
 আঁবুয়া বাহিয়া গিয়া চাপাএ বৃহিত ।
 রক্ষন ভোজন করি গৌয়ার রজনী
 বাহ বাহ বলি ডাকে চাঁদো নৃপমণি ।
 বৃহিত বাহিয়া স্মখে চলিল প্রভাতে
 ফুলিয়া বাহিয়া হাতিকান্দা উপনীতে ।
 গুপ্তিপাড়া বাহিয়া সিঙ্গারপুর আইসে
 ত্রিবেণী লাগায় ডিঙ্গা বলে বিপ্রদাসে ॥

৩

নাট রাগ

বৃহিত চাপায়্যা কুলে চাঁদো অধিকারী বলে
 দেখিব কেমন সপ্তগ্রাম
 তথা সপ্তঋষি স্থান সর্বদেব অধিষ্ঠান
 সোক্ষ মোক্ষ রম্যস্তর ধাম ।
 যদি হৈয়া শুদ্ধমতি ঋষি মুনি সেবে তথি
 তপ জপ করে নিরাস্তর
 গঙ্গা আর সরস্বতী যমুনা নিবসে তথি
 অধিষ্ঠান উমা-মাহেশ্বর ।
 দেখিয়া ত্রিবেণী গাজ চাঁদো রাজা মনে রজ
 কুলেতে চাপায় মধুকর
 আনন্দিত মহারাজ করে নৃপ তীর্থ-কাজ
 ভক্তিভাবে পূজে মহেশ্বর ।

তীর্থকার্য সমাপিয়া অন্তরে হরিষ হয়্যা
 উঠে রাজা ভ্রমিতে নগর
 ছত্রিশ আশ্রমে লোক নাহি কোন দুঃখ শোক
 আনন্দে বঞ্চয়ে নিরন্তর ।
 বৈসে জত দ্বিজগণ সর্বশাস্ত্রে বিচক্ষণ
 তেজময় জেন দিবাকর
 সর্বতত্ত্ব জানে মর্মে বিশারদ গুরুধর্মে
 কুলগুরু দেবের দোসর ।
 পুরুষ মদন জেন রমণী সাবিত্রী হেন
 অভরণ সব স্বর্ণময়
 তার রূপ গুণ জত তাহা বা বলিব কত
 দ্বিজগুরু অমর প্রণয়
 অভিনব সুরপুরী দেখি ঘর সারি সারি
 প্রতি ঘরে কনকের বারা
 নানা রত্ন অবিশাল জ্যোতির্ময় কাঁচ চাল
 গজমুক্তা-প্রলম্বিত বারা ।
 সতে দেবে ভক্তি অতি প্রতি ঘরে নানা মূর্তি
 রত্নময় সকল প্রাসাদে
 আনন্দে বাজার বান্দি শঙ্খ ঘণ্টা মৃদঙ্গাদি
 দেখি রাজা বড়ই প্রমোদে ।
 নিবসে যবন জত তাহা বা বলিব কত
 মোজল পাঠান মোকাদীম
 হৈয়দ মোল্লা কাজি কেতাব কোরান বাজি
 ছুই ওস্ত করে তছলিম ।
 মসিদ মোকাম ঘরে ছেলাম নমাজ করে
 ফয়ত্বা করয়ে পিত্য-লোকে
 বন্দিয়া মনসাদেবী দ্বিজ বিপ্রদাস কবি
 উদ্ধারিহ ভকত সেবকে ॥

৪

পয়ার

দিন ছুই তথা রহি মেলিল বৃহিত
 কুমারহট্ট গিয়া ডিঙ্গা হইল উপনীত ।

ডাহিনে ছগুলি রহে বামে ভাটপাড়া
 পশ্চিমে বাহিল বোরো পূর্বে কাঁকীনাড়া ।
 মুলাজোড় গাড়ু লিয়া বাহিল সত্বর
 পশ্চিমে পাইকপাড়া বাহে ভদ্রেশ্বর ।

চাপদানি ডাহিনে বামেতে ইছাপুর
 বাহ বাহ বলি রাজা ডাকিছে প্রচুর ।
 বামে ঝাঁকিবাজার বাহিয়া জায় রঙ্গে
 জমিন বাহিয়া রাজা প্রবেশে দিগঙ্গে ।
 পূজিল নিমাই-তীর্থ করিয়া উত্তম
 নিমগাছে দেখে জবা অতি অনুপাম ।
 চানক বাহিয়া যায় বুড়নিয়ার দেশ
 তাহার মেলান বাহে আকনা মাহেশ ।
 খড়দহে শ্রীপাটে করিয়া দণ্ডবত
 বাহ বাহ বলিয়া রাজা ডাকে অবিরত ।
 রিসিড়া ডাহিনে বাহে বামে স্ককচর
 পশ্চিমে হরিষে রাজা বাহে কোননগর ।
 ডাহিনে কোতরং বাহে কামারহাটা বামে
 পূর্বেতে আঁড়িয়াদহ ঘুমুড়ি পশ্চিমে ।

চিতপুরে পূজে রাজা সর্বমঙ্গলা
 নিশি দিসি বাহে ডিঙ্গা নাহি করে হেলা ।
 পূর্ব কুল বাহিয়া এড়ায় কলিকাতা
 বেতড়ে চাপায় ডিঙ্গা চাঁদো মহারথা ।
 স্নান তর্পণ করি কৈল ইষ্টি-পূজা
 পূজিল বেতাই চণ্ডী চাঁদো মহারাজা ।
 নানা উপহারে কৈল রন্ধন ভোজন
 ধনগু বাহিয়া গেল স্বরিতগমন ।
 কালিঘাটে চাঁদো রাজা কালিকা পূজিয়া
 চুড়াঘাট বাহি জায় জয়ধ্বনি দিয়া ।
 ধনস্থান এড়াইল বড় কুতুহলে
 বাহিল বারুইপুর মহাকোলাহলে ।
 হেন কালে মনসা ভাবেন মনে মন
 দ্বিজ বিপ্রদাস কবি করিল রচন ॥

৫

সুহাই

নেতো লইয়া বিষহরি মনে অনুমান করি
 প্রবেশিলা কালিদহ-কূলে
 বিশ্বকর্মা অনুমানে আনিলেক দুইজনে
 যত্ন করি দুহা প্রতি বলে ।
 কালিদহে শীঘ্র করি নির্মাণ বিচিত্র পুরী
 অবিলম্বে করহ গমন
 মনসার আজ্ঞা পায়্যা মণ্ডবে লাগিল গিয়া
 পাষণ জোগান হুমান ।
 গড়িল পাষণপুরী ক্ষিতি অনুপাম করি
 বহুমূল্য পাষণরচিত
 কনক-কলস চূড়ে নেতের পতকা উড়ে
 হেমঘট স্থাপিত তুরিত ।
 নির্মাণ্য মণ্ডপ-ঘরে বিশ্বকর্মা যাত্রা করে
 নাগগণ চিন্তে বিষহরি
 বাসুকি তরুণ তায় উদয়কাল ধনঞ্জয়
 কদম্বাদি ধামাই ছয়ানি ।

মণি-নাগ হেনকালে শিরে জার মণি জলে
 আড়াইরাজ তেজিয়া কানন
 কালি-নাগিনী নড়ে নাগের পাঠার পড়ে
 নিশ্বাসে কম্পিত ত্রিভুবন ।
 ষোল চিত্তি অষ্ট বোড়া কুলক কুলির ধোড়া
 ঝাটো আইল আড়িয়াল-বঙ্কা
 বেত-আছাড় ধায়্যা জায় কাল বেকাল ধায়
 নাগ-সৈন্য দেখি লাগে শঙ্কা ।
 পদ্মা বলে নাগ-দলে এই কালিদহে জলে
 আরাঙ্কে থাকিবে সতে এথা
 দেখি জেন চাঁদো রাজা ভয়ে করে মোর পূজা
 বিশেষ কহিছু এই কথা ।
 আদেশিলা বিষহরি মহাঘোর দস্ত করি
 রহে নাগ চাঁদোর সমুখে
 তার মাঝে বিষহরি পদ্মপত্রে ভর করি
 কমল-আসনে বসি স্থখে ।
 হেন কালে চাঁদো রাজা দেখিল দেউল-ধ্বজা
 মহাদণ্ডে নাগ-অবতার
 চাঁদো বলে কর্ণধার মেঘ বৃষ্টি অঙ্ককার
 দ্বিজ বিপ্রদাস গানে সার ॥

৬

পয়ার

জানিয়া পদ্মার মায়া বলে কর্ণধার
 বুঝাই নৃপতি না করহ অহঙ্কার ।
 এই কালিদহ মনসার অধিকার
 ঝড় বৃষ্টি নহে এই নাগ-অবতার ।
 এই ত দেউল-ধ্বজা দেখহ রাজন
 নাগের প্রতাপে রক্ষা নাহিক জীবন ।
 মনসার পূজা তুমি কর একমনে
 তবে ধন প্রাণ লৈয়া আইয় পাটনে ।

যদি দস্তদোষে নাহি পূজ মনসায়
 ধন প্রাণ বৃহিত্র মজিব কালিদয়ে ।
 ইহা শুনি চাঁদো রাজা ভাবে মনে মনে
 কানি বলি গালি দিয়া ভজিব কেমনে ।
 প্রাণ গেলে না করিব কানির স্মরণ
 যদি রুষ্ট হয় তবে বধিবে জীবন ।
 চাঁদো বলে কর্ণধার অবশ্য মরণ
 সংগ্রামে মরিলে জাব অমরভুবন ।
 হেতালের বাড়ি রাজা ধরে ছুই করে
 লাফ দিয়া উঠে গিয়া উচ্চ দৈ-ধরে ।

ধর ধর বলিয়া ডাকয়ে দণ্ডধর
 একাকী বধিব সব ভুজঙ্গের দল ।
 শুনিয়া চাঁদোর ডাক আসে নাগগণ
 পাছে ছুট চাঁদো পায়্যা বধয়ে জীবন ।
 আরম্ভ করিয়া যদি ভুজঙ্গ রহিত
 ডিঙ্গার সহিত চাঁদো গিলিতে পারিত ।
 হেন সব নাগের কুবুদ্ধি গিয়া পায়
 চাঁদোর তরাসে নাগ উঠিয়া পলায় ।
 মনসা বলেন নেতো কোন কর্ম কৈল
 চাঁদো-ভয়ে নাগগণ পলাইয়া গেল ।
 নেতো বলে পদ্মাবতী ভর কর রথে
 অবিলম্বে গেলা হুহে সিজুয়া পর্বতে ।
 প্রবেশ করিল চাঁদো কালিদহ জলে
 বাতালি চাপিয়া রাজা উঠে গিয়া কূলে ।
 মনসার ঘটে মারে হেতালের বাড়ি
 ভাজিয়া পদ্মার ঘট জায় গড়াগড়ি ।
 কুবুদ্ধিয়া চাঁদো রাজা ভাজিল দেহারা
 মন্দিরের জন্ত ধনে ডিঙ্গা কৈলা ভরা ।
 চাঁদো বলে কর্ণধার দেখ বিগ্ৰমান
 মোর ভয়ে পলাইল জন্ত নাগগণ ।
 তুমি ত না জান ভাই আমার মহিমা
 কানির পরাণে কি করিতে পারে আমা ।
 নানা বাদ্য বাজনে পাইকে গায় সাড়ি
 বৃহত্ত মেলিয়া ঝাটো চাঁদো জায় ধাড়ি ।
 হালিয়ার গজে বাহি চলিল তুরিত
 ছত্রভোগ গিয়া রাজা চাপায় বৃহিত ।
 তীর্থকার্য চাঁদো রাজা করিল তথায়
 বদরিকা-কুণ্ডে জল লইল নৌকায় ।
 তাহার মেলান রাজা বাহে হাথিয়াগড়
 শতমুখী বাহি রাজা জায় দড়বড় ।

চৌমুখি বাহিয়া রাজা হরষিতে জায়
 তথায় চাপায় সব ডিঙ্গা চাঁদো রায় ।
 সঙ্কতমাধবে পূজে হইয়া একমন
 তীর্থকার্য শ্রান্ন কৈল পিত্তির তর্পণ ।
 তাহার মেলান ডিঙ্গা সঙ্গমে প্রবেশে
 তীর্থকার্য কৈল রাজা পরম হরিষে ।
 দরিয়া প্রবেশ হৈল চাঁদোর মধুকর
 নিশি দিসি বাহে অষ্টপ্রহর সফর ।
 অন্তরীক্ষ হইয়া বিহগ জন্ত বলে
 ছইয়া ডিঙ্গার লোক ধরি কত গিলে ।
 কিরাতের দেশ দিয়া চাঁদো রাজা জায়
 জীয়ন্ত মানুষ ধরি তারা সতে খায় ।
 অশ্বমুখ গজমুখ বাহিল পাটন
 একঠেঙ্গিয়ার দেশে করিল গমন ।
 বিপরীত কাঁকড়া দেখিতে চমকিত
 মঙ্গলা করিয়া তথা এড়ায় তুরিত ।
 হাদিয়াদহেতে ডিঙ্গা করিল প্রবেশ
 চারি ভিতে জল বিনে নাহি দেখে দেশ
 জোকাদহ সর্পদহ বাহে একে একে
 কড়িয়াদহ শঙ্খদহ বাহিল কোতুকে ।
 কড়ি শঙ্খ বন্দি করি করিল গমন
 বাহিয়া মনসাদহ চলিল রাজন ।
 সিংহদহ বাহি জায় হরষিত মনে
 সন্মুখে দেখিল রাজা অচুপাম-পাটনে ।
 চাঁদো বলে শুনহ ছলভ কর্ণধার
 কোন রাজ্য সন্মুখে বলহ সারোদ্ধার ।
 রাজার বচন শুনি কর্ণধার বলে
 দ্বিজ বিপ্রদাস কবি কহে কুতুহলে ॥

৭

বরাড়ি

কাণ্ডার বলয়ে কার্য্য অই অনুপাম রাজ্য
 শুনিয়া হরিষ নৃপবর
 নানা বাণ্ড কৈল ধ্বনি কূলে উঠে নৃপমণি
 চাপাইল সপ্ত মধুকর ।
 সে রাজ্যের নৃপবর জানিয়া ত সদাগর
 হরিষে ডাকিল নিজগণে
 ডাক-চৌকিগণে ধায় চাঁদো রাজা প্রতি কয়
 সতে আইস রাজা-সন্তাষণে ।
 শুনি চাঁদো নৃপবর সাজে দিব্য মনোহর
 আরোহণ বিচিত্র দোলায়
 চারি ভিতে নিজ গণ সতে হরষিত-মন
 রাজা-সন্তাষণে চাঁদো জায় ।
 রাজারে ভেটিবার মনে লইল নানা আয়োজনে
 প্রবাল মুকুতা মণিরত্নে
 স্বর্ণময় অলঙ্কার দিব্য গজ-মতি হার
 অশ্ব দস্তী আদি নানাধনে ।
 নগর ভ্রমণ করি দেখে দিব্য রম্য পুরী
 কুবের-সমান ধনবান
 অপছরি কিন্নরী-সমা নারীগণ অনুপমা
 প্রজাগণ মদন-সমান ।
 গেল রাজা দ্বার মাঝে দোলা এড়ি পদব্রজে
 রাজ-স্থানে গেলা কুতূহলে
 রাজারে সন্তাষ করি বৈসে চাঁদো কুতূহলী
 জিজ্ঞাসা করয়ে ভূমণ্ডলে ।
 কোন জাতি অনুপাম কার পুত্র কিবা নাম
 কহ কথা বৈস কোন দেশে
 বলে চাঁদো পুটপানি মোর নাম চন্দ্রপানি
 শুনি রাজা পরম হরিষে ।
 চম্পকনগরে ঘর পিতা মোর কোটাখর
 বণিকের বংশে উতপতি
 মিতা মিতা বলি তারে সন্তাষিল নৃপবরে
 বিপ্রদাস পদ্মা-পদে গতি ॥

অবধান কর নৃপমণি
 মধুকরে অহর্নিশি সলিলে ভাসিয়া আসি
 দিগ-বিদিগ নাহি জানি ।
 নানা ছুঃখ ক্লেশ পাইয়া পূর্ণিত বৃহিত্র লইয়া
 অবিলম্বে আসি তব পুরী
 প্রথমে বাহিনু জ্ঞান রামেশ্বর ধর্মখান
 অজয় বিজয় সুরেশ্বরী ।
 উজ্জ্বল-বক্র বাহি শিবা নদী সাখাই
 গুধানপুর বাই ইন্দ্রেশ্বর ।
 বাহিনু নদিয়া দিয়া আঁবুয়া ফুলিয়া বায়্যা
 ত্রিবেণী প্রবেশে মধুকর ।
 নানা গাঁ বাহিয়া আসি কালিদেহে পরবেশি
 তথা কানি পাতে অবতার
 আনিলেক নাগগণ ত্রাস পায় সর্বজন
 স্তন মিতা বিক্রম আমার ।
 হেতালের বাড়ি ধরি ডাকিনু বিক্রম করি
 নাগগণ পলায় সঘন
 ভাসিয়া মণ্ডপ-ঘর ভরা দিগু মধুকর
 সাগরে দিলাম দরশন ।
 দরিয়ায় পরবেশি নাহি জানি দিবানিশি
 বাহি আসি আট-প্রহর
 উড়িয়া বিহগ বুলে ছইয়া মামুষ গিলে
 তাহা দেখি কাঁপে প্রাণেশ্বর ।
 কাঁকড়া-জোকাই দিয়া সঙ্ক-কড়িয়া বায়্যা
 নানা ছুঃখ বাহিনু সঘন
 সিংহলে প্রবেশি জথা পদ্মিনী জনমে তথা
 সর্বাংশে পুরুষ বিচক্ষণ ।
 এড়াইলু বহুদেশ তব রাজ্য পরবেশ
 কহিলাম ছুঃখের কাহিনী
 দ্বিজ বিপ্রদাস ভণে করি এই নিবেদনে
 অস্তকালে তরাইবে ভবানী ॥

৯

পয়ার

শুনিয়া মিতার বাণী নানা আয়োজন
 আনাইয়া দিল রাজা চাঁদো বিগ্ৰমান ।
 চাঁদোর অগ্রতে রাজা কহে হরষিতে
 বিদায় হইয়া আজি জাহ আনন্দিতে ।
 রন্ধন ভোজন করি নিশি গোঁয়াইয়া
 প্রভাতে আসিহ কালি নগর ভ্রমিয়া ।
 মিতার গোচরে চাঁদো বিদায় হইল
 দোলা আরোহিয়া চাঁদো মধুকরে গেল ।
 রন্ধন ভোজন রাজা কৈল কুতূহলে
 স্নেহে ভক্ষণ কৈল কর্পুর তাষুলে ।
 শয়ন করিল দিব্য পালঙ্ক উপরে
 রজনী-প্রভাতে উঠে প্রাতঃক্রীড়া করে ।
 দোলায় চড়িয়া চাঁদো করিল গমন
 নগর ভ্রমিয়া গেল নৃপতি-সদন ।
 সম্ভাষ আলাপে চাঁদো বৈসে হরষিতে
 পাত্র মিত্র সেনাগণ বৈসে চারি ভিতে ।
 ডিঙ্গার জতেক দ্রব্য করিতে বদলে
 চাঁদোর সহিত রাজা চলে কুতূহলে ।
 উত্তরিল গিয়া জগা আছে মধুকর
 দুই মিতা উঠে গিয়া ডিঙ্গার ভিতর ।
 কৌতুকে দেখায় রাজা বুনা নারিকেল
 দক্ষিণাবর্ত শঙ্খ দেহ ইহার বদল ।

হরিদ্রা দেখায় চাঁদো করিয়া মঞ্জনা
 ইহাতে খণ্ডে জত ব্যাধির যজ্ঞনা ।
 ইহার বদল সোনা কহিছু তোমারে
 ওজন করিয়া লও দেহ তো আমারে ।
 খোম ধুতি কুড়ি জত দেখায় রাজন
 বদলিয়া পাট ভোট দেহ ত বসন ।
 পাঁড়ু কুমড়া দিয়া কহে নৃপবর
 ইহার বদলে দেহ সিসার খাপর ।
 অশ্ব দস্তী দেহ মোর মেঘের বদল
 তগুল বদলে দেহ মুকুতা প্রবাল ।
 পিপলি জোয়ানি আর কাল্যা জিরা ভেলা
 নিম্বপত্র হরীতকি আমলকি গিলা ।
 ইহার বদলে দ্রব্য দেহ নৃপবর
 গুড়ঞ্চক মরিচ লবঙ্গ জায়ফল ।
 জইত্রি কর্পুর হিঙ্গ দেহ ত সকল
 শুক্লা-পত্রে তেজ-পত্র দেহ ত বদল ।
 ডিঙ্গার জতেক দ্রব্য নৃপবরে দিল
 চাকরে বহিয়া দ্রব্য ভরা তুলাইল ।
 বদলিয়া জত দ্রব্য চাঁদো হরষিতে
 গাঁধর চাকর দ্রব্য বহে আনন্দিতে ।
 পুনরপি সপ্ত ডিঙ্গা করিল পূর্ণিত
 দেখিয়া নৃপতি চাঁদো বড় হরষিত ।
 পয়ার মায়ায় চাঁদো রহে সেই দেশে
 এখন রহিল গীত বলে বিপ্রদাসে ॥

দশম পাল্য

১

মিত্র-ভোলে চাঁদো রাজা রহিল পাটন
 সনকা লইয়া এথা কহিব কারণ।
 পঞ্চ মাস জখন সনকা গর্ভবতী
 হেনকালে পাটনে চলিল নরপতি।
 ছয় সাত অষ্ট মাসে আসিয়া প্রবেশে
 নয় মাসে ভক্ষ্য দ্রব্য দেই ত হরিষে।
 দুগ্ধ গুড় নারিকেল শর্করা নবাত
 বিবিধ পিষ্টক সজ্জা করে নানামত।
 উত্তম তণ্ডুল-গুড়ি দুগ্ধ চিনি দিয়া
 দুগ্ধ-ফেনি সজ্জ কৈল প্রচুর করিয়া।
 আসিকা ভিজায় দুগ্ধে রাখিল প্রচুর
 ধিরপুলি দুগ্ধ-চুবি রাখিল প্রচুর।
 নারিকেল-পুলি মুগ-সামলি বিস্তর
 রুটী সক্রচাকলি করিল বহুতর।
 রাখিল শাকের ঘণ্ট ডালি আর মৎস্য
 কতেক প্রকার ভাজা করিল অসচ্য।
 লাউর অম্বল রাঙ্কে তাহে গুড় দিয়া
 পরমায় রাঙ্কে বধু হরষিত হইয়া।
 দুগ্ধে চিড়া দিয়া কাটি দিল বহুতর
 অতি সুস্ব তণ্ডুল দিলেক তারপর।
 পশ্চাতে শর্করা দিয়া ওলায়্যা রাখিল
 আর বধু হড়ি ঘৃত চড়াইল।
 সুপক্ক হইল ঘৃত দেখিয়া সত্বর
 পরমায় দিল নিয়া তাহার উপর।
 লবঙ্গ মরিচ জীরা আর জায়ফল
 এলাইচ দালচিনি গুড়াইয়া সকল।
 আগে নারিকেল কোরা দিলেক তাহাতে
 সকল মসলা লইয়া দিলেক পশ্চাতে।
 ঘন ঘন কাটি দিয়া ঢালিলো পাত্রেতে
 শাল্যা তণ্ডুলের অন্ন রাঙ্কে হরষিতে।

প্রস্তুত করিল অন্ন আনন্দিত মনে
 পরে ভোজনের স্থানে করিল মার্জনে।
 বিচিত্র কাঞ্চন পিড়ি তাহাতে রচিয়া
 সনকা বসায় অতি সাদর করিয়া।
 সুবর্ণের থালে অন্ন করিয়া চরণ
 প্রথমে দিলেক শাক হরষিত-মন।
 ক্রমে ক্রমে দিল সুখে জতেক বেগুন
 হরিষে সনকা রামা করএ ভোজন।
 কতেক প্রকার দিল পিষ্টক আনিয়া
 দুগ্ধ-গুড় দিল রামা প্রচুর করিয়া।
 বাটি ভরি পরমায় দিলেক হরিষে
 অমৃতসমান দ্রব্য অশেষ বিশেষ।
 সাদরে সনকা রামা করিল ভোজন
 সুবাসিত উদকে করিল আচমন।
 কপূর তাষুল পুগ পুরিয়া বদন
 বিচিত্র শয্যায় সুখে করিল শয়ন।
 নিত্য নিত্য নানা দ্রব্য জেই লয় মন
 হরষিতে তাহা আনি দেয় বধুগণ।
 দশ মাস দশ দিন হইল সম্পূর্ণ
 প্রসবসময় আসি হৈল উপসন্ন।
 প্রসববেদনা-দুঃখে হইল কাতর
 আমাত্য বান্ধবগণ আইল সত্বর।
 ডাকিয়া আনিল ধাত্রী দাসী ঝাউয়াবতী
 দ্বিজ বিপ্রদাস বলে পদ্মা-পদগতি ॥

২

মহারাজী

হৃদয় জঘন কটি অবশ শরীর
 উঠে বৈসে বেদনায় হইয়া অস্থির।
 চমকি চমকি উঠে পায়্যা বড় ভয়
 আজী বা শরীরে প্রাণ রহে কি না রয়।

কান্দে কান্দে সনকা ভাবিয়া বিষাদ
কি হইল দারুণ মোরে বেদন প্রমাদ ।
ছয় পুত্র হারাইলু রূপগুণনিধি
আর এত ছুঃখ মোরে দেয় কেনি বিধি ।
বলবুদ্ধি নাহি মোর প্রাণ হইল শেষ
হেনকালে দৈবে গোর প্রভু দূরদেশ ।
তাহারে বলএ আসি ধাত্রী প্রিয়বাণী
শুভক্ষণে দাওন পাতহ ঠাকুরাণী ।
মনসার বরে তোর হবেক তনয়
মধুর সঙ্গীত দ্বিজ বিপ্রদাস গায় ॥

৩

গ্রহ লগ্ন জতো সব শুভক্ষণ হইল
হেন কালে সনকা তনয় প্রসবিল ।
সর্বজন দেখে মহাপুরুষ-লক্ষণ
পুত্র-মুখ দেখি রানি সানন্দিত মন ।
তবে অঙ্গ মার্জিয়া মস্তক নাসা তুলি
নাতি স্নকর্তন কৈল দিয়া হলাহলি ।
কুমারিকা লতায় স্মৃতিকা-ঘর বেড়ি
নানা মহোষধিতে গুমুড় ঘারে এড়ি ।
তাঁতি দিয়া নিবন্ধন করিল কুমারে
প্রভাতে পাচন দিল বিধি-লোকাচারে ।
দৈবজ্ঞ আনিয়া কোষ্ঠী তুলিল তাহার
গণিয়া দৈবজ্ঞ কোষ্ঠী প্রশংসে আপার ।
ছয় দিনে স্মৃতিকা পুঞ্জিল স্মুবিধান
অষ্ট দিনে আটকলাই কৈল শিশুগণ ।

নবম বাসরে নস্তা করিল হরিষে
ত্রিশ দিনে অশোচস্তি করিল বিশেষে ।
একত্রিশ দিনে করে ষষ্ঠীর পূজন
নানা পরকারে কৈল নানা আয়োজন ।
শুনপানে দিনে দিনে শিশু ভিন্ন ছাঁদ
কি বলিব তার রূপ পূর্ণিমার চাঁদ ।
ছয় মাস হইল যদি রাজার নন্দন
অন্ন দিতে করিল প্রচুর আয়োজন ।
শুভ দিন শুভ লগ্ন পায়্যা হরষিত
পুরোহিত আনাইল সোমাই পণ্ডিত ।
আহ্বান করিয়া আনে জত জ্ঞাতিগণ
ঝাউয়া দাসী আইয়-গণে ডাকে ততক্ষণ ।
বিবিধপ্রকারে রানি করিল রন্ধন
শাল্যা অন্ন বেঙ্গন পিষ্টক পরমায় ।
দেবার্চনা কৈল তবে হরষিত-মনে
নান্দীমুখ বুদ্ধিশ্রদ্ধ করিল বিধানে ।
নানারত্নবিভূষণ পুত্র কৈল কোলে
নানাবিধি বাণ্ড বাজে মহাকোলাহলে ।
শুভক্ষণে অন্ন দিল পুত্রের বদনে
লক্ষিন্দর নাম রাখে রাজার বিধানে ।
আচমন করি পূগ দিলেন বদনে
বিচিত্র শয্যায় বালা করিল শয়নে ।
মিষ্টান্ন ভোজন করাইল বিপ্রগণে
রমণী-পুরুষে জ্ঞাতি করাইল ভোজনে ।
তৈল সিন্দূর খদি কদলক দিয়া
আইয়-গণে বিদায় করিল সন্মোখিয়া ।
পুত্র লইয়া সনকা নিবসে নিজ ঘরে
দ্বিজ বিপ্রদাস বলে মনসার বরে ॥

৪

সিদ্ধুড়া

বিচিত্র প্রধান ঘর উপমা নাহিক তার
নানারত্নে বিচিত্র নির্মাণ
প্রবাল-মুকুতা ঝারা চূড়ায় হেমের ঝারা
শিথি-পাথে ছাউনি শোভন ।

ফটিকের স্তম্ভ মধ্যে বিচিত্র ছান্দনা বান্দে
তথি বৈসে পুত্র করি কোলে
স্নেহেতে অমৃত ভাষে দেখি মন্দমন্দ হাসে
পূর্ণশশী বদনমণ্ডলে ।

সনকা হরিষ-মন পুত্র বাড়ে দিনে দিন
হইল বালক সস্বৎসর
বরিষে ছুই তিনে শ্রুতিবেধ শুভক্ষণে
নানাদ্রব্য কৈল বহুতর ।

সোমাই পণ্ডিত দ্বিজ আনিল মজল-কাজে
নানা বাণ্য বাজএ সঘনে
নিমঞ্জিয়া জ্ঞাতিগণে আনিলেক আও-গণে
কর্ণভেদ কৈল শুভক্ষণে ।

সভারে বিদায় করি সনকা নিবসে পুরী
পুত্র লইয়া আছে কুতূহলে
পরম হরিষ-মনে দিলেক পুত্রের কানে
গড়াইয়া রতন-কুণ্ডলে ।

ওথায় উজানি ঘর স্নুমিত্রা সাহে সদাগর
কন্যা লাগি পূজে হরগৌরী
জানিয়া ঈশ্বরীসুতা কন্যা জর্মাইলা তথা
স্নুমিত্রা রমণী গর্ভধারি ।

গর্ভশকা সুবদনী নিশ্চয় লক্ষণ জানি
সাধ দিল জতো বন্ধুজনে
দশ মাস দশ দিন প্রসববেদনা চিহ্ন
আইল সকল পুরীজনে ।

মাহেঞ্জ সময় পাইল কন্যারত্ন প্রসবিল
দেখিয়া সানন্দ বাড়ে মনে
ধাত্রী হরষিত হইয়া কন্যারে কোলেতে লইয়া
নাড়িচ্ছেদ কৈল ততক্ষণে ।

এক ছুই তিন চারি পঞ্চম দিবসে নারী
পাঁচটা করিল জথা আশে
আটকলাই অষ্ট দিনে কৈল সব শিশুগণে
ষষ্ঠী পূজা কৈল একমাসে ।

ছয় মাসে অন্ন দিল বেহলা তো নাম খুইল
দেখি সাহে হরষিত মন
জনমে জনমে সেবি ভাবিয়া মনসাদেবী
দ্বিজ বিপ্রদাস সুরচন ॥

৫

পয়ার

সাহের মন্দিরে ওখা বাড়েন বেহলা
 পঞ্চ ছয় বরিষের লক্ষ্মিন্দর বালা ।
 সূবর্ণের তাড় বালা মণিরত্ন-হার
 শিশু সঙ্গে ভ্রমে বালা করিয়া বেহার ।
 সব শিশু বেষ্টিত লখাই তার মাঝে
 নক্ষত্রমণ্ডলে জেন নিশাকর সাজে ।
 প্রথমে খেলায় তাড় পুরিয়া ধূলায়
 ছকাছকি করে কেহ অঙ্গুলি মট্কার ।
 অঙ্গরি লইয়া সূখে রাজা-পাত্র খেলে
 জেই হারে তারে মারে শিশুগণ মেলে ।
 তেঁপাতিয়া বাঘচালি মঙ্গল-পাঠান
 কেহ হারে কেহ জীনে নহে সমাধান ।
 সতরঞ্চ চৌপাড় খেলায় শিশুসঙ্গে
 দস্ত করি আঠারো সতেরো ডাকে সঙ্গে ।
 হেনমতে ফিরে সূখে রাজার নন্দন
 নানা তন্ত্র-মন্ত্র শিখে ভার-সস্তারণ ।
 উচ্চারণ মাত্রা শিক্ষা করে গুরু-স্থানে
 পড়িবারে যত্ন করে জননীর স্থানে ।
 লখাইর অমুমতি পায়্যা রাজরানি
 সোমাই পণ্ডিত বিজে ডাক দিয়া আনি
 সনকা বলেন বিজ না করিহ হেলা
 যত্নে পড়াইহ মোর লক্ষ্মিন্দর বালা ।
 শুনিয়া হরিষ বিজ রানির বচনে
 লখাইর হাথে খড়ি দিল শুভকণে ।
 ক খ গ ঘ ঙ পড়ে হরিষ অন্তরে
 চৌত্রিশ অক্ষর পড়ে বালা লক্ষ্মিন্দরে ।
 অষ্টদশ ফলা পড়ে হরষিত-মন
 চৌত্রিশ অক্ষরে ফলা করিল পঠন ।
 অষ্ট ধাতু অষ্ট শব্দ পড়িল সহরে
 সোমাই পণ্ডিত বিজ শুভদিন করে ।

শাস্ত্রশাল লইলেক বালা লক্ষ্মিন্দর
 প্রথমে পড়ায় হৃত্র সূখে বিজবর ।
 তার পর ব্যাকরণ পড়ে রাজসূতে
 ভট্ট রঘু সাহিত্য পড়িল হরষিতে ।
 অলঙ্কার কুমার পড়িল অভিধান
 জ্যোতিষ নাটক কাব্য পড়িল বিধান ।
 অষ্টদশ পুরাণ পড়িয়া অনিবার
 হইল পণ্ডিত বড়ো রাজার কুমার ।
 সকল সন্ধান শিখে ইন্দিতে সকল
 লক্ষ মাত্র উপাধায় পড়াএ অমুবল ।
 পড়িল চৌষটী বিদ্যা সব একে একে
 জানিল সকল বিদ্যা কহিল কৌতুকে ।
 সর্বগুণে গুণান্বিত বালা লক্ষ্মিন্দর
 বিজ বিপ্রদাস বলে মনসা-কিঙ্কর ॥

৬

সর্বগুণে বিশারদ রাজার কুমার
 গুরুরে দক্ষিণা দিলা কতক প্রকার ।
 সর্বাংশে ভাজন সর্বগুণের নিদান
 পাত্র মিত্র পুরোহিত কৈল অমুমান ।
 সনকার সম্মতি লইল রাজপাট
 লক্ষ্মিন্দর রাজা করি শূণ্য দণ্ডপাট ।
 নানা বাণ্য মহোৎসব করিয়া জতেক
 শুভকণে লক্ষ্মিন্দরে কৈল অভিষেক ।
 সর্বলোকে আনন্দিত জয়জয়-ধ্বনি
 নানা বাণ্য কোলাহল কর্ণে নাহি শুনি ।
 রাজা করি পাটে বসাইল লক্ষ্মিন্দরে
 ছত্রদণ্ড ধরিলেক শিরের উপরে ।
 ওখায় মনসা কহে নেতো বিজমান
 এখনে কি করিব বলহ সন্ধিধান ।
 নিজসূখে চাঁদো রাজা থাকিল পাটনে
 লখাই-বেহলা বিবা হইব কেমনে ।

অস্তরে ভাবিয়া নেতো বলিল তখন
 হের বনি বিষহরি শুন দিয়া মন ।
 ধরিয়া সনকা-রূপ চাঁদোর শিয়রে
 স্বপন দেখাও তারে মায়ার প্রকারে ।
 গুনিয়া মনসা হইল আনন্দ আপার
 ধরিয়া সনকা-রূপ মায়ার অবতার ।
 শীঘ্রগতি তথাএ চলিল বিষহরি
 দ্বিজ বিপ্রদাস বলে কর-জোড় করি ॥

৭

পয়ার

রথ-আরাহণে গেলা অল্পপাম পাটনে
 নিশি-অবশেষ কহে কপট স্বপনে ।

অতি সক্রমযুখী আঁধি অশ্রু করে
 নৃপতি মোহিয়া কহে মায়ার প্রকারে ।
 আমি তো সনকা প্রভু অনেক দুঃখিনী
 শোকদুঃখে মৃত্যুবত বঞ্চি একাকিনী ।
 রাজ্যনাশ হইল সব প্রজার দুর্গতি
 কেমনে তেজিল প্রভু রাজ্যের মমতি ।
 অভাগিনী সনকারে তিলেক নাহি দয়া
 শোকদুঃখে বঞ্চি আমি মৃত্যুবত হইয়া ।
 অশেষ প্রকারে কহে হইয়া করুণ
 তুমি তো পাষণ-হিয়া কঠিন দারুণ ।
 যদি রাজ্যখণ্ড আমা প্রতি থাকে দয়া
 প্রভাতে দেশেরে চলো ছাড়ি মিছা মায়ার ।
 নৃপতি মোহিয়া পদ্মা করিল গমন ।
 নিদ্রাভঙ্গ হইল রাজা বিপ্রদাস গান ॥

৮

পাহাড়ি

ছিল গেলা পদ্মাবতী নিদ্রাভঙ্গ নরপতি
 বসিলা হইয়া চমকিত
 ডাকি আনি কর্ণধারে হস্ত ধরি কহে তারে
 স্বপ্নকথা হইয়া বিবাদিত ।
 যামিনী প্রভাত শেষে অতি সক্রম ভাষে
 শিয়রে সনকা মোরে বলে
 মোর রাজ্য-অধিকার আসি অগ্র নরবর
 বল করি লএ অবহেলে ।
 অহে অবগতি করো প্রাণসখা
 রাজ্যের মমতি দহে প্রাণ মোর স্থির নহে
 সনকা কেমনে হবে দেখা ।
 সোঙরিতে রূপগুণ ধরিতে না পারি মন
 রজনী প্রভাতে দেশে নড়ি
 দারুণ সস্তাপ কহি যদি পক্ষ-জাতি হই
 অন্তরিক্ণগতি উড়ে পড়ি ।

নৃপতি করুণবাণী কাণ্ডার মনেতেগণি
 করজোড়ে কহে সবিনয়
 তেজহ বিলাপ জতো স্থির করো মনরথ
 প্রভাতে গমন সুনিশ্চয় ।
 কথোপকথন-গতি রজনি বঞ্চিলা তথি
 দিনমণি উদয় প্রভাতে
 দ্বিজ বিপ্রদাস কবি জনমে জনমে সেবি
 পদ্মা-পদে কহে জোড়-হাথে ॥

৯

জমক ছন্দ

প্রভাতসময়ে রাজা প্রাতক্রীড়া করি
 কাণ্ডার সেবক সঙ্গে চলে রাজপুরী ।
 দাঁড়ায় রাজার কাছে নিবেদি কারণ
 স্বপন দেখিয়া রাজা স্থির নহে মন ।
 রাজ্যখণ্ড নষ্ট হয় কি করি এথায়
 জাইব দেশেরে মিতা দেহ ত বিদায় ।
 মিতার বিচ্ছেদে হুঃখ ভেদে অধিকারী
 যদি দেশে জাবে মিতা কি বলিতে পারি
 আহিলা পুরিয়া রাজা দিল বহুধন
 পাত্র-মিত্র সস্তাষ করিল সর্বজন ।
 হুই মিতা কোলাকুলি পরম পীরিত
 নানারঙ্গে কৈল রাজা চাঁদোরে ভূষিত ।
 যাত্রা করি মিত্র স্থানে হইল বিদায়
 জার জেই যোগ্য রাজা তুঘিল সভায় ।
 কাণ্ডার চাকর জত করে নিয়োজিত
 অবিলম্বে জত সাজ কইল বৃহিত ।
 মিতার নিকটে রাজা পায় জতো ধন
 কাণ্ডারে বাহিয়া করে ডিঙ্গা অন্তরণ ।

অনুবর্জি মিতারে চলিলা নৃপবর
 চাঁদো রাজা উঠিল প্রধান মধুকর ।
 বাহ বাহ বলিয়া ডাকয়ে চাঁদো-রায়
 শুভক্ৰমে বৃহিত মেলিয়া দেশে জায় ।
 হরষিত চাঁদো সব পাটন বাহিল
 কড়ি-সঙ্ক দহে রাজা কড়ি-সঙ্ক লইল ।
 দরিয়ায় প্রবেশ করিল মধুকর
 দেশের উদ্दिশে ডিঙ্গা বাহে নিরন্তর ।
 সঙ্কে[ত]-মাধব পূজে হরিষ-অন্তর
 দিবস-রজনি বাহি এড়ায় সাগর ।
 মগরায় নৃপতি হইল উপনীত
 চৌমুখা বাহিয়া রাজা এড়ায় তুরিত ।
 ছত্রভোগ প্রবেশ করিল অমূলিন্দে
 তীর্থকার্য্য স্নানদান করিলেক রঙ্গে ।
 খনিয়া বহিয়া জায় তাহার মেলান
 ওথায় মনসা নেতো করি অনুমান ।
 ঝড় বৃষ্টি মেঘ আর হনুমান লইয়া
 কালিদহে উপনীত মহাক্রোধ হইয়া ।
 চাঁদোর কুঞ্জ-দশা না জায় খণ্ডন
 কালিদহে আসি ডিঙ্গা দিল দরশন ।
 মনসার বাদে কারো নাহিক নিস্তার
 দ্বিজ বিপ্রদাস বলে পদ্মা-পদ সার ॥

পটমঞ্জরী

চাঁদোর কুমতি অতি মনে ভাবে পদ্মাবতী
 আনিল প্রবল মেঘগণ
 পাণ্ডু আদি পুঙ্কর ডাকে অতি ঘোরতর
 হাড়িয়া জে প্রবল গর্জন ।

মেঘ লাগে ভাগে ভাগে রহিল সকল দিগে
 মহাঘোর হইল অঙ্ককার
 মেঘের আরম্ভ-ডাকে কেহ করে নাহি দেখে
 শুনিয়া নৃপতি চমৎকার ।

উথলিল কালিদহের পানি
 মেঘে অঙ্ককার কৈল দিনমণি লুকাইল
 দিগ-বিদিগ নাহি জানি ।

দারুণ বনবনা পড়ে ত্রাসে লোক প্রাণ ছাড়ে
 চাঁদো রাজা দেখিয়া তরাস
 শিলাবৃষ্টি জতো হয় নাহি লেখা-জোখা তায়
 ঝড় বহে প্রবল বাতাস ।

জতো বৃক্ষ ছিল কুলে ভাঙ্গিয়া পড়িল জলে
 পঞ্চধারে হএ বরিষণ
 বিপরীত হইল ঝড় বড় ঘরের উড়ে খড়
 ভাঙ্গিয়া রহিল খানে খান ।

বিষম শ্রোতের ডাকে ডিঙ্গা ফিরে পাকে পাকে
 পাড়ি দিতে হইল বিকল
 প্রমাদ চেউর শব্দ কর্ণে তালি লাগে শব্দ
 গগনে উঠিয়া লাগে জল ।

কাণ্ডার ডাকিয়া বলে নোজর ফেলাও জলে
 ধনে প্রাণে নাহিক নিস্তার
 ভাবিয়া মনসাদেবী বলে বিপ্রদাস কবি
 অঙ্ককালে করিবা উদ্ধার ॥

১১

পয়ার

ডাক দিয়া বলে চাঁদো হইল বিসম্বাদ
 আন নহে কানি আসি করিব প্রমাদ ।
 দৃঢ়মুষ্টি করি ভাই ধরহ কাণ্ডার
 উমামহেশ্বর চিন্তা পাইবা নিস্তার ।
 চাঁদো বলে রক্ষ বাপু দেব ত্রিলোচন
 কালিদহে কানি মোর লয় প্রাণ-ধন ।
 অধিক মনসা কোপে ডাকে হুমানেনে
 সপ্ত ডিঙ্গা অবিলম্বে ডুবাও এখনে ।
 জেই মাত্র আজ্ঞা দিলা অস্তিক-জননী
 সাপটে জুড়িল সব কালিদহের পানি ।
 কাণ্ডার বলয়ে রাজা গুনহ বিচার
 ভজহ মনসা-পদ পাইবা নিস্তার ।
 সকল মজিল তব মনসা নিন্দিয়া
 তব দোষে দেশেরে না জাব নিস্তারিয়া ।
 চাঁদো বলে প্রাণ গেলে না ভজিব কানি
 যদি রুষ্ট হয় তবে বধিবে পরাণী ।
 ইহা শুনি মনসা অধিক বাড়ে হুঃখ
 ডুবাও তুরিতে ডিঙ্গা চাহো কার মুখ ।
 শুনিয়া বাড়িল কোপ পবনকুমার
 লাফ দিয়া বৃহত্ত উপরে করে ভর ।
 গলই চাপিয়া মাত্র নাএ ভরা দিল
 চক্রাবর্তে ফিরি ডিঙ্গা রসাতল গেল ।
 চাঁদো বলে রক্ষ বাপু উমামহেশ্বর
 অবিলম্বে সেই নায় করে পদভর ।
 আঁখির নিমেষে অবহেলার ডুবায়
 ত্রাস পাইয়া চাঁদো রাজা আর নায় জায় ।
 এইমতে ডুবাইল ছয় মধুকর
 জেই নায় আছে চাঁদো তাহে কৈল ভর ।
 মনসা বলে[ন] গুন পবনকুমার
 এখন বধিব চাঁদো গুনহ উত্তর ।

এথা আমা পূজে যদি চাঁদো নৃপবরে
 সকল বৃহত্ত দিয়া পাঠাবো দেশেরে ।
 পুনরপি কর্ণধার বলে বারবার
 এমু পদ্মা ভাবো জদি পাইবে নিস্তার ।
 চাঁদো বলে না ভজিব কানির চরণ
 যদি রুষ্ট হয় তবে বধিবে জীবন ।
 শুনি কোপে আজ্ঞা পদ্মা দিলেন সঙ্কর ।
 ভাসাইয়া চাঁদোর ডুবাও মধুকর ।
 পদ্মার ইজিতে বীর কোপে অবিশাল
 চাঁদোর ভাসাইয়া ডিঙ্গা লইল পাতাল ।
 ধনজন সঙ্গে ডিঙ্গা লইল বিষণ্ণরি
 গচ্ছিত করিয়া রাখে বক্রণের পুরী ।
 মেঘ বায়ু নিজ স্থানে লড়িল সঙ্কর
 ভাসিয়া বেড়ায় চাঁদো জলের উপর ।
 ঢোকে ঢোকে জল খায় তমু নাহি ডুবে
 হেতালের বাড়ি রাজা ধরএ অভাবে ।
 বুড়িয়া না মরে চাঁদো দেবীর মায়ার
 অন্তরিক্কে রথভরে হাসে মনসার ।
 জলেতে ভাসিয়া রাজা বল নাহি [গায়]
 হাঁকর-মকরে কেশ টানি ছিড়ি খায় ।
 কান্দে রাজা অতি গুঃখে হইয়া কাতর
 কানির বিবাদে রক্ষা নাহি প্রাণেশ্বর ।
 দেখিয়া মনসা মনে হইয়া বিমরিষ
 মায়ার সৃজিলা এক আনিলা বালিব ।
 আপনার নাম দেবী তথিতে লিখিয়া
 চাঁদোর নিকটে লইয়া দিলা ভাসাইয়া ।
 ইহা দেখি চাঁদো রাজা লয় বা শরণ
 কুশলে পাঠাবো দেশে দিয়া ধনজন ।
 বালিব পাইয়া রাজা স্বস্তি পায় মনে
 তবে কৈল দয়া মোরে বাপু ত্রিলোচনে ।
 মনসার নাম মাত্র দেখিল তাহার
 কোপেতে বালিব ঠেলি ফেলে বায় পায় ।

পরশ কানির নাম কৈছ দৈবদোষে
 হেতালের বাড়ি মারে পদ্মার বাগিষে ।
 ধামাই নাগেরে দেবী দিলা পাঠাইয়া
 চাঁদোর হেতাল-বাড়ি লইল কাড়িয়া ।
 চাঁদো বলে কানি মোর বাড়ি কাড়ি লয়
 কোপেতে ধামাই কেশ ছিঁড়িয়া ফেলায় ।
 আর কতক্ষণ মনে ভাবিয়া কমলা
 আপনার নাম লিখি দিল এক ভেলা ।
 ভেলা দেখি সন্তমে নেহালে নৃপবর
 মনসার নাম লেখা ভেলার উপর ।
 কুপিয়া চরণে ঠেলি ফেলিলেক ভেলা
 মনসার নামে ফেলি দিল কুলকুলা ।
 জলেতে ভাসিয়া চাঁদো বল নাহি গায়
 নড়িতে না পারে ঢোকে ঢোকে জল খায় ।
 নেতো বলে পদ্মাবতী চাঁদো পাছে মরে
 অবিলম্বে তোলা কুলে জাউক দেশেরে ।
 বাউ ঢেউ প্রতি পদ্মা করিল ইন্দিত
 চাঁদো নরপতি কুলে তোলাহ স্বরিত ।
 হরষিতে চাঁদো কুলে তুলিলো কোঁকুকে
 ভাসিতে ভাসিতে পদ মৃত্তিকায় ঠেকে ।
 ক্ষেনেক বিলম্বে চাঁদো মুখ তুলি চায়
 নগরের প্রভাগ দেখিবারে পায় ।
 চাঁদো বলে প্রাণরক্ষা করিল গোসাই
 পাপিষ্ঠ কানিরে মোর আর ভয় নাই ।
 ধরনী ধরিয়া রাজা জার ধীরে ধীরে
 হামাকুড়ি হামাকুড়ি উঠি বৈসে ভীরে ।
 চাঁদোর হুর্গতি কথা শুন সর্বজন
 দ্বিজ বিপ্রদাস চিন্তে মনসা-চরণ ॥

১২

নির্বল বিশেষ ভয় ভাসিয়া সলিলে
 ধীরে ধীরে নৃপতি উঠিয়া বৈসে কুলে ।

রবির আভবে চাঁদো করিল শয়ন
 শোকহুঃখে মৃত্যবত করএ রোদন ।
 কান্দে কান্দে চাঁদো রাজা বসিয়া বিবাদে
 সর্বনাশ হইল মোর কানির বিবাদে ।
 সর্ব-অঙ্গ হস্তপদ বিথানে লোটার
 মুখে বোল নাহি মাত্র চারি ভিতে চায় ।
 আর না দেখিব গিয়া চম্পকনগরী
 কোথা রহে ঠাঠ-পাট সনকা স্তন্দরী ।
 বিপাকে মরণ দেখি না জাইব আর
 কুকুর-শিবার মাত্র হইল আহার ।
 পাপিষ্ঠ কানির বাদে নাহি অব্যাহতি
 শ্রদ্ধ পিণ্ডান বিনে হইল অধগতি ।
 ধন পুত্র প্রাণ আর নৌকার চাকর
 লক্ষ লক্ষ নরবধ কানির উপর ।
 শুনিয়া চাঁদোর কথা হাসে পদ্মাবতী
 দ্বিজ বিপ্রদাস বলে পদ্মা-পদে গতি ॥

১৩

পাচালী

ছলিবারে চাঁদো রাজা মনসাকুমারী
 গৃহস্থের বধু-রূপে কাখে কুস্ত করি ।
 চাঁদোর সাক্ষাতে গিয়া জিজ্ঞাসে বচন
 তুমিও পুরুষবর নৃপতিলক্ষণ ।
 এতেক হুর্গতি তব কহ কি কারণ
 একেশ্বর উলজ কে লইল ধনজন ।
 মুখ তুলি বলে রাজা করুণভারতী
 চম্পকনগরে ঘর চাঁদো নরপতি ।
 সপ্ত ডিঙ্গা সাজি গেলু অল্পপাম পাটন
 কানির বিবাদে মোর মজে ধনজন ।
 হাসি বধু বলে বুড়া কানি বলো কারে
 চাঁদো বলে তোমরা মনসা বলো জারে ।
 বধু বলে দেবতা নিন্দিস কি কারণ
 তথির কারণে হুঃখ তুজহ রাজন ।

মনসা-চরণ পূজা গুন নৃপবর
 শিব শিব বলি রাজা কর্ণে দিল কর ।
 প্রাণ গেলে না পূজিব কানির চরণ
 গুনিয়া হাসেন বধু বলেন বচন ।
 অশানের মৃত-বাস পরিধান কর
 কাষ্ঠ ভাঙ্গ শ্রীফলের নড়ি ভর কর ।
 বধুর বচনে চাঁদো ভ্রমে নদীতীরে
 মৃত-বাস পরি শ্রীফলের নড়ি করে ।
 অস্বাভাবে মাংসহীন প্রবীণ উদর
 লাগিয়াছে মৃত্তিকা সকল কলেবর ।
 পাকালার লোচন কোঠর জেন ভুল
 তার মূর্তি দেখি পদ্মা হাসিয়া বিকল ।
 মায়ী পাতি পদ্মাবতী কহিলা নাগেরে
 কাষ্ঠরূপ রহ গিয়া কানন ভিতরে ।
 গুড়ি গুড়ি চাঁদো রাজা কাননে সাঁভায়
 কাষ্ঠ বলি চাঁদো রাজা নাগেরে কুড়ায় ।
 ধীরে ধীরে প্রাণশক্তি কাষ্ঠ বোঝা বাধে
 তুলিতে না পারে চাঁদো দাঁড়াইয়া কাঁদে ।
 বেথিত হইয়া দেবী ধামাই পাঠাইল
 নররূপী গিয়া তথা কাষ্ঠ তুলি দিল ।
 শিরে বোঝা করি চাঁদো জায় ধীরে ধীরে
 উপনীত হইল গিয়া কুমার-বাসরে ।
 কেমতে বেচিব কাষ্ঠ ভাবে অভিমান
 এত দুঃখ ছিল মোর ললাটে লিখন ।
 কুমার বলএ কাঠুরিয়া ভাই গুন
 এই কাষ্ঠ-বোঝা লও কড়ি চারি পোন ।
 শিরে বোঝা চাঁদো রাজা হইল কাতর
 কাষ্ঠ-বোঝা ফেলে হাঁড়ি-পাখই উপর ।
 দশ বিশ হাঁড়ি ভাঙ্গে কুমার কুপিত
 দাড়ি ধরি টানিয়া বেড়ায় চারি ভিত ।
 কিল-চড়ে চাঁদো রাজা হইল বৃহিত
 ভয় পাইয়া কুমারের নারী চমকিত ।
 মুখে জল দিয়া তারে করএ চেতন
 শ্রিয় বাক্য বলি কড়ি দিল চারি পোন ।

কচুর পাতার কড়ি লইল বাঁধিয়া
 ধীরে ধীরে নগরে প্রবেশ করে গিয়া ।
 এই কড়ি দিয়া আজী কিনিব বসন
 আর কাষ্ঠ আনি অন্ন করিব ভোজন ।
 তাতির বাটিতে গেলো বসন কিনিতে
 দেখিয়া সকল তাতি হরষিত চিতে ।
 জার জতো বসন চাঁদোর আগে আনে
 চারি পোন কড়ি বস্ত্র বুলায় তখনে ।
 গুনিয়া সকল তাতি ক্রোধযুক্ত হইয়া
 ঢেকা মারি খেদালিয়া বলি ভূতলিয়া ।
 মনসা বলেন নাগ গুনহ এখন
 কাষ্ঠরূপ ছাড়ি সন্তে করহ গমন ।
 চারি ভিতে নাগ দেখি কুমার সত্বর
 বাদিয়ার কাষ্ঠ কিনি খাইল আপনায় ।
 বাপ-পোএ কুমারেরা রড়ারড়ি ধায়
 তাতিপাড়া নিকটে চাঁদোর লাগ পায় ।
 টানিয়া চাঁদোর ছিড়ে পাকা গোপদাড়ি
 কাড়িয়া লইল তার চারি পোন কড়ি ।
 মৃতাবত হইয়া কান্দে চাঁদো নরবর
 দুই হাতে মুছে রাজা লোচনের জল ।
 ধুধায় তুষায় রাজার পোড়ে তো শরীর
 কানিতে কান্ডিতে রাজা গেল নদীতীর ।
 বসিয়া ভাবেন দুঃখ চাঁদো মহারাজ
 হউক মরণ জীবনেতে নাহি কাজ ।
 পুনরপি পদ্মাবতী বধু-রূপ হইয়া
 কাঁখে কুন্ত করি বলে চাঁদো কাছে গিয়া ।
 সকল লক্ষণযুক্ত তুমি মহারাজে
 কহ সত্য এতেক দুর্গতি কোন কাজে ।
 গুনি চাঁদো মুখ তুলি বলে প্রত্যুত্তর
 চম্পকনগরে বাসি চাঁদো নৃপবর ।
 ধন পুত্র বৃহিত সকল লৈল কানি
 তেঞি মোর ছুরাদৃষ্ট এতেক নাটানি ।

হাসিয়া বলেন পদ্মা কানি বলো কারে
 চাঁদো বলে মনসা তোমরা বলো জারে ।
 বধু বলে দেবতা নিন্দিস কি কারণ
 আপনা কুবুজি হুঃখ ভুজিস রাজন ।
 কান্তর হইয়া তবে বলে চাঁদো-রার
 খুধায় বিকল প্রাণ বলহ উপায় ।
 বিশেষ কোতুকি পদ্মা চাঁদো প্রতি বলে
 কলা-চোপা কুড়াইয়া খাও নদীকূলে ।
 শিব শিব বলি চাঁদো করএ অকেমা
 তুমি না জানহ বধু আমার মহিমা ।
 হস্তী ঘোড়া সেনাপতি সৈন্য অগণন
 সকল সম্পূর্ণ মোর আছএ ভুবন ।
 নৃপতি হইয়া চোপা কুড়াবো কেমনে
 সংসার ভরিয়া লাজ কি মোর জীবনে ।
 এতেক শুনিয়া পদ্মা চাঁদোরে বুঝায়
 বিজ্ঞ বিপ্রদাস বলে মনসার পায় ॥

ত্রৈলোক্য-ঈশ্বর প্রভু রাম অবতার
 হরিল তাহার সীতা রাবণ দুর্বার ।
 গুন গুন বারতা অবুধ মহারাজ
 চোপা কুড়াইয়া খাও ইথে নাহি লাজ ।
 আর দেখ নরবর দেব মহেশ্বর
 জ্ঞান সাধিবারে ভিক্ষা মাগে ঘরে ঘর ।
 প্রাণ রক্ষিবারে সন্তে সব ভক্ষ ভক্ষ
 খাও কুড়াইয়া চোপা কে তোমারে দেখে
 শ্রীবৎস নৃপতি চিন্তাদেবী আর রানি
 দৈবদোষে কাঠ বেচি খাইল অবনি ।
 কথো দিনে নিজ রাজ্য পায় পুনর্বার
 পরান ঝাচিলে তেনো হইব তোমার ।
 নল-দয়মন্তী আর পাণ্ডব জতেক
 এইমতে হুঃখ সন্তে পাইল কতেক ।
 বুঝাইলা মনসা চাঁদোর বরাবরি
 বিজ্ঞ বিপ্রদাস বলে কর-জোড় করি ॥

বধুর বচন শুনি দৈবদোষে হুঃখ মানি
 ধীরে ধীরে জায় নৃপয়ুনি
 চিন্তি শুনি সবিশেষ সহিতে না পারি ক্লেশ
 অপমানে চক্ষে পড়ে পানি ।
 বিধি এতো হুঃখ লিখিল কপালে
 জীবনে নাহিক কাজ সংসার ভরিয়া লাজ
 এই মোর ছিল কর্মফলে ।
 জনমে জনমে কতো পাপ কৈছ অবিদিত
 এত হুঃখ তথির কারণে
 সুরেশ্বরী-পূর্বতটে ত্রমে রাজা ঘাটে ঘাটে
 কলা-চোপা কুড়ায় জতনে ।

মনের বিলাপ দূর চোপা পা[ই]য়া বহুতর
পাখালিয়া স্তম্ভ কৈল কুলে
চাঁদোরে নিমম বিধি হরিল সকল বুদ্ধি
স্থান হেতু ওলে গিয়া জলে ।

আমি চাঁদো মহারাজা হরে কৈলু নানা পূজা
এখন হইল সর্বনাশ
গোটা কত চোপা দিয়া পূজি হরে তঙ্কি হইয়া
বিরচিল দ্বিজ বিপ্রদাস ॥

১৬

পয়ার

পদ্মা বৈল কুবুদ্ধি পাইল নৃপবরে
চোপা খাইবেন আজী বাপু মহেশ্বরে ।
চোরা গাই ছিল কাছে দিল হাঁকারিয়া
আসিয়া সকল চোপা খাইল কুপিয়া ।
জলে থাকি হাঁহী চাঁদো বলে ছুট বানী
মায়া পাতি মোর চোপা খাইলেক কানি ।
খুধায় আকুল চাঁদো চঞ্চল শরীরে
কান্দিতে কান্দিতে জায় গঙ্গা তীরে তীরে ।
ব্যাধগণ পক্ষ-কান্দ জথা পাতিছিলো
সেইখানে গিয়া চাঁদো উপনীত হইল ।
নিকটে দাঁড়ায়্য তবে কান্দে উচ্চ রায়
পড়্যাছিল কান্দে পক্ষ উড়িয়া পালায় ।
কোপে জতু ব্যাধ মেলি ধরিয়া চাঁদোরে
নাথি চড় প্রহার করএ অবিচারে ।
আর্তনাদ ডাক ছাড়ে কান্দে নৃপমুনি
কোন দোষ কৈলু তব বেড়ি মারো কেনি ।
ব্যাধ সব বলে বুড়া হেন বলি নড়
ঝাক সহ আসি হেথা অবিলম্বে পড় ।
কুবুদ্ধি দিলেন পদ্মা চাঁদো বরাবর
ঝাক সহ পড় চাঁদো ডাকে নিরাস্তর ।

দৈস্য সব ডাকা দিয়া জায় হেন কালে
চাঁদোর কুবুদ্ধি-ভাবা শুনি সতে জলে ।
মুষ্টিঘাত চড় নাথি প্রহার করিয়া
কাটিবারে লইয়া জায় চিকুরে ধরিয়া ।
কাতরোক্তি বলে চাঁদো না মারিহ প্রাণে
কি করিব কি বলিব বল সম্বিধানে ।
দৈস্য বলে হেন বোল বোলো নিরস্তর
ইহা এড়ি আর নিয়া আনহ সত্তর ।
হেনো কালে এক সাধু পুত্র লইয়া পোড়ে
ইহা এড়ি আর আন চাঁদো ডাক ছাড়ে ।
সর্বজনে মহাকোপে অমঙ্গল শুনি
নাথি চড় মারে তারে কেশে ধরি টানি ।
এমন না হয় এ জলন্ত সর্বকাল
শুন রে অবুধ হেন বোলো অবিশাল ।
কুবুদ্ধি কারণে রাজা উহা না বলিয়া
এমন জলন্ত হউক বলে ডাক দিয়া ।
হেন কালে নগরে লোকের ঘর পোড়ে
এমন জলন্ত হউক চাঁদো ডাক ছাড়ে ।
নাথি কিম্বা চড় তারা মারে বিপরীত
পড়িল ধরণীতলে হইয়া মূর্ছিত ।
কেশ ধরি টানিয়া এড়িল কত দূরে
পদ্মার মায়ায় চাঁদো প্রহারে না মরে ।

বিমর্ষ হইয়া রাজা আছে খিতি-তলে
 দ্বিজমূর্তি ধরি পদ্মা আসি হেন কালে ।
 সদয়হৃদয় তারে বলেন ব্রাহ্মণ
 রাজমত দেখি তব ছুঃখ কি কারণ ।
 মাথা তুলি দেখে রাজা সমুখে ব্রাহ্মণ
 প্রণাম হইয়া কহে আপন কারণ ।

শুনিয়া বলএ দ্বিজ গুন সন্নিধান
 ব্রাহ্মণের বাটী থাক হইয়া কুবাণ ।
 দিন কথো সম্ভাপিয়া জাইয় নিজ রাজ্য
 চাঁদো বলে দ্বিজ মোরে বৈলা ভালো কার্য্য ।
 চাঁদোর দুর্গতি কথা গুন সর্বজন
 হুহে আগমন কৈলা বিপ্রদাস গান ॥

১৭

শ্রী রাগ

আগেতে চলিল দ্বিজ পাছে জার চাঁদো-রাজ
 উপনীত ব্রাহ্মণের পুরী
 দেখাইয়া দ্বিজবর পদ্মা কৈলা রথে ভর
 বলে চাঁদো কর-জোড় করি ।
 আমি ত কুবাণ বড় ক্ষেত্রকর্মে অতি দড়
 থাকিবো তোমার গৃহবাসে
 ত্রিসন্ধ্যা ভোজন করি চারিখানি বস্ত্র পরি
 এক তঙ্কা লই এক মাসে ।
 ব্রাহ্মণ বেধিত হইয়া ঝাটো স্নান করাইয়া
 শুরু বস্ত্র পরাএ তখন
 প্রচুর ব্যঞ্জন অন্ন দিল তারে সুপ্রসন্ন
 স্নুখে চাঁদো করিল ভোজন ।
 কাঁচি টোকা হাতে দিয়া বৃহিতা বাকুড়ি লইয়া
 নিড়াইতে দিল যত্ন করি
 চাঁদো রহে কুতূহলে পথেতে পথিক বলে
 ভালো ধাতু ঝড়া বিষহরি ।
 মনসার নাম শুনি কোপে জলে নৃপমুনি
 এথা কানি মোর বিত্তমান
 বিবর্ণবদন হইয়া ছই অঁাধি পাকালিয়া
 তুণ এড়ি কাটে সব ধান ।
 দ্বিজ আসি ক্রোধমুখে ধাত্তোর দুর্গতি দেখে
 নাথি চড় প্রহার করিয়া
 গালি পাড়ে অনিবার ছইখানি বস্ত্র তার
 কাঁচি টোকা লইল কাড়িয়া ।

কান্দে চাঁদো লোটাইয়া দ্বিজ দেখি দাঁড়াইয়া
দয়া করি আনে পুনর্বার
একখানি বস্ত্র লইয়া তিন সন্ধে অন্ন খাইয়া
ধাক বুড়া বাটীতে আমার ।

বলে দ্বিজ নিরাস্তর গোধন রাখহ মোর
শুনি চাঁদো হরষিত্ত-মন
হস্তেত পাচন লইয়া চলে গরু চালাইয়া
প্রাস্তর মাঝেতে দরশন ।

গরু রাখে নৃপবর দিন দুই অপসর
কুবুদ্ধি দিলেন পদ্মাবতী
চাঁদো হইল হতজ্ঞানে গরু এড়ি দিল ধানে
হাথে বাড়ি নাচে নরপতি ।

সর্ব গরু ধাত্ত খায় গৃহস্থ দেখিতে পায়
কাড়িয়া লইল তার বাড়ি
বাড়ি দশ বিশ মারে শোণিত পড়এ ধারে
ভূমি পড়ি জায় গড়াগড়ি ।

বসন কাড়িয়া লয় কান্দি চাঁদো রাজা জায়
পদ্মা মায়া পাতে হেন কালে
পঞ্চ নাগ মায়া-বেশে অভিনব দরবেশে
চাঁদোরে রহায় তরুতলে ।

জেন সুরাপানে মত্ত প্রথম উন্নত চিত্ত
বেড়িল চাঁদোর চারি ভিতে
দেখি পঞ্চ দরবেশ ত্রাসে চাঁদো বাড়ে ক্রেশ
দ্বিজ বিপ্রদাস বিরচিত্তে ॥

১৮

পয়ার

দরবেশ মেলি চাঁদো ধরিল সঙ্ঘর
ভালো হইল আইল হিন্দু আমার নগর ।
মাথায় তইকা দিয়া আএ মোর সনে
এক ঠাই মাগিয়া বেড়াব ছয় জনে ।

কেহ ছুট ভাত লইয়া জাচার রাজায়
কেহ মুখে ঝুটা পানি দিতে চাহে গায় ।
আর দরবেশ মাতোয়লা হইয়া জায়
চামড়ার বাড়ি মারে চাঁদোর মাথায় ।
আর দরবেশ তৈকা মাথে দেয় তুলি
উসারিয়া জায় রাজা শিব শিব বলি ।

শুনিয়া ভূতের নাম কুপিল সত্বর
 ছাড়িয়া ভূতের নাম বল পেগম্বর ।
 প্রমাদ দেখিয়া চাঁদো কান্দে দুঃখ মানি
 হুই হাথে মুছে রাজা লোচনের পানি ।
 বৃচল পদ্মার মায়া গেলো দরবেষ
 রড়ারডি চাঁদো রাজা পলাইয়া আইসে ।
 কালিদহে ডুবিল চাঁদোর মধুকর
 আসিয়া বারুইপুর উঠে নৃপবর ।
 তথা কুমারের ঘরে নেচে কাষ্ঠ-বোঝা
 চৌতলেতে চোপা কুড়াইল চাঁদো রাজা ।
 পক্ষ ব্যাধ সঙ্গে দেখা সেই নদীতটে
 দৈস্য সনে দরশন হইল কালীঘাটে ।
 মাহেশে দেখিল চাঁদো পুত্রের দাহন
 দিগজে দেখিল রাজা নগর-পোড়ন ।
 ছুগলি রাগিল গরু ব্রাহ্মণ-আশ্রমে
 ত্রিবেণী দেখিল দরবেশ পঞ্চ জনে ।
 নাহি জানে দিবানিশি চাঁদো রাজা জায়
 চক্রকেতু-রাজ্যে গিয়া পরবেশ হয় ।
 পথে দাঁড়াইয়া রাজা ভাবে মনে মনে
 নৃপতি মিতার রাজ্য আছে এইখানে ।
 আমি নরপতি চাঁদো বিখ্যাত সংসারে
 অনেক গৌরব মিতা করিব আগারে ।

এতো ভাবি মিতের ছুয়ারে উপনীত
 ষারি প্রতি বলিল জানাও মোর মিত ।
 আমি চাঁদো রাজা ঘর চম্পকনগরে
 মোর এই দুঃখদশা জানাও তুমি তারে ।
 সর্বকথা কহে ষারি রাজার গোচর
 দুঃখী হেন দেখি বলে চাঁদো নৃপবর ।
 শুনিয়া ঈষত হাসি বলে দণ্ডধরে
 হেন রূপে মিতা কেন আসিব এথারে ।
 এক বোল আছে মিতার আপদলক্ষণ
 মনসাকুমারী নিন্দা করে সর্বক্ষণ ।
 কেমত প্রকারে দুঃখ দিলা বিষহরি
 তেঞি বা নাটায়্যা মিতা আইল মোর পুরী ।
 আপনি চলিল রাজা হুইয়া সদয়
 হুই মিতে সম্ভাব হুইল পরিচয় ।
 কোলে করি চাঁদোরে লইল অভ্যাস্তরে
 উদ্বর্তন করি স্নান করার মিতারে ।
 দিব্য বস্ত্র পরাইল বসায় আসনে
 মধুর সুরস দির্ঘ করায় ভোজনে ।
 জিজ্ঞাসিলা রাজা দুঃখদশা কি কারণ
 মনসা-চরণে বিপ্রদাস বিরচন ॥

১৯

কেদার

চাঁদো বলে কহি মিত সাজিয়া বৃহিত সাত
 বাহিয়া গেলেম কালিদয়
 তথা আইল নাগ-দল দেখিয়া আমার বল
 পলাইল সতে প্রাণভয় ।

অহে মিত কি আর বলিব দুঃখবাণী
 বৃহিত্তে জীবন ধন ছয় পুত্র সন্তান
 সর্বস্বত্ব মজাইল কানি ।

ভাঙ্গিয়া কানির ঘর ভরা দিলু মধুকর
 বাহি গেহু অহুপাম পাটন
 নৃপতিরে মিতা কৈহু জতো দিব বদলিহু
 সপ্ত ডিঙ্গা করিহু সাজন ।
 বহু দিন সেই রাজ্য ডিঙ্গা মেলি আসি রাজ্য
 প্রবেশিহু কালীদহ জলে
 কানি পাতে অবতার বড় বিষ্টি অন্ধকার
 সপ্ত ডিঙ্গা লইল পাতালে ।
 অবিরত জলে ভাসি নাহি জানি দিবেনিশি
 ভাগ্যপুণ্যে রহিল জীবন
 জুতেক পাইহু দুখ কহিতে বিদরে বুক
 দ্বিজ বিপ্রদাস সুরচন ॥

২০

জমক ছন্দ

গুনিয়া মিতার দুঃখ নৃপতিনন্দনে
 নানা উপহারে মিতে করাইলা ভোজনে ।
 দেবতা-প্রসাদ গুনি খাইল সত্বরে
 মনসার বারা চাঁদো দেখে সেই ঘরে ।
 কোপে কাঁপে চাঁদো রাজা হইল বাহির
 আনিল কলার মাজী হইয়া অস্থির ।

গলে তাহা দিয়া অন্ন উলিল সকল
 তখনি দেশেরে জায় চাঁদো ভুমণ্ডল ।
 আশ্তে ব্যাশ্তে চন্দ্রকেতু ধরিয়া রহায়
 মহাক্রুদ্ধ হইয়া বলয়ে চাঁদো-রায় ।
 ঘরের ভিতরে তব কানি পাপ বারি
 না থাকিব তোর বাড়ি জাব নিজ পুরী ।
 যত্ন করি নরপতি মিতারে রহায়
 কল্য নিশি-প্রভাতে জাইও নিজালয় ।
 এই সভা সমেতে মনসা পুরো আশ
 আঞ্জী রহিল গীত বলে বিপ্রদাস ॥

॥ দশম পালা সাজ ॥

একাদশ পাল্লা

৩

বরাড়ি রাগ

রজনী বন্ধিয়া মুখে চাঁদো নৃপ-রায়
 প্রভাতে মিতার তবে করিল বিদায় ।
 দিব্য চতুর্দল হস্তী ঘোড়া সেনাদল
 অমুবজি কতো দূরে রাখে ভূমণ্ডল ।
 চতুর্দল চড়িয়া ভাবয়ে নরপতি
 কি করিতে পারে আর কানির শক্তি ।
 চাঁদো রাজা মন্দ বলে জানি মনসায়
 সহরে কুবুজি দিয়া চাঁদোরে রহায় ।
 আমি চাঁদো রাজা হই বিদিত সংসারে
 পরের বিভূতি লইয়া না জাব দেশেরে ।
 সতেরে বলিল জাও মিতার গোচর
 একেশ্বর জাবো রাজ্য চম্পকনগর ।
 খসাইয়া দিল সব সুবর্ণ অভরণ
 উন্নত পাগল বেশে করিল গমন ।
 সেই মৃত-বাস সেই বেল-নড়ি করে
 প্রবেশিলা নিজ রাজ্য চম্পকনগরে ।
 দিনমুনি অস্ত গেলো রজনী প্রবেশে
 হেন কালে সর্বলোক গরু লইয়া আসে ।
 বেনা ঝাড় ঝোপ আছে গোপথের কাছে
 লাজ-ভয় চাঁদো রাজা হুকাইয়া আছে ।
 বিকৃতি-আকার চাঁদো গরু পানে চায়
 উচ্চ পুচ্ছ করি গরু চৌদিগে পলায় ।
 গায় খড়ি উড়ে তার পাকা দাড়ি চুল
 অভিনব শোভা করে বৃক্ষে জেন কুল ।
 দেখিয়া রাখাল সব ত্রাসে অজ চালে
 অমনি পাইলে ধরি খাইবেক ভুলে ।
 ভুল ভুল গণ্ডগোল হইল নগরে
 সন্ত্রমে কহিল গিয়া লখাই গোচরে ।

দেখিহু বিরূপ ভুল নগর নিকটে
 বাঁচিয়া আইহু সতে বড়ই সঙ্কটে ।
 লখাই চেঙ্গড়া দিল সকল নগরে
 গ্রামে ভুল আসিয়াছে থাকিবা সহরে ।
 লাজে মৃতাবত চাঁদো কান্দে নিজদুঃখে
 অঝর-লোচনে রাজা রহে হেট-মুখে ।
 মনে মনে চাঁদো রাজা করে অমুমান
 কাজলা মালিনী-ঘর আছে এই-খানে ।
 পরিচয় দিয়া তারে লইব শরণ
 ইহা ভাবি ধীরে ধীরে করিল গমন ।
 কান্দিতে কান্দিতে চাঁদো গেল দ্বার-মাঝে
 বিপ্রদাস বলে পদ্মা-চরণসরোজে ॥

২

বসন্ত রাগ

আমি চাঁদো রাজা হেদে শুন ল কাজলা
 বিপত্ত-কালেতে মোরে না করিহ হেলা ।
 শুন লো কাজলা রামা আমি চাঁদো-রায়
 পাইহু অনেক দুঃখ নিবেদি তোমায় ।
 ভুলের আকৃতি হই দুখের কারণ
 লাজের কারণে পুরে না করি গমন ।
 কানির বিবাদে মোর মজিল সকল
 ধন পুত্র হারাইহু হইহু বিকল ।
 কান্দিয়া নৃপতি বলে সক্রম ভাষে
 অধিক কাজলা ত্রাস বলে বিপ্রদাসে ॥

৩

পরায়

ত্রাসভয় কাজলা ভাবয়ে মনে মন
 মায়াজলে মোরে আঞ্জী বধিব জীবন ।

চাঁদোর করম-দোষে কাজলা সত্বরে
 অগ্নি জ্বালি ফেলি দিল চাঁদোর শরীরে ।
 অধিক কান্দয়ে রাজা পুড়ি হতাশনে
 প্রবেশ করিল গিয়া রামকলা-বনে ।
 হেন কালে ঝাউয়া দাসী অস্ত্র লইয়া করে
 পত্র হেতু জায় কলাবনের ভিতরে ।
 তারে দেখি চাঁদো কলা-ঝাড়েতে লুকায়
 ঝাউয়া দাসী পত্র হাত বাড়ায়্যা না পায় ।
 চাঁদোর মস্তকে ঝাউয়া রাখিয়া চরণ
 পত্র কাটে নিজ স্মৃথে নাহি করে মন ।
 মাথায় বেদনা পায়্যা চাঁদো নাড়ে গা
 ভুল ভুল করি ঝাউয়া ডাকে উচ্চ রা ।
 ত্রাসে ঝাউয়া কহে গিয়া সনকা নিকটে
 এড়ায়্যা ভুলের হাথে আইনু সঙ্কটে ।
 শুনিয়া ভুলের নাম ত্রাস সর্বজন
 সর্ব ঠাট লইয়া-বেড়ে রামকলা-বন ।
 মৃত্যুবত হইয়া চাঁদো কান্দে মন-হুঃখে
 হেন অপমান মোর হইল লোকমুখে ।
 কোন পাপ ক্ষেনে মোরে গঠিল গোসাঞি
 ছয় পুত্র মৈল কেন মোর মৃত্যু নাই ।
 দেখি কি বলিব মোরে জতো পুরীজন
 হেঁটমুণ্ড করি রাজা ভাবিল তখন ।
 আর কেহ না চিনিব আমি চাঁদো রাজা
 ভুল বলি মোরে বধ করিবেক প্রজা ।

সনকা চিনিব সবে আমি চাঁদো রায়
 ইহা বিনে আর কিছু নাহিক উপায় ।
 এতেক ভাবিয়া তবে দৃঢ় করি মন
 সনকা নিকটে গিয়া কহে সক্রমণ ।
 ভুল নহি আমি হই চাঁদো দণ্ডধর
 সুবর্ণ-বাঁধান দস্ত দরশন কর ।
 অস্থিচর্মসার মাত্র গায় উড়ে খড়ি
 মৃত-কানি পরি কটি পাকা গোপ দাড়ি ।
 বিকৃতি আকার চক্ষু সাগার কোঠরে
 ওষ্ঠ মেলি ছয় দস্ত দেখার সম্বরে ।
 পুনঃ-পুনঃ বলে আমি চাঁদো ভূমণ্ডল
 কানির বিবাদে মোর মজিল সকল ।
 সনকা ঘরের মধ্যে নৃপতি বাহিরে
 প্রদীপ ধরিয়া দেখে সতয়-অস্তুরে ।
 মহামন্ত্রি সনকা জানিল স্তুনিশ্চয়
 প্রভুর দুর্গতি দেখি বেথিত-হৃদয় ।
 করে ধরি গুপ্ত বেশে লইয়া গেলো ঘরে
 তোলা জলে স্নান করাইল নৃপবরে ।
 নানা উপহারে রানি করিল রন্ধন
 নানা স্মৃথে চাঁদো রাজা করিল ভোজন ।
 বিচিত্র পালকে রাজা শয়ন করিল
 হেন কালে লখিন্দর দরশন দিল ।
 বাপের চরণ বন্দে সর্বাঙ্গ লোটার্যা
 জিজ্ঞাসেন নরপতি লখাই দেখিয়া ।
 কাহার কুমার এই কহ ত সুনন্দরী
 দ্বিজ বিপ্রদাস বন্দে দেবী বিষহরি ॥

৪

পটমঞ্জরী

সনকা বলয়ে বাণী শুন প্রভু গুণমণি
 পুত্র-পত্র লহ নিদর্শনে
 পঞ্চ মাস গর্ভ আমি পাটনেরে গেলে তুমি
 চিরদিন হইল পাটনে ।

প্রসবিনু পুত্রবর নাম খুইলু লখিন্দর
 পড়াইয়া করিলু ভাঞ্জন
 সভার সন্মতি লয়া শুভকণ কাল পায়্যা
 দণ্ডপাট কৈল সমাপন ।
 গুনি সনকার মুখে নৃপতি পরমসুখে
 আনন্দে লখাই লইল কোলে
 পুত্র জায়া লইয়া তথা কহেন চুঃখের কথা
 পরম জ্বিদ ভূমণ্ডলে ।
 শুভদিন লগ্ন করি সপ্ত ডিঙ্গা ধনে ভরি
 বাহিয়া গেলেম বহু দেশ
 নানা স্থানে চাপাইয়া তীর্থকার্য সমাপিয়া
 কানিদহে হইলু প্রবেশ ।
 কানি তথা মহাদম্ব জেন দেখি মেঘারম্ব
 নাগগণ বেড়ে চারি ভিত
 দেখিয়া আমার দর্প জ্রাসে পলাইল সর্প
 তবে কানি পলায় তুরিত ।
 ভাঙ্গিয়া মণ্ডব-ঘর তাহে ধন বহুতর
 সপ্ত ডিঙ্গা ভরিলু তথাই
 দিবা-নিশি নাই জ্ঞান এড়াইলু নানা স্থান
 অল্পপামে উপনীত হই ।
 সে রাজ্যের নরপতি মৈত্রতা করিলু শুধি
 বদলিয়া জতো রত্নধন
 মৈত্র-ভোলে সেই দেশে রহিলাম অনারাসে
 নিজ রাজ্য হইলু বিসরন ।
 একে একলক্ষ গুণ বেপার পাইলু ধন
 কুতূহলে নিবসি তথাই
 স্বপ্নে তোমা দেখি নিশি বৃহিত্ত মেলিয়া আসি
 কালিদহে উপনীত হই ।
 কানি আসি আকস্মাত ঝড় বিষ্টি বজ্রাঘাত
 সপ্ত ডিঙ্গা পাতালে লইল
 ভাসিয়া পাইলু কুল অনেক চূর্ণতি গেল
 ভাগ্যপুণ্যে পরান রহিল ।

শুনিয়া রাজার কথা সনকার প্রাণে ব্যথা
 রজনী বঞ্চিল ঐমনে
 প্রভাতে ভাবিয়া মনে সর্ব জ্ঞাতি ডাকি আনে
 বিনয় নিগদে সর্বজনে ।
 পুত্র মোর লখিন্দর রূপে গুণে বিজ্ঞাধর
 অবিবাহ আছে মোর ঘরে
 কাহার ছুহিতা আছে কহ ত আমার কাছে
 বিবাহ করাব লখিন্দরে ।
 পুটপাণি কহে সর্বে বিদায় করহ এবে
 অহুমান করি নিজ বাসে
 নৃপতি বিদায় দিল সতে নিজ পুরি গেলো
 বিরচিল দ্বিজ বিপ্রদাসে ॥

৫

জমক ছন্দ

বসিয়া বণিককুল আপনার পুরি
 পুত্র জায়া লইয়া সতে অহুমান করি ।
 বিবা-রাত্রে লখাই মরিব সর্পাঘাতে
 দেখিয়া ছুহিতা রাতি করিব কেমতে ।
 অবস্থিতা কুমারী আছিল জার ঘরে
 পুরিজন লইয়া পলায় দেশান্তরে ।
 শুনিল নৃপতি তাহা লোকের বদনে
 চিন্তাবৃত্ত হইয়া রাজা ভাবে মনে মনে ।
 ওথায় মনসাদেবী জানিল ধেরানে
 মর্তপুরে প্রবেশ করিলা ততক্ষণে ।
 সনকার মাসি রূপে আসি ধীরে ধীরে
 হেনকালে স্নান হেতু সনকা সহরে ।
 মায়ার জিজ্ঞাসে দেবী রানির অগ্রেতে
 চাঁদো রাজনের বাটী জাব কোন পথে ।
 সনকা বলেন শুন বৃদ্ধ মহাজনি
 কোথা হইতে আইস রাজপুরে জাবে কেনি ।
 মায়ার পাতি বলে দেবী পরিচয় দী
 সনকা তাহার রানি মোর বহিন-ঝি ।

হরিষে সনকা তার বন্দিল চরণ
 ঘরে আসি জিজ্ঞাসিলা কেন আগমন ।
 মনসা বলেন মাগো শুন কার্যকথা
 লখাই-সম্বন্ধ হেতু আসিয়াছি হেতা ।
 উজানি সাহের ঘরে আছে তার কস্তা
 বেহলা তাহার নাম রূপে গুণে ধস্তা ।
 সেই কস্তা সম্বন্ধ কবহ লখিন্দরে
 সনকা চাঁদোর স্থানে কহিল সম্বরে ।
 শুনিয়া নৃপতি অতি পরম সানন্দে
 আপনি চলিল রাজা পুত্রের সম্বন্ধে ।
 পাত্র পুরোহিত নড়ে লইয়া আয়োজন
 চারু চতুর্দোলে রাজা করি আরোহণ ।
 যাত্রা করি গোলাট নগরে উপনীত
 সরোবর-তীরে রাজা বসি হরষিত ।
 হেনকালে বেহলা বিদায় করি মায়
 মুকুতা-সহরে রঞ্জে স্নান হেতু জায় ।
 নানা অলঙ্কার পরি অতি অহুপাম
 কবরি বেড়িয়া মাল্য স্নগন্ধি কুমুম ।
 ললাটে সিন্দুর-বিন্দু জিনিয়া অরুণ
 কি কহিব তার রূপ মোহে জগজন ।
 চারি ভিত্তে সধীগণ চলে ধীরে ধীরে
 দ্বিজ বিপ্রদাস বলে উলে সরোবরে ॥

সুহাই

সকল সখী মেলি পূর্ণি-জলে উলি
 দাড়ায়া নেহালে হরিবে
 সলিল নিরমল গভীর সুশীতল
 সঘন পাতাল পরশে ।

বিচিত্র শতদল কমল স্নকোমল
 কুমুদ অতি বিকশিত
 মধুপ মধুপানে সঘন স্নগায়নে
 গুঞ্জরে অতি স্নললিত ।

প্রবল রাজহংস সরল সবিশেষ
 কুরল মহাকোলাহল
 চকরা অবিশাল ডাহকা সামুখাল
 কামী কোড়া গাঁড়াপোল ।

সারস বক কঙ্ক সরালি মৎশরঙ্গ
 সঘনে চিল উড়ি ফিরে
 তিথির মউর বিহগ বহুতর
 চরন্তি সরোবরনীরে ।

সকলে বান্ধি চূড়া করন্তি জলক্রীড়া
 চিকুর বাস নাস ঘরে
 জলেতে করতালি আকুল জল তুলি
 কয়া কয়া রোল করে ।

অস্তরে কেহ গিয়া যুগল তুলিয়া
 ভালি দেই স্নবদনে
 হাসিয়া আর সখী কোতুকে তাহা দেখি
 কাড়িয়া লয় রস-মনে ।

তুলিয়া পদ্মদণ্ডি ছিড়িয়া খণ্ডি খণ্ডি
 চুষুক দিয়া জল তোলে
 অন্তাতে অন্তা মেলি আকাশে দেয় ফেলি
 করন্তি বড় কুতূহলে ।

কমল ফুল তুলি আকাশে দেয় ফেলি
 লুকিয়া ধরে কেহ রঙ্গে
 প্রচুর ফুল ছিড়ি করয়ে ছড়াছড়ি
 ফেলিয়া মারে কারো অঙ্গে ।
 কেহ সুগন্ধি ফুল তুলিয়া কুতুহল
 সঘন পরয়ে হরিষে
 এমন কালে তায় আইল চাঁদো-রায়
 বদন্তি বিজ বিপ্রদাসে ॥

৭

নাট রাগ

হেন কালে তথা মায়া পাতে পদ্মাবতী
 বৃক ব্রাহ্মণীর বেশে আইসে শীত্ৰগতি ।
 প্রচুর ধবল কেশ বাঁধিতে না পারে
 আকাশে চাহিতে পড়ে ঘাড়ের উপরে ।
 মায়ায় ছলনে দেবী মায়েয় হুহিতা
 বৃক ব্রাহ্মণীর রূপে হইল উপস্থিতা ।
 ধগুথগু বসন বদনে দস্ত বোড়া
 ধননগমনী দেবী হুই পদ খোড়া ।
 সঘন নিমগ্ন আখি মন্দদৃষ্টি চায়
 গভীর আকার শির শোভে সর্ব গায় ।
 মহাপদ্ম উরুগে ধরিয়া করে নড়ি
 খোম ধুতি পরি কাঁকে তাতিয়া চুপড়ি ।
 ধীরে ধীরে উপনীত সরোবর ঘাটে
 বসিল। বেহলা জলক্রীড়ার নিকটে ।
 অবগতি না করে বেহলা ক্রীড়ারলে
 চরণের জল লাগে ব্রাহ্মণীর অঙ্গে ।
 কুপিল ব্রাহ্মণী অতি জেন কালানল
 বিজ বিপ্রদাস বলে পদ্মা-পদতল ॥

৮

ভাটীয়ারি

অবধান নাহি করে দেখিয়া ব্রাহ্মণী
 কোন গর্বে মোর অঙ্গে দিলা তো গোড়ানি
 জানিবি পশ্চাতে চূর্ণ হবে অহকার
 সাঁপ দিহু বিবা-রাজে খাইবা ভাতার ।
 বেহলা পাইয়া সাঁপ মনে অতি হুঃখী
 জলক্রীড়া তেজী উঠে রক্তবর্ণ আখি ।
 ব্রাহ্মণীর পদ ধরি বলে পরিহার
 ভালো গালি [দিলা] অই আশীর্বাদ মোর ।
 তব সাঁপে কি হয় সহায় বিবহরি
 তাঁহার প্রসাদে পূর্বজাতি না পাসরি ।
 বাণ-মৃত্যু উষা আমি অনিরুদ্ধ পতি
 পূজা প্রচারিতে পদ্মা জর্মান্বিল খিতি ।
 হইব চাঁদোর বহু স্বামী ত লখাই
 চাঁদোরে সিঁজায়া দিব লোহার কলাই ।
 বিবাদ করিয়া হুছে গেলো গজাজলে
 গজার গোচরে গিয়া করয়ে কোন্দলে ।
 নিবারণ নহে হুছে গজা করি সাকী
 ডুব দিল সলিলে মুদিয়া হুই আখি ।

মনে বুঝি গঙ্গাদেবী বেহলা তুষিয়া
 দিলেন সিন্দূর-শঙ্খ ব্রাহ্মণী গঞ্জিয়া ।
 পুনরপি আসি হুহে সেই সরোবরে
 ব্রাহ্মণী বিদায় করি গেলা নিজ পুরে
 বেহলা দেখিয়া চাঁদো হৃদয়-আনন্দ
 এই কণা লখিন্দরে করাব সম্বন্ধ ।

সেবকে ডাকিয়া আজ্ঞা দিলেক তথাই
 তুরিতে গড়ায়্যা আনে লোহার কলাই
 স্নান করি বেহলা চলিল নিজ ঘরে
 পাত্র পুরোহিত জায় কণা অমুসারে ।
 উজানি নগরে জায় সায় বিত্তমান
 কহেন সকল কথা বিপ্রদাস গান ॥

৯

বরাড়ি

তুনি সায় সবিশেষ চম্পকনগর দেশ
 কি আর কহিব সম্বন্ধান
 মহারাজ চম্পপতি প্রজা মহ বৈসে তখি
 শাস্ত দাস্ত কি কব বিধান ।

ধনে জনে কুলে শীলে বিক্রম প্রতাপ দলে
 অসংখ্য গণনে সৈন্তদল
 হস্তী ঘোড়া উট ধর লেখা-জোখা নাহি তার
 খিতি ভরি যশ অবিশাল ।

হরিষে সোমাই দ্বিজ প্রবেশিল সাহের রাজ্য
 বিবা-কার্য্য করে অমুবন্ধ
 নৃপতি-তনয়বর নাম তার লখিন্দর
 তব স্মৃতা করহ সম্বন্ধ ।

সেই রাজ্য মোর ঘর হই আমি দ্বিজবর
 নাম মোর সোমাই পণ্ডিত
 সর্ব শাস্ত্রে হই রত নিজ কর্মধর্মাস্বিত
 নৃপতির হই পুরোহিত ।

নৃপতি-তনয়বর সর্বগুণে বিত্তাধর
 অবিবাহ আছে তার ঘরে
 অবস্থিতা কণা ঘরে করো যদি অঙ্গীকারে
 সম্বন্ধ করিব সারোদ্ধারে ।

আপনি নৃপতি আসি মুকুতা-সহরে বসি
জানাইতে পাঠাইল আমা
নগরে জিজ্ঞাসা করি আইলাম তব পুরি
রাজ-আজ্ঞা জানাইল তোমা ।

তুমি সাহে মহাজনে বিশেষ ভাবিয়া মনে
জে হয় করহ অঙ্গীকার
শুনিয়া তোমার বাণী জানাইব নৃপমুনি
তবে সে আসিব দণ্ডধর ।

দ্বিজের বচন শুনি সাহে নিজ মনে গুণি
ছয় পুত্র ডাকে আপনার
মুকুতা-সহরে রয় চাঁদো রাজা মহাশয়
অনুবর্জি আনত সত্বর ।

চলে হরষিত হয়্যা সমাহারে সঙ্গে লয়্যা
নৃপতি গোচরে উপনীত
দেখি চাঁদো ক্ষিতিপালে প্রণাম হইয়া বলে
দ্বিজ বিপ্রদাস বিরচিত ॥

১০

পয়ার

প্রণাম করিয়া বলে সায়ের [নন্দন]
আইসহ আমার পুরী করি নিবেদন ।
হরিষে নৃপতি তবে চলিলা তুরিত
সাহের মন্দিরে গিয়া হইল উপনীত ।
পরিপাটা করি রাজা বসাইলা আসনে
প্রণাম করিল সায়ে জতো নিজ-গণে ।
কার্য্যহেতু জিজ্ঞাসিলা চাঁদো অধিকারী
সাহে বলে অনুমান করি নিজ-পুরী ।
রাজারে কহিয়া ঘরে গেলা সদাগরে
স্ত্রী-পুত্র লইয়া সাহে অনুমান করে ।
চম্পকনগরে রাজা চাঁদো নৃপবরে
বেহুলার সহ আর বর লখিন্দরে ।

সুমিত্রা বলেন বিবা না দিব তখাই
বিবা-রাত্রে সর্পাঘাতে মরিবে লখাই ।
ইহা শুনি সায়ে বলে বিষাদিত-মনে
আপনি নৃপতি আইল ভাণ্ডিব কেমনে ।
হেন কালে বেহুলা তখাই উপসন
তোমা সভে দেখি কেন বিরসবদন ।
শুনি সাহে বেহুলারে কহে সর্ব কাজ
তোমার সম্বন্ধ হেতু আইল চাঁদো রাজ ।
বিবা-রাত্রে সর্পাঘাত হব লখিন্দরে
তোর মাতা খণ্ডে কার্য্য কি বলিব তারে ।
শুনিয়া বেহুলা বলে মাথা হেট করি
বাপ ভাই জননী সভার বরাবরি ।
শুন শুন পিত্য ভ্রাত আমার বচন
ললাটলিখন কতু না জায় খণ্ডন ।

জার জেই ভবিতব্য এড়ায় ভুলিয়া
হয় নয় সতে চিন্তে দেখে বিচারিয়া ।
তুনি পিত্য ভ্রাত মাতা হরষিত হইলা
পাঠাও নৃপতি কার্যে নিবন্ধ করিয়া ।
তবে সাহে সভাকার অনুমতি লৈয়া
নৃপতি গোচরে বলে জোড়হাত হইয়া ।
বেহলা লখাই যদি হয়ত সদৃশ
করিব সঙ্ক এই সভার হরিষ ।

মনসা-চরণ ভঙ্ক শুন নৃপবরে

‘তবে লখাইর রক্ষা করিছ তোমারে ।
চাঁদো বলে শুন সাহে আমার বচন
প্রাণ গেলে না পূজিব কানির চরণ ।
হরগৌরী-বরে পুত্রে নাহি কোন ভয়
সঙ্ক করাও তুমি আনন্দহৃদয় ।
ইহা তুনি সাহে বাস্তা বিবাদিতমন
এই সে কন্টার ছিলো ললাটে লিখন ।
বৈবাহিক বলিয়া সম্ভাবে চাঁদো রাজ
সঙ্ক নির্ণয় হইল করে নিজ কাজ ।
দৈবজ্ঞ আসিয়াছিলো রাজার সংহতি
করে পাঞ্জী লইয়া লয় কৈল শীঘ্রগতি ।
সাহে বলে সঙ্ক করিছ সুনিশ্চয়
ভোজন করিতে এথা কিবা আজ্ঞা হয় ।
চাঁদো বলে পাটনে গেলেম দৈবদোষে
লবণ-উদগ মোর শরীরে প্রবেশে ।
নিত্য সিঁজাইয়া খাই লোহার কলাই
সাহে জানাইল গিয়া স্মিত্রার ঠাঞি ।
ওখায় সেবকে গঠি আনিল কলাই
স্মিত্রা নিকটে লৈয়া দিলেক তখাই ।
দেখিয়া স্মিত্রা রানি বলয়ে বচন
এমত অদ্ভুত কর্ম না তুনি কখন ।
লোহা সিঁজাইতে কোথা পারে কার প্রাণে
বসিয়া স্মিত্রা মনে করে অসুমনে ।

লোহার কলাই দিল হাঁড়ির ভিতরে
বুঝিয়া দিলেক জল তাহার উপরে ।
নিরবধি কাষ্ঠ দিয়া তখি দেই জাল
আছুক সিঁকের কাজ না লয় উখাল ।
চিন্তিয়া গণিয়া রামা আকুল পরাণে
বিষাদ ভাবিয়া কান্দে বিপ্রদাস গানে ॥

১১

মহারাটী

ভাবি দুঃখ অপমান শরীর বিদরে
কমল গুথায় জেন চন্দ্রের শিশিরে ।
নিরবধি অশ্রু ঝরে লোচন ঝাপিয়া
হৃদয় বহতি নদী বদন ভরিয়া ।
কান্দে কান্দে সুবদনী স্মিত্রা রমণী
ভাবিতে আকুল দুঃখ অরুণনয়ানী ।
হেন অসম্ভব বা সম্ভবে কোন ঠাঞি
মানবে সিঁজাইতে পারে লোহার কলাই ।
আপনা খাইয়া কেনো না গুণিছ মনে
হেন অপমান মোর যুধিব ভুবনে ।
রক্তন তেজিয়া [পোড়ে] দুঃখের আনলে
বেহলা রমণী তথা গেলো হেনকালে ।
মায়ের ক্রন্দন দেখি বেহলা জিজ্ঞাসে
মনসামঙ্গল রচে দ্বিজ বিপ্রদাসে ॥

১২

পয়ার

স্মিত্রা কহেন কথা বেহলার ঠাঞি
সিঁজাইতে নারি আমি লোহার কলাই ।
ঈদত হাসিয়া বলে বেহলা সঙ্করে
অবুধ জননী জ্ঞান নাহিক তোমারে ।
হেন অসম্ভব কথা সম্ভবে কোথায়
মানবের প্রাণে লোহা সিঁজাইতে চায় ।

না কর ক্রন্দন মাতা সুখে থাক তুমি
 এখনি লোহার কলাই সিঁজাইব আমি ।
 মনসা-চরণ বন্দী হিরমন হয়্যা
 কাচা বেলা আড়াই হালা আনিল কাটিয়া ।
 কাচা হাঁড়ি সরা কাচা পাতিল উনান
 সাত নান্দী কলাই সিঁজায় ততক্ষণ ।
 মনসা চিন্তিয়া মাত্র তখি দেই জাল
 ফেনা বান্দী বান্দী শীঘ্র ধরিল উথাল ।
 সিদ্ধ করি তুলি দেখে গোটা পাচ সাত
 চাপিয়া দেখিল জেন হইয়াছে [ভা]ত ।
 দেখিয়া সকল লোক সানন্দিতমন
 স্নান করি মিষ্টান্ন করিল জল-পান ।
 করিয়া বিচিত্র স্থান ভোজনের কাজে
 সহরে ডাকিয়া বসাইল চাঁদো রাজে ।
 সুমিত্রা সাদরে দিল অন্ন বেগুন
 লোহার কলাই আনি দিল ততক্ষণ ।
 কথো খায়্যা সঘরিল লোহার কলাই
 কিছু লইল দেখাইতে সনকার ঠাঞি ।
 আর জেনমতে সতে করিল ভোজন
 আর জেই যোগ্য শয়্যা করিল শয়ন ।

শীতল পবন বহে প্রভাত যামিনী
 প্রাতকীড়া কুতুহলে করে নৃপমুনি ।
 দেশেরে জাইতে চাঁদো করে অনুমান
 নানারত্নে কৈল সাহে গৌরব সন্মান ।
 বিদায় হইয়া জায় চাঁদো নরবরে
 অম্বর্জি রাখে সাহে মুকুতা-সহরে ।
 প্রবেশ করিল চাঁদো আপনার পুরী
 সর্বকথা কহিল সনকা বরাবরি ।
 নর হইয়া সিদ্ধ করে লোহার কলাই
 তাহা হইতে তরিবেক কুমার লখাই ।
 শুনি সনকা বলে চাঁদোর গোচর
 বিবা-রাজে পুত্রের নাগের আছে ডর ।
 না দিব পুত্রের বিবা থাকুক ঐমনে
 চাঁদো রাজা উপায় সৃজিল মনে মনে ।
 চিন্তা না করিহু কহি তোমার অগ্রেতে
 বান্ধিব লোহার ঘর সাতালি পর্বতে ।
 পুত্রবধু খোব লৈয়া তাহার ভিতরে
 তবেত কানির নাগ কি করিতে পারে ।
 চাঁদো রাজা কোতুকে আছয়ে হেনমতে
 বিবার উদ্যোগ রাজা করয়ে প্রভাতে ।
 বৈকালে গাইব বিবা শুন সর্বজন
 ষিদ্ধ বিপ্রদাস বলে মনসা-চরণ ॥

মনসাধিকর
দ্বাদশ পাল্ল

॥ জাগরণ আরম্ভ ॥

১

রাত্র হইল প্রভাত উরিল জে দিননাথ
চারি দিগে করিল প্রকাশ
সচেতন চাঁদো রায় শয্যা তেজি বাট জায়
প্রাতঃক্রীড়া করিল বিশেষ ।

প্রভাতে অথগু চণ্ড শিরে ধরে নবদণ্ড
বসিলা জে রাজসিংহাসনে
পাত্র মিত্র প্রজাগণ সভে হইল অধিষ্ঠান
চৌদিগে বেষ্টিত সেনাগণে ।

আদেশিলা দণ্ডধর আনিবারে শিল্পকর
লোহার মন্দির গঠিবারে
প্রচুর সেবক ধায় জথা শিল্পকার পায়
আনিল নৃপতি বরাবরে ।

শুভক্লে অর্ঘ্য দান পর্বতশিখরে স্থান
সূত্র পাতে শুভযোগ কালে
হয় নানা অলঙ্কণ সূত্র-ছেদ পুনঃ পুন
রক্তবৃষ্টি হয় সেই স্থলে ।

না ভাবিয়া এই কথা পাতিল লোহার পোতা
তোলে লহু বিচিত্র দেয়াল
পাতিল বিচিত্র চাল সাড়ক ছিটনি ভাল
অপূর্ব লোহার চারি চাল ।

সাড়ক ছিটানি মাঝে মণিময় রত্ন সাজে
প্রবাল পাথর ধরে থর
সর্ব লহুময় ঘর সাজে মুনি-মনহর
মেঘে জেন পড়িছে চিকুর ।

মুকুতার বারা সাজে রূপসী বুয়ুকি মাঝে
ভ্রমহত প্রকাশিত অতি
চারু চিত্র অবিশালে কনককলস চালে
বিচিত্র পতকা উড়ে তথি ।

লহ-সুস্ত সারি সারি তুলিল বিচিত্র পাড়ি
আড়কাটা তখির উপরে
তিলাতে বসায়্যা তির বাওনা রাখিল শির
তখি পর ঘর শোভা করে ।

কাঁতে কাঁতে পেলা দিল চৌকাট কপাট ধিল
রক্ততে লোহার দীপ্ত শোভা
মণিময় মরকত ঝলমল করে কত
মহামেঘে জেন রবি-আভা ।

প্রাসাদ বিচিত্র দেখি মনসা চিস্তিতমুখি
রথে ভরে আইলা হেন কালে
অস্তরিক্কে পদ্মা বালি স্কোপ কঠোর বাণী
শিল্পকার প্রতি পদ্মা বলে ।

আমি শয়্যাবতী হই পরিচয় তোরে কই
লখাই দংশিব বিবা-রাতি
উপদেশ কহি তোরে যদি ভালো চাহ ঘরে
সূত্র-পথ রাখ শীঘ্রগতি ।

কামিলা তরাস পায় লোমাঙ্কিল সর্ব গায়
অষ্টাল লোটারিয়া পরগতি
কম্পিত পদ্মার ভয় সূত্রগতি পথ তায়
রাখিল পদ্মার অঙ্কমতি ।

প্রাসাদ নির্মাণ করি নৃপতির বরাবরি
কামিলা হইল উপনীত
স্বর্ণময় অনুরণে পাট ভোট বসনে
শিল্পকার করিল ভূষিত ।

প্রাসাদ নির্মাণ দেখি নৃপতি পরম সুখী
বিভা হেতু আনন্দ প্রকাশ
পরম শুকতি স্তুতি মনসা-চরণ গতি
বিরচিল ষিৎ বিপ্রদাস ॥

২

পয়ার

আমাত্য বান্ধবগণ ডাকি যুক্তি করি
 প্রচুর শুভাক দিল হেম-বাটী ভরি ।
 আমার পুত্রের বিভা জানহ বিশেষ
 যত্ন করি জ্ঞাতিগণ আনো দেশে দেশ ।
 রাজ-অঙ্গীকারে সতে গেলো দিগে দিগে
 জাবে চাঁদো ঘরে তাঁর পুত্র-বিভা যোগে ।
 চতুর-আশ্রমে জ্ঞাতি গুনি হরষিত
 জানাএ চলিল তারা অতি উল্লাসিত ।
 চলে জ্ঞাতি জার জেই করিয়া সাজন
 চম্পকনগরে গিয়া দিল দরশন ।
 হস্তি-কান্ধে চড়িয়া অঙ্কুশ লইয়া হাথে
 গ্রামিক বণিকগণ চলিল অগ্রেতে ।
 হয়বর প্রার্থর সাজিয়া নানামতে
 সঙ্ক-আশ্রমে বাত্মা চলে শতে শতে ।

চারু চতুর্দোলে নানা প্রকারে সাজিয়া
 ছত্রিশ আশ্রমে নড়ে তথি আরোহিয়া ।
 আউট আশ্রমে তবে নড়িল বিশেষে
 কুমঃকুম কস্তুরি নানা অলঙ্কার বেশে ।
 দেখিয়া নৃপতি অতি গৌরব করিয়া
 সম্রমে সম্ভাব করি আসনে বসায়্যা ।
 অধিবাসের দির্ব করি বিবিধ প্রকার
 সুন্দর পাটের সাড়ি নানা অলঙ্কার ।
 বিচিত্র নির্মাণ শঙ্খ কনক-চিরনি
 সুবর্ণ-সাপুড়া পুরি নানা রত্ন মণি ।
 দিলেক অনেক দির্ব বিবিধ প্রকারে
 দধি খদি কদলি লইল বহুতরে ।
 প্রচুর আমাত্য ধীর দ্বিজবর সঙ্গে
 চলিল সাহের পুরি নানা বাণ্ড-রঙ্গে ।
 প্রবেশ উজানি রাজ্য সাহে বিদ্যমান
 অধিবাসের দির্ব লইল জতেক বিধান
 দ্বিজ বিপ্রদাস বলে আনন্দ প্রকাশ
 শুভক্ষণ দিন পায়্যা কৈল অধিবাস ॥

৩

কামদ রাগ

আসনে বসায়্যা	করে ছুঁবা দিয়া
গণপতি আরোপণ	
সব দেবগণ	পূজিল বিধান
বেদ পড়ে দ্বিজগণ ।	
মহী গন্ধশিলা	ধাত্ত ছুঁবা কলা
দুগ্ধ দধি গোরোচনা	
সর্পিষ প্রচুর	স্বস্তিক সিন্দূর
কঙ্কল শঙ্খ শোভনা ।	
বিবিধ সাজন	বাজএ বাজন
আনন্দ উজানি রাজ্যে	
আইয়-গণ মেলি	দেই হলাহলি
বেহলারো বিভা-কার্যে ।	

সুব আইয় মেলি তইল পিঠালি
 দিল বেছলার গায়
 সূত্রেতে বেষ্টিত দুর্বীর সহিত
 বন্ধ কৈল বাম বায় ।
 জল সহিবারে সুমিত্রা সহরে
 আগে পাছে আইয়-গণ
 হাথে কাথে বারা মাথে ফুল-ঝারা
 বাজাইয়া সু-বাজন ।
 উজানির রাজ্যে নানা বাণ্ড বাজে
 মঙ্গল গায় আইয়-গণ
 লইয়া সখী সঙ্গে আগে জায় রঙ্গে
 দ্বিজ-পুরে দরশন ।
 পুগ পূর্ণ দিয়া তথা জল লইয়া
 হরষিতে [সবে] জায়
 উজানি নগরে ভ্রমি ঘরে ঘরে
 বিপ্রদাস রস গায় ॥

৪

ধানসি রাগ

আইয় জানাইতে সনকা তুরিতে
 বলে ঝাউয়া দাসী প্রতি
 ঝাউয়া অক্ষুসারী নগর ওয়ারি
 বড় আনন্দিতমতি ।
 কমলা বিমলা চন্দ্রকলা শীলা
 অমলা ভিলা নীলাবতী
 সুশীলা মঙ্গলা প্রবলা চঞ্চলা
 সুমঙ্গলা মালাবতী ।
 যশোদা প্রবোধা বরদা প্রমদা
 সারদা নিভাকুমতী
 স্তমতি শ্রীমতী ভাগীরথী সতী
 ইন্দ্রবতী জাম্ববতী ।

অভয়া বিজয়া	সদয়া নিদয়া
সর্বজয়া ছায়াবতী	
শুভা স্বর্ণরেখা	উষা চিত্রলেখা
সনকা মেনকা সতী ।	
শিবানী ভবানী	রুদ্রানী ইন্দ্রানী
ব্রহ্মানী মালিনী রমা	
অপহরী কিম্বরী	সারী বিস্তাধরী
মনোরমা তিলোত্তমা ।	
সব আইয় মেলি	হইয়া কুড়ুলী
নানা অভরণ বেশ	
সখীগণ সঙ্গে	চলে বহু রঙ্গে
চাঁদো-পুরি পরবেশ ।	
সনকা শশিমুখী	পরমকৌতুকী
পুত্র কৈল অধিবাস	
পদ্মা-পদাঙ্কুজে	নিরন্তর ভূজে
বিরচিল বিপ্রদাস ॥	

৫

পর্যায়

নৃত্যগীত আনন্দিত প্রভাত রজনী
 আনন্দে মঙ্গলধ্বনি কৈল নুপমণি ।
 ওথা সাহে সদাগর আও-জন লইয়া
 সুরম্য ছাঁদলা বাক্কে বিচিত্র করিয়া ।
 রম্য আলিপনা অতি দেখিতে সুন্দর
 হেমঘট আরোপিল তথির উপর ।
 স্নান দান করি সাহে বসিলা আসনে
 প্রথমে গণেশ পূজে বিজ সন্নিধানে ।
 বোড়শ মাতৃকা পূজে হরবিত্ত হইয়া
 গৌরী পদ্মা শচী মেধা সাবিত্রী বিজয়া ।
 বসুধারা ঘায়-মাঝে দিলেক হরিশে
 নান্দীমুখ বৃদ্ধিশ্রদ্ধ করিল বিশেষে ।
 নুপতির পুত্র সব লোক ধন্থ ঘোষে
 মনসা-চরণে বলে বিজ বিপ্রদাসে ॥

৬

পড়া আঁখিবারে জায় সনকা সুন্দরী
 ধাত্ত দুর্বা কদলি কুলায় পূর্ণ করি ।
 আইয়-গণ সঙ্গে লইয়া মঙ্গল বিধানে
 যথাবিধি পড়া আখে আনন্দিত মনে ।
 হরিজ্ঞা শোভিত বাস আচ্ছাদন করি
 বাম করে পূর্ণ ঝারি বারিপূর্ণ করি ।
 সুনাদ মঙ্গল বাস্ত শুনি জয়ধ্বনি
 পুত্রের মঙ্গল রচে সনকা বাস্তানি ।
 দিব্যজনা-বেষ্টিত সনকা রামা-মাঝে
 তারায় বেষ্টিত জেন পূর্ণচন্দ্রে সঙ্গে ।
 পট্টচির ভূষণ মঞ্জীর বাজে পায়
 রাজহংসী আগমনে লীলারঙ্গে জায় ।

ধাত্ত হুঁবা সিন্দুরাদি স্নগন্ধি চন্দনে
আখিলেন পড়া রামা লৌকিক বিধানে ।
সপ্তবার-বেষ্টিত সকল আইও মেলি
জলধারা বেড়ি দিয়া দেই ছলাছলি ।

আইও স্নইও লইয়া রামা মঙ্গল বিধানে
উবর্তন স্নান সূত্র করিল বন্ধনে ।
দ্বিজ বিপ্রদাস বলে মনসা-চরণ
তকত জনেরে মাতা হইও স্নপ্রসন্ন ॥

৭

ভৈরবী রাগ

জয়জয় ছলাছলি দেয় নারীগণ মেলি
তগুল-মঙ্গল মহানন্দে
চারি নারী চারি পাশে মধ্যে লখিন্দর বৈসে
নক্ষত্র বেড়িল জেন চাঁদে ।
তগুল-কড়িতে পুরি বিচিত্র স্নবর্ণ হাঁড়ি
চারি সূত্র চারি নারী বাঁধে
নানামত জয়ধ্বনি করিল সনকা রাণী
রামাগণ পরম আছ্লাদে ।
কেহ নাচে গায় গীত গুনি অতি স্নললিত
মঙ্গল উচ্চারে ঘনে ঘন
শঙ্খধ্বনি অবিরত জয়ধ্বনি নানামত
অনিবার দেয় সর্বক্ষণ ।
উল্লাসিত নিরবধি বাস্ত বাজে নানা বিধি
মৃদঙ্গ বিষাগ ভেরি সানি
বরগো দগড় কাড়া রবাব পাখজ পড়া
অনিবার হয় বাস্তধ্বনি ।
কপিলাস করতাল ধুসরি মুহরি ভাল
বাজয়ে খোমক জোড়া দামা
দড়মসা-মহানাদে বোল নাহি গুনি শব্দে
এক-ছন্দে বাজে নাহি ক্ষেমা ।
তগুল-মঙ্গল সাজে সূত্র বাঁধিল রজে
লখাইর দক্ষিণ করে
নাপিতে খেউর কৈল স্মৃতদীপ প্রজালিল
দ্বিজ বিপ্রদাস গানে সাটে ।

৮

ক্রমক ছন্দ

তবে ত সনকা রামা ছয় বধু লইয়া
 বিবিধ রন্ধন করে নানা দির্ঘ দিয়া।
 পাএস পিষ্টক কৈল প্রচুর রন্ধন
 স্থান করি দিল জ্ঞাতি করিতে ভোজন।
 ভোজনে বসিল সুখে জতো জ্ঞাতিগণ
 গৌরব করিয়া দিল অন্নব্যঞ্জন।
 পাএস পিষ্টক দুগ্ধশর্করা বিশেষে
 আচমন করি সুখে বসিলা সন্তোষে।
 কর্পূর-তাষুল সুখে পুরিয়া বদনে
 যাত্রার উদ্যোগ ডাক পড়ে ঘনে ঘনে।
 সাজ সাজ করি সভে করিল সাজন
 প্রথমে লখাই সাজে বরের সাজন।
 সহজে সুন্দর বালা রাজার নন্দন
 রাজ-অভরণ পরে অমূল্য বসন।

কুমুম-টোপর শিরে শোভে দিব্যজ্যোতি
 হেমগিরি-শৃঙ্গ জেন বিজুলী দিপতি।
 দেখিয়া প্রশংসা করে লোক কুতূহলী
 জতনে সৃঞ্জিল বিধি সোনার পুথলি।
 ললাটেতে মৃগমদ নয়ানে কঙ্কল
 মধুলোভে ভৃঙ্গ জেন কনককমল।
 প্রতিফলে কলমল কনককুণ্ডল
 মনিমর কত জেন জলন্ত আনল।
 কনক-কেজুর হুই ভুজে দীপ্তকরী
 করশাখা জ্যোতির্ময় রতন-অঙ্গুরী।
 হৃদয় লম্বিত খেত কুমুমের হার
 হেমগিরি-শৃঙ্গ বেড়ি সুরেশ্বরী-ধার।
 সুশীতল চন্দন লেপিত কলেবরে
 সুগন্ধি আমোদ তার দশ দিগে পুরে।
 অভিন্ন কামের রূপ করিছে প্রকাশ
 পদ্মা-পদাঙ্কুজে বলে দ্বিজ বিপ্রদাস ॥

৯

শ্রী রাগ

সনকা শশিমুখী আনন্দে পুত্র দেখি
 জ্ববিদ ভেড়ি দিল কোল
 নিরখি পুত্র প্রতি আনন্দ হৃদে অতি
 চুখন বদনমণ্ডল।
 আমারো তোমা বহি দেখিতে আর নাহি
 এই ত ভারত-ভুবনে
 তোমারো সবিল্লেদে তিলেক অপ্রমাদে
 না জীব কেনেক বিহনে।
 বিহগো চকোরে না ছাড়ে সোদরে
 প্রজুষ বর্ষে এক মতি
 জীবনে প্রাণধনে তেমন তোমা বিনে
 নাহিক মোর অস্ত গতি।

তনয় ছয় ছিল সুরূপ গুণশীল
 দংশিল মনসার নাগে
 তা সভা সম্ভাপ ঘৃচিত সব তাপ
 তোমার প্রেম অনুরাগে ।

বিবাহ করি ঘরে আসিহ সত্বরে
 সর্বত্র করিবা বিজয়
 লখাই ভক্তি হইয়া সর্বাঙ্গ লোটাইয়া
 প্রণতি জননীৰ পায় ।

সনকা সাদরে লখাই ধরি করে
 তুলিল পরম হরিষে
 আশীর্বাদ করি থাকিল স্নানরী
 পয়ান করিল হরিষে ।

বিচিত্র চতুর্দোল চৌদিগে বলমল
 গজমুকুতার বারা
 চামর গঙ্গাজল লঙ্ঘিত স্নুকোমল
 কনকমণ্ডিত স্নুসারা ।

খদির দিব্য কুড়া ঠেকে ছেঁকাকড়া
 পুরিল কনকের খুরা
 রক্ত কাঞ্চন বিচিত্র নিরমান
 গানিক-মণিতে স্নুসারা ।

তথিতে আরোহণ নৃপতিনন্দন
 বিবিধ বাজনা বাজে
 স্নুকবি দিব্য ভাষে রচিত বিপ্রদাসে
 পদ্মায় চরণসরোজে ॥

১০

ত্রিপদী

চলিল নৃপমণি চৌদিগে জয়ধ্বনি
 সেনাপতি প্রতি সব যোগে
 প্রধান সর্বাধকে বিক্রমে প্রতাপ দাপে
 সাজিয়া নড়িল দশ দিগে ।

মিয়বর কুরিধক অথ দস্তী সাজে ধক
 ছত্র আদি সাজিলেক জত
 সাজ সাজ ডাক পড়ে সকল দেয়ানড়ে
 পাত্র মিত্র পুরোহিত জত
 চলিল বিবাহরজে সর্ব জ্ঞাতিবর্গ সঙ্গে
 পরম আনন্দে চাঁদো রাজে
 শিশু বৃদ্ধ যুবা-গণ নড়িল প্রমোদমন
 সানন্দে মঙ্গল-বাণ বাজে ।
 জুতে জুতে বলবন্ত হানয়ে ছরন্ত দন্ত
 গণ্ড-মুণ্ড সিন্দুরে মণ্ডিত
 নানা অলঙ্কার অঙ্গে মাহত সোয়ার সঙ্গে
 চামর মুছল তুশোভিত ।
 প্রথর পাথর বর সাজিল জে বহুতর
 চড়িল সোয়ারি বহু তায়
 নানা রঙ্গে অঙ্গে-ভঙ্গে তৈনাত হইল সঙ্গে
 খুখুন্দি খুখুন্দি খুন্দি ধায় ।
 স্বর্ণ রূপা মণি রত্নে নির্মিত বিশেষ যত্নে
 চৌদোলে বসিল নৃপবরে
 পাত্র মিত্র পুরোহিত বেষ্টিত আমাত্য জত
 অভিনব জেন পুরন্দরে ।
 নানা-চিত্র ছত্র শিরে শোভে নানা অলঙ্কারে
 চতুর্বর্গ দল চারি ভিত্তে
 প্রগতি ভকতি ভাবি ভজিয়া মনসাদেবী
 দ্বিজ বিপ্রদাস বিরচিত্তে ॥

১১

পয়ার

বাজী ভরি প্রচুর নড়িল বাজীকর
 হাউই মন্দীরে বাজী দীপক প্রচুর ।
 ছুঁইচাপা কুবড়ি চরণি অগণন
 চামর লইল কুমুরিকা অসংখ্যন ।

গাছল বধুল বানা দেখিতে স্তম্বর
 পুষ্পমাল্য মালাকার লইয়া স্তম্বর ।
 প্রচুর দীপটি চলে সংখ্যা নাহি হয়
 দশ দিগ দীপ্ত জেন চাঁদের উদয় ।
 নৃত্যকার সাজিয়া চলিল নানা বেশে
 সুরজ রসাল গীত গায় নানা রসে ।


চৌদ্দিগে বাজনা বাজে জায় নৃপবর
এড়াইল নিজ রাজ্য চম্পকনগর ।
বাকের বাজারে রাজা দিল দরশন
পরম সন্তোষে জায় নগর কাঞ্চন ।
চৌহাটা বাজারে রাজা দিলো দরশন
প্রতি বাটা কুম্ভ কদলি আরোপণ ।
কলঙ্ক বাজারে গিয়া করিল প্রবেশ
বিধিমতে দেবপূজা করিল বিশেষ ।
ফুলোটা নগরে গেল চাঁদো দণ্ডধর
লক্ষ লক্ষ দেখে তথা পুষ্পের পসার ।
মালা পাড়া গিয়া রাজা হইল উপনীত
সাজিয়া সকল মালা চলিল তুরিত ।
বিল পাড়া দিয়া জায় চাঁদো নৃপবর
সম্মুখে দেখিল রাজ্য ধাহলি নগর ।
হস্তী ঘোড়া ঠাট আদি বিবিধ বাজান
দেখিয়া সকল প্রজা হইল ত্রাস-মন ।
ধনপুত্র গোধনাদি সকল তেজিয়া
পলায় সকল লোক স্ত্রী পুত্র লইয়া ।
দূরে গিয়া সর্বজন নেহালিয়া চায়
বিভার বৈরাতি ছেন দেখিবারে পায় ।
অনিষ্ট ডিঙ্গর ছিলো খুদিয়া টেঙ্গর
বিবাহ বৈরাতি জায় কোন কার্যে ডর ।
আগু জায় সর্ব লোক একত্র হইয়া
এখনি বাকড়া গুয়া লইব রহায়া ।
সঘনে সকল লোক নড়িল সাজিয়া
কৌতুকে চলিল সভে হরষিত হইয়া ।
পথে আসি রহাইল চাঁদো নৃপবরে
হুড়াহুড়ি গণ্ডগোল হইল সত্বরে ।

ঠেলাঠেলি ফেলাফেলি নিবায় দীয়গী
বোল নাহি শুনে কেহ করে কাটাকাটী ।
চাঁদো বলে হুড়াহুড়ি কর কি কারণে
দেও বাকড়ার গুয়া বলে সর্বজনে ।
চাঁদো বলে আঠারো বাকড়া নাম বলো
তবে গুয়া পান দিব না কর কোনদল ।
তবে আসি বলে বেটা খুদিয়া টেঙ্গর
অবধান করো ছেরো চাঁদ নৃপবর ।
প্রথমে [বাকড়া] লও প্রভু ভগবান
গোকুলে বাকড়া লও বলভদ্র কান ।
অখোধ্যায় বাকড়া লও শ্রীরাম লক্ষণ
চন্দ্র সূর্য্য লহ আর বীর হনুমান ।
যমরাজ লহ পাণ্ডবের পঞ্চজন
নৃসিংহ বরাহ দুই লহ ত বামন ।
কহিল বাকড়া নাম এ তিন ভুবন
অবধানে গুয়া পান দেহ ত রাজন ।
চাঁদো বলে খুদিয়া ঠেকিলি মোর ঠাঞি
সতেরো বাকড়া হইল আর এক কই ।
অবধান করহে গুনহ নৃপবর
আমি তো হই বটে খুদিয়া টেঙ্গর ।
তবে রাজা গুয়া পান দিলেক হাসিয়া
বিবাহ দেখিতে চলো হরষিত হইয়া ।
নির্জন প্রান্তর মধ্যে গেলো নৃপবর
ভাবিয়া মনসা তথা আইল সত্বর ।
চাঁদোরে ছলিতে পাতিলেন অবতার
দ্বিজ বিপ্রদাস বলে পদ্মা-পদ সার ॥

৩২

ত্রিপদী

সাজিয়া নাগের দল মনসা করিল ছল
মায়া পাতি জায় নাগেশ্বরী
ত্রিভুবনে জন্তো ছিলো পদ্মার ইজিতে আইলো
চলিলো চাঁদোর বরাবরি ॥



The 'Hematāla' Staff
(Tāladhvaja Capital from Pawaya. Gwalior Museum)

দেখিয়া বিষম কাজ ভাবে চাঁদো মহারাজ
 কোথা পুত্র থাকিল লখাই
 হস্তী ঘোড়া সেনাপতি বিধান হইল অতি
 আপদ পড়িলে কেহ নাই ।
 এথা লখিম্বর পথে নিরবধি অশ্রুপাতে
 কাঁদন্তি দেখিয়া পরমাদ
 সর্ব ঠাট গেলো কোথা এইখানে ছিলো পিতা
 কেন হইল হেন বিসম্বাদ ।
 ভাবে চাঁদো অধিকারী সঙ্কটে কেমনে তারি
 এতেক প্রমাদ হইল কেনি
 দশ দিগে পরমাদ আশ্চরিতে বিসম্বাদ
 প্রমাদ করিল আসি কানী ।
 চাঁদোর বচন শুনি মনসা হৃদয় শুনি
 এখনি মজাই চাঁদো রাজা
 লখাই বেহলা তবে কেমনে প্রচার হবে
 মর্তে না রহিল মোর পূজা ।
 আপনা আপনি দেবী হৃদয় প্রবোধ তাবি
 সর্ব ক্রোধ করিল নির্বাণ
 লইয়া তো নাগগণ পদ্মা হইল অস্তর্ধান
 দশ দিগ হইল প্রসন্ন ।
 চাঁদো আইসে উর্জমুখে পুত্র পুত্র করি ডাকে
 কোথা গেলো সোমাই পণ্ডিত
 সেনাপতি আদি জতো সবে হইল অহুগত
 বিজ্ঞ বিপ্রদাস বিরচিত ॥

১৩

পয়ার

সখিত পাইল তবে জতো বাকদল
 জার জেই অস্ত্র ধরি উঠিল সকল ।
 গাহল বধুল উঠে চোলে [চোলে] বানা
 মেঘনাঙ্গে নানা শব্দে হইল বাজনা ।
 নৃত্য গীত আনন্দিত জার নৃপবরে
 উপনীত হইল গিয়া মুকুতা সহরে ।

বাস্ত শব্দ শুনি সাহে হরষিত মন
 আপনার ছয় পুত্র ডাকে ততক্ষণ ।
 মুকুতা সহরে চাঁদো বর লখিম্বরে
 অহুবর্জি আনো গিয়া সঙ্করে সাদরে ।
 বাপের আজ্ঞায় তারা চলিল সঙ্করে
 শত মণ লহু ঘণ্টা বাঁধিল ছুয়ারে ।
 শতেক মনুষ্য তাহা নাড়িতে না পারে
 লোহার গাড়র এক এড়ে কথো দূরে ।

লখিন্দর অশ্রুবর্জিত আনিল তুরিতে
 সমুখে দেখিল রাজা ঘণ্টা বিপরীতে ।
 জিজ্ঞাসা নৃপমুনি ঘণ্টা কি কারণ
 ভাঙিতে লখাই ঘণ্টা বলে সর্বজন ।
 কুঞ্জরে থাকিয়া রাজা ডাকে মহাশূর
 ভাঙিমু সাহের ঘণ্টা করিমু জে চুর ।
 ধীরে ধীরে তুলে রাজা চাঁদো ভূমণ্ডল
 বৃদ্ধকালে আজী সে করিব বাহুবল ।
 দুই হাতে ঘণ্টা টানে না পারে নাড়িতে
 ঘণ্টায় ঠেকিয়া চাঁদো পড়িল ভূমিতে ।
 দেখিয়া হাঁসিল শিশু দেয় টিটকারী
 বাপ-অপমানে লখিন্দর ক্রোধ কারী ।
 অতি কোপে লখিন্দর ভূমে উলে তূর্ণ
 মহাদশে দুই চক্ষু হইল রক্তবর্ণ ।
 রুষ্ট হইয়া লখিন্দর ঘণ্টা পানে চায়
 বাম কর দিয়া ঘণ্টা ঠেলিয়া ফেলায় ।
 দুইকরে ধরি ঘণ্টা শূণ্ডতে তুলিয়া
 পাষণ উপরে জোরে ফেলে আপসায়্যা ।
 ভাঙিল দুর্জয় ঘণ্টা দারুণ প্রহারে
 ঘণ্টা ভাঙি লখিন্দর ক্রোধিত অন্তরে ।
 কোপে নাথি-ঘায় ভাঙ্গে দোসরি কপাট
 ফুক হইয়া লখিন্দর মারে মালসাট ।
 সমুখে দেখিল বালা লোহার গাড়র
 দক্ষিণে ধরিল মুণ্ড কর্ণে বাম কর ।
 মেড়া ধরি লখিন্দর মারে একটান
 ছিড়িয়া গাড়র-মুণ্ড করে খান খান ।
 শালাগণ পলায় লখাই-রোষ দেখি
 গুনিয়া আইল সাহে হইয়া উর্জমুখি ।
 সাহে বেনে দেখি চাঁদো উপজিল হাস
 দুইজনে কোলাকুলি বড়ই উল্লাস ।
 জামাতা গোচরে সাহে নিজ গণে বেড়ে
 শুভ কার্য্য সময়েতে বন্দ কেবা করে ।
 জামাতার করে ধরি লইল আপনে
 প্রবেশিলা নিজ পুরী হরষিত-মনে ।

প্রচুর দিলে[ক] সাহে মলিল আসন
 জার জেই যোগ্য স্থানে বৈসে সর্বজন ।
 লখিন্দর-দোলায় বেহলা আরোহিয়া
 শ্রী তুলিবারে জায় হরষিত হইয়া ।
 অমিল কোতুকে সব উজানি নগরে
 বিধানে তুলিল ছিরি কুস্তকার ঘরে ।
 ভ্রমে গ্রাম আছোপাস্ত মনসা-প্রসাদে
 নানা উপহারে পদ্মা পূজিল প্রমোদে ।
 নানা মতে স্তুতি করে বেহলা স্তন্দরী
 রূপায় উরিল আসি দেবী বিষহরী ।
 বলন্তি বেহলা রামা করিয়া প্রণতি
 তব পাদপদ্ম ছাড়ি অস্ত নাতি গতি ।
 তব প্রেম দাসী তিন জন্য সেবা করি
 তোমার প্রসাদে পূর্ব জাতি না পাসরি ।
 আমার বিবাহ আজী তোমার বিনন্দে
 জানাইতে আইলু তোমা পরম সানন্দে ।
 যদি প্রিয়দাসী প্রতি থাকে অশ্রুগ্রহ
 বিভা-বেশ বিচিত্র কাঁচুলী মোরে দেহ ।
 স্তনিয়া হইল দয়া বেহলার প্রতি
 বিশ্বকর্মা আনি আজ্ঞা দিলা শীঘ্রগতি ।
 যত্ন করি মনসা বলিলা মুখ তুলি
 নির্মাইয়া দেহো শীঘ্র বিচিত্র কাঁচুলী ।
 নীল পীত খেত লিখে বিচিত্র অক্ষর
 কাঁচুলী লিখিতে বিশাই হরিষ অস্তর ।
 পদ্মাবতী-চরণ-সরোজ-মধু লোভে
 দ্বিজ বিপ্রদাস তথি ভূঙ্গরূপে শোভে ॥

১৪

পয়ার

দক্ষিণ পাশেতে তবে নিখিল বিস্তরে
 গাণ্ডার শাদুল সিংহ লিখে কপিবরে ।
 মহিষ কুঞ্জর আর লিখিল ভল্লুক
 কৃষ্ণশার লিখে তথি বরাহ অধক ।

সুরজ কুরজ লিখে লিখে সাড়রাল
 বনগরু ভাম লিখে ইন্দুর বিড়াল ।
 গন্ধক শুধিকা লেখে কাঁকলাস ভেক
 ধেনু-পাল বৎস সহ লিখিল অনেক ।
 বাম পাশে পক্ষ লিখে চকবা সারস
 চকোর হিবির জই পাররা বায়স ।
 সরালী তিথির লিখে গাঁড়াপোল কামি
 সামুখাল বক শুড়শুড়্যা শীঘ্রগামী ।
 খেম্ভুরি গিধিনি শকুনি সমচান
 সালিক বটুকা লিখে মউর খজন ।
 লোটন পায়েরা গুরা লিখিল ভারই
 লিখিল টুণ্টটায় চড়ুই বাগুই ।
 লিখিল দয়েল পেচা ঘুঘু মৎস্তরাজা
 ছাতারে বানিয়ারবধু লিখি ভালচাকা ।
 বেহলারে কাঁচুলী দিলেন বিবহরী
 কাঁচুলী পরিয়া হইল ত্রৈলোক্যসুন্দরী ।
 মনসার প্রতি তবে বলে সুবদনী
 বিবাহ দেখিতে মাতা আসিবে আপনি ।

পদ্মাবতী বলেন বেহলা বিদ্যমান
 আমি গেলে তোর কার্য্য হইব বিধান ।
 যত্ন করি বলয়ে পদ্মার ধরি পার
 তোমার প্রসাদে মাতা করে মোর ভয় ।
 বেহলার যত্নে নড়িল বিবহরী
 বেহলা চলিয়া গেলো আপনার পুরি ।
 ওথায় বরণ করে সাহে সদাগর
 গাণ্ড অর্ঘ আদি দিলো হরিষ-অস্তর ।
 বস্ত্র অলঙ্কার দিয়া করিল বরণ
 স্ত্রী-আচার করিবারে বলয়ে তখন ।
 অন্তঃপুরে লইয়া গেলো অতি উন্মাসিত
 বিবিধ বাজনা বাজে গায় সুললিত ।
 রামাগণ স্ত্রী-আচার করয়ে তখন
 চারিদিগে বেষ্টিত হরিবে আইয়গণ ।
 নিজ ধর্ম স্ত্রী-আচার করে কুতূহলে
 লখিন্দর দেখিয়া সকল আইয় ভোলে ।
 অনজে মোহিত হইয়া বলে আইয়গণ
 বিজ বিপ্রদাস বলে মনসা-চরণ ॥

১৫

ত্রিপদী

আইয়গণ মনে ভায় লখিন্দর পানে চায়
 সানাগ্য ইহার মাতাপিতা
 জন্ম হইল শুভকণে তুল্য নাহি রূপে গুণে
 অতি যত্নে সজ্জিল বিধাতা ।
 স্বর্ণজ্যোতি কলেবর রূপ জিনি বিজ্ঞাধর
 বেহলা পাইল পুণ্যফলে
 পূর্ব জন্মে কৈল কত হরগৌরী আরাধিত
 তেই ছেন-রূপ বর মিলে ।
 মনে বিমরিষ আইয়গণ
 বেহলা সুন্দরী জেন বর লখিন্দর তেন
 যত্নে বিধি করিল সৃজন ।

এক আইর ভাবে মনে - চাহিয়া লখাই পানে
 হেন বর না মিলিল মোরে
 সাগরে কামনা করি আরাধিব হরগৌরী
 জন্মাস্তরে পাই এই বরে ।
 আর আইর ভাবে হুঃখ চাহিয়া লখাই-মুখ
 শিশুকালে বিভা হইল কেনি
 আমি হেন-রূপ হই বিবাহে কুরূপ পাই
 চক্ষু থাইল জনকজননী ।
 আর আইয় মহাসতী পতিব্রতা ধর্মে মতি
 গুণবতী ভাবেন হৃদয়
 ললাটে লিখন ছিলো সেই বর সার হইল
 ভাবিলে চিন্তিলে কিবা হয় ।
 আর আর পতি নাঞি সেহ ভাবে গোসাঞি
 ধরিতে না পারে প্রাণেশ্বর
 বেতলার প্রেম হই পাছু গোড়াইয়া জাই
 সর্বক্ষণ দেখি লখিন্দর ।
 বৃদ্ধ ভাবিনী কৃত লখাই দেখিয়া হত
 বৃত্তাবত যৌবনের শোকে
 জগন যৌবন ছিলো হেন বর না মিলিল
 সর্বক্ষণ বঞ্চিত কৌতুকে ।
 ততো বাল্য অবস্ফুতা সেহ ভাবে মন-কথা
 যৌবন প্রকাশ মাত্র তার
 লখাইর রূপগুণে সেহ হত কামবাণে
 দ্বিজ বিপ্রদাস রস গায় ॥

১৬

কামদ রাগ

টাচর চিকুর কবরি স্তম্বর
 তাহে মালতীর মালা
 নীল গিরিবরে জৈছেদ (৭) করে
 জেন শশী বোলকলা ।

কি হলো কি হলো মোরে সকল বিধান
ত্রিঙ্গগত লোক-মুখে খুইছু অপমান ।
জনমে জনমে তোমা ভক্তি ভাবে সেবি
তোমা বিনে অগ্র দেব কছু নাহি ভাবি ।
কিবা সেবা ভক্তিহীন কৈছু না বুঝিয়া
এতেক নিষ্ঠুর মা গো হইলা আমা পায়্যা ।
পতি-পত্নী তিন জন্ম পূজি বিষহরী
তোমার প্রসাদে পূর্ব জাতি না পাসরি ।

ইন্দ্রপুর হৈতে আমা আনিলে হরিয়া
কত দুঃখ দেও মোরে খিতি জন্মাইয়া ।
নিজ দাসী পেয়ে এত নিদারুণ কেনি
জীয়াইয়া দেও প্রভু করুক ছায়নি ।
মতে গলে তুলি দিবো রসান কাটারি
জীবন তেজিব আজি তোমা বরাবরি ।
দ্বিজ বিপ্রদাস বলে ভাবিয়া কমলা
সেবকে করিয় দয়া না করিহ হেলা ॥

১২

ভৈরবী রাগ

হইয়া উগ্রমতি গলায় দিতে কাতি
বেধিত দেবী পদ্মাবতী
ধরিয়া তাঁর হাথে কহিলা মধুর বাতে
জীয়াইয়া দিব তোর পতি ।
মনসা কুতূহলে মন্ত্র পুষ্পজলে
দিলেন বেহুলার চাথে
আকাশে রথভরে বিবাহ দেখিবারে
জাইব তোমার পশ্চাতে ।
নিশ্চয় আজী তোর নাহিক বিয় আর
ছায়নি করহ দম্পতী
করেতে হেম-ঝারি চলিল সুন্দরী
মনিরে আইল শীঘ্রগতি ।
ডাকিয়া নিজ তাত কহিল সব বাত
গুনিয়া সাহে হরষিত
জঞ্জাল নিবারিল মুকুতা পথ কৈল
বেহলা নিলেন তুরিত ।
বসন কাণ্ডারে প্রবেশ অভ্যস্তরে
নেহালে প্রাণনাথ-মুখ
সর্বাঙ্গ কেশপাশ বিধান বিশেষ
দেখিয়া মনে বড় দুঃখ ।

বিচিত্র কুম্ভমে রচি মদনমঞ্জরী
 হরষিতে লখিন্দর করে লৈল ধরী ।
 হুলাহলী আনন্দ মঙ্গল জরধ্বনি
 লথাই-বেহলা শুভ পুষ্পের ছায়নি ।

ছায়নি করিয়া ক্ষিতি উলি দুইজন
 দ্বিজ বিপ্রদাস চিন্তে মনসা-চরণ ॥

২১

মঙ্গল রাগ

সাহে হরষিত মন সুখে করে কথাদান
 নিজ পুরোহিত মন্ত্র গানে
 জল তিল কুশা করে যথাবিধি লোকাচারে
 কথাদান করে শুভক্ষণে ।

লখিন্দর অশুপামে বেহলা বসিল বামে
 দশ দিগ আনন্দ প্রকাশে
 রূপেতে জগত জিনি সর্ব লোক ধনি ধনি
 জেন রতি মদনের পাশে ।

জৌতুক দিলেন আনি আসন বসন জানী
 পেশু-আদি রতন কাঞ্চন

অঙ্গদ কেজুর হার অঙ্গরি মুঞ্জরি আর
 মণি আদি বহুমূল্য ধন ।

বাটি খুরি বাটা ঝারি খালে ডাবর ভরি
 খাট আর বিচিত্র অম্বর

দিব্য চারু চতুর্দোল হস্তি ঘোড়া সৈন্তদল
 দাস দাসী দিলেন বিস্তর ।

দোহে হরষিত মন অগ্নি কৈল প্রদক্ষিণ
 অরুন্ধতী দেখিল অবশেষে

পদ্মা-পাদপদ্ম ভাবি দ্বিজ বিপ্রদাস কবি
 শুভক্ষণে মন্দিরে প্রবেশে ॥

২৩

নানা দিব্য লইয়া তবে স্মিত্রা সুল্লরী
 জামাতা-ভোজন হেতু রাঞ্জে বরাহরি ॥
 পায়ের পিষ্টক রাখি অন্ন বেঞ্জন
 জামাতা বসিলা সুখে করিতে ভোজন ।

পায়ের পিষ্টক দিলো পুরি হেম-খালে
 সুবাসিত শাল্য অন্ন দিল কুতুহলে ।
 যথাবিধি ভোজন করিল পরিতোষে
 অবশেষে আচমন করিল বিশেষে ।

প্রচুর তাষুল পূর্ণ-পূর্ণ করি মুখে
 বিচিত্র খটায় বৈসে পরম কৌতুকে ।
 ওথায় মন্ত্রণা করে বেহলা রূপসী
 স্বর্ণ যজ্ঞ লইলেক হুড়পি সাঁড়াসি ।
 দিব্য শয্যা কুসুমের রচিত আইয়গণ
 বিচিত্র খটায় তুলি পাটের বসন ।
 কথু ধার চন্দ্ররূপি উপরে মসারি
 তথিতে চামর গজমুক্তা সারি সারি ।
 শয়ন করিল ছুহে তথির উপর
 দাসদাসীগণ সতে হইল অস্তর ।
 ওথায় মনসা নেতো ভাবিয়া অস্তরে
 এক নাগ পাঠায় দংশিতে লখিন্দরে ।
 জেইমাত্র বেহলা নাগের শব্দ পায়
 শয্যায় বসিয়া রামা চারিদিকে চায় ।
 সম্রমে দেখিয়া নাগ উঠিল স্তন্দরী
 গোরব করিয়া দুগ্ধ দিল বাটি ভরি
 ভালো হইল আইলে ভাই আমার উদ্দেশে
 দুগ্ধ পান করি জাও পরম হরিষে ।
 হেটমুগু করি নাগ দুগ্ধ পান করে
 স্তবর্ণ সাঁড়াসি দিয়া মুগু চাপি ধরে ।
 বন্দী করি এডে নাগ হুড়পিতে ভরে
 নাগেব বিলম্বে পদ্মা চিত্তিত অস্তরে ।
 পুনরপি যুক্তি করি মনসা তুরিতে
 আর নাগ পাঠাইলা লখাই দংশিতে ।

জেইমাত্র বেহলা নাগের শব্দ পাইল
 গোরব করিয়া দুগ্ধ বাটি ভরি দিল ।
 ভালো হইল আইলা ভাই আমার উভালে
 দুগ্ধ পান করি জাও বড় কুতুহলে ।
 হেটমুগু হইয়া নাগ দুগ্ধ পান করে
 বন্দী করি এড়িলেক হুড়পি ভিতরে ।
 আর নাগ পাঠাইলা লখাই দংশিতে
 তাহা ভো বেহলা বন্দী করি সেইমতে ।
 চারি গোটা নাগ বন্দী করে চারি পরে
 আপনি চলিলা পদ্মা উজানী নগরে ।
 নানা রম্য দেখি পথে বেহলা চাতুরি
 প্রতি ঘরে ঘরে দেখি মনসার বারি ।
 গন্ধ পুষ্প ধূপ দীপ নৈবিদ্য রসাল
 আর কত দূরে দেখে কড়িয়া জাজাল ।
 দেখিতে বিশ্রাম হইল নিশি অবশেষ
 বেহলার বাসরে আইলা গুপ্তবেশ ।
 বেহলার প্রতি জে আকাশবাণী বলে
 চারি নাগ পাঠাইলু তোমার উভালে ।
 আপনি আইলাম নাগ-বিলম্ব কারণ
 শুনিয়া বেহলা নাগ কৈলা বিমোচন ।
 ভক্তি করি বেহলা পাঠায় কুতুহলে
 নিদ্রাভঙ্গ লখিন্দর বিপ্রদাস বলে ॥

গা তোল রমণী ধনি . কোকিলের রব শুনি
 যামিনী প্রভাতে হেন দেখি
 এখনি বিদায় করি . জাইব আপন পুরী
 মোর সঙ্গে চলো শশিমুখী ।

হরি হরি চিন্তাবৃক্ষ বেহলা সহর
 ব্যাল্লিণ বাজনা ধ্বনি অতি সুললিত শুনি
 জাব রাজ্য চম্পকনগর ।
 আমি মহারাজ-সুত সরূপ যৌবনযুত
 অতি সুচরিতা রূপগুণে
 বিধির নির্বন্ধ হইতে বিভা হইল তব স[া]থে
 দরশন হইল শুভক্ষণে ।
 জনক জননী তোর ইষ্ট মিত্র সহোদর
 রহিবারে করিব জ্ঞান
 না করিছ কারো মায়া আমি তো বুঝাই জায়া
 মোর সঙ্গে করহ গমন ।
 বেহলা রমণী ধনি প্রকাশে মধুর বাণী
 বিদায় করিব বাপ মায়
 প্রভুরে বিদায় করি গেলো রামা নিজ পুরী
 দ্বিজ বিপ্রদাস রস গায় ॥

২৫

প্রবেশে বেহলা বালি জননী সমুখে
 কোলে ঝি করিয়া চুষ দিল শশিমুখে ।
 পরম সানন্দে চাঁদো জতো সেনাগণ
 পুত্র কোলে লইয়া রাজা চুষ আলিঙ্গন ।
 বসায়্যা দম্পত্যে দুহে বিচিত্র আসনে
 আশীর্বাদ জৌতুক দিলেক সর্বজনে ।
 নড়ে নড়ে করি ডাকে সোমাই পণ্ডিত
 যাত্রার উৎসাহে বাণ্ড মঙ্গল বিহিত ।
 তবে সাহে মহাশয় আসিয়া সম্মুখে
 পরিতোষে কৈল জ্ঞাতি চতুর-আশ্রমে ।
 নানা রত্নে চতুর্দলে বিচিত্র সাজন
 লখাই বেহলা তথি করি আরোহণ ।
 নানা বাণ্ড জয়ধ্বনি করিল গমন
 স্মিত্রা মনের দুঃখে করেন ক্রন্দন ।
 বন্ধু সহোদর জ্ঞাত প্রাণ নাহি ধরে
 ছয় বধু কান্দে আর ছয় সহোদরে ।

সাহে মহাশয় কান্দে জ্ঞাত পুরীজন
 মুকুতা সহরে চাঁদো দিলো দরশন ।
 কুলোটা নগর দিয়া জায় নৃপবরে
 প্রবেশ করিল গিয়া চম্পক-নগরে ।
 ওখা রামা সনকা মঙ্গল বাণ্ড শুনি
 অন্তঃপুর বাহিরে দেখিতে আইল রানি ।
 পুত্রবধু-মুখ দেখি পরম সন্তোষ
 মঙ্গল বিধানে কৈল মন্দিরে প্রবেশ ।
 বধু-পরিচয় রামা কৈল কুলাচারে
 শয়নে চলিল লহু-মন্দির তিতরে ।
 নানা রত্নে শয়্যা তথি নানা আয়োজন
 দম্পত্য সুখদ শয়্যা করিল শয়ন ।
 বেহলা বলেন কিছু শুনহ নিশ্চয়
 আজীকার নিশি তোমা আছে সর্প-ভয় ।
 নিদ্রা না আইহ প্রভু থাকিহ সহরে
 না জানী দেবীর নাগ আইসে রথ ভরে ।
 বেহলা লখাই দুহে কহেন কখন
 দ্বিজ বিপ্রদাস বলে মনসা-চরণ ॥

ত্রিপদী

বিধাতার লিখিত কেবা করে খণ্ডিত
 বিভূক্ষিত রাজার নন্দন
 বেহুলা ধরিয়৷ করে বলে বালা লখিন্দরে
 গুন রামা করহ রক্ষন ।
 প্রভুর বচন শুনি বেহুলা রমণী ধনি
 প্রত্যাশ্রয় দিলা হরষিতে
 দেখ এই লহ-ঘর অশুচরী নাহি মোর
 রক্ষন করিব কোন মতে ।
 কোথা পাবো কাষ্ঠ জল হাঁড়ি চালু আনল
 তিহড়ি কাটিতে নাহি স্থান
 নিশি ঘোর অতিশয় উপসন্ন কেহ নয়
 কোনমতে করিব রক্ষন ।
 গুনিয়া প্রিয়৷র বোল বলে বালা লখিন্দর
 মঙ্গলীয়া আছে হেম-হাঁড়ি
 পুরাতন বস্ত্র চিরি স্মৃত সমযোগ করি
 নারিকেল করহ তিহড়ি ।
 নারিকেল জল দিয়া মঙ্গলীয়া হাঁড়ি লইয়া
 করো রামা অন্নের সূচনা
 পরিচারক এই আমি প্রদীপের বর্ণি আনি
 রক্ষ এই করিয়া মঙ্গলা ।
 প্রভুর জতন দেখি ভাবিয়া তো শশিমুখী
 রক্ষন করিল সেই যোগে
 সকল মন্দিরে ছিলো সত্বরে রক্ষন হইল
 স্থান কৈল পরম কৌতুকে ।
 স্বর্ণ খালে অন্ন ঢালে লখিন্দর হেন কালে
 ভোজনে বসিলা কুতূহলে
 সম্ভাবে ভোজন কৈল শেষ অন্ন খালে খুইল
 খাইতে বেহুলাএ যত্ন করে ।

২৮

পয়ার

পটু চাটু বেহুলা নিগদে সবিনয়
 না করিহ যত্ন প্রভু আজী যুক্ৰ নয় ।
 আছে ত বিশেষ কিছ কালিনি সাধিনি
 জর্মে জর্মে পতি তুমি আমি ত রমণী ।
 প্রবোধ না মানে বালা অধিক কাতর
 করে ধরি বেহুলারে বলে প্রত্যুত্তর ॥
 না করো চাতুরি প্রিয়ে কপট প্রকার
 দম্পত্য পিরিতি রতি ভুঞ্জিল শৃঙ্গার ।
 পুনরপি বেহুলা নিগদে সম্বিধান
 পূর্ব কথা কহি কিছ কর অবধান ।
 মদন [তনয়] অনিরুদ্ধ বালা তুমি
 বাণ রাজা স্ত[?] নাম উবা বালি আমি ।
 মুক্ৰ কাজে সেবি হুহে মনসা-কুমারী
 সতী পতিব্রতা পূর্ব জাতি না পাসরি ।
 এই জর্মে মুক্ৰ বর পাইল নিশ্চয়
 না কর পাষণ্ড প্রভু বিঘ্ন পাছে হয় ।
 বেহুলারে ক্রোধ করে রাজার নন্দন
 রতির নৈরাশ করি করিল শয়ন ।
 চেখা চাঁদো নৃপবর হৃদয় ভরিয়া
 জত সেনাপতি [সব] আনে ডাক দিয়া ।
 চারিদিকে বসিলেক চারি চোঙ্গদার
 আজীকার রাতি পুত্র রাখিবা আমার
 স্বস্তিযাত্র নাহি মনে চাঁদো নরপতি ।
 ডাক দিয়া আনে আর চারি সেনাপতি ।
 পাছে নিদ্রা জায় এই চারি চোঙ্গদার
 তবে ভদ্রাভদ্র দায় সকলি তোমার ।
 আজীকার রাতি পুত্র রাখ যত্ন করি
 সত্বরে থাকিহ সতে হুয়ারি প্রহরী ।

তমু স্বস্তি নাহি মনে চাঁদো অধিকারী
 লক্ৰ লক্ৰ আনিলেক ওবা ধনুস্তুরি ।
 বহু সেনাগণ থুইল মন্দিরে প্রহরী
 যত্ন করি ডাকিয়া আনিল নিশীথর ।
 আজীকার নিশি পুত্র রাখিবা জতনে
 নানা রত্নে প্রভাতে ভূষিব সর্বজনে ।
 সুবর্ণভূষিত হাথে হেতালের বাড়ি
 আপনি ভ্রমণ করে লঙ্ক-ঘর বেড়ি ।
 ওথায় মনসা নেতো অহুমান করি
 কালি নাগিনী ডাকি আনি যত্ন করি ।
 প্রাণের নাগিনি রে বিশেষ তোরে কছি
 লখিন্দর দংশিলে চাঁদোর পূজা পাই ।
 বুঝাই তোমারে কথা বড়ই প্রমাদ ।
 পর্বত উপরি স্থান লোহার প্রাসাদ ।
 লক্ৰ লক্ৰ আছে তথা ওবা ধনুস্তুরি
 লক্ৰ লক্ৰ সেনাপতি হুয়ারে প্রহরী ।
 স্ততার সঞ্চারে পথ আছে মাত্র তথি
 তোমা বিনে অস্ত্র নাগ আর নাহি গতি ।
 তোমার সংহতি আমি জাব রথতরে
 মোর কার্য সাধো তুমি দংশি লখিন্দরে ।
 তবে ত নাগিনী বলে পদ্মা-পদ ধরি
 সাধিব তোমার কার্য জেই রূপে পারি ।
 নিদ্রালি ঘুমালি কালী পদ্মার সংহতি
 আপনি চলিলা পদ্মা উত্তরিল তথি ।
 রথতরে পদ্মাবতী মন্দির উপরে
 প্রবেশ করিল নাগ প্রসাদ তিতরে ।
 স্বর্ণ-খাটে নিদ্রা বালা জায় কুতূহলে
 শিয়রে বসিয়া নাগ বদন নেহালে ।
 দেখিয়া কুমার-রূপ বেধিত বদন
 বিপ্রদাস বলে নাগ করয়ে ক্রন্দন ॥

২৯

ত্রিপদী

দেখিয়া লখাই-মুখ হৃদয়ে পরম দুখ
 কান্দে লখাইর মুখ নিরঙ্কিয়া
 বধিতে চাঁদোর স্মৃত নির্দয় হইল বুক
 কেনো আইলু আপনা খাইয়া ।
 লখাই বেতলা শোভে জেন রতি কামদেবে-
 অঙ্গে অঙ্গে নানা অলঙ্কার
 নানা রত্ন মণিময় গেন স্বর্ণ গিরিচয়
 জুতি জেন বিজুলি ঝঙ্কার ।
 লখাই শিরেরে বসি জেন পূর্ণিমার শশী
 হৃদয়ে দ্রবিদ মায়ামোহ
 দয়ার আকুলি কালী চাঁদো নূপে দেয় গালি
 অঝরো নয়ানে পড়ে লোহ ।
 কুমতি নূপতি অতি হৃদয় না ভাবে যুক্তি
 অহঙ্কারে নিন্দে পদ্মা বালি
 মজ্জিল তোমার দোষে ক্ষিতি না রহিল বংশে
 না থাকিল দিতে জলাঞ্জলি ।
 বিষ অন্ন খাইএ ঘরে তোমার ছয় পুত্র মরে
 এখনে দংশিব লখিন্দরে
 হেন অহঙ্কারে রাজ সাধিলেক কোন কাজ
 বিফল হইল নূপবরে ।
 হেন রূপ দিব্য গুণ হইয়া অতি নিদারুণ
 কেমনে হানিব দস্ত-ঘা
 এহেন পুত্রের শোকে বিষম কঠিন হুঃখে
 না জীবে ইহার বাপ মা ।
 নাগিনী মমতা দেখি বিষহরি ক্রোধমুখি
 নিগদন্তি আকাশবচনে
 চাঁদো রাজা নিন্দে মোরে তার পুত্র দংশিবারে
 তোমার মমতা কি কারণে ।

মনসা হুঃধিত দেখি তিন লোক করি সাক্ষী
 দংশিতে চলিলা তার পাশে
 বামপদাঙ্গুলি মূলে দংশিলেক হেনকালে
 ব্যথা পাইয়া উঠিল তরাসে ।
 উঠিল বেহলা বালি জুবর্ণ কাটারি তুলি
 নাগ শুভ্র বহিয়া পলায়
 দেখিয়া সম্মুখে উঠে নাগিনীর পূচ্ছ কাটে
 দ্বিজ বিপ্রদাস রস গায় ॥

৩০

দংশিয়া তো লখিন্দর পবনে করিয়া ভর
 নাগিনী করিল আগমনে
 হৃদয় যন্ত্রণা পায়্যা বসিলা কাতর হয়্যা
 কান্দে বাল্য অকান্দ ক্রন্দনে ।
 হরি হরি বেহলা সঙ্ঘোধ দেহ মোরে
 মনসা সাধিল বাদ হের হইল পরমাদ
 সহিতে না পারি বিষজ্বালে ।
 জনমিয়া এই ক্রিতি না করিহু কার ক্রতি
 তবে বিধি বিড়ম্বিল কেনি
 ধর ধর অঙ্গ কাঁপে লোচনে কুহুড়ি চাপে
 কহো মোর জনকজননী ।
 বিধির নির্বন্ধ ছিল সেইমাত্র সার হইল
 দৈবযোগে হারাহু পরাণ
 উঠি করে সঙ্ঘোধন আর নাহি দরশন
 পরলোকে আমার পরাণ ।
 প্রভুর ক্রন্দনে অতি বেহলা দ্রবিত ক্রিতি
 গড়াগড়ি লুটিয়া ধরনী
 দ্বিজ বিপ্রদাস কহে শুনিয়া পরাণ দহে
 বলে কিছু বেহলা ছুখিনী ॥

৩১

কৌ রাগ

লখাই করিয়া কোলে সুন্দরী বেহলা বলে
কান্দিয়া নিগদে উচ্চস্বরে

কিসেরে প্রহরী জাগে প্রভুরে দংশিলা নাগে
কহো মোর স্বস্তুর গোচরে ।

বেহলা কান্দয়ে লখাই করি কোলে
বড় নিদারুণ বিষহরি ।

লখাই বলেন বাণী দংশিলেক কাল ফণী
বিষ ভ্রমে সকল শরীরে

কাতর বিষের জ্বালে এই ছিলো কর্মফলে
দেখিতে না পা[ই]হু জননীয়ে ।

লখাই কাতর দেখি বেহলা হৃদয় দুঃখী
তইল প্রমাদ দৈবগতি

লোহাগারে কোন বুদ্ধে কোথা পাবে ঔষধে
কেমনে হইব অব্যাহতি ।

না ভুঞ্জিহু রতিসুখ না দেখিহু পুত্রমুখ
কিসেরে জর্মাহ মর্তপুরী

পূর্ব জন্মে পাপ যত নরক করিহু কত
তেত্রিঃ হেলা কৈলা বিষহরি ।

বেহলা বলেন কথা আমি ত বাণের সূতা
তুমি কামদেবের নন্দন

হৃদয় থাকিল দুঃখ উপহাস্ত লোকমুখ
অবশ্য হইব দরশন ।

বিষ ভ্রমে সর্ব গা বদনে নাহিক রা
ছুই চক্ষু মেলিতে না পারে

কেশাশ্রু জিনিল বিষে বলে দ্বিজ বিপ্রদাসে
চলিয়া পড়িল লখিন্দরে ॥

৩২

কোলে করি ধরি প্রভু নেহালে বদন
নাড়িয়া চাড়িয়া দেখে নাহিক চেতন ।

নিশ্চয় মরিল প্রভু হইহু অনাথিনী
প্রভু প্রভু বলি ডাকে লোটাএ ধরণী ।
কান্দয়ে বেহলা কর হানিয়া কপালে
এত দুঃখ বিধি মোর দেয় কর্মফলে ।

জনমে জনমে কতো খণ্ডব্রত কৈলু
 আখণ্ড শ্রীফল পত্রে হর না পূজিলু ।
 খণ্ডব্রত কৈলু কিবা শুনি খণ্ড কথা
 হাখোপরে চন্দ্র দিয়া হরিল বিধাতা ।
 হেন উপহাস মোর হইল জগতে
 কর্মশেষে বিভারাত্রে মৈল প্রাণনাথে ।
 লোকে কবে বিভারাত্রে খাইল ভাতার
 হেন অপমানে প্রাণ কেনে আছে আর
 কে হরিয়া লইল মোর প্রভু কলানিধি
 ললাট চিরিয়া দেখি কি লিখিলা বিধি ।
 বিকল বেহলা কান্দে হইয়া নৈরাশ
 মনসামঙ্গল গান দ্বিজ বিপ্রদাস ॥

৩৩

কান্দে কান্দে বেহলা শোকে উচ্ছ্বরি
 নিজগণ লইয়া চলিলা বিবহরি ।
 মুনি আদি মরণেতে জায় তিসাম্পতি
 সর্প-উপষ্টন্তে মইল বেহলার পতি ।
 সর্প-যোনি পায়্যা থাকে মনসা-সদনে
 কহিলাম আশু এই শাস্ত্রের বিধানে ।
 বেহলা-ক্রন্দনে সব প্রহরী সভয়
 লখিন্দর মৈল সতে জানিল নিশ্চয় ।
 পুত্রশোকে কোপে রাজা হইবে আনল
 জতেক প্রহরী ধরি বধিব সকল ।
 মনে মহাজ্ঞাস ভাবি গেলো পলাইয়া
 কাদন্তি বেহলা প্রভু কোলেতে করিয়া ।
 কোথায় আছে সৈন্ত ছয়ারি প্রহরী
 তুরিতে জানাও মোরে খণ্ডরাধিকারী ।
 সনকা শুনিল তবে বেহলা-ক্রন্দন
 জ্ঞাসে কম্পবান অঙ্গ চমকিত মন ।
 নিশ্চয় লখাই লইয়া হইল প্রমাদ
 মনসাকুমারী [কোপে] গেলো বিসম্বাদ ।

সনকা বলেন শুন দাসী ঝাউয়াবতি
 কেনো বধু কান্দে জানি আইস শীঘ্রগতি
 সত্বরে প্রবেশ ঝাউয়া মন্দির ভিতর
 বেহলার কোলে মৃত দেখে লখিন্দর ।
 কেমনে কহিব গিয়া সনকা সমুখে
 অজ্ঞাঘাত করিয়া মরিব পুত্রশোকে ।
 আপনার দৈবদোষে মৈল লখিন্দর
 অপযশ হইল অতি সংসার ভিতর ।
 কান্দিয়া জানাএ ঝাউয়া সনকা গোচরে
 সর্পাঘাতে নিশ্চয় মরিল লখিন্দরে ।
 হাহাকার কান্দে রাগা ভূমেতে লুটিয়া
 চাঁদো রাজা শুনিয়া সন্তমে গেল ধায়্যা ।
 সনকা ধরিয়া হাতে জায় ধীরে ধীরে
 প্রবেশ করিল গিয়া লোহার মন্দিরে ।
 কান্দে চাঁদো নৃপবর দেখিয়া প্রমাদ
 দ্বিজ বিপ্রদাস বলে মনসা-প্রসাদ ॥

৩৪

গান্ধার

হাহাকার সনকা লখাই করি কোলে
 বদনে বদন দিয়া সঘন নেহালে ।
 নাসিকার অগ্রে তার নাহি পায় খাম
 নিশ্চয় প্রমাদ জানি হইল হতাশ ।
 চিয় রে প্রাণের পুত্র দেও সছোখন
 পড়িল ধরণীতলে হরিয়া চেতন ।
 উঠ উঠ লখিন্দর সোনার পুথলি
 পূর্ণিমার চন্দ্র পু[নি] করে দিলু ডালি ।
 শরীর অবশ তোর বদন মণ্ডল
 নিরহতো কুলে (?) জেন ঘুমায় কমল ।
 কে মোরে ফেলিল বাধি এ শোকসাগরে
 কতেক পুত্রের শোক সহিব শরীরে ।

উঠ উঠ লক্ষিন্দর কত নিদ্রা জাও
তোমার জননী ডাকে উত্তর না দেও ।
পূর্ণ শশধর সুধা বদন তোমার
ছুঃখিনীরে মা বলিয়া ডাকো একবার ।
হত অভাগিনী আমি এ মহীমণ্ডলে
ধরি[তে] না পারি প্রাণ ঝাপ দিব জলে ।
অগ্নিকুণ্ডে প্রবেশিব তোমারে লাগিয়া
তোমা পুত্র পাবো আমি যমপুরে গিয়া ।
নিশ্চয় মরিব আমি গলে দিয়া কাতি
গরল ভক্ষিয়া প্রাণ তেয়াগিব ক্ষিতি ।
কান্দিতে কান্দিতে রানী হইল মুর্ছিত
মনসামঙ্গল বিপ্রদাস বিরচিত ॥

৩৫

কান্দিয়া করুণা ভাবে চাঁদো নরপতি
পুত্র পুত্র বলিয়া সম্বন্ধে পড়ে ক্ষিতি ।
কত পাপ কৈলু মুঞি জন্মিয়া ভূতলে
কত ছুঃখ বিধি মোর লিখিল কপালে ।
দেবপদ ছিলো মোর মহাজ্ঞান পায়্যা
মায়া পাতি কানি তাহা লইল হরিয়া ।
ভূমেতে পড়িয়া চাঁদো কান্দেন বিষাদে
সর্বনাশ হইল মোর কানির বিবাদে ।
ছয় পুত্র মৈল মোর বিষ-অন্ন খায়্যা
সর্ব ছুঃখ বিসরিলু লখাই দেখিয়া ।
হেন রূপ-গুণ পুত্র লইল হরিয়া
কেমনে বঞ্চিব আর কার মুখ চায়্যা ।
দইবে মরিব আমি লক্ষিন্দর শোকে
ইহার পাতকে কানি থাকিব নরকে ।
মুছিয়া লোচন চাঁদো লখাই নেহালে
ভগ্নে বিপ্রদাস পদ্মা-চরণকমলে ॥

৩৬

চাহিয়া পুত্রের মুখ অঝর লোচন
কতো ছুঃখে সে না পুত্র তেজিল জীবন ।

কিসেরে লোহার ঘর করিছু জতনে
ধমস্তুরি প্রহরী কোথায় সেনাগণে ।
এতেক প্রকার কৈলু লখাই রক্ষিতে
পাপিষ্ট কানির নাগ আইল কেনমতে ।
জার ভয় ছিলো কানি তাহা লৈয়া গেল
এতেক দিবসে কানি পরিতোষ হইল ।
না কান্দ সনকা গো কান্দিলে কিবা হয়
এতদিনে ঘুটিলো কানিরে নাহি ভয় ।
কুপিল সনকা রামা চাঁদোর বচনে
অধোগতি হবে রাজ্য কুপ্তি কারণে ।
যদি তুমি পূজা করো মনসা-কুমারী
কেন পুত্র মরিবেক রূপের মুরারি ।
তবে চাঁদো নৃপতি প্রবোধ করে ভায়
জার জেই ভবিতব্য ভুঞ্জিলে সে জায় ।
তবে ত বেহলা কিছু বলে পরিহারি
জানিলু সকল তোমা মহিমা চাতুরি ।
নৃপতি হইয়া তুমি এমত অজ্ঞান
মানবে দেবতা পূজে বড় অপমান ।
নর হইয়া দেবতার সঙ্গে বাদ করো
সর্বনাশ হইল তব কি করিতে পারো ।
মনসা নিন্দিয়া তুমি মুখে ভুঞ্জ রাজ্য
আমার প্রভুর তরে করো কিছু কার্য্য ।
মাজ্জ্ব ভাসাএ আমা দেও ভাসাইয়া
মনসা গোচরে জাবো মৃত পতি লইয়া ।
ভুঞ্জিলে মনসা যদি করে প্রতিকার
জীয়াইয়া প্রভুরে আসিব পুনবার ।
তোমার কুবুদ্ধে যদি কোপে পদ্মাবতী
তথায় পূজিব পদ্মা করিয়া ভকতি ।
তরিবা সবুরা যুক্তি যদি ধর্ম লোকে
মনসার নিন্দা আর না করিহ মুখে ।
যদি বা মনসা-পদ ভুজ্জে রাজন
পুনবার পুত্রাদি পাইবে ধন জন ।

যদি বা মনসা-পদ নিন্দা নরপতি
এহ লোকে হুঃখ শোক মৈলে অধোগতি
শুনিয়া দ্রবিদ রাজা হইল অস্তরে
মালাকার আনি আঞ্জা দিলেক তাহারে ।
শুনিয়া মালাকার কার্য নাহি করে হেলা
প্রচুর করিয়া কাটি আনে রামকলা ।

বিচিত্র মাজষ তবে করিল গঠন
পাট নেতো দিয়া তাহা কৈল আচ্ছাদন ।
গঠিয়া মাজষ তবে লইল জল মাঝে
প্রবাল মুকুতা ঝারা চারি দিগে সাজে ।
মাজষ উপরে সাজে কনককলস
ভাবিয়া মনসা-দেবী বলে বিপ্রদাস ॥

৩৭

করুণা

মাজষ নির্মাণ হৈল মালাকার চলি গেলো
বেহুলা সনকা প্রতি ভাবে
হেরো মোর নিদর্শন সম্বরিল যত্নে মন
হেলা না করিহ অবিশেষে ।
কড়াকের তৈল বালি এড়িল প্রদীপ জ্বালি
করজোড়ে বলে সভা প্রতি
যদি মোর এই তৈলে ছয় মাস দীপ জ্বলে
প্রভু লইয়া আসিব কুশলে ।
সিঙ্গান হরিদ্রা[১] ধান আনিলেক বিত্তমান
আজীলেক সভা বিত্তমানে
যদি প্রাণনাথ জীব তোরা ফল ফুল হবে
নিদর্শন লোক পরমানে ।
পুটপাণি করি ক্রিতি প্রণতি ভকতি সতি
সভাকারে মাগিল বিদায়
দেখি চাঁদো নরপতি হৃদয় দ্রবিত অতি
সবিনয় বেহুলা বুঝায় ।
ছয় বধু আছে পুরি তাহার প্রধান করি
প্রাণ সম পালিব তোমায়
জলে ভাসী জাবে তুমি জীয়াইতে মৃত স্বামী
হেন কেবা দেখেছে কোথায় ।
বেহুলা চাঁদোর বোলে হৃদয় ভাবিয়া বলে
শুন রাজা কহি বিত্তমান
সত্যবতী নামে কন্তু[১] সতী পতিব্রতা ধনু[১]
তার কথা কর অবধান ।

স্বামী তার দেবানন্দ সতে সখা সতানন্দ
 পাচু লাগি গেলো দূর দেশ
 কোটাল কুবুদ্ধি পায় কহিলেক রাজায়
 ছই জনে বাধিল বিশেষে ।
 চোর বলি লয় ধরি ভূপতির বরাবরি
 কাটিলেক চামুণ্ডা মসানে
 মৃতপতি কোলে করি অশেষ বিলাপ করি
 চণ্ডী-পদ ভাবিল ধ্যেয়ানে ।
 মানসিক ভক্তিভাবে মহামায়া আইল তবে
 সতী-পতি জীয়াইল বিশেষে
 মৃত পতি পায়্যা সতী পরম আনন্দমতি
 পুষ্প-বিষ্টী হইল আকাশে ।
 স্ত্রী হইয়া মৃত পতি জীয়াইল সত্যসতী
 আর দেখো রাজা চন্দ্রকেতু
 রাক্ষসী হরিল দ্বিজ ব্রহ্মবধ হইল রাজে
 সে দণ্ডে হইল সেই হেতু ।
 জীয়াইয়া মৃত দ্বিজ রাজা গেলো সেই রাজ্যে
 শুন রাজা বুঝাই তোমারে
 আমার প্রতিজ্ঞা এই যদি আমি সতী হই
 প্রভু লইয়া আসিব দেশেরে ।
 নৃপতি ব্যথিত হইয়া অচ্যুত লোক লইয়া
 আনিল স্তম্ভর লখিন্দরে
 স্নান করাইয়া নীরে শোভে নানা অলঙ্কারে
 শোয়াইল মাজষ ভিতরে ।
 অপরূপ রূপ-ছাঁদে জেন পূর্ণিমার চাঁদে
 অন্ত জায় গুহারো ভিতরে
 দেখি শোকহুঃখ ভাবি দ্বিজ বিপ্রদাস কবি
 পন্থা নেতো অস্তিকের বরে ॥

৩৮

ধানসি

ছলছল যুগল নয়নে নীর করে
 অমিয়া গলিত জেন পূর্ণ শশধরে ।

সনকারে প্রণমস্তি অজ মোটাইয়া
 প্রেমভাবে কোলে করি তুলিল ধরিয়া ।
 নিগদে সগদ বাণী বেছলা রমণী
 জাইব প্রভুর সঙ্গে দেহত মেলানি ।

পূর্বে নিন্দা কৈলু গুরু দেবদ্বিজগণে
 না করিলু হরপূজা দন্তের কারণে ।
 কার স্থাপ্য হরিলু কে দিল ব্রহ্মশাপ
 তেত্রিঃ বিভা-রাত্রে পতি মৃত পরিতাপ ।
 একান্ত ভাবেতে মোর করিহু কল্যাণ
 অবিলেতে জাই জেন পদ্মা বিষ্ণুমান ।
 জীয়াইয়া আনি জেন জত পুরীজন
 তবে পুনরপি তব দেখিব চরণ ।
 চলিল মমতা ছাড়ি প্রবোধ করিয়া
 মায়া-মোহে জায় সতে পশ্চাত গোড়ায়্যা ।
 মাজ্জবে প্রবেশ কৈল পতি কোলে করি
 দ্বিজ বিপ্রদাস বলে বন্দি বিষহরি ॥

৩৯

মাজ্জবে ভাসিয়া জায় গুঙ্গড়ির জলে
 আপস্তায়্যা সর্বাঙ্গ সনকা পড়ে কূলে ।
 পুত্র পুত্র ডাক ছাড়ে উচ্চস্বর দিয়া
 অভাগি সনকা ডাকে পাছু জাও লয়া ।

কাহারে ডাকিব আর কে দিবে সম্মতি
 কার মুখ চাহিয়া বন্ধিব দিবা রাত্তি ।
 নিষ্ঠুর পদ্মার নাগ পুত্র মোর দংশে
 তর্পণ করিতে মোর না থুইল বংশে ।
 কিসেরে জাইব বরে কি দেখিব গিয়া
 ভ্রমিব যোগিনী বেশে দেশান্তরি হইয়া ।
 সর্বাঙ্গের অলঙ্কার ফেলিব কাড়িয়া
 গহন কানন মধ্য প্রবেশিব গিয়া ।
 হুকূলে দাড়াইয়া লোক আকুল বিশেষে
 প্রাণ নাহি ধরে লোক রমণী-পুরুষে ।
 তেজি সব গৃহকর্ম দাঁড়াইয়া চায়
 পরম ভ্রবিদ লোক কান্দে উচ্চরায় ।
 চলিল ত বেহলা মাজ্জবে ভাসি জলে
 আকুল হুকূলে লোক কান্দিয়া বিকলে ।
 হাহাকার করে সতে ছাড়ন্তি নিখাস
 মায়ামোহে কান্দে সতে মুখে দিয়া বাস ।
 কেহ গড়াগড়ি দিয়া করয়ে হাব্যাষ
 মনসাবিজয় গীত গাএ বিপ্রদাস ॥

৪০

ত্রিপদী

মাজ্জবে ভাসিয়া জায় মায়া পাতি মনসায়
 কাক-রূপে বসিলা মাজ্জবে
 প্রচুর কাকের ধ্বনি অতি সুললিত শুনি
 কর-জোড়ে করিয়া স্তম্ভাষে ।
 কাক কাক উচ্চরায় ডাকি বলে বেহলায়
 একাকী মাজ্জবে ভাসো কেনি
 বেহলা কাকেরে কয় সঘুরা জে চাঁদো রায়
 প্রভু মৈল বিবাহযামিনী ।
 উজানি নগর ঘর পিতা সাহে সদাগর
 সুবদনী স্মিত্রা জননী
 জানাবে এসব কথা মনবা উদ্দেশে জথা
 ভাসিয়া চলিলায় একাকিনী ।

কাক বলে উত্তরলি ডিম্ব ফুটাইএছি কালি
 ক্ষুধা অতি হএছে বিকল
 লোচন মেলিতে নারি বাসা যাছে একেশ্বরী
 চার হেতু আইনু কেবল ।
 ত্রস্ত হইয়া স্তন্দরী কাকেরে বিনয় করি
 নানা রত্নে ভূষিব তোমায়
 অনাথ বেহলা পাইয়া তিলেক নাহিক দয়া
 দ্বিজ বিপ্রদাস রস গায় ॥

৪১

পয়ার

কাক বলে শুন বলি বেহলা রমণী
 কেমতে জানাবা তোর জনকজননী ।
 তবে ত বেহলা দিল রতন-অঙ্গুরি
 নিদর্শন লইয়া কাক জায় উধা করি ।
 হরিষে স্তমিত্রা সাহে বসিয়াছে যথা
 অঙ্গুরি দিলেক কাক কহে সর্ব কথা ।
 বেহলার কথা শুনি সাহে পুরীজন
 মৃতাবত মহাশোকেরে করয়ে ক্রন্দন ।
 তবে ত স্তমিত্রা রামা হৃদয় ভাবিয়া
 আপনার ছয় পুত্র আনিলা ডাকিয়া ।
 ৪১

কি আর বিলম্বে ফল চলহ তৎকাল
 বেহলার কিবা গতি করহ উভাল ।
 প্রমাদ পড়িল সত্য লখিন্দর লইয়া
 তেত্রি কাক মুখে দিল অঙ্গুরি পাঠায়া
 জননী'র যত্ন দেখি নড়িল ত্বরিত
 গুঞ্জড়ি গঙ্গার জলে হইল উপনীত ।
 দেখিল মাজষ আইসে ভাসিয়া সলিলে
 বেহলা বেহলা বলি ডাক দিয়া বলে ।
 শুনিয়া বেহলা ভাসি আইল নিকটে
 আপনার ছয় ভাই দেখে নদীতটে ।
 ভাই-ভগিনি মাত্র হইল দরশন
 কান্দিয়া বেহলা করে দুঃখ নিবেদন ।
 দ্বিজ বিপ্রদাস বলে ভাবি পদ্মাদেবী
 জনমে জনমে জেন তব পদ সেবি ॥

৪২

ত্রিপদী

কি আর কহিব বাণী জর্মে জর্মে অভাগিনী
 এত দুঃখ করিল গোসাঞি
 বিধির লিখন ছিলো সেই মাত্র সার হৈল
 ইহা বহি দরশন নাঞি ।

হেরো করো পরিহার এ সব দুর্গতি মোর
 জানাইছ বাপ-মা চরণ
 পাপ ক্ষেণে বিভা হইল পুনরপি না দেখিল
 এই ছিল ললাটে লিখন ।
 হেন মোর ধর্মগতি বিভারাত্রে মৈল পতি
 পূর্ব জর্মে করেছিহু পাপ
 লোকমুখে হইল লাজ পূর্বের নিবন্ধ কাজ
 এই সে হৃদয়ে পরিতাপ ।
 মৃত পতি লইয়া জাবো জথাএ মনসা পাবো
 প্রাণনাথ জীয়াইবো বিশেষে
 নাহি পাই বিবহরি প্রভু জীয়াইতে নারি
 প্রাণ দিব মনসা উদ্দেশে ।
 প্রণতি করিয়া জায় উলটিয়া নাহি চায়
 ধনা পুল[১] বাক্যে উপনীত
 মাজষ রহায়া রোষে বলে দ্বিজ বিপ্রদাসে
 বেহুলা প্রবোধ বিরচিত ॥

৪৩

ত্রিপদী

উজানি-নগর ঘর সাহে মহা সদাগর
 সুমিত্রা ত তাহার রমণী
 লক্ষকের বৃহিতাল ধনবান কুলশীল
 সেই মোর জনক-জননী ।
 ছয় ভাই আছে মোর রূপে গুণে বিজ্ঞাধর
 সর্বগুণে বটে অবস্থিত
 রত্নময় দিব্যপুরী দাস দাসী বিজ্ঞাধরি
 প্রতি বধুগণ উল্লাসিত ।
 জুড়িয়া যুগল পাণি নিগদন্তি সুবদনী
 নিজ দুঃখ নিবেদি তোমারে
 মৃত পতি কোলে করি ভাসিয়া মাজষে তরি
 তুমি কেনো রহাও আমারে

চম্পক-নগর ঘর চাঁদো নামে নৃপবর
 লখিন্দর তাহার কুমার
 বিধির করম-ফলে সেই স্বামী মোরে মিলে
 অবুদ্ধিয়া চাঁদো নৃপবর ।
 বুদ্ধি নাহি চাঁদো রায় নাহি পুজে মনসায়
 বিড়ম্বিত অস্তিক-জননী
 লখাই বিবাহ-নিশি লোহার মন্দিরে বসি
 দংশিলেক কালি নাগিনী ।
 নৃপতির পুরী জত লোকে দেখি মৃত্যবত
 সবিশেষ আমারে দেখিয়া
 শুনি মোর অমুমতি ভাবি চাঁদো নরপতি
 মাজষে দিলেক ভাসাইয়া ।
 মৃত প্রভু কোলে লৈয়া মাজষে ভাসিছু নিয়া
 সলিলে বুলিছে একেশ্বরী
 হেরো বাঞ্ছা মনে করি লৈয়া জাবো দেবপুরী
 জথায় আছেন বিষহরি ।
 পূর্ব-জাতিস্মরা নারী আছিলাম দেবপুরী
 অনিরুদ্ধ হন মোর পতি
 আমি হই উষা বালি সর্বগুণরূপশালী
 তালভঙ্গ হইল দৈবগতি ।
 স্বর্গ হইতে বিষহরি জর্মাইলা মর্তপুরী
 প্রভু মোর করিলা নিবাশ
 প্রভু জীবাব অমুসারে জাবো সেই দেবপুরে
 স্মকবি গাইল বিপ্রদাস ॥

৪৪

তবে ধনা পুলা বলে করজোড় করি
 জলকূলে এখা আমি সব অধিকারী ।
 রহায়্যা জিজ্ঞাসা কৈছু না করিহ ক্রোধ
 জাও নিজাকার্য্যে আমি হইছ প্রবোধ ।
 মনসা স্মরিয়া তথা চলিল নিসকঙ্কে
 মাজষ ঠেকিল গোদা বড়স্বর বকে ।

জনর্দননাম তার দুই পায় স্থল
 সশব্দে চাঁদোর শালা লখাই মাতুল ।
 মাজষ দেখিয়া জিজ্ঞাসয়ে সম্বোধন
 অবিচারে জাও কেন জানিব কারণ ।
 তবে ত বেহলা বলে জুড়ি যুগ পাণি
 উজানী জনক সাহে স্মিতা জননী ।
 চাঁদো রাজনের বধু লখিন্দর পতি
 মনসার বাদে প্রভু মৈল বিভারাতি ।

মাজুষে ভাসিয়া আমি যাই জল মাঝে
 একেশ্বরী নারী আমি রহাও কি কাজে ।
 তবে পরিচয় দিল বেহুলার ঠাই
 তুমি ত জান না আমার ভাগিনে লখাই ।
 একেশ্বরী স্বর্গপথে করহ গমন
 আইসহ আমার পুরী করিব পালন ।
 তবে ত বেহলা বলে পূর্বকথা কই
 সত্য করি মনসা আনিল ইন্দ্র ঠাই ।
 বধিয়াছে প্রভু জীয়াইব পুনবার
 তবে ত তাহার পূজা করিব প্রচার ।
 প্রবোধিয়া গোদা বালি চলিল তুরিত
 বেহলা জুয়ার-বন্ধে হইল উপনীত ।
 অনিষ্ট পাপিষ্ট দৃষ্ট জুয়ার প্রবল
 জুয়া খেলাইতে তার মজল সকল ।
 স্ত্রী-পুত্র হারিয়া সে ব্যাডায় নদীতীরে
 দেখিলেক মাজুষ ভাসিয়া আইসে নীরে ।
 নানা রত্ন দেখি বড় হৃদয় সন্তোষে
 এই ধন লইয়া আজী বন্ধিব হরিষে ।
 মাজুষ ভাসিয়া আইসে বলে অহঙ্কারে
 মাজুষ ভিতরে কেবা প্রবোধ আমারে ।
 তবে ত প্রবোধ বলে বেহলা স্তন্দরী
 মৃত পতি লইয়া জাই আমি একেশ্বরী ।
 কেন বা রহাও আমা তোমা কিবা দায়
 অহঙ্কার করি কোপে মাজুষ রহায় ।
 জতো রত্ন ধন আমা করো সমর্পণ
 আইসহ আমার ঘরে করিব পালন ।
 বেহলা বলেন শুন অবুধ জোয়ার
 তুমি ত জান না কিছু মহিমা আমার ।
 সাবিত্রী জেমন সতী ব্রহ্মার বনিতা
 তাহার অধিক আমি সতী পতিব্রতা ।
 সাঁপ দিতে মাত্র তন্ন হইবে এখন
 কিসেরে আমার তরে করহ জতন ।

কিছু ধন দয়া কবি দিল তার হুঃখে
 উদ্ধারিয়া স্ত্রী-পুত্র বঞ্চহ গিয়া স্তখে ।
 সন্তোষ জুয়ার অতি চলিল হরিষে
 নড়িসিয়ার বন্ধে গিয়া মাজুষ প্রবেশে ।
 করপদহীন পাপ বন্ধে একেশ্বর
 দেখিল মাজুষ আইসে সলিল উপর
 বড়ি ফেলিয়া দস্তে মাজুষ রহায়
 দেখিয়া বেহলা বালি সাঁপ দিল তায় ।
 পাএ চূপাড়িয়া গোদ আর পায় ফুলা
 চক্ষে ঢেলা অপক্লপ এক হাত মুলা ।
 পূড়ার প্রমাণ তার পৃষ্ঠে মহা কুঁজ
 খোস পাঁচড়া গায়ে সদা পড়ে পুঁজ ।
 বাঁকা মুখ খোতা কথা গলে গলগণ্ড
 উপমা দিবার নাহি প্রবীণ কোরও ।
 সর্পের আকৃতি তার মাথে নড়ে বুট
 তাল-গোড়া ওলোনা কাঁকলি-খানি ছোট
 ঝাঁটা যেন দুই গোপ ঘোড়া-নেজ দাড়ি
 কাঁকড়া সমান গোদে হয়েছে বেজুড়ি ।
 বড়ি ফেলিয়ে দস্তে মাজুষ রহায়
 মুলা হাত ছানি দিয়া বলে আয় আয় ।
 জত ধন বিত্তি মোরে কর সমর্পণ
 মোর ঘরে আএ তোর করিব পালন
 আমি তো ধরিব মাচ বেচ লইয়া তুমি
 বন্ধিতে তোমার সঙ্গে ইচ্ছা করি আমি ।
 আছয়ে তেইশ মাগু রূপে অল্পমা
 তা সবার রূপ মনে নাই লএ আমা ।
 দেখিয়া তোমার রূপ ডুবি গেল মন
 তোমা আমা দেখা হৈল দৈবের ঘটন ।
 তব যোগ্য স্বামী আমি মোর যোগ্য তুমি
 আপনার গুণকথা কি কহিব আমি ।
 আমা হেন গুণবস্ত না পাইবা কোথা
 কত বিদ্যা জানি আমি কি কহিব কথা ।

যদি তোর তরে বিড়ম্বিত হএ বিধি
 আমা ছাড়ি না পাইবে অনুপম নিধি ।
 প্রধান করিয়া ঘরে এড়িব তোমারে
 গুনিয়া বেহলা সতী শাপ দিল তারে ।
 মাজষ বড়ি দিয়া টানি আনি কুলে
 বেহলার শাপে গোদা নাবাগেতে ওলে
 নাড়িয়া চাড়িয়া গোদ ওলি বারে বারে
 আঁকু বাঁকু করিয়া কান্দএ উচ্চ স্বরে ।
 ছোট-মোট গোদ নহে চুপড়ি প্রমাণ
 নেঁজুড়ি হয়্যাছে তাহে কাঁকড়া সমান ।
 অচ লইয়া গোদা কান্দে উচ্চরায়
 ফাফর হইয়া ঢোকে ঢোকে জল খায় ।
 প্রগতি বেহলা প্রতি বরয়ে স্তবন
 দয়াএ বেহলা শাপ কইল বিমোচন ।
 গোদ আদি জন্ত রোগ সব হৈল দূর
 কুলে উঠি বেহলার স্তবন প্রচুর ।
 গিধিনী শকুনি পক্ষ আছে আর বহু
 বেহলার মাজষ তথা এ গিয়া ঠেকে ।
 মৃত নর-গন্ধ মাত্র দুই পক্ষ পায়
 পাখে আচ্ছাদিয়া তারা মাজষ রহায় ।
 মৃত নর-গন্ধ পাইয়া বলে অঙ্কহার
 ক্ষুধার পিড়িত জায় করিতে সংহার ।
 বেহলা বিনয় করে জুড়ি দুই পাণি
 না কর প্রমাদ না বলহ হেন বাণী ।
 রতনে ভূষিব তোমা জাইবার কালে
 পক্ষ বলে আমারে ভাণ্ডহ বাক্য ছলে ।
 এমত অবুধ আর না পাও সংসারে
 অধিক বেহলা স্তব করেন তাহারে ।
 বেহলা জতেক কহে দুঃখিত অন্তরে
 প্রবোধ না মানে পক্ষ জায় খাইবারে ।
 বুকে কর হানে রামা হাহাকার করি
 করে করি লইল স্তীক রসান কাটারি ।

ছাড়িতে না পার যদি মৃত প্রভু আশ
 কাটারি হানিয়া মৈলে খাইও মোর মাস ।
 মনসা চিস্তিয়া রামা গলে দিতে কাতি
 রথভরে অন্তরীক্ষে আইলা পদ্মাবতী ।
 পাখেতে ধরিয়া পদ্মা দুই পক্ষ ফেলে
 ভয় নাই আকাশবচনে পদ্মা বলে ।
 গুনিয়া বেহলা রামা চলিলা নিশকঙ্কে
 মাজষ ঠেকিল গিয়া শাদুলের বঙ্কে ।
 পদ্মাবতী-চরণসরোজমধু লোভে
 দ্বিজ বিপ্রদাস তথি ভৃঙ্গরূপে শোভে ॥

৪৫

অঙ্কহার করিয়া ব্যাঘ্র বিপরীত ডাকে
 বিক্রম করিয়া পুচ্ছ ঠেকায় মস্তকে ।
 দুই কর্ণ তুলিয়া আনল-দৃষ্টি চায়
 পাষণ ভাজিতে পারে দশনের ঘায় ।
 কান্দে ত বেহলা রামা ভাবিয়া গোসাঞি
 আজি ব্যাঘ্র হাতে মোর প্রাণরক্ষা নাঞি
 গুনিয়া ব্যাঘ্রের ডাক প্রাণ চমকিত
 মড়া কোলে করে সতী হইল মুর্ছিত ।
 মনসা-কুনারী মনে স্মরিয়া সঘন
 এই তো সঙ্কটে মাতা করহ রক্ষণ ।
 ত্রাসিত বেহলা মৃত পতি লইয়া কোলে
 ব্যাঘ্র মুক্তি করি পদ্মা রথে কুতুহলে ।
 আজি জানি বেহলা হারায় প্রাণেশ্বর
 আমার স্ত্রীবধ পদ্মা তোমার উপর ।
 কান্দিয়া বেহলা রামা মনসা সোণ্ডরে
 অন্তরীক্ষে পদ্মাবতী আইলা তথারে ।
 ধরিয়া ব্যাঘ্রের পুচ্ছ ফেলিল আকাশে
 দেবী বৈলা ভয় নাঞি রচে বিপ্রদাসে

৪৬

অস্তুরীকে বোইলা বাণী ভয় নাঞি সুবদনী
 প্রভু লইয়া জাও নিজ কাজে
 বেহলা সন্নিহিত পায়্যা ব্যাঘ্র-বাক এড়াইয়া
 মাজষ মেলিলা গঙ্গা মাঝে ।
 নিশিদিশি উপবাসী রূপসী মাজষে ভাসি
 চানকের গজে পরবেশ
 জত বুড়নিয়া তথি নিবসন্তি দুষ্টমতি
 ভ্রমন্তি কপট মায়াবেশে ।
 ললাটে উজ্জল ফোটা কান্ধ শোভা যোগপাটা
 পদ্মবীজে জপ্যমালা করে
 মিছা মন্ত্র জপ করে গলায় রুদ্রাক্ষ ধরে
 নিশি হইলে দুষ্টু-বিত্তি করে ।
 কুমন্ত্রণা শিক্ষা জানে হিংসিয়া লোকের প্রাণে
 সর্বধন হরে মহা লোভে
 হেনকালে দৈবযোগে মাজষ ভাসিয়া লাগে
 গগনেতে রবি যেন শোভে ।
 জত বুড়নিয়া-গণে বিশেষ গণিয়া জানে
 বহুধন পাবো একু ঠাঞি
 অশুমান করি সতে নৌকা আরোহিয়া তবে
 বেহলার মাজষ রহাই ।
 নানা-আভরণ কণ্ঠা রূপে গুণবতী ধন্যা
 দেখিয়া আনন্দ লাগে মন
 অহঙ্কারে বলে তথা ধন লইয়া জাও কোথা
 আইস কণ্ঠা আমার ভুবন ।
 বেহলা সঙ্গমচিত্ত সর্ব অঙ্গ রোমাঙ্কিত
 কম্পবান সজল নয়ন
 কি করিব কি বলিব সতয় হরিল সব
 পদ্মা-পদ করেন স্মরণ ।
 বুড়নে নিষ্ঠুর দেখি ঈষত মেলিয়া আঁখি
 স্তুতি করে রোদন-বদনে
 আমি কুলবতী হই যতন্বামী লইয়া জাই
 দেখিয়া রহাও কি কারণে ।

বেহলা জতেক কহে প্রবোধ না মানে তাহে
 অধিক হইল ক্রোধবস্তু
 কহে দম্বু করি ভায় কহে পরশিতে চায়
 বড়নিয়া বিষম ছরস্তু ।
 যুতপতি কোলে করি সোঙরিয়া বিষহরি
 নির্জিতা মূর্ছিতা পড়ি তগি
 বেহলা তুর্গতি অতি জানিলা তো পদ্মাবতী
 রথে ভরে আইলা শীঘ্রগতি
 মনসার মায়া-ধনু বড়নিয়া হইল অন্ধ
 মাজম ঠেকিল পদাঙ্গুলে
 পদ্মা রথে ভর কৈল বেহলা চেতন পাইল
 নিশি দিশি জায় কুতূহলে ।
 এড়াইলা নানা দুঃখে প্রবেশিলা চৌমুখে
 বিশ্রাম করিয়া ভাবে মনে
 চারিদিকে জল সবো কোন পথ দিয়া যাবো
 পদ্মা-পদ করেন স্মরণ ।
 জানিয়া মনসাদেনী মনে অনুমান ভাবি
 নেতোরে বলিলা সংবিধান
 চৌমুখে বেহলা রয়া কান্দে পথ না পাইয়া
 ঝাটো আনো মোর বিঘ্নমান ।
 চলিল ধোবানি-বেশে জথাএ বেহলা ভাসে
 পুত্র বধি এড়ি ভূমিতলে
 বেহলার মন ছলে বস্তু কাচে কুতূহলে
 পুত্র জীয়াইয়া ঘরে চলে ।
 দেখি শীঘ্র বেহলায় ধরিল নেতার পায়
 কহে দুঃখ আপন কারণ
 আমি আতিশ্রয়া নারী পদ্মা-পদ সেবা করি
 দম্পত্য-নিবিষ্ট এক মন ।
 আছিলাম দেবপুরী আনিলেন বিষহরি
 প্রকুরে দংশিল বিভারাতি
 পূর্বে সত্য কৈলা মোরে জীয়াইব প্রাণেশ্বরে
 তার পূজা প্রচারিব ক্রিতি ।

মৃতপতি লইয়া ভাসি মনসা উদ্দেশে আসি
 এই তো চৌমুখে পরবেশ
 কোন পথ দিয়া জাব কোথায় মনসা পাব
 তুমি মোরে বলহ উদ্দিশ ।
 নেতো বলে প্রতিকার নাহি তো'র চিন্তা আর
 আইস ঝাটো মোর অনুসারে
 চলিল হরিষ-ভাবে হাথে জেন স্বর্গলাভে
 অন্ধ জেন নয়ন প্রসারে ।
 সফল জীবন চিন্তে নেতো-অনুগত পথে
 দেবপুরে হৈল উপনীত
 জনমে জনমে সেবি ভাবিয়া মনসাদেবী
 দ্বিজ বিপ্রদাস বিরচিত ॥

৪৭

পয়ার

অচল সিঙ্কুয়া-গিরি অতি রম্য ধাম
 ব্রহ্মা আদি করি তথা দেবের বিশ্রাম ।
 ভৃগু পরাশর আদি ঋষি সঙ্ঘিধানে
 আছেন তপস্বী করি পরম ধ্যানে ।
 কোথাও পরম যোগী সিন্ধি সান্দ্রে বর
 খড়া ভেদিয়াছে তথা অব্যক্ত কন্দর ।
 কোথাও তবু'রা গান মধুর সুস্বরে
 গায়ন্তি সুধীর গীত শুনি মনোহরে ।
 বিষ্ণাধর অপস্বর আছরে কুতূহলে
 গায়ন্তি নৃত্যন্তি তথা সূচ্ছন্দ সুতালে ।
 স্থানে স্থানে কল্পতরু তথাই নিবসে
 জরা মৃত্যু দুঃখ শোক হরে তপরসে ।
 কোথাও অমরগণ আছে নিরবধি
 পিয়ন্তি অমৃত-ঝারা ঝরে কলানিধি ।
 মহৌষধি তরু তথা আছে কোন স্থানে
 শোক মৃত্যু কভু নহে তাহা পরশনে ।

নানা পক্ষ কলরব সুললিত শুনি
 পবন আহার করি আছে কত ফণী ।
 নানা বর্ণে পশু বৈসে মৃগ নানা জাতি
 স্বর্গগঙ্গা-জল খাইয়া পরম পিরীতি ।
 শিখরের শৃঙ্গে ধাম বিচিত্র নির্মাণ
 তথায় নিবসে উমা দেব পঞ্চানন ।
 দেবগণ সঙ্গে সঙ্গে ত্রিদশের রায়
 হেনকালে বেহুলা যে মিলিলা তথায় ।
 নানা রত্ন অলঙ্কার মা'জ্জমে আছিল
 ঘাগর নপুর পরি নৃত্যকি কাছিল ।
 দেব-কণ্ঠা মধ্যে গেল বেহুলা রমণী
 রূপ-বেশে মোহিত অমর সুর মুনি ।
 পূর্ব জন্মকৃত ছিল সামান্য বিশেষ
 সর্ব উপসর হৈল অমরের দেশ ।
 আপনি মৃদঙ্গ বাহে গীত গাহে সঙ্গে
 সুতাল সূচ্ছন্দে নৃত্য করে অঙ্গভঙ্গে ।
 ক্ষেণেক রহিয়া রামা করয়ে বিশ্রাম
 পুনঃ ছন্দ-বিছন্দে নাচয়ে অল্পপাম ।
 দ্বিজ বিপ্রদাস বলে বন্দি বিষহরি
 কামেতে পীড়িত হইয়া বলে ত্রিপুরারি

৪৮

পাহিড়া

বেহুলা যুবতী সতী নৃত্যস্তি গায়স্তি তথি
 দেখি পশুপতি মন ভোলে
 কামদেব আসি মনে হানিলেক পঞ্চাননে
 লজ্জা ছাড়ি তারে কিছু বলে ।
 গুন নৃত্যবতী কন্তা পরম যুবতী ধন্তা
 পতি লোভে সতী লো যুবতী
 কিবা তোর অভিমতি বলহ আমার প্রতি
 বর দিব আমি পশুপতি ।
 মদনে কাতর হর বেহুলারে সত্তর
 গুন লো যুবতী গুণবতী
 জিনি পূর্ণ শশধর সুধা চাকু মুখ তোর
 ঈষত হাসিতে রস-গতি ।
 আমি হেন মনে লখি হইয়া চকোর পাখী
 সুধাপান করি নানা রসে
 কহো লো যুবতী সতী জীয়াবো তোমার পতি
 কমুণ্ডল জলের পরশে ।
 দেখিয়া যৌবন তোর কাম-সাগরেতে মোর
 ডুবি মন হইল বিকল
 পশুপতি তোরে বলে দহে প্রাণ কামানলে
 কৃপা করি হও অমুকুল ।
 কটাক্ষে মদনশর ভেদিলেক অন্তর
 অস্থির হইল মোর মন
 মহা ঔষধের বড়ি দেহ মোর অঙ্গে পড়ি
 বাটো করি রাখো জিলোচন ।
 ভুঞ্জ অতি অমুপাম আলিঙ্গনে পুরে কাম
 করহ-নিন্দিত সুবন্ধন
 বুকে কুচগিরি চাপ সঘন নিতম্ব দাপ
 অবিরত করো রতিদান !

নারদ মুনিরে ডাকি মহেশ্বরে
 কহিলা সকল কথা
 গিয়া মুনিবরে মনসা গোচরে
 ডাকিয়া আনিল তথা ।
 মনসা আইলা মহেশ কহিলা
 হেরো দেখো বিত্তমান
 বিভা-রাতি মৈল লখাই দংশিল
 বেহলারো প্রাণধন ।
 বৈলা পদ্মা কথা লখাইর কথা
 আমি কিছু নাহি জানি
 কতো স্তব আরো করসি আচারো
 এতেক গঞ্জিলা কেনি ।
 বেহলা বলে কথা না কহ এ কথা
 কপট মিছা বচন
 দংশিয়া আইতে কাটিল পুচ্ছেতে
 হেরো লহ নিদর্শন ।
 দুঃখ-সিকুঞ্জল ভাসিয়া বিকল
 তিল দয়া নাহি তোমা
 তোমা ছাড়ি গতি অস্ত নাহি মতি
 কত দুঃখ দেহ আমা ।
 বেহলা সস্তাপে নিগদে আলাপে
 দুঃখ কহে মনসায়
 বিপ্রদাস কবি পদ্মা-পদ সেবি
 বারোমাস্য কথা কয় ॥

৫১

কৌ রাগ

নর হৈয়া মন্দ বলে চাঁদো দুষ্ট পাপ
 গুন লো বেহলা তোরে কহি দুঃখতাপ ।
 বৈশাখে আমারে পূজে সনকা বাস্তানি
 লজ্জিয়া আমার ঘট বলে মন্দ বাণী ।

জ্যেষ্ঠে আমারে লোক করে অভিষেক
 সর্বক্ষণ মন্দ বলে সহিব কতেক ।
 নীরস সকল রামা মঞ্জরিত শাখী
 চূত পূগ পনস স্নাত সস্তমে লোক সুখী ।
 শালি-রূপ হইয়া গেহু চাঁদো বিত্তমান
 নাথরা কাটিয়া হরি লৈছ মহাজ্ঞান ।

নিরমল দশ দিগ তড়িত আকার
 ধ্বস্তুরি নামে ছুঁলে ছুরাচার।
 গোয়ালিনী সহী রূপে ধ্বস্তুরি বধি
 আঘাতের জতো হুঃখ কহিছু অবধি।
 হেরো বলি বেহলা গো অবধান কর
 ধনা মনা নামে দুই মালির কুমার।
 বধিয়া আনিছু ছুঁলে অরিষ্ট প্রবল
 শ্রাবণের হুঃখ তোরে কহিল সকল।
 অমুক্ণ চাঁদো নিন্দা করে ভাদ্র মাসে
 তার পুরী নাগ মোর না জায় তরাসে।
 ছয় পুত্র বধে তার কালি নাগিনি
 তমু মন্দ বলে চাঁদো ছুরাচার বাণী।
 আশ্বিনে চণ্ডিকা-পূজা করে সর্ব লোক
 হতো-হুঃখী জন আদি আনন্দ কোতুক।
 বিমুখ হইয়া নাহি দেয় ফুল-পানি
 ইন্ড্রের সভায় তোমা হর্যা গিয়া আনি।
 কার্তিকে হিমন্তু রিতু উত্তর পবন
 শিয়রে বসিয়া তারে কহিছু সপন।
 সপনে কহিয়া চাঁদো পাঠাছু পাটনে
 কালিদহে দেখাইছু মহানাগগণে।
 অগ্রহায়ণ মাসে চাঁদো পাটনে প্রবেশে
 মায়ামোহে বন্দী করি থুইছু সেই দেশে
 মিত্র-ভোলে মোর নিন্দা পাসরে তথাই
 ষাটশ বৎসর অপমান নাহি পাই।
 শীতেতে কম্পিত লোকে পৌষে নিবসে
 চাঁদোর সিয়রে বসি কহি উপদেশে।
 কালীদহে ডুবাইছু সপ্ত মধুকরে
 নানা হুঃখ দিয়া চাঁদো আনিছু দেশেরে।
 মাঘ মাসে মাসি রূপে কৈছু অমুবন্ধ
 চাঁদোরে বুঝিয়ে তোমা করিছু সন্ধ।
 চলিল তোম রে আমি মুকুতা-সহরে
 লোহার কলাই সিঙ্গাইয়া দিলা তোরে।

প্রথম বসন্ত রিতু প্রবেশে ফাগুন
 সদাই চাঁদোর কত সহিব নিন্দন।
 মোরে অহঙ্কার করি বাঁধে লহ-ঘর
 হেন মন করে চাঁদো বধি প্রাণেশ্বর।
 চৈত্র মাসে হর-পূজা করে সর্ব লোকে
 মোর নাম জেই লয় তারে নাহি দেখে।
 প্রথম বৈশাখে তোমা বিভা করাইল
 লোহার বাসরে কালি লখাই দংশিল।
 বেহলা জুড়িয়া কর বলে সবিনয়
 প্রভু জীয়াইয়া দেবী পাঠাও আমায়।
 সম্বরী বুঝিয়া পূজা করাইব তোমা
 সকল সম্পূর্ণ করি পাঠাও ত আমা।
 কান্দে ত বেহলা ধরি মনসার পায়
 প্রভু জীয়াইয়া দেশে পাঠাও আমায়।
 হুঃখর উপর হুঃখ নৃপতি হুঃখিত
 মৃত পুত্র পায়্যা রাজা হইব দ্রবিত।
 সানন্দে নৃপতি চাঁদো পূজিবেক তোমা
 সংসার ভরিয়া তব রহিব মহিমা।
 সত্য করি বেহলা মনসা বিঘমান
 যদি তোমা নিন্দে চাঁদো মোর বিঘমান।
 গঞ্জিয়া নৃপতি জে আসিব তব স্থান
 সত্য কৈল বেহলা পদ্মার বিঘমান।
 হর আদি দেবতা বুঝিয়া পদ্মাবতী
 জীয়াইয়া দেহ মা গো বেহলার পতি।
 মনসা প্রসন্নমন হাসি মন্দভাবে
 জীবেক লখাই তোর বলে বিপ্রদাসে॥

হাসিয়া দিলেন আঞ্জা মনসাকুমারী
 আন লো তোমার প্রভু মোর বরাবরি
 হরিবে বেহলা প্রভু ধরিল তুলিয়া
 ধসিয়া পড়িল অন্ধ খণ্ড খণ্ড হৈয়া।

মাংস চর্ম তেজি অস্থি আনে পাখালিয়া
 শির পদ আদি অস্থি দেহ জোড়াইয়া ।
 তবে ত বেহলা বালি সার-পাত্র লয়া
 পাখালিল অস্থি মাংস চর্ম ঘুচাইয়া ।
 রঘুবোদালি খাইল লখাইর আঁটু-চাকি
 সত্বরে পদ্মার স্থানে আইল শশিমুখী ।
 রঘু বোদালিকে দেবি আনিল ধরিয়া
 লইল আঁটুর চাকি উদর চিরিয়া ।
 শির পদ আদি অঙ্গ করিল জোড়ন
 লখাই জীয়াইতে পদ্মা স্থির কৈল মন ।
 বসিলেক খড়্গ ভেদি পবনের সন্ধি
 পবনের পাশে অস্থি চিত্ত কৈল বন্দী ।
 দৃষ্টি মুষ্টি নিবিষ্টী জপিল মূল মন্ত্র
 গরুড়-আসনে বসি নিরঙ্কর তন্ত্র ।
 ত্রিপুর দাহনে হরো অগ্নি উঠে মুখে
 দৈত্য পুড়িয়া অগ্নি পৃথিবীতে থাকে ।
 পৃথু রাজা পৃথিবী ছুইলা জেই কালে
 ছুইয়া নাগেরে বিষ দিলেন পাতালে ।
 সেই বিষ বাসুকি দিলেন মোর ঠাঞি
 শুন শুন বিষ তোর জর্মকথা কই ।
 হরো হরো গরল লখাই-অঙ্গে হরো
 বিষহরির আজ্ঞায় বিষ ঘা-মুখে মর ।
 খিরোদ মথনেতে জর্মিল কাল বিষ
 গণ্ডুষ করিয়া তাহা পিএ জগদীশ ।
 সমুদ্রে জর্মিল বিষ কপিলার খিরে
 দেবগণ মেলি তাহা দিল বাসুকিরে ।
 রক্তের পরশে বিষ জীব জর্ম কায়
 তন্মুখে মর বিষ ধর্মের আজ্ঞায় ।
 বাপে ঐএ কহি তোর জর্মের কাহিনী
 ঈশ্বরের আজ্ঞায় বিষ ঝাটো হও পানি ।

বিনতা জিনিল কঙ্ক বিবের কারণে
 জর্মিয়া গরুড় কৈল নাগের গঞ্জে ।
 সেই ত গরুড় তোর ঝাটো উপর
 গরুড়-আজ্ঞায় বিষ ঘা-মুখে মর ।
 মধ্যসমুদ্রে বটে কুরলের স্থান
 কুরলের নামে বিষ হও কম্পবান ।
 আগুনাথ নামে ব্রহ্ম কপিল (?) গোসাঞি
 তাহার নামেতে বিষ ঘা-মুখে নাই ।
 উধা করি ফিরে কঙ্ক আকাশ উপরে
 কঙ্ক-পাখসাটে বিষ কাঁপে ধরহরে ।
 তাহার পরশে ভস্ম হয়ে ত গরল
 কাঁকের আজ্ঞায় বিষ জায় রসাতল ॥
 জপিল পুরুকমুনি (?) মহামন্ত্র-সারে
 অস্থির উপরে মাংস চর্মেতে সঞ্চারে ।
 মুনি আদি মরণেতে জায় তিসাপতি
 সর্পধ্যানে মরেছিলো বেহলার পতি ।
 নাগবাচা বিত্তা দেবি পড়িল আপনি
 ঝাটো আসিলেন বিষ কালী নাগিনী ।
 মন্ত্র পড়ি চাপড় মারিল তার পিঠে
 ভস্ম হইয়া লখিন্দর আশ্তে বেস্তে উঠে ।
 উঠিয়া বসিল বাল্য দশ দিগ দিষ্টী
 দেবগণ জয়জয় হইল পুষ্পবিষ্টী ॥
 জেইরূপে জীয়াইল মৃত লখিন্দর
 সেইরূপে জীয়াইব ছয় ত কুমার ।
 এত দূরে জাগরণ হইল সমাধান
 হরি বলি সর্বলোক চলো নিজস্থান ।
 বিজ বিপ্রদাস বলে মনসা-চরণ
 জনমে জনমে মাতা হইব সুপ্রসন্ন ॥

ত্রয়োদশ পালা

৩

আহীরি রাগ

বেহলা প্রভুরে দেখি লাজে হইল লক্ষ্মুখী
 বলিছে লখাই কিছু বাণী
 সবে তুমি একেশ্বরী উপনীত এই পুরী
 লোকে পাছে ঘোষে কু-কাহিনী ।
 বেহলা প্রভুর বোলে প্রণাম হইয়া বলে
 শুন প্রভু বুঝাই তোমারে
 তব পিতা চাঁদো রাজা না করে পদ্মার পূজা
 কোপে পদ্মা কাঁপে থরহরে ।
 লোহার মন্দিরে সাপে তোমারে দংশিলা কোপে
 চাঁদো রাজা দিলা ভাসাইয়া
 কলার মাজসে ভাসি তোমা প্রভু লইয়া আসি
 সে[ই পথে] নানা ছুঃখ পায়্যা ।
 নৃত্য করি দেবপুরী তুষ্ট করি বিষহরি
 তোমা জীয়াইল বিষ্ণুমান
 মৃদঙ্গ বাজাও তুমি নৃত্যরঙ্গ করি আমি
 ছ ভাসুর মাগি লব দান ।
 লখাই মৃদঙ্গ বাএ নৃত্য করে বেহলাএ
 মোহিত সকল দেবগণ
 বিষহরি যত্ন-মনে ছ কুমার বিদ্যামানে
 জীয়াইয়া দিলা তত্ত[ক্ষণ] ।
 সকল দেবতা তুষ্ট হইলা কুসুম-বিশ্বী
 দুকবি বাজায় জয়ধ্বনি
 লখাই বেহলা দেখি দেবগণ মহা স্তুখী
 পুনরপি মাগিল মেলানি ।
 স্তুতি করি দেবপুরে বেহলা বিদায় করে
 মনসা মাজসে কৈলা ভর
 জয়জয় ধ্বনি দিয়া জায় শুভক্ষণ পায়্যা
 কালিদহে প্রবেশে সত্বর ।

বেহলা বলয়ে যা সম্বরের সপ্ত না
 গাঁথর চাকর শতে শতে
 এহ কালীদহ জলে তুলি দেহ কুতুহলে
 লৈয়া জাই সম্বরা অগ্রেতে ।
 বেহলার যত্ন দেখি মনসা পরম স্তম্বী
 তুলি দিলা সপ্ত মধুকর
 ধন জন ডিঙ্গা পায়্যা জয়জয় ধনি দিয়া
 প্রবেশিলা চানকে সম্বর ।
 বুড়নিয়া জতো কথা কহিলা লখাই তথা
 শুনিয়া হইল ক্রোধমুগি
 শীঘ্রগতি কূলে উঠে বুড়নিয়া জতো কাটে
 শূলে দিলা করি ঠেকাঠেকি ।
 [প্রবেশি] ব্যাঘ্রের বাঁকে শাদুল বধিয়া কোপে
 বাগডেঙ্গা পাতিল নগর
 গিধিনি শকুনি বাঁকে মারি সেই দুই পক্ষে
 শকুনি-নগর মনহর ।
 বড় সেয়ালের বাঁকে বাহিয়া এড়ার [ডাকে]
 নানা বাদ্য করি আনন্দিত
 লখাই-মাতুল সেই বাঁক এড়াইয়া জাই
 ধনা-পূলা বাঁকে উপনীত ।
 নিগদে প্রভুর ঠাঞি অতি শুক দুই ভাই
 শুনি বালা হরিষ প্রবল
 [বহ] ধন দিয়া তথি চৌহাটা নগর পাতি
 ধনা-পূলা করিল মণ্ডল ।
 সমুখে আপন দেশ করিলেক পরবেশ
 বেহলা প্রভুরে কিছু ভাবে
 পদ্মা-পদপদাঘুজে পুটচাটু করি ভুজে
 বিরচিল দ্বিজ বিপ্রদাসে ॥

২

নাট রাগ

শ্রমরূপেতে যদি দেহ ত মেলানি
 ছলিব ডুমুনি-রূপে তোমার জননী ।
 বেহুলা প্রভুর পদে করয়ে বিনয়
 সনকা ছলিতে মোরে দেহ ত বিদায় ।
 বিমরিষ লখাই নিগদে বারে বার
 লোকমুখে লজ্জা পাছে হয় তো আমার ।

ভাবিয়া লখাই বলে মধুর স্তভাবে
 দিলাম বিদায় করো জেই মনে আইসে ।
 বেহুলা বলএ রাজা দেখিব ছলিয়া
 চূপড়ি বিয়নি মোরে দেহ নির্মাইয়া ।
 বেহুলা বাক্যে বালা হরিষ অন্তর
 চূপড়ি বিয়নি গঠি দিলেক সত্তর ।
 চলিলা বেহুলা রামা রাজ-অন্তঃপুরী
 দ্বিজ বিপ্রদাস বলে কর-জোড় করি ॥

৩

শ্রী রাগ

ছলিতে চম্পক দেশ বেহুলা বিচিত্র বেশ
 পরিধান বিচিত্র বসন
 চাঁচর প্রচুর কেশ চামরি জিনিয়া বেশ
 নানা পুষ্প কবরীভূষণ ।
 মকরন্দগন্ধ লোভে ভৃঙ্গকুল তথি শোভে
 অর্ধইন্দু ললাটে সিন্দুর
 তিলক উজ্জল ভালে শ্রবণে কুণ্ডল দোলে
 রুতুরুতুর চরণে নপুর ।
 বেহুলা মায়া রূপে হইল ডুমুনি
 মধুর স্তবধ্বনি অতি সুললিত গুনি
 কে লইবে চূপড়ি বিয়নি ।
 মউর-পেখম গতি শিরে লইয়া টোকা ছাতি
 কাঁপি ক্ষেমি চূপড়ি বিয়নি
 কপূর তাষুল কথো পুরি লৈল বাম হাথ
 রাজহংস জিনিয়া গামিনী ।
 নগরে প্রবেশ করি দাণ্ডাইল সুনরী
 দেখিয়া মোহিত প্রজাগণে
 প্রবেশিয়া রাজপুরে ডাকিল মধুর স্বরে
 দাসী কাউয়াবতি তাহা শুনে ।



The Image of Manasā at Murarai.
Circa 1100 A.D.
(Archaeological Survey of India Annual
Report for 1921-22)

ধায় ঝাউয়া উর্কমুখি বেহলার রূপ দেখি
 নিরন্ধিয়া করিল গমন
 আঁখি ছলোছলো জলে দ্রবিদ হইয়া বলে
 সনকারে কহে বিবরণ।
 বাহিরে ডুমুনি এক বেহলা জেমন দেখো
 হয়ে নহে চিনিহ আপনি
 দেখিয়া আইনু তারে বাহির চৌতারা দ্বারে
 দাঁড়াইয়া আছে সুবদনী।
 বেহলার নাম শুনি সত্বরে ধাইল রানি
 বাহির-ঘোয়ারে উপনীত
 নেহালিয়া ঘন চায় সকল লক্ষণ পায়
 হৃদয় হইল সুব্যথিত।
 দেখিয়া ডুমুনির মুখ পুত্রের জতেক শোক
 সকল হইল সোঙরণ
 আঁখি অশ্রুধারা বহে প্রেমেকোল দিতে চাহে
 দ্বিজ বিপ্রদাস সুরচন ॥

৪

করুণা

অনিমিত্ত ছই আঁখি ডুমুনি নেহালি
 লিখিয়াছে পটে জেন চিত্রের পুথলি।
 হাহা পুত্রবধু বহি অণ্ডে নাহি মনে
 চিন্তিতে গণিতে অস্থি বিধিলেক শুণে।
 কহ ল ডুমুনি মোরে করিয়া নিশ্চয়
 বেহলার হেনো দেখি দেহ পরিচয়।
 প্রাণ স্থির নহে মোর তোমারে দেখিয়া
 কোন বাঁকে পুত্র মোর দিলে ভাসাইয়া।

কতো সব পরাণে পুত্রের দুঃখ-শোক
 শরীর জর্জর হইল দেখো পরতেক।
 অহর্নিশ পুত্রশোকে কান্দিয়া গোয়াই
 দারুণ সম্বাপে অন্ন-পানি নাহি খাই।
